اِنِّىْۤ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ○

* ইয়ামেনের অন্তর্গত একটি বালুকাময় উপত্যকার নাম।

www.pathagar.com

২২. তারা বলেছিল ঃ তুমি কি এসেছ আমাদের নিবৃত্ত করতে, আমাদের দেবতাদের পূজা থেকে ? তুমি নিয়ে এসো আমাদের কাছে, যার ভয় তুমি আমাদের দেখাচ্ছ তা, যদি তুমি সত্যবাদী হও।

٢٢- قَالُوْٓا اَجِئْتَنَا لِتَاْفِكَنَا عَنْ اٰلِهَتِنَا ۚ فَاْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ○

২৩. সে (হূদ) বলল ঃ এর জ্ঞান তো কেবল আল্লাহ্‌রই কাছে আর আমি তো তোমাদের কাছে কেবল প্রকাশ করি তা-ই, যা নিয়ে আমি প্রেরিত হয়েছি। কিন্তু আমি দেখছি, তোমরা তো এক জাহিল কাওম।

٢٣- قَالَ اِنَّمَا الْعِلْمُ عِنْدَ اللّٰهِ ۖ وَاُبَلِّغُكُمْ مَّآ اُرْسِلْتُ بِهٖ وَلٰكِنِّيْٓ اَرٰىكُمْ قَوْمًا تَجْهَلُوْنَ ○

২৪. তারপর যখন তারা দেখল মেঘ আসতে তাদের উপত্যকার দিকে, তখন তারা বলল ঃ এ মেঘ তো আমাদের বৃষ্টি দেবে। হূদ বলল ঃ না, বরং এতো তা, যা তোমরা তাড়াতাড়ি চাচ্ছিলে। এ এক ঝড়, যাতে রয়েছে মর্মন্তুদ শাস্তি,

٢٤- فَلَمَّا رَاَوْهُ عَارِضًا مُّسْتَقْبِلَ اَوْدِيَتِهِمْ ۙ قَالُوْا هٰذَا عَارِضٌ مُّمْطِرُنَا ۭ بَلْ هُوَ مَا اسْتَعْجَلْتُمْ بِهٖ ۭ رِيْحٌ فِيْهَا عَذَابٌ اَلِيْمٌ ○

২৫. এ ধ্বংস করে দেবে সব কিছু আল্লাহ্‌র হুকুমে। ফলে, তাদের পরিণাম এ হলো যে, সেখানে দেখা গেল না, তাদের বসতবাড়ি ছাড়া আর কিছুই। এভাবেই আমি প্রতিফল দেই অপরাধি কাওমকে।

٢٥- تُدَمِّرُ كُلَّ شَيْءٍۢ بِاَمْرِ رَبِّهَا فَاَصْبَحُوْا لَا يُرٰٓى اِلَّا مَسٰكِنُهُمْ ۭ كَذٰلِكَ نَجْزِي الْقَوْمَ الْمُجْرِمِيْنَ ○

হযরত সালিহ্ (আ)

সূরা আ'রাফ, ৭ ঃ ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯

৭৩. আর আমি পাঠিয়েছিলাম সামূদ জাতির কাছে তাদের ভাই সালিহ্‌কে। সে বলেছিল ঃ হে আমার কাওম ! তোমরা ইবাদত কর আল্লাহ্‌র। নেই তোমাদের কোন ইলাহ্ তিনি ছাড়া। এসেছে তো তোমাদের কাছে স্পষ্ট নিদর্শন তোমাদের রবের তরফ থেকে। এটি আল্লাহ্‌র উট্‌নী, তোমাদের জন্য একটি

٧٣- وَاِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا ۘ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ۭ قَدْ جَآءَتْكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ ۭ هٰذِهٖ نَاقَةُ اللّٰهِ لَكُمْ اٰيَةً فَذَرُوْهَا تَاْكُلْ فِيْٓ اَرْضِ اللّٰهِ

www.pathagar.com

وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ
فَيَأْخُذَكُمْ عَذَابٌ اَلِيْمٌ ○

٧٤- وَاذْكُرُوْٓا اِذْ جَعَلَكُمْ خُلَفَآءَ
مِنْۢ بَعْدِ عَادٍ وَّ بَوَّاَكُمْ فِى الْاَرْضِ
تَتَّخِذُوْنَ مِنْ سُهُوْلِهَا
قُصُوْرًا وَّتَنْحِتُوْنَ الْجِبَالَ بُيُوْتًا ج
فَاذْكُرُوْٓا اٰلَآءَ اللّٰهِ وَلَا تَعْثَوْا
فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ○

٧٥- قَالَ الْمَلَاُ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا
مِنْ قَوْمِهٖ لِلَّذِيْنَ اسْتُضْعِفُوْا
لِمَنْ اٰمَنَ مِنْهُمْ اَتَعْلَمُوْنَ اَنَّ
صٰلِحًا مُّرْسَلٌ مِّنْ رَّبِّهٖ ط
قَالُوْٓا اِنَّا بِمَآ اُرْسِلَ بِهٖ مُؤْمِنُوْنَ ○

٧٦- قَالَ الَّذِيْنَ اسْتَكْبَرُوْٓا
اِنَّا بِالَّذِىْٓ اٰمَنْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ○

٧٧- فَعَقَرُوا النَّاقَةَ وَ عَتَوْا
عَنْ اَمْرِ رَبِّهِمْ وَ قَالُوْا يٰصٰلِحُ ائْتِنَا
بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الْمُرْسَلِيْنَ ○

٧٨- فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ
فَاَصْبَحُوْا فِىْ دَارِهِمْ جٰثِمِيْنَ ○

٧٩- فَتَوَلّٰى عَنْهُمْ وَ قَالَ يٰقَوْمِ

لَقَدْ اَبْلَغْتُكُمْ رِسَالَةَ
رَبِّيْ وَنَصَحْتُ لَكُمْ
وَلٰكِنْ لَّا تُحِبُّوْنَ النّٰصِحِيْنَ ○

কাওম! আমি তো পৌঁছিয়েছিলাম তোমাদের কাছে আমার রবের বাণী এবং হিতোপদেশ দিয়েছিলাম তোমাদের। কিন্তু তোমরা পসন্দ কর না হিতোপদেশ দানকারীদের !

সূরা হূদ, ১১ ঃ ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬

٦١- وَاِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا م
قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ
اِلٰهٍ غَيْرُهٗ ط هُوَ اَنْشَاَكُمْ مِّنَ الْاَرْضِ
وَاسْتَعْمَرَكُمْ فِيْهَا فَاسْتَغْفِرُوْهُ
ثُمَّ تُوْبُوْٓا اِلَيْهِ ط
اِنَّ رَبِّيْ قَرِيْبٌ مُّجِيْبٌ ○

৬১. আর আমি পাঠিয়েছিলাম সামূদ জাতির কাছে তাদের ভাই সালিহ্‌কে। সে বলেছিল ঃ হে আমার কাওম! তোমরা ইবাদত কর আল্লাহ্‌র, নেই তোমাদের জন্য কোন ইলাহ্ তিনি ছাড়া। তিনিই তোমাদের সৃষ্টি করেছেন যমীন থেকে এবং তিনিই তোমাদের বসবাস করিয়েছেন, অতএব তারই কাছে ক্ষমা প্রার্থনা কর, তারপর তাঁরই প্রতি মনোনিবেশ কর। নিশ্চয় আমার রব অতি নিকটে, তিনি ডাকে সাড়া দেন।

٦٢- قَالُوْا يٰصٰلِحُ قَدْ كُنْتَ
فِيْنَا مَرْجُوًّا قَبْلَ هٰذَآ اَتَنْهٰىنَآ
اَنْ نَّعْبُدَ مَا يَعْبُدُ اٰبَآؤُنَا وَاِنَّنَا لَفِيْ
شَكٍّ مِّمَّا تَدْعُوْنَآ اِلَيْهِ مُرِيْبٍ ○

৬২. তারা বলল ঃ হে সালিহ্ ! তুমি ছিলে এর আগে আমাদের আশাস্থল। তুমি কি আমাদের বারণ করছ ইবাদত করতে তাদের, যাদের ইবাদত করত আমাদের পিতৃপুরুষরা ? অবশ্যই আমরা রয়েছি বিভ্রান্তিকর সন্দেহে সে সব বিষয়ে, যার প্রতি তুমি আমাদের ডাকছ।

٦٣- قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ
عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ وَاٰتٰىنِيْ مِنْهُ
رَحْمَةً فَمَنْ
يَّنْصُرُنِيْ مِنَ اللّٰهِ اِنْ عَصَيْتُهٗ قف
فَمَا تَزِيْدُوْنَنِيْ غَيْرَ تَخْسِيْرٍ ○

৬৩. সে (সালিহ্) বলল ঃ হে আমার কাওম তোমরা কি ভেবে দেখেছ, আমি যদি আমার রবের তরফ থেকে স্পষ্ট প্রমাণের উপর প্রতিষ্ঠিত থাকি এবং তিনি যদি আমাকে তার তরফ থেকে রহমত দান করে থাকেন, তা হলে কে আমাকে রক্ষা করবে আল্লাহ্‌র শাস্তি থেকে, যদি আমি তার অবাধ্যতা করি ? সুতরাং তোমরা তো কেবল আমার ক্ষতিই বৃদ্ধি করছ।

www.pathagar.com

৬৪. হে আমার কাওম! এটা আল্লাহ্র উট্নী, তোমাদের জন্য নিদর্শন স্বরূপ। অতএব এটিকে আল্লাহ্র যমীনে চরে খেতে দাও, আর একে কোন কষ্ট দিও না, দিলে তোমাদের পাকড়াও করবে আশু শাস্তি।

٦٤- وَيٰقَوْمِ هٰذِهٖ نَاقَةُ اللّٰهِ لَكُمْ
اٰيَةً فَذَرُوْهَا تَاْكُلْ فِيْٓ اَرْضِ اللّٰهِ
وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ
فَيَاْخُذَكُمْ عَذَابٌ قَرِيْبٌ ○

৬৫. কিন্তু তারা সেটিকে হত্যা করল। তারপর সালিহ্ বলল ঃ তোমরা জীবন উপভোগ করে নাও নিজেদের ঘরে তিনদিন। এ হলো একটি ওয়াদা, যা মিথ্যা হবার নয়।

٦٥- فَعَقَرُوْهَا فَقَالَ تَمَتَّعُوْا فِيْ
دَارِكُمْ ثَلٰثَةَ اَيَّامٍ ؕ
ذٰلِكَ وَعْدٌ غَيْرُ مَكْذُوْبٍ ○

৬৬. তারপর যখন এল আমার ফায়সালা, তখন আমি রক্ষা করলাম আমার অনুগ্রহে সালিহ্কে এবং যারা তার সাথে ঈমান এনছিল তাদের এবং বাঁচালাম সে দিনের লাঞ্ছনা থেকে। নিশ্চয়ই তোমার রব তিনি তো শক্তিধর, পরাক্রমশালী।

٦٦- فَلَمَّا جَآءَ اَمْرُنَا نَجَّيْنَا
صٰلِحًا وَّالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ بِرَحْمَةٍ
مِّنَّا وَمِنْ خِزْيِ يَوْمِئِذٍ ؕ
اِنَّ رَبَّكَ هُوَ الْقَوِيُّ الْعَزِيْزُ ○

সূরা শু'আরা, ২৬ ঃ ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৪৭, ১৪৮, ১৪৯, ১৫০, ১৫১, ১৫২, ১৫৩, ১৫৪, ১৫৫, ১৫৬, ১৫৭, ১৫৮, ১৫৯

১৪১. সামূদ সম্প্রদায় অস্বীকার করেছিল রাসূলগণকে।

١٤١- كَذَّبَتْ ثَمُوْدُ الْمُرْسَلِيْنَ ○

১৪২. যখন তাদের বলেছিল তাদের ভাই সালিহ্ ঃ তোমরা কি সাবধান হবে না?

١٤٢- اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ صٰلِحٌ
اَلَا تَتَّقُوْنَ ○

১৪৩. আমি তো তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল।

١٤٣- اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ○

১৪৪. অতএব তোমরা ভয় কর আল্লাহ্কে এবং আনুগত্য কর আমার।

١٤٤- فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ○

১৪৫. আর আমি চাই না তোমাদের কাছে এর জন্য কোন প্রতিদান। আমার প্রতিদান তো রাব্বুল আলামীনের কাছে।

١٤٥- وَمَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ
اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰى رَبِّ الْعٰلَمِيْنَ ○

১৪৬. তোমাদের কি নিরাপদে ছেড়ে রাখা হবে, এখানে যা আছে তাতে,

١٤٦- اَتُتْرَكُوْنَ فِيْ مَا هٰهُنَآ اٰمِنِيْنَ ○

١٤٧- فِيْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ۝

১৪৭. বাগানে, ঝরণায়,

١٤٨- وَّزُرُوْعٍ وَّنَخْلٍ طَلْعُهَا هَضِيْمٌ ۝

১৪৮. এবং শস্য ক্ষেত্রে ও সুকোমল গুচ্ছ বিশিষ্ট খেজুর বাগানে ?

١٤٩- وَتَنْحِتُوْنَ مِنَ الْجِبَالِ بُيُوْتًا فٰرِهِيْنَ ۝

১৪৯. আর তোমরা তো নৈপুণ্যের সাথে পাহাড় কেটে গৃহ নির্মাণ করছ।

١٥٠- فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ۝

১৫০. অতএব তোমরা ভয় কর আল্লাহ্‌কে এবং আনুগত্য কর আমার।

١٥١- وَلَا تُطِيْعُوْٓا اَمْرَ الْمُسْرِفِيْنَ ۝

১৫১. আর মান্য করো না সীমালংঘন কারীদের নির্দেশ,

١٥٢- الَّذِيْنَ يُفْسِدُوْنَ فِي الْاَرْضِ وَلَا يُصْلِحُوْنَ ۝

১৫২. যারা ফাসাদ সৃষ্টি করে পৃথিবীতে এবং শান্তি স্থাপন করে না।

١٥٣- قَالُوْٓا اِنَّمَآ اَنْتَ مِنَ الْمُسَحَّرِيْنَ ۝

১৫৩. তারা বলল ঃ তুমি তো একজন যাদুগ্রস্ত লোক।

١٥٤- مَآ اَنْتَ اِلَّا بَشَرٌ مِّثْلُنَا ۚ فَاْتِ بِاٰيَةٍ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ۝

১৫৪. তুমি তো আমাদেরই মত একজন মানুষ। অতএব নিয়ে এসো একটা নিদর্শন, যদি তুমি সত্যবাদী হও।

١٥٥- قَالَ هٰذِهٖ نَاقَةٌ لَّهَا شِرْبٌ وَّلَكُمْ شِرْبُ يَوْمٍ مَّعْلُوْمٍ ۝

১৫৫. সালিহ্ বলল ঃ এই তো একটি উট্নী। এর জন্য রয়েছে পানি পানের পালা এবং তোমাদের জন্যও রয়েছে পানি পানের পালা, নির্দিষ্ট দিনে।

١٥٦- وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ فَيَاْخُذَكُمْ عَذَابُ يَوْمٍ عَظِيْمٍ ۝

১৫৬. আর তোমরা কোন অনিষ্ট করো না এর, করলে তোমাদের পাকড়াও করবে মহা-দিবসের শাস্তি।

١٥٧- فَعَقَرُوْهَا فَاَصْبَحُوْا نٰدِمِيْنَ ۝

১৫৭. কিন্তু তারা সেটিকে হত্যা করল, ফলে তারা অনুতপ্ত হল।

١٥٨- فَاَخَذَهُمُ الْعَذَابُ ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ۗ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ۝

১৫৮. তারপর তাদের পাঁকড়াও করল আযাব। নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত নিদর্শন। কিন্তু তাদের অধিকাংশই বিশ্বাস করে না।

١٥٩- وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ۝

১৫৯. আর আপনার রব, তিনি তো পরাক্রম-শালী, পরম দয়ালু।

www.pathagar.com

সূরা কাসাস, ২৭ ঃ ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩

৪৫. আর আমি তো পাঠিয়েছিলাম সামূদ সম্প্রদায়ের কাছে তাদের ভাই সালিহ্কে এ আদেশসহ ঃ তোমরা ইবাদত কর আল্লাহ্র। কিন্তু তারা দ্বিধাবিভক্ত হয়ে ঝগড়ায় লিপ্ত হল।

٤٥- وَلَقَدْ اَرْسَلْنَآ اِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ
صٰلِحًا اَنِ اعْبُدُوا اللّٰهَ
فَاِذَا هُمْ فَرِيْقٰنِ يَخْتَصِمُوْنَ ○

৪৬. সালিহ্ বলল ঃ হে আমার কাওম ! কেন তোমরা ত্বরান্বিত করতে চাইছ অকল্যাণকে কল্যাণের আগে ? কেন তোমরা ক্ষমা প্রার্থনা করছ না আল্লাহ্র কাছে, যাতে তোমাদের প্রতি রহম করা হয় ?

٤٦- قَالَ يٰقَوْمِ لِمَ تَسْتَعْجِلُوْنَ
بِالسَّيِّئَةِ قَبْلَ الْحَسَنَةِ ۚ
لَوْلَا تَسْتَغْفِرُوْنَ اللّٰهَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ○

৪৭. তারা বলল ঃ আমরা অমঙ্গলের কারণ মনে করছি তোমাকে এবং তোমার সংগে যারা আছে তাদের। সালিহ্ বলল ঃ তোমাদের ভাল-মন্দ তো আল্লাহ্র ইখ্তিয়ারে। আসলে তোমরা এমন কাওম, যাদের পরীক্ষা করা হচ্ছে।

٤٧- قَالُوا اطَّيَّرْنَا بِكَ وَبِمَنْ مَّعَكَ ۗ
قَالَ طٰٓئِرُكُمْ عِنْدَ اللّٰهِ
بَلْ اَنْتُمْ قَوْمٌ تُفْتَنُوْنَ ○

৪৮. আর ছিল সে কাওমে এমন নয় ব্যক্তি, যারা ফাসাদ সৃষ্টি করত যমীনে এবং শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠা করত না।

٤٨- وَكَانَ فِى الْمَدِيْنَةِ تِسْعَةُ رَهْطٍ
يُّفْسِدُوْنَ فِى الْاَرْضِ وَلَا يُصْلِحُوْنَ ○

৪৯. তারা বলল ঃ তোমরা কসম করো আল্লাহ্র নামে, অবশ্যই আমরা রাত্রিকালে আক্রমণ করব তাকে ও তাঁর পরিবারকে ; তারপর বলব তাঁর অভিভাবককে, আমরা দেখিনি তাঁর পরিবার পরিজনের হত্যা। আর আমরা তো সত্যবাদী।

٤٩- قَالُوْا تَقَاسَمُوْا بِاللّٰهِ لَنُبَيِّتَنَّهٗ
وَاَهْلَهٗ ثُمَّ لَنَقُوْلَنَّ لِوَلِيِّهٖ
مَا شَهِدْنَا مَهْلِكَ
اَهْلِهٖ وَاِنَّا لَصٰدِقُوْنَ ○

৫০. আর তারা চক্রান্ত করেছিল এবং আমিও কৌশল অবলম্বন করেছিলাম, কিন্তু তারা বুঝতে পারেনি।

٥٠- وَمَكَرُوْا مَكْرًا وَّمَكَرْنَا
مَكْرًا وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ○

৫১. সুতরাং লক্ষ্য কর, কেমন হয়েছিল পরিণাম তাদের চক্রান্তের ! আমি তো

٥١- فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ مَكْرِهِمْ ۙ

www.pathagar.com

اَنَّا دَمَّرْنٰهُمْ وَقَوْمَهُمْ اَجْمَعِيْنَ ○

ধ্বংস করেছিলাম তাদের এবং তাদের কাওমের সবাইকে।

٥٢- فَتِلْكَ بُيُوْتُهُمْ خَاوِيَةًۢ بِمَا ظَلَمُوْا ؕ
اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّعْلَمُوْنَ ○

৫২. ঐ তো তাদের ঘর বাড়ি, যা মুখথুবড়ে পড়ে আছে তারা যে যুলুম করেছিল সে জন্য। নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত নিদর্শন সে কাওমের জন্য যারা জানে।

٥٣- وَاَنْجَيْنَا الَّذِيْنَ اٰمَنُوْا
وَكَانُوْا يَتَّقُوْنَ ○

৫৩. আর আমি রক্ষা করেছিলাম তাদের, যারা ঈমান এনেছিল এবং তাক্ওয়া অবলম্বন করেছিল।

সূরা কামার, ৫৪ ঃ ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১

٢٣- كَذَّبَتْ ثَمُوْدُ بِالنُّذُرِ ○

২৩. অস্বীকার করেছিল সামূদ সম্প্রদায় সতর্ককারীগণকে,

٢٤- فَقَالُوْٓا اَبَشَرًا مِّنَّا وَاحِدًا نَّتَّبِعُهٗٓ ۙ
اِنَّآ اِذًا لَّفِيْ ضَلٰلٍ وَّسُعُرٍ ○

২৪. তারা বলেছিল আমরা কি অনুসরণ করব আমাদেরই মধ্যের এক ব্যক্তিকে ? এরূপ করলে আমরা তো পতিত হব গুমরাহীতে ও পাগলামিতে।

٢٥- ءَاُلْقِيَ الذِّكْرُ عَلَيْهِ مِنْۢ بَيْنِنَا
بَلْ هُوَ كَذَّابٌ اَشِرٌ ○

২৫. আমাদের মধ্য থেকে তারই উপর কি ওহী নাযিল করা হয়েছে ? বরং সে তো এক মিথ্যাবাদী, দাম্ভিক।

٢٦- سَيَعْلَمُوْنَ غَدًا مَّنِ الْكَذَّابُ الْاَشِرُ

২৬. অবশ্যই তারা জানবে আগামীকাল কে মিথ্যাবাদী, দাম্ভিক।

٢٧- اِنَّا مُرْسِلُوا النَّاقَةِ فِتْنَةً لَّهُمْ
فَارْتَقِبْهُمْ وَاصْطَبِرْ ○

২৭. আমি তো পাঠিয়েছি উষ্ট্রীটি তাদের পরীক্ষার জন্য, অতএব তুমি লক্ষ্য কর তাদের আচরণ এবং ধৈর্যধারণ কর।

٢٨- وَنَبِّئْهُمْ اَنَّ الْمَآءَ
قِسْمَةٌۢ بَيْنَهُمْ ۚ كُلُّ شِرْبٍ مُّحْتَضَرٌ ○

২৮. আর তুমি জানিয়ে দাও তাদের যে অবশ্যই তাদের মধ্যে পানি বন্টন নির্দ্ধারিত। এবং প্রত্যেকে পালাক্রমে উপস্থিত হবে নির্দ্ধারিত পানির অংশের জন্য।

٢٩- فَنَادَوْا صَاحِبَهُمْ فَتَعَاطٰى فَعَقَرَ ○

২৯. তারপর তারা আহবান করল তাদের এক সঙ্গিকে, তখন সে এসে উষ্ট্রীটি ধরল এবং হত্যা করল।

৩০. ফলে কিরূপ ছিল আমার শাস্তি ও আমার সতর্ক বাণী!

٣٠- فَكَيْفَ كَانَ عَذَابِىْ وَنُذُرِ ○

৩১. আমি তো পাঠিয়েছিলাম তাদের উপর এক বিকট আওয়াজ, ফলে তারা হয়ে গেল খোঁয়াড় নির্মাণকারীর শুষ্ক তৃণ খন্ডের মত।

٣١- إِنَّآ أَرْسَلْنَا عَلَيْهِمْ صَيْحَةً وَّاحِدَةً
فَكَانُوْا كَهَشِيْمِ الْمُحْتَظِرِ ○

হযরত ইব্‌রাহীম (আ)

সূরা বাকারা, ২ ঃ ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৪০, ২৫৮, ২৬০

১২৪. আর স্মরণ করুন ! পরীক্ষা করেছিলেন ইব্‌রাহীকে তার রব কয়েকটি কথা দিয়ে, যা তিনি পূর্ণরূপে পালন করে-ছিলেন। আল্লাহ্ বললেন ঃ আমি তোমাকে মানব জাতির নেতা বানাচ্ছি। সে বলল ঃ আমার বংশধরদের মধ্য থেকেও ? আল্লাহ্ বললেন ঃ আমার ওয়াদা যালিমদের ব্যাপারে প্রযোজ্য নয়।

١٢٤- وَإِذِ ابْتَلَىٰٓ إِبْرٰهِمَ رَبُّهٗ
بِكَلِمٰتٍ فَأَتَمَّهُنَّ ۖ
قَالَ إِنِّىْ جَاعِلُكَ لِلنَّاسِ إِمَامًا ۖ
قَالَ وَمِنْ ذُرِّيَّتِىْ ۖ
قَالَ لَا يَنَالُ عَهْدِى الظّٰلِمِيْنَ ○

১২৫. এবং স্মরণ করুন! আমি করেছিলাম কা'বা ঘরকে মানুষের জন্য মিলনকেন্দ্র ও নিরাপত্তা স্থল এবং বলেছিলাম ঃ তোমরা গ্রহণ করো 'মাকামে ইব্‌রাহীম'কে সালাতের স্থানরূপে। আর আমি আদেশ দিয়েছিলাম ইব্‌রাহীম ও ইসমাঈলকে পবিত্র রাখতে আমার ঘরকে তাওয়াফকারী, ইতিকাফকারী, রুকু'ও সিজ্‌দাকারীদের জন্য।

١٢٥- وَإِذْ جَعَلْنَا الْبَيْتَ مَثَابَةً لِّلنَّاسِ
وَأَمْنًا ۖ
وَاتَّخِذُوْا مِنْ مَّقَامِ إِبْرٰهِمَ مُصَلًّى ۖ
وَعَهِدْنَآ إِلَىٰٓ إِبْرٰهِمَ وَإِسْمٰعِيْلَ
أَنْ طَهِّرَا بَيْتِىَ لِلطَّآئِفِيْنَ وَالْعٰكِفِيْنَ
وَالرُّكَّعِ السُّجُوْدِ ○

১২৬. আর স্মরণ করুন, বলেছিল ইব্‌রাহীম ঃ হে আমার রব! করুন এ মক্কা নগরীকে নিরাপদ শহর এবং রিযিক দিন এর অধিবাসীদের মাঝে যারা ঈমান আনে আল্লাহ্' ও আখিরাতে ফলমূল থেকে। আল্লাহ্ বললেন ঃ যে কেউ কুফ্‌রী

١٢٦- وَإِذْ قَالَ إِبْرٰهِمُ رَبِّ اجْعَلْ
هٰذَا بَلَدًا اٰمِنًا وَّارْزُقْ أَهْلَهٗ
مِنَ الثَّمَرٰتِ مَنْ اٰمَنَ مِنْهُمْ
بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ۖ

www.pathagar.com

قَالَ وَمَنْ كَفَرَ فَأُمَتِّعُهُ قَلِيلًا ثُمَّ أَضْطَرُّهُ إِلَىٰ عَذَابِ النَّارِ ۖ وَبِئْسَ الْمَصِيرُ ○

করবে, তাকেও কিছু কালের জন্য জীবন উপভোগ করতে দেব, তারপর তাকে বাধ্য করব দোযখের আযাব ভোগ করতে এবং কত নিকৃষ্ট এ প্রত্যাবর্তন স্থল!

١٢٧- وَإِذْ يَرْفَعُ إِبْرَاهِيمُ الْقَوَاعِدَ مِنَ الْبَيْتِ وَإِسْمَاعِيلُ ۖ رَبَّنَا تَقَبَّلْ مِنَّا ۖ إِنَّكَ أَنْتَ السَّمِيعُ الْعَلِيمُ ○

১২৭. আর স্মরণ করুন, যখন ইব্‌রাহীম ও ইসমাঈল কা'বা ঘরের প্রাচীর তুলছিল, তখন তারা বলছিল ঃ হে আমাদের রব! আপনি কবুল করুন আমাদের এ কাজ, আপনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

١٢٨- رَبَّنَا وَاجْعَلْنَا مُسْلِمَيْنِ لَكَ وَمِنْ ذُرِّيَّتِنَا أُمَّةً مُسْلِمَةً لَكَ ۖ وَأَرِنَا مَنَاسِكَنَا وَتُبْ عَلَيْنَا ۖ إِنَّكَ أَنْتَ التَّوَّابُ الرَّحِيمُ ○

১২৮. হে আমাদের রব! আপনি করুন আমাদের উভয়কে আপনার জন্য একান্ত অনুগত এবং আমাদের বংশধরদের থেকেও এক অনুগত উম্মাত। আর দেখিয়ে দিন আমাদের ইবাদতের নিয়ম-পদ্ধতি এবং আমাদের প্রতি ক্ষমাশীল হন। আপনি তো মহাতাওবাকবুলকারী, পরম দয়ালু।

١٢٩- رَبَّنَا وَابْعَثْ فِيهِمْ رَسُولًا مِنْهُمْ يَتْلُو عَلَيْهِمْ آيَاتِكَ وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَيُزَكِّيهِمْ ۖ إِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ ○

১২৯. হে আমাদের রব ! আপনি প্রেরণ করুন তাদের কাছে একজন রাসূল* তাদেরই মধ্য থেকে, যে তিলাওয়াত করে শোনাবে তাদের আপনার আয়াতসমূহ, শিক্ষা দেবে তাদের কিতাব ও হিক্‌মত এবং পরিশুদ্ধ করবে তাদের। আপনি তো পরাক্রমশালী, হিক্‌মতওয়ালা।

١٣٠- وَمَنْ يَرْغَبُ عَنْ مِلَّةِ إِبْرَاهِيمَ إِلَّا مَنْ سَفِهَ نَفْسَهُ ۚ وَلَقَدِ اصْطَفَيْنَاهُ فِي الدُّنْيَا ۖ وَإِنَّهُ فِي الْآخِرَةِ لَمِنَ الصَّالِحِينَ ○

১৩০. কে মুখ ফিরিয়ে নেবে 'মিল্লাতে ইব্‌রাহীম' থেকে সে ছাড়া, যে নিজেকে নির্বোধ প্রতিপন্ন করেছে ? আর আমি তো তাকে মনোনীত করেছি পৃথিবীতে এবং আখিরাতেও সে হবে নেক-কারদের অন্যতম।

* এ রাসূলই হলেন সর্বশ্রেষ্ঠ ও সর্বশেষ নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম।

www.pathagar.com

১৩১. যখন তার রব তাকে বলেছিলেন ঃ ইসলাম কবুল কর! তখন সে বলেছিল ঃ আমি রাব্বুল আলামীনের ইসলাম কবুল করলাম।

١٣١- اِذْ قَالَ لَهٗ رَبُّهٗٓ اَسْلِمْ ۙ
قَالَ اَسْلَمْتُ لِرَبِّ الْعٰلَمِيْنَ ○

১৩২. আর ইব্‌রাহীম ও ইয়া'কূব এ সম্বন্ধে তাদের পুত্রদের নির্দেশ দিয়ে বলেছিল ঃ হে পুত্রগণ ! নিশ্চয় আল্লাহ্ মনোনীত করেছেন তোমাদের জন্য ইসলামকে দীন। অতএব তোমরা মুসলিম না হয়ে কখনো মরো না।

١٣٢- وَوَصّٰى بِهَآ اِبْرٰهٖمُ بَنِيْهِ وَيَعْقُوْبُ ؕ
يٰبَنِيَّ اِنَّ اللّٰهَ اصْطَفٰى لَكُمُ الدِّيْنَ
فَلَا تَمُوْتُنَّ اِلَّا وَاَنْتُمْ مُّسْلِمُوْنَ ○

১৩৩. তোমরা কি তখন উপস্থিত ছিলে, যখন এসেছিল ইয়া'কূবের কাছে মৃত্যু ? আর সে বলেছিল তার পুত্রদের ঃ তোমরা কিসের ইবাদত করবে আমার পরে ? তখন তারা বলেছিল ঃ আমরা ইবাদত করব আপনার ইলাহের এবং আপনার পিতৃ-পুরুষ ইব্‌রাহীম, ইসমাঈল ও ইসহাকের ইলাহের, তিনিই একমাত্র ইলাহ্ এবং আমরা তাঁরই কাছে আত্ম-সমর্পণকারী।

١٣٣- اَمْ كُنْتُمْ شُهَدَآءَ اِذْ حَضَرَ يَعْقُوْبَ
الْمَوْتُ ۙ اِذْ قَالَ لِبَنِيْهِ مَا تَعْبُدُوْنَ
مِنْ بَعْدِيْ ؕ قَالُوْا نَعْبُدُ اِلٰهَكَ
وَاِلٰهَ اٰبَآئِكَ اِبْرٰهٖمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ
اِلٰهًا وَّاحِدًا ۚۖ
وَّنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ○

১৩৪. তারা ছিল এক উম্মাত, যা অতীত হয়েছে তাদের জন্য তা, যা তারা অর্জন করছে এবং তোমাদের জন্য তা, যা তোমরা অর্জন করেছ। আর তোমাদের প্রশ্ন করা হবে না সে সম্বন্ধে, যা তারা করত।

١٣٤- تِلْكَ اُمَّةٌ قَدْ خَلَتْ ۚ لَهَا مَا
كَسَبَتْ وَلَكُمْ مَّا كَسَبْتُمْ ۚ وَلَا تُسْـَٔلُوْنَ
عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ ○

১৩৫. আর তারা বলে ঃ তোমরা ইয়াহূদী হও, অথবা খ্রিস্টান হও, হিদায়েত লাভ করবে। আপনি বলুন ঃ না, বরং 'মিল্লাতে ইব্‌রাহীম', যা সত্য, বক্রতা-মুক্ত। আর ইব্‌রাহীম মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না।

١٣٥- وَقَالُوْا كُوْنُوْا هُوْدًا اَوْ نَصٰرٰى تَهْتَدُوْا ؕ
قُلْ بَلْ مِلَّةَ اِبْرٰهٖمَ حَنِيْفًا ؕ
وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ○

১৩৬. তোমরা বল ঃ আমরা ঈমান রাখি আল্লাহ্‌র প্রতি এবং যা আমাদের

١٣٦- قُوْلُوْٓا اٰمَنَّا بِاللّٰهِ وَمَآ اُنْزِلَ اِلَيْنَا وَمَآ

www.pathagar.com

أُنزِلَ إِلَىٰٓ إِبْرَٰهِيمَ وَإِسْمَٰعِيلَ وَإِسْحَٰقَ وَيَعْقُوبَ وَٱلْأَسْبَاطِ وَمَآ أُوتِىَ مُوسَىٰ وَعِيسَىٰ وَمَآ أُوتِىَ ٱلنَّبِيُّونَ مِن رَّبِّهِمْ ۚ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّنْهُمْ ۚ وَنَحْنُ لَهُۥ مُسْلِمُونَ ○

প্রতি নাযিল করা হয়েছে তাতে ; আর তাতেও, যা নাযিল করা হয়েছে ইব্‌রাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়া'কূব এবং তার বংশধরদের প্রতি এবং যা দেওয়া হয়েছে তাদের রবের তরফ থেকে মূসা ও ঈসা ও অন্যান্য নবীগণকে। আমরা তাদের কারো মধ্যে কোন পার্থক্য করি না আর আমরা আল্লাহ্‌রই কাছে আত্মসমর্পণ-কারী।

١٤٠- أَمْ تَقُولُونَ إِنَّ إِبْرَٰهِيمَ وَإِسْمَٰعِيلَ وَإِسْحَٰقَ وَيَعْقُوبَ وَٱلْأَسْبَاطَ كَانُوا۟ هُودًا أَوْ نَصَٰرَىٰ ۗ قُلْ ءَأَنتُمْ أَعْلَمُ أَمِ ٱللَّهُ ۗ وَمَنْ أَظْلَمُ مِمَّن كَتَمَ شَهَٰدَةً عِندَهُۥ مِنَ ٱللَّهِ ۗ وَمَا ٱللَّهُ بِغَٰفِلٍ عَمَّا تَعْمَلُونَ ○

১৪০. তোমরা কি বল যে, নিশ্চয় ইব্‌রাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়া'কূব ও তার বংশধরগণ ইয়াহূদী কিম্বা খ্রিস্টান ছিল ? আপনি বলুন ঃ তোমরা কি বেশি জান, না আল্লাহ্ ? তার চাইতে অধিক যালিম কে, যে গোপন করে আল্লাহ্‌র নিকট হতে তার কাছে যে প্রমাণ আছে তা ? আর গাফিল নন আল্লাহ্ সে সম্বন্ধে, যা তোমরা কর।

٢٥٨- أَلَمْ تَرَ إِلَى ٱلَّذِى حَآجَّ إِبْرَٰهِۦمَ فِى رَبِّهِۦٓ أَنْ ءَاتَىٰهُ ٱللَّهُ ٱلْمُلْكَ إِذْ قَالَ إِبْرَٰهِۦمُ رَبِّىَ ٱلَّذِى يُحْىِۦ وَيُمِيتُ قَالَ أَنَا۠ أُحْىِۦ وَأُمِيتُ ۖ قَالَ إِبْرَٰهِۦمُ فَإِنَّ ٱللَّهَ يَأْتِى بِٱلشَّمْسِ مِنَ ٱلْمَشْرِقِ فَأْتِ بِهَا مِنَ ٱلْمَغْرِبِ فَبُهِتَ ٱلَّذِى كَفَرَ ۗ وَٱللَّهُ لَا يَهْدِى ٱلْقَوْمَ ٱلظَّٰلِمِينَ ○

২৫৮. তুমি কি তাকে দেখনি, যে ইব্‌রাহীমের সংগে বিতর্কে লিপ্ত হয়েছিল তার রব সম্পর্কে, যেহেতু আল্লাহ্ তাকে কর্তৃত্ব দিয়েছিলেন। যখন ইব্‌রাহীম বলেছিল ঃ তিনি আমার রব, যিনি জীবন দান করেন এবং মৃত্যু ঘটান। সে বলেছিল ঃ আমিও তো জীবন দান করি এবং মৃত্যু ঘটাই। ইব্‌রাহীম বলেছিল ঃ নিশ্চয় আল্লাহ্ উদিত করেন সূর্য পূর্ব দিক হতে, তুমি তাকে পশ্চিম দিক হতে উদিত কর। এতে সে হতবুদ্ধি হয়ে গেল, যে কুফ্‌রী করেছিল। আর আল্লাহ্ হিদায়েত দেন না যালিম লোকদের।

٢٦٠- وَإِذْ قَالَ إِبْرَٰهِۦمُ رَبِّ أَرِنِى كَيْفَ تُحْىِ ٱلْمَوْتَىٰ ۖ قَالَ أَوَلَمْ تُؤْمِن ۖ

২৬০. আর যখন ইব্‌রাহীম বলল ঃ হে আমার রব! আমাকে দেখান, কিভাবে আপনি মৃতকে জীবিত করেন। তখন আল্লাহ্

www.pathagar.com

قَالَ بَلٰى وَ لٰكِنْ لِّيَطْمَئِنَّ قَلْبِىْ ط
قَالَ فَخُذْ اَرْبَعَةً مِّنَ الطَّيْرِ
فَصُرْهُنَّ اِلَيْكَ ثُمَّ اجْعَلْ عَلٰى كُلِّ
جَبَلٍ مِّنْهُنَّ جُزْءًا
ثُمَّ ادْعُهُنَّ يَاْتِيْنَكَ سَعْيًا ط
وَ اعْلَمْ اَنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ○

٦٥- يٰاَهْلَ الْكِتٰبِ لِمَ تُحَآجُّوْنَ فِيْٓ
اِبْرٰهِيْمَ وَمَآ اُنْزِلَتِ التَّوْرٰىةُ وَالْاِنْجِيْلُ
اِلَّا مِنْ بَعْدِهٖ ط اَفَلَا تَعْقِلُوْنَ ○

٦٦- هٰٓاَنْتُمْ هٰٓؤُلَآءِ حَاجَجْتُمْ
فِيْمَا لَكُمْ بِهٖ عِلْمٌ فَلِمَ تُحَآجُّوْنَ فِيْمَا
لَيْسَ لَكُمْ بِهٖ عِلْمٌ ط
وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ○
٦٧- مَا كَانَ اِبْرٰهِيْمُ يَهُوْدِيًّا
وَّلَا نَصْرَانِيًّا وَّلٰكِنْ كَانَ حَنِيْفًا مُّسْلِمًا ط
وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ○
٦٨- اِنَّ اَوْلَى النَّاسِ بِاِبْرٰهِيْمَ
لَلَّذِيْنَ اتَّبَعُوْهُ وَ هٰذَا النَّبِىُّ وَ الَّذِيْنَ
اٰمَنُوْا ط وَ اللّٰهُ وَلِىُّ الْمُؤْمِنِيْنَ ○
٩٥- قُلْ صَدَقَ اللّٰهُ تق

www.pathagar.com

فَاتَّبِعُوْا مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ط
وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ○

ইব্‌রাহীমের মিল্লাতের, আর সে তো ছিল না মুশরিকদের শামিল।

٩٦- اِنَّ اَوَّلَ بَيْتٍ وُّضِعَ لِلنَّاسِ لَلَّذِىْ
بِبَكَّةَ مُبٰرَكًا وَّهُدًى لِّلْعٰلَمِيْنَ ○

৯৬. নিশ্চয় সর্বপ্রথম যে ঘর মানব জাতির জন্য প্রতিষ্ঠিত হয়েছিল, তা তো মক্কায়, তা বরকতময় এবং হিদায়েত বিশ্ব-জগতের জন্য।

٩٧- فِيْهِ اٰيٰتٌۢ بَيِّنٰتٌ مَّقَامُ اِبْرٰهِيْمَ
وَمَنْ دَخَلَهٗ كَانَ اٰمِنًا ط
وَلِلّٰهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ
مَنِ اسْتَطَاعَ اِلَيْهِ سَبِيْلًا ط
وَمَنْ كَفَرَ فَاِنَّ اللّٰهَ غَنِىٌّ عَنِ الْعٰلَمِيْنَ ○

৯৭. তাতে আছে অনেক সুস্পষ্ট নিদর্শন, যেমন মাকামে ইব্‌রাহীম। আর যে কেউ সেথায় প্রবেশ করবে, সে হবে নিরাপদ। আর মানুষের মধ্যে যার সেখানে যাওয়ার সামর্থ আছে, তার জন্য আল্লাহ্‌র উদ্দেশ্যে এ ঘরের হজ্জ কর অবশ্য কর্তব্য। আর কেউ কুফরী করলে, সে জেনে রাখুক, নিশ্চয় আল্লাহ্ অমুখাপেক্ষী বিশ্বজগত থেকে।

সূরা নিসা, ৪ ঃ ১২৫

١٢٥- وَمَنْ اَحْسَنُ دِيْنًا
مِّمَّنْ اَسْلَمَ وَجْهَهٗ لِلّٰهِ وَهُوَ مُحْسِنٌ
وَّاتَّبَعَ مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ط
وَاتَّخَذَ اللّٰهُ اِبْرٰهِيْمَ خَلِيْلًا ○

১২৫. আর তার চাইতে দীনের ব্যাপারে উত্তম কে, যে আত্মসমর্পণ করে আল্লাহ্‌র কাছে এমতাবস্থায় যে, সে নেক্‌কার এবং অনুসরণ করে ইব্‌রাহীমের মিল্লাত একনিষ্ঠভাবে ? আর আল্লাহ্ তো গ্রহণ করেছেন ইব্‌রাহীমকে বন্ধুরূপে।

সূরা আন‘আম, ৬ ঃ ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭

٧٤- وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ لِاَبِيْهِ اٰزَرَ
اَتَتَّخِذُ اَصْنَامًا اٰلِهَةً ج
اِنِّىْٓ اَرٰىكَ وَقَوْمَكَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ○

৭৪. আর স্মরণ করুন, বলেছিল ইব্‌রাহীম তার পিতা আযরকে ঃ আপনি কি গ্রহণ করেছেন মূর্তিগুলোকে উপাস্যরূপে ? আমি তো দেখছি আপনাকে ও আপনার কাওমকে স্পষ্ট গুমরাহীতে।

٧٥- وَكَذٰلِكَ نُرِىْٓ اِبْرٰهِيْمَ مَلَكُوْتَ
السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَلِيَكُوْنَ
مِنَ الْمُوْقِنِيْنَ ○

৭৫. আর এভাবেই আমি দেখাই ইব্‌রাহীমকে আসমান ও যমীনের বাদশাহী, যাতে সে হয় নিশ্চিত বিশ্বাসী।

www.pathagar.com

৭৬. তারপর যখন রাত তাকে আচ্ছন্ন করল, তখন সে দেখল নক্ষত্র এবং বলল ঃ এটাই আমার রব। এরপর যখন নক্ষত্র ডুবে গেল, তখন সে বলল ঃ আমি ভালবাসি না যা ডুবে যায় তা।

٧٦- فَلَمَّا جَنَّ عَلَيْهِ الَّيْلُ
رَاٰ كَوْكَبًا ۚ قَالَ هٰذَا رَبِّيْ ۚ
فَلَمَّآ اَفَلَ قَالَ لَآ اُحِبُّ الْاٰفِلِيْنَ ○

৭৭. তারপর যখন সে দেখল চাঁদকে সমুজ্জ্বলরূপে, তখন সে বলল ঃ এটাই আমার রব। যখন চাঁদও ডুবে গেল, তখন সে বলল ঃ যদি আমাকে পথ না দেখান আমার রব, তাহলে অবশ্যই আমি হয়ে যাব গুম্‌রাহদের শামিল।

٧٧- فَلَمَّا رَاَ الْقَمَرَ بَازِغًا
قَالَ هٰذَا رَبِّيْ ۚ فَلَمَّآ اَفَلَ
قَالَ لَئِنْ لَّمْ يَهْدِنِيْ رَبِّيْ
لَاَكُوْنَنَّ مِنَ الْقَوْمِ الضَّآلِّيْنَ ○

৭৮. তারপর যখন সে দেখল সূর্যকে দীপ্তিমানরূপে, তখন সে বলল ঃ এটাই আমার রব। এটাই সর্ববৃহৎ। এরপর যখন সূর্যও ডুবে গেল, তখন সে বলল ঃ হে আমার কাওম! তোমরা যে শির্‌ক কর, তা থেকে আমি মুক্ত।

٧٨- فَلَمَّا رَاَ الشَّمْسَ بَازِغَةً
قَالَ هٰذَا رَبِّيْ
هٰذَآ اَكْبَرُ ۚ فَلَمَّآ اَفَلَتْ
قَالَ يٰقَوْمِ اِنِّيْ بَرِيْٓءٌ مِّمَّا تُشْرِكُوْنَ ○

৭৯. আমি একনিষ্ঠভাবে মুখ ফিরাচ্ছি তাঁর দিকে, যিনি সৃষ্টি করেছেন আসমান ও যমীন, আর নই আমি মুশরিকদের শামিল।

٧٩- اِنِّيْ وَجَّهْتُ وَجْهِيَ لِلَّذِيْ
فَطَرَ السَّمٰوٰتِ وَ الْاَرْضَ حَنِيْفًا
وَّمَآ اَنَا مِنَ الْمُشْرِكِيْنَ ○

৮০. তার সাথে বিতর্কে লিপ্ত হলো তার কাওম, সে বলল ঃ তোমরা কি বিতর্ক করছ আমার সাথে আল্লাহ্‌র সম্বন্ধে ? তিনি তো আমাকে হিদায়েত করেছেন। আর আমি ভয় করি না, যা কিছু তোমরা শরীক কর তাঁর সাথে; আমার রব অন্য কিছু ইচ্ছা না করলে। আমার রব পরিব্যাপ্ত করে আছেন সবকিছু জ্ঞানে। তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করবে না ?

٨٠- وَحَآجَّهٗ قَوْمُهٗ ۚ قَالَ اَتُحَآجُّوْٓنِّيْ
فِي اللّٰهِ وَقَدْ هَدٰىنِ ۚ
وَلَآ اَخَافُ مَا تُشْرِكُوْنَ بِهٖٓ
اِلَّآ اَنْ يَّشَآءَ رَبِّيْ شَيْـًٔا ۚ
وَسِعَ رَبِّيْ كُلَّ شَيْءٍ عِلْمًا ۚ
اَفَلَا تَتَذَكَّرُوْنَ ○

৮১. আর আমি কিরূপে ভয় করব তাদের, যাদের তোমরা শরীক কর, তোমরা তো ভয় কর না আল্লাহ্‌র সাথে শরীক করতে, যে বিষয়ে তিনি তোমাদের

٨١- وَكَيْفَ اَخَافُ مَآ اَشْرَكْتُمْ
وَلَا تَخَافُوْنَ اَنَّكُمْ اَشْرَكْتُمْ بِاللّٰهِ
مَا لَمْ يُنَزِّلْ بِهٖ عَلَيْكُمْ سُلْطٰنًا ۚ

فَاَيُّ الْفَرِيْقَيْنِ اَحَقُّ بِالْاَمْنِ ۚ
اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ○

কাছে কোন প্রমাণ নাযিল করেননি। অতএব, দু'দলের মাঝে কোন দল নিরাপত্তা লাভের অধিক হক্‌দার ? বল, যদি তোমরা জান।

٨٣- وَتِلْكَ حُجَّتُنَآ اٰتَيْنٰهَآ اِبْرٰهِيْمَ
عَلٰى قَوْمِهٖ ۭ نَرْفَعُ دَرَجٰتٍ مَّنْ نَّشَآءُ ۭ
اِنَّ رَبَّكَ حَكِيْمٌ عَلِيْمٌ ○

৮৩. আর এ সব আমার দলীল, যা আমি দিয়েছিলাম ইব্‌রাহীমকে তার কাওমের মুকাবিলায়, আমি উন্নীত করি মর্যাদায় যাকে আমি ইচ্ছা করি। নিশ্চয় আপনার রব হিক্‌মতওয়ালা, সর্বজ্ঞ।

٨٤- وَوَهَبْنَا لَهٗٓ اِسْحٰقَ وَيَعْقُوْبَ ۭ
كُلًّا هَدَيْنَا ۚ وَنُوْحًا هَدَيْنَا مِنْ قَبْلُ
وَمِنْ ذُرِّيَّتِهٖ دَاوٗدَ وَسُلَيْمٰنَ وَاَيُّوْبَ
وَيُوْسُفَ وَمُوْسٰى وَهٰرُوْنَ ۭ
وَكَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ○

৮৪. আর আমি দান করেছিলাম ইব্‌রাহীমকে ইসহাক ও ইয়া'কূব। তাদের উভয়কে আমি হিদায়েত দান করেছিলাম। আর এর পূর্বে আমি হিদায়েত দান করেছিলাম নূহকে এবং তাঁর বংশধর দাঊদ, সুলায়মান, আইউব, ইউসুফ, মূসা ও হারূনকে। আর এভাবেই আমি পুরস্কৃত করি নেক্‌কারদের।

٨٥- وَزَكَرِيَّا وَيَحْيٰى وَعِيْسٰى وَاِلْيَاسَ ۭ
كُلٌّ مِّنَ الصّٰلِحِيْنَ ○

৮৫. আর হিদায়েত দান করেছিলাম যাকারিয়া, ইয়াহ্‌ইয়া, ঈসা ও ইল্‌ইয়াস্‌কে, তারা সবাই ছিল সৎলোক।

٨٦- وَاِسْمٰعِيْلَ وَالْيَسَعَ وَيُوْنُسَ وَلُوْطًا ۭ
وَكُلًّا فَضَّلْنَا عَلَى الْعٰلَمِيْنَ ○

৮৬. আর হিদায়েত দান করেছিলাম ইসমাঈল, আল-ইয়াস'আ, ইউনুস ও লূতকে এবং আমি এদের প্রত্যেককে সম্মানিত করেছিলাম সারা-জাহানে।

٨٧- وَمِنْ اٰبَآئِهِمْ وَذُرِّيّٰتِهِمْ وَاِخْوَانِهِمْ ۚ
وَاجْتَبَيْنٰهُمْ وَهَدَيْنٰهُمْ
اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ○

৮৭. আর হিদায়েত দান করেছিলাম তাদের পিতৃ-পুরুষ, বংশধর এবং ভাইদের থেকেও, আর আমি তাদের মনোনীত করেছিলাম এবং তাদের সরলসঠিক পথে পরিচালিত করেছিলাম।

সূরা তাওবা, ৯ : ১১৪

١١٤- وَمَا كَانَ اسْتِغْفَارُ اِبْرٰهِيْمَ لِاَبِيْهِ
اِلَّا عَنْ مَّوْعِدَةٍ وَّعَدَهَآ اِيَّاهُ ۚ فَلَمَّا

১১৪. আর ইব্‌রাহীমের ক্ষমা প্রার্থনা করা তার পিতার জন্য শুধু এ কারণে ছিল যে, সে তাকে এর প্রতিশ্রুতি দিয়েছিল। তারপর যখন তার কাছে স্পষ্ট হলো যে, তার

www.pathagar.com

তَبَيَّنَ لَهٗٓ اَنَّهٗ عَدُوٌّ لِّلّٰهِ تَبَرَّاَ مِنْهُ ؕ
اِنَّ اِبْرٰهِيْمَ لَاَوَّاهٌ حَلِيْمٌ ○

পিতা আল্লাহ্‌র শত্রু, তখন সে তার সাথে সম্পর্ক ছিন্ন করল। ইব্‌রাহীম তো ছিল কোমল হৃদয়, সহনশীল।

সূরা হূদ, ১১ ঃ ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬

৬৯. আর অবশ্যই এসেছিল আমার ফিরিশতারা ইব্‌রাহীমের কাছে সুসংবাদ নিয়ে। তারা বলল ঃ সালাম। ইব্‌রাহীমও বলল ঃ সালাম এবং সে অনতিবিলম্বে পরিবেশন করল একটি ভূণা বাছুর।

٦٩- وَلَقَدْ جَآءَتْ رُسُلُنَآ اِبْرٰهِيْمَ
بِالْبُشْرٰى قَالُوْا سَلٰمًا ؕ قَالَ سَلٰمٌ
فَمَا لَبِثَ اَنْ جَآءَ بِعِجْلٍ حَنِيْذٍ ○

৭০. তারপর যখন সে দেখল তাদের হাত সেদিকে প্রসারিত হচ্ছে না, তখন সে তাদের অবাঞ্ছিত মনে করল এবং তাদের সম্বন্ধে মনে মনে শংকিত হল। তারা বলল ঃ ভয় করবেন না, আমরা তো প্রেরিত হয়েছি কাওমে লূতের প্রতি।

٧٠- فَلَمَّا رَآ اَيْدِيَهُمْ لَا تَصِلُ اِلَيْهِ
نَكِرَهُمْ وَاَوْجَسَ
مِنْهُمْ خِيْفَةً ؕ قَالُوْا لَا تَخَفْ
اِنَّآ اُرْسِلْنَآ اِلٰى قَوْمِ لُوْطٍ ○

৭১. আর তার স্ত্রী দাঁড়ান ছিল এবং সে হেসে ফেলল, আর আমি তাকে সুসংবাদ দিলাম ইসহাকের এবং ইসহাকের পরে ইয়া'কূবের।

٧١- وَامْرَاَتُهٗ قَآئِمَةٌ فَضَحِكَتْ فَبَشَّرْنٰهَا
بِاِسْحٰقَ ۙ وَمِنْ وَّرَآءِ اِسْحٰقَ يَعْقُوْبَ ○

৭২. সে (মহিলা) বলল ঃ কি আশ্চর্য! আমি সন্তান প্রসব করব, অথচ আমি বৃদ্ধা এবং এ আমার স্বামী বৃদ্ধ ! নিশ্চয়ই এ একটি অদ্ভুত ব্যাপার!

٧٢- قَالَتْ يٰوَيْلَتٰٓى ءَاَلِدُ وَاَنَا عَجُوْزٌ
وَّهٰذَا بَعْلِىْ شَيْخًا ؕ
اِنَّ هٰذَا لَشَىْءٌ عَجِيْبٌ ○

৭৩. তারা (ফিরিশতাগণ) বলল ঃ তুমি আশ্চার্যান্বিত হচ্ছ আল্লাহ্‌র কাজে ? আল্লাহ্‌র রহমত ও তাঁর বরকত তোমাদের প্রতি, হে ইব্‌রাহীমের পরিবার বর্গ ! নিশ্চয়ই আল্লাহ্‌ প্রশংসিত, মহিমান্বিত।

٧٣- قَالُوْٓا اَتَعْجَبِيْنَ مِنْ اَمْرِ اللّٰهِ
رَحْمَتُ اللّٰهِ وَبَرَكٰتُهٗ عَلَيْكُمْ اَهْلَ الْبَيْتِ ؕ
اِنَّهٗ حَمِيْدٌ مَّجِيْدٌ ○

৭৪. তারপর যখন বিদূরিত হল ইব্‌রাহীমের থেকে ভয় এবং এলো তার কাছে সুসংবাদ, তখন সে বাদানুবাদ করতে

٧٤- فَلَمَّا ذَهَبَ عَنْ اِبْرٰهِيْمَ
الرَّوْعُ وَجَآءَتْهُ الْبُشْرٰى

يُجَادِلُنَا فِي قَوْمِ لُوطٍ ۝

লাগল আমার সাথে লূতের কাওম সম্বন্ধে।

٧٥- إِنَّ إِبْرٰهِيمَ لَحَلِيمٌ
أَوَّاهٌ مُّنِيبٌ ۝

৭৫. নিশ্চয় ইব্‌রাহীম তো সহনশীল, কোমল হৃদয়, সতত আল্লাহ্‌ অভিমুখী।

٧٦- يٰٓإِبْرٰهِيمُ أَعْرِضْ عَنْ هٰذَا ۚ
إِنَّهُ قَدْ جَآءَ أَمْرُ رَبِّكَ ۚ وَإِنَّهُمْ
اٰتِيهِمْ عَذَابٌ غَيْرُ مَرْدُودٍ ۝

৭৬. হে ইব্‌রাহীম, বিরত হও এ থেকে। অবশ্যই এসে গেছে, তোমার রবের ফয়সালা আর তাদের উপর তো আসবে অবধারিত শাস্তি।

সূরা ইব্‌রাহীম, ১৪ ঃ ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১

٣٥- وَإِذْ قَالَ إِبْرٰهِيمُ رَبِّ اجْعَلْ
هٰذَا الْبَلَدَ اٰمِنًا وَّاجْنُبْنِي
وَبَنِيَّ أَنْ نَّعْبُدَ الْأَصْنَامَ ۝

৩৫. আর স্মরণ কর, বলেছিল ইব্‌রাহীম ঃ হে আমার রব! আপনি করুন এ মক্কা নগরীকে নিরাপদ এবং দূরে রাখুন আমাকে ও আমার পুত্রদের প্রতিমা পূজা থেকে।

٣٦- رَبِّ إِنَّهُنَّ أَضْلَلْنَ
كَثِيرًا مِّنَ النَّاسِ ۚ فَمَنْ تَبِعَنِي
فَإِنَّهُ مِنِّي ۚ وَمَنْ عَصَانِي
فَإِنَّكَ غَفُورٌ رَّحِيمٌ ۝

৩৬. হে আমার রব! এ সব প্রতিমা তো গুম্‌রাহ্‌ করেছে অনেক মানুষকে, সুতরাং যে কেউ আমার অনুসরণ করবে, সে হবে আমার দলভুক্ত, কিন্তু কেউ আমার নাফরমানী করলে, আপনি তো পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

٣٧- رَبَّنَآ إِنِّيٓ أَسْكَنْتُ مِنْ ذُرِّيَّتِي
بِوَادٍ غَيْرِ ذِي زَرْعٍ عِنْدَ بَيْتِكَ الْمُحَرَّمِ ۙ
رَبَّنَا لِيُقِيمُوا الصَّلٰوةَ
فَاجْعَلْ أَفْئِدَةً مِّنَ النَّاسِ
تَهْوِيٓ إِلَيْهِمْ وَارْزُقْهُمْ
مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُمْ يَشْكُرُونَ ۝

৩৭. হে আমাদের রব! আমি তো বসবাসের ব্যবস্থা করলাম, আমার কতক বংশধরদের, আপনার পবিত্র ঘরের কাছে অনুর্বর উপত্যকায়। হে আমাদের রব! তারা যেন সালাত কায়েম করে। অতএব আপনি মানুষের মন তাদের দিকে ঝুঁকিয়ে দিন এবং তাদের রিযিকের ব্যবস্থা করুন ফল-ফলাদি দিয়ে, যাতে তারা শোকর করে।

٣٨- رَبَّنَآ إِنَّكَ تَعْلَمُ مَا نُخْفِي وَمَا نُعْلِنُ ۗ
وَمَا يَخْفٰى عَلَى اللّٰهِ مِنْ شَيْءٍ

৩৮. হে আমাদের রব! আপনি তো জানেন, যা আমরা গোপন করি এবং যা আমরা প্রকাশ করি। আর কোন কিছুই গোপন

www.pathagar.com

فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَآءِ ○

থাকে না আল্লাহ্‌র কাছে যমীনে আর না আসমানে।

٣٩- اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ وَهَبَ لِيْ
عَلَى الْكِبَرِ اِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ ط
اِنَّ رَبِّيْ لَسَمِيْعُ الدُّعَآءِ ○

৩৯. সমস্ত প্রশংসা আল্লাহ্‌র যিনি আমাকে দান করেছেন এ বার্ধক্যে ইসমাঈল ও ইসহাককে। নিশ্চয় আমার রব তো দু'আ শোনে থাকেন।

٤٠- رَبِّ اجْعَلْنِيْ مُقِيْمَ الصَّلٰوةِ
وَمِنْ ذُرِّيَّتِيْ ۖ
رَبَّنَا وَتَقَبَّلْ دُعَآءِ ○

৪০. হে আমার রব! করুন আমাকে সালাত কায়েমকারী এবং আমার বংশধরদের থেকেও। হে আমাদের রব! আপনি কবুল করুন আমার দু'আ।

٤١- رَبَّنَا اغْفِرْ لِيْ وَلِوَالِدَيَّ
وَلِلْمُؤْمِنِيْنَ يَوْمَ يَقُوْمُ الْحِسَابُ ○

৪১. হে আমাদের রব! আপনি মাফ করুন আমাকে, আমার পিতা-মাতাকে এবং মু'মিনদের, যে দিন অনুষ্ঠিত হবে হিসাব।

সূরা হিজ্‌র, ১৫ ঃ ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০

٥١- وَنَبِّئْهُمْ عَنْ ضَيْفِ اِبْرٰهِيْمَ ○

৫১. আর আপনি অবহিত করুন তাদের ইব্‌রাহীমের মেহমানদের ব্যাপার,

٥٢- اِذْ دَخَلُوْا عَلَيْهِ فَقَالُوْا سَلٰمًا ط
قَالَ اِنَّا مِنْكُمْ وَجِلُوْنَ ○

৫২. যখন তারা তার কাছে উপস্থিত হল, তখন তারা বলল ঃ সালাম। ইব্‌রাহীম বলেছিল ঃ আমি তো তোমাদের ব্যাপারে শংকিত।

٥٣- قَالُوْا لَا تَوْجَلْ اِنَّا نُبَشِّرُكَ
بِغُلٰمٍ عَلِيْمٍ ○

৫৩. তারা বলল ঃ আপনি ভয় করবেন না। আমরা তো আপনাকে সুসংবাদ দিচ্ছি এক জ্ঞানী পুত্রের।

٥٤- قَالَ اَبَشَّرْتُمُوْنِيْ عَلٰٓى اَنْ مَّسَّنِيَ
الْكِبَرُ فَبِمَ تُبَشِّرُوْنَ ○

৫৪. সে (ইব্‌রাহীম) বলল ঃ তোমরা কি আমাকে সুসংবাদ দিচ্ছ আমি বার্ধক্যগ্রস্ত হওয়া সত্ত্বেও ? কি বিষয়ে তোমরা সুসংবাদ দিচ্ছ ?

٥٥- قَالُوْا بَشَّرْنٰكَ بِالْحَقِّ
فَلَا تَكُنْ مِّنَ الْقٰنِطِيْنَ ○

৫৫. তারা বলল ঃ আমরা আপনাকে সত্য সুসংবাদ দিচ্ছি ; অতএব আপনি নিরাশ হবেন না।

٥٦- قَالَ وَمَنْ يَّقْنَطُ مِنْ رَّحْمَةِ رَبِّهٖٓ
اِلَّا الضَّآلُّوْنَ ○

৫৬. সে (ইব্‌রাহীম) বলল ঃ কে নিরাশ হয় তার রবের রহমত থেকে পথভ্রষ্টরা ছাড়া ?

www.pathagar.com

৫৭. সে আরো বলল ঃ হে ফিরিশ্‌তাগণ! তোমাদের আর কি বিশেষ কাজ আছে ?

٥٧- قَالَ فَمَا خَطْبُكُمْ
اَيُّهَا الْمُرْسَلُوْنَ ○

৫৮. তারা (ফিরিশ্‌তারা) বলল ঃ আমরা তো প্রেরিত হয়েছি এক অপরাধী কাওমের বিরুদ্ধে।

٥٨- قَالُوْٓا اِنَّآ اُرْسِلْنَآ
اِلٰى قَوْمٍ مُّجْرِمِيْنَ ○

৫৯. তবে লূতের পরিবারবর্গের বিরুদ্ধে নয়, অবশ্যই আমরা তো রক্ষা করব তাদের সবাইকে,

٥٩- اِلَّآ اٰلَ لُوْطٍ ؕ
اِنَّا لَمُنَجُّوْهُمْ اَجْمَعِيْنَ ○

৬০. কিন্তু তার স্ত্রীকে নয়। আমরা তো স্থির করেছি যে, সে তো পেছনে অবস্থান-কারীদের একজন।

٦٠- اِلَّا امْرَاَتَهٗ قَدَّرْنَآ ۙ
اِنَّهَا لَمِنَ الْغٰبِرِيْنَ ○

সূরা নাহ্‌ল, ১৬ ঃ ১২০, ১২১, ১২২

১২০. নিশ্চয় ইব্‌রাহীম ছিল এক উম্মাত, আল্লাহ্‌র অনুগত একনিষ্ঠ এবং সে ছিল না মুশ্‌রিকদের শামিল।

١٢٠- اِنَّ اِبْرٰهِيْمَ كَانَ اُمَّةً قَانِتًا لِّلّٰهِ
حَنِيْفًا ؕ وَلَمْ يَكُ مِنَ الْمُشْرِكِيْنَ ○

১২১. সে ছিল কৃতজ্ঞ, আল্লাহ্‌র অনুগ্রহের জন্য। আল্লাহ্‌ তাকে মনোনীত করেন এবং পরিচালিত করেন সরল সঠিক পথে।

١٢١- شَاكِرًا لِّاَنْعُمِهٖ ؕ
اِجْتَبٰهُ وَهَدٰىهُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ○

১২২. আর আমি তাকে দিয়েছিলাম এ দুনিয়াতে কল্যাণ এবং অবশ্যই সে আখিরাতে হবে নেক্‌কারদের অন্যতম।

١٢٢- وَاٰتَيْنٰهُ فِى الدُّنْيَا حَسَنَةً ؕ
وَاِنَّهٗ فِى الْاٰخِرَةِ لَمِنَ الصّٰلِحِيْنَ ○

সূরা মারইয়াম, ১৯ ঃ ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০

৪১. আর স্মরণ করুন। এ কিতাবে লিখিত ইব্‌রাহীমের কথা, সে তো ছিল সত্যবাদী নবী।

٤١- وَاذْكُرْ فِى الْكِتٰبِ اِبْرٰهِيْمَ ۬ؕ
اِنَّهٗ كَانَ صِدِّيْقًا نَّبِيًّا ○

৪২. যখন সে বলেছিল তার পিতাকে ঃ হে আমার পিতা ! কেন তুমি ইবাদত কর তার যে শোনে না, দেখে না এবং তোমার কোন কাজে আসে না ?

٤٢- اِذْ قَالَ لِاَبِيْهِ يٰٓاَبَتِ لِمَ
تَعْبُدُ مَا لَا يَسْمَعُ وَلَا يُبْصِرُ
وَلَا يُغْنِىْ عَنْكَ شَيْـًٔا ○

৪৩. হে আমার পিতা ! আমার কাছে তো এসেছে জ্ঞান, যা আসেনি তোমার

٤٣- يٰٓاَبَتِ اِنِّىْ قَدْ جَآءَنِىْ مِنَ الْعِلْمِ

www.pathagar.com

مَا لَمْ يَأْتِكَ فَاتَّبِعْنِيٓ أَهْدِكَ
صِرَاطًا سَوِيًّا ○

٤٤- يَٰٓأَبَتِ لَا تَعْبُدِ الشَّيْطَٰنَ ۖ إِنَّ الشَّيْطَٰنَ
كَانَ لِلرَّحْمَٰنِ عَصِيًّا ○

٤٥- يَٰٓأَبَتِ إِنِّيٓ أَخَافُ أَن يَمَسَّكَ عَذَابٌ
مِّنَ الرَّحْمَٰنِ فَتَكُونَ لِلشَّيْطَٰنِ وَلِيًّا ○

٤٦- قَالَ أَرَاغِبٌ أَنتَ عَنْ ءَالِهَتِي يَٰٓإِبْرَٰهِيمُ ۖ
لَئِن لَّمْ تَنتَهِ لَأَرْجُمَنَّكَ
وَاهْجُرْنِي مَلِيًّا ○

٤٧- قَالَ سَلَٰمٌ عَلَيْكَ ۖ
سَأَسْتَغْفِرُ لَكَ رَبِّيٓ ۖ
إِنَّهُۥ كَانَ بِي حَفِيًّا ○

٤٨- وَأَعْتَزِلُكُمْ وَمَا تَدْعُونَ
مِن دُونِ اللَّهِ وَأَدْعُوا رَبِّي
عَسَىٰٓ أَلَّآ أَكُونَ بِدُعَآءِ رَبِّي شَقِيًّا ○

٤٩- فَلَمَّا اعْتَزَلَهُمْ وَمَا يَعْبُدُونَ
مِن دُونِ اللَّهِ وَهَبْنَا لَهُۥٓ إِسْحَٰقَ وَيَعْقُوبَ
وَكُلًّا جَعَلْنَا نَبِيًّا ○

www.pathagar.com

٥٠- وَوَهَبْنَا لَهُمْ مِّنْ رَّحْمَتِنَا
وَجَعَلْنَا لَهُمْ لِسَانَ صِدْقٍ عَلِيًّا ○

৫০. আর আমি দান করলাম তাদের আমার তরফ থেকে রহমত এবং সমুচ্চ করলাম তাদের খ্যাতি।

সূরা আম্বিয়া, ২১ ঃ ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯. ৭০, ৭১, ৭২, ৭৩

٥١- وَلَقَدْ اٰتَيْنَآ اِبْرٰهِيْمَ رُشْدَهٗ
مِنْ قَبْلُ وَكُنَّا بِهٖ عٰلِمِيْنَ ○

৫১. আর আমি তো দিয়েছিলাম ইব্‌রাহীমকে তার সৎপথের জ্ঞান এর আগে এবং আমি তো ছিলাম তার ব্যাপারে সম্যক অবহিত।

٥٢- اِذْ قَالَ لِاَبِيْهِ وَقَوْمِهٖ مَا هٰذِهِ التَّمَاثِيْلُ
الَّتِيْٓ اَنْتُمْ لَهَا عٰكِفُوْنَ ○

৫২. স্মরণ কর, সে বলেছিল তার পিতা ও তার কাওমকে ঃ এ মূর্তিগুলো কী, তোমরা রয়েছ যাদের পূজায় রত ?

٥٣- قَالُوْا وَجَدْنَآ اٰبَآءَنَا
لَهَا عٰبِدِيْنَ ○

৫৩. তারা বলল, আমরা আমাদের পিতৃ-পুরুষগণকে এদের পূজা করতে দেখেছি।

٥٤- قَالَ لَقَدْ كُنْتُمْ
اَنْتُمْ وَاٰبَآؤُكُمْ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ○

৫৪. সে বলল ঃ নিশ্চয় তোমরা ও তোমাদের পিতৃ-পুরুষরা রয়েছ স্পষ্ট গুম্‌রাহীতে।

٥٥- قَالُوْٓا اَجِئْتَنَا بِالْحَقِّ
اَمْ اَنْتَ مِنَ اللّٰعِبِيْنَ ○

৫৫. তারা বলল ঃ তুমি কি নিয়ে এসেছ আমাদের কাছে সত্য, না তুমি কৌতুক করছ ?

٥٦- قَالَ بَلْ رَّبُّكُمْ رَبُّ السَّمٰوٰتِ
وَالْاَرْضِ الَّذِيْ فَطَرَهُنَّ ۖ
وَاَنَا عَلٰى ذٰلِكُمْ مِّنَ الشّٰهِدِيْنَ ○

৫৬. সে বলল ঃ না, বরং তোমাদের রব তো আসমান ও যমীনের রব, যিনি তাদের সৃষ্টি করেছেন আর আমি এ বিষয়ে অন্যতম সাক্ষী।

٥٧- وَتَاللّٰهِ لَاَكِيْدَنَّ اَصْنَامَكُمْ
بَعْدَ اَنْ تُوَلُّوْا مُدْبِرِيْنَ ○

৫৭. কসম আল্লাহ্‌র ! অবশ্যই আমি কৌশল অবলম্বন করব তোমাদের মূর্তিগুলোর ব্যাপারে, তোমাদের চলে যাওয়ার পরে।

٥٨- فَجَعَلَهُمْ جُذٰذًا اِلَّا كَبِيْرًا لَّهُمْ
لَعَلَّهُمْ اِلَيْهِ يَرْجِعُوْنَ ○

৫৮. তারপর সে চূর্ণ-বিচূর্ণ করেছিল সেগুলো, তাদের বড়টি ছাড়া, যাতে তারা তার দিকে ফিরে আসে।

www.pathagar.com

৫৯. তারা বলল ঃ কে করল এরূপ আমাদের দেব-দেবীদের সাথে ? নিশ্চয় সে তো সীমালংঘনকারী।

٥٩- قَالُوْا مَنْ فَعَلَ هٰذَا بِاٰلِهَتِنَآ اِنَّهٗ لَمِنَ الظّٰلِمِيْنَ ○

৬০. তারা বলল ঃ আমরা শুনেছি এক যুবককে এদের ব্যাপারে সমালোচনা করতে, যাকে ইব্‌রাহীম নামে ডাকা হয়।

٦٠- قَالُوْا سَمِعْنَا فَتًى يَّذْكُرُهُمْ يُقَالُ لَهٗٓ اِبْرٰهِيْمُ ○

৬১. তারা বলল ঃ তবে তাকে হাযির কর লোকের সামনে, যাতে তারা প্রত্যক্ষ করতে পারে।

٦١- قَالُوْا فَاْتُوْا بِهٖ عَلٰٓى اَعْيُنِ النَّاسِ لَعَلَّهُمْ يَشْهَدُوْنَ ○

৬২. তারা বলল ঃ হে ইব্‌রাহীম! তুমিই কি এরূপ করেছ আমাদের দেব-দেবীদের সাথে ?

٦٢- قَالُوْٓا ءَاَنْتَ فَعَلْتَ هٰذَا بِاٰلِهَتِنَا يٰٓاِبْرٰهِيْمُ ○ؕ

৬৩. সে (ইব্‌রাহীম) বলল ঃ বরং এরূপ কেউ করেছে, এদের বড়টা তো এই! কাজেই, জিজ্ঞেস কর তাদের, যদি এরা কথা বলতে পারে!

٦٣- قَالَ بَلْ فَعَلَهٗ ۖۗ كَبِيْرُهُمْ هٰذَا فَسْـَٔلُوْهُمْ اِنْ كَانُوْا يَنْطِقُوْنَ ○

৬৪. তখন তারা মনে মনে চিন্তা করল এবং বলল ঃ তোমরাই তো সীমালংঘনকারী!

٦٤- فَرَجَعُوْٓا اِلٰٓى اَنْفُسِهِمْ فَقَالُوْٓا اِنَّكُمْ اَنْتُمُ الظّٰلِمُوْنَ ○

৬৫. তারপর তাদের মাথা অবনত হল। তারা বলল, তুমি তো জানই যে, এরা কথা বলতে পারে না।

٦٥- ثُمَّ نُكِسُوْا عَلٰى رُءُوْسِهِمْ ۚ لَقَدْ عَلِمْتَ مَا هٰٓؤُلَآءِ يَنْطِقُوْنَ ○

৬৬. সে (ইব্‌রাহীম) বলল ঃ তবে তোমরা ইবাদত করছ আল্লাহ্‌কে ছেড়ে এমন কিছুর, যা তোমাদের কোন উপকার করতে পারে না এবং অপকারও করতে পারে না ?

٦٦- قَالَ اَفَتَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُكُمْ شَيْـًٔا وَّلَا يَضُرُّكُمْ ○

৬৭. ধিক তোমাদের এবং তাদের যাদের তোমরা ইবাদত কর আল্লাহ্‌কে ছেড়ে! তবুও কি তোমরা বুঝবে না ?

٦٧- اُفٍّ لَّكُمْ وَلِمَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ○

৬৮. তারা বলল ঃ তোমরা জ্বালিয়ে দাও একে এবং তোমরা সাহায্য কর তোমাদের দেব-দেবীদের, যদি তোমরা কিছু করতেই চাও।

٦٨- قَالُوْا حَرِّقُوْهُ وَانْصُرُوْٓا اٰلِهَتَكُمْ اِنْ كُنْتُمْ فٰعِلِيْنَ ○

www.pathagar.com

٦٩-قُلْنَا يٰنَارُ كُوْنِىْ بَرْدًا وَّسَلٰمًا عَلٰٓى اِبْرٰهِيْمَ ○

৬৯. (আল্লাহ্ বলছেন) আমি বললাম ঃ হে আগুন! তুমি হয়ে যাও শীতল ও শান্তিদায়ক ইব্‌রাহীমের জন্য।

٧٠- وَ اَرَادُوْا بِهٖ كَيْدًا فَجَعَلْنٰهُمُ الْاَخْسَرِيْنَ ○

৭০. আর তারা তো চেয়েছিল তার ক্ষতি সাধন করতে। কিন্তু আমি করে দিলাম তাদের সর্বাধিক ক্ষতিগ্রস্ত।

٧١- وَ نَجَّيْنٰهُ وَلُوْطًا اِلَى الْاَرْضِ الَّتِىْ بٰرَكْنَا فِيْهَا لِلْعٰلَمِيْنَ ○

৭১. আর আমি নাজাত দিলাম ইব্‌রাহীম ও লূতকে সে দেশে পাঠিয়ে, যেখানে আমি রেখেছি বরকত বিশ্ববাসীর জন্য।

٧٢-وَوَهَبْنَا لَهٗٓ اِسْحٰقَ ط وَيَعْقُوْبَ نَافِلَةً ط وَ كُلًّا جَعَلْنَا صٰلِحِيْنَ ○

৭২. আর আমি ইব্‌রাহীমকে দান করলাম ইসহাক এবং নাতিরূপে দিলাম ইয়া'কূবকে অতিরিক্ত। আর তাদের প্রত্যেককেই করেছিলাম নেক্‌কার।

٧٣- وَجَعَلْنٰهُمْ اَئِمَّةً يَّهْدُوْنَ بِاَمْرِنَا وَاَوْحَيْنَآ اِلَيْهِمْ فِعْلَ الْخَيْرٰتِ وَاِقَامَ الصَّلٰوةِ وَاِيْتَآءَ الزَّكٰوةِ ج وَ كَانُوْا لَنَا عٰبِدِيْنَ ○

৭৩. আর আমি করেছিলাম তাদের নেতা, তারা হিদায়েত করত আমার নির্দেশ অনুসারে এবং তাদের প্রতি ওহী করেছিলাম ভালকাজ করতে, সালাত কায়েম করতে এবং যাকাত দিতে, আর তারা তো আমারই ইবাদত করত।

সূরা হাজ্জ, ২২ ঃ ২৬, ২৭, ৭৮

٢٦-وَاِذْ بَوَّاْنَا لِاِبْرٰهِيْمَ مَكَانَ الْبَيْتِ اَنْ لَّا تُشْرِكْ بِىْ شَيْـًٔا وَّطَهِّرْ بَيْتِىَ لِلطَّآئِفِيْنَ وَالْقَآئِمِيْنَ وَالرُّكَّعِ السُّجُوْدِ ○

২৬. আর স্মরণ কর, আমি চিহ্নিত করে দিয়েছিলাম ইব্‌রাহীমের জন্য কা'বা গৃহের স্থান। (বলেছিলাম) তুমি শরীক করো না আমার সাথে কোন কিছুর এবং পবিত্র রেখ আমার ঘরকে তাওয়াফকারী এবং যারা সালাতে দাঁড়ায়, রুকূ' করে ও সিজ্‌দা করে তাদের জন্য।

٢٧-وَاَذِّنْ فِى النَّاسِ بِالْحَجِّ يَاْتُوْكَ رِجَالًا وَّ عَلٰى كُلِّ ضَامِرٍ يَّاْتِيْنَ مِنْ كُلِّ فَجٍّ عَمِيْقٍ ○

২৭. আর ঘোষণা করে দাও মানুষের মাঝে হজ্জের, তারা আসবে তোমার কাছে পায়ে হেঁটে এবং সব ধরনের ক্ষীণকায় উটে চড়ে, তারা আসবে দূর-দূরান্তের পথ অতিক্রম করে।

www.pathagar.com

৭৮. আর তোমরা জিহাদ কর আল্লাহ্‌র পথে জিহাদ করার মত। তিনি তোমাদের বেছে নিয়েছেন এবং তিনি আরোপ করেননি তোমাদের উপর দীনের ব্যাপারে কোন কঠোরতা। তোমরা অনুসরণ কর তোমাদের পিতা ইব্‌রাহীমের মিল্লাত। তিনি তোমাদের নামকরণ করেছেন 'মুসলিম' এর পূর্বে এবং এ কিতাবেও, যাতে রাসূল হন তোমাদের সাক্ষী স্বরূপ এবং তোমরাও হও সাক্ষীস্বরূপ মানুষের জন্য। সুতরাং তোমরা কায়েম কর সালাত, দাও যাকাত এবং দৃঢ়ভাবে ধারণ কর আল্লাহ্‌কে, তিনিই তোমাদের বন্ধু, কত উত্তম বন্ধু এবং কত উত্তম সাহায্যকারী!

٧٨- وَجَاهِدُوا فِي اللَّهِ حَقَّ جِهَادِهِ ۚ
هُوَ اجْتَبٰكُمْ وَمَا جَعَلَ عَلَيْكُمْ فِي
الدِّيْنِ مِنْ حَرَجٍ ۚ
مِلَّةَ أَبِيْكُمْ إِبْرٰهِيْمَ ۚ
هُوَ سَمّٰكُمُ الْمُسْلِمِيْنَ ۙ مِنْ قَبْلُ
وَفِيْ هٰذَا لِيَكُوْنَ الرَّسُوْلُ شَهِيْدًا
عَلَيْكُمْ وَتَكُوْنُوْا
شُهَدَاءَ عَلَى النَّاسِ ۚ
فَأَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ
وَاعْتَصِمُوْا بِاللَّهِ ۚ هُوَ مَوْلٰكُمْ ۚ
فَنِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ ○

সূরা শু'আরা, ২৬ ঃ ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯

৬৯. আর বর্ণনা করুন তাদের কাছে ইব্‌রাহীমের বৃত্তান্ত।

٦٩- وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ اِبْرٰهِيْمَ ○

৭০. যখন সে বলেছিল তার পিতাকে এবং তার কাওমকে ঃ তোমরা কিসের ইবাদত কর ?

٧٠- اِذْ قَالَ لِاَبِيْهِ وَقَوْمِهٖ مَا تَعْبُدُوْنَ ○

৭১. তখন তারা বলেছিল ঃ আমরা ইবাদত করি মূর্তির, আর আমরা নিষ্ঠার সাথে রত থাকব তাদের পূজায়।

٧١- قَالُوْا نَعْبُدُ اَصْنَامًا فَنَظَلُّ لَهَا عٰكِفِيْنَ ○

৭২ সে (ইব্‌রাহীম) বলল ঃ তারা কি তোমাদের কথা শোনে, যখন তোমরা তাদের ডাক ?

٧٢- قَالَ هَلْ يَسْمَعُوْنَكُمْ اِذْ تَدْعُوْنَ ○

৭৩. অথবা তারা কি তোমাদের কোন উপকার করতে পারে বা অপকার করতে পারে ?

٧٣- اَوْ يَنْفَعُوْنَكُمْ اَوْ يَضُرُّوْنَ ○

٧٤- قَالُوْا بَلْ وَجَدْنَآ اٰبَآءَنَا كَذٰلِكَ يَفْعَلُوْنَ ○

৭৪. তারা বলল ঃ না, তবে আমরা পেয়েছি আমাদের বাপ-দাদাদের এরূপ করতে।

٧٥- قَالَ اَفَرَءَيْتُمْ مَّا كُنْتُمْ تَعْبُدُوْنَ ○

৭৫. সে (ইব্‌রাহীম) বলল ঃ তোমরা কি ভেবে দেখেছ, কিসের পূজা করে আসছ,

٧٦- اَنْتُمْ وَاٰبَآؤُكُمُ الْاَقْدَمُوْنَ ○

৭৬. তোমরা ও তোমাদের পূর্ববর্তী বাপ-দাদারা ?

٧٧- فَاِنَّهُمْ عَدُوٌّ لِّيْٓ اِلَّا رَبَّ الْعٰلَمِيْنَ ○

৭৭. অবশ্যই তারা সবাই আমার দুশমন, রাব্বুল আলামীন ছাড়া ;

٧٨- الَّذِيْ خَلَقَنِيْ فَهُوَ يَهْدِيْنِ ○

৭৮. যিনি সৃষ্টি করেছেন আমাকে এবং তিনিই আমাকে পথ দেখান।

٧٩- وَالَّذِيْ هُوَ يُطْعِمُنِيْ وَيَسْقِيْنِ ○

৭৯. আর তিনিই আমাকে খাওয়ান এবং আমাকে পান করান।

٨٠- وَاِذَا مَرِضْتُ فَهُوَ يَشْفِيْنِ ○

৮০. আর যখন আমি রোগাক্রান্ত হই, তখন তিনিই আমাকে রোগমুক্ত করেন ;

٨١- وَالَّذِيْ يُمِيْتُنِيْ ثُمَّ يُحْيِيْنِ ○

৮১. আর তিনিই আমাকে মৃত্যু দেবেন, তারপর তিনিই আবার জীবিত করবেন।

٨٢- وَالَّذِيْٓ اَطْمَعُ اَنْ يَّغْفِرَ لِيْ خَطِيْٓـَٔتِيْ يَوْمَ الدِّيْنِ ○

৮২. আর আশা করি, তিনিই ক্ষমা করবেন আমার অপরাধ কিয়ামতের দিন।

٨٣- رَبِّ هَبْ لِيْ حُكْمًا وَّاَلْحِقْنِيْ بِالصّٰلِحِيْنَ ○

৮৩. হে আমার রব! দান করুন আমাকে জ্ঞান এবং শামিল করুন আমাকে নেক্‌কারদের মাঝে।

٨٤- وَاجْعَلْ لِّيْ لِسَانَ صِدْقٍ فِي الْاٰخِرِيْنَ ○

৮৪. আর করুন আমাকে যশ ও খ্যাতির অধিকারী পরবর্তীদের মাঝে,

٨٥- وَاجْعَلْنِيْ مِنْ وَّرَثَةِ جَنَّةِ النَّعِيْمِ ○

৮৫. এবং করুন আমাকে শান্তিময় জান্নাতের অধিকারীদের শামিল,

٨٦- وَاغْفِرْ لِاَبِيْٓ اِنَّهٗ كَانَ مِنَ الضَّآلِّيْنَ ○

৮৬. আর ক্ষমা করুণ আমার পিতাকে, তিনি তো গুম্‌রাহদের শামিল।

٨٧- وَلَا تُخْزِنِيْ يَوْمَ يُبْعَثُوْنَ ○

৮৭. আর আপনি আমাকে লাঞ্ছিত করবেন না কিয়ামতের দিনে,

٨٨- يَوْمَ لَا يَنْفَعُ مَالٌ وَّلَا بَنُوْنَ ○

৮৮. যে দিন কোন কাজে আসবে না ধন-সম্পদ, আর না সন্তান-সন্ততি,

www.pathagar.com

৮৯. তবে সে ছাড়া যে আসবে আল্লাহ্র কাছে বিশুদ্ধ অন্তর নিয়ে।

٨٩- اِلَّا مَنْ اَتَى اللّٰهَ بِقَلْبٍ سَلِيْمٍ ○

সূরা আনকাবূত, ২৯ ঃ ১৬, ১৭, ২৪, ২৫, ২৬, ২৭

১৬. আর স্মরণ কর ইব্রাহীমের কথা, যখন সে বলেছিল তার কাওমকে ঃ তোমরা ইবাদত কর আল্লাহ্র এবং ভয় কর তাঁকেই। এটাই শ্রেয় তোমাদের জন্য, যদি তোমরা জানতে!

١٦- وَاِبْرٰهِيْمَ اِذْ قَالَ
لِقَوْمِهِ اعْبُدُوا اللّٰهَ وَاتَّقُوْهُ ؕ
ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ○

১৭. তোমরা তো পূজা করছ আল্লাহ্কে ছেড়ে মূর্তির এবং উদ্ভাবন করছ মিথ্যা। নিশ্চয় যাদের তোমরা পূজা করছ আল্লাহ্কে ছেড়ে, তারা মালিক নয় তোমাদের রিযিকের। অতএব তোমরা চাও আল্লাহ্র কাছে রিযিক এবং তাঁরই ইবাদত কর আর তাঁরই শোকর আদায় কর। তাঁরই কাছে তোমাদের ফিরিয়ে নেওয়া হবে।

١٧- اِنَّمَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ اَوْثَانًا
وَّتَخْلُقُوْنَ اِفْكًا ؕ اِنَّ الَّذِيْنَ تَعْبُدُوْنَ
مِنْ دُوْنِ اللّٰهِ لَا يَمْلِكُوْنَ لَكُمْ رِزْقًا
فَابْتَغُوْا عِنْدَ اللّٰهِ الرِّزْقَ وَاعْبُدُوْهُ
وَاشْكُرُوْا لَهٗ ؕ اِلَيْهِ تُرْجَعُوْنَ ○

২৪. ইব্রাহীমের কাওমের জবাব এ ছাড়া আর কিছুই ছিল না ঃ তোমরা হত্যা কর একে, অথবা আগুনে জ্বালিয়ে দাও একে। কিন্তু আল্লাহ্ রক্ষা করলেন তাকে আগুন থেকে। নিশ্চয় এতে রয়েছে নিশ্চত নিদর্শন মু'মিন লোকদের জন্য।

٢٤- فَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖۤ
اِلَّاۤ اَنْ قَالُوا اقْتُلُوْهُ اَوْ حَرِّقُوْهُ
فَاَنْجٰىهُ اللّٰهُ مِنَ النَّارِ ؕ
اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ○

২৫. আর ইব্রাহীম বলল ঃ তোমরা তো গ্রহণ করেছ উপাস্যরূপে আল্লাহ্কে ছেড়ে মূর্তিগুলোকে, তোমাদের মাঝে পার্থিব জীবনে পারস্পরিক বন্ধুত্বের খাতিরে। পরিণামে কিয়ামতের দিন তোমরা একে অপরকে অস্বীকার করবে এবং তোমরা লা'নত করবে পরস্পরকে। আর তোমাদের ঠিকানা হবে জাহান্নাম এবং থাকবে না তোমাদের কোন সাহায্যকারী।

٢٥- وَقَالَ اِنَّمَا اتَّخَذْتُمْ
مِّنْ دُوْنِ اللّٰهِ اَوْثَانًا ۙ مَّوَدَّةَ
بَيْنِكُمْ فِى الْحَيٰوةِ الدُّنْيَا ۚ
ثُمَّ يَوْمَ الْقِيٰمَةِ يَكْفُرُ بَعْضُكُمْ بِبَعْضٍ
وَّيَلْعَنُ بَعْضُكُمْ بَعْضًا ز
وَّمَاْوٰىكُمُ النَّارُ وَمَا لَكُمْ مِّنْ نّٰصِرِيْنَ ○

٢٦- فَـاٰمَنَ لَهٗ لُوْطٌ ۘ وَقَالَ اِنِّيْ مُهَاجِرٌ اِلٰى رَبِّيْ ؕ اِنَّهٗ هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ○

২৬. তারপর ঈমান আনল ইব্‌রাহীমের প্রতি লূত। আর ইব্‌রাহীম বলল ঃ আমি তো হিজরত করছি আমার রবের উদ্দেশ্যে। অবশ্যই তিনি পরাক্রমশালী, হিক্‌মত-ওয়ালা।

٢٧- وَوَهَبْنَا لَهٗۤ اِسْحٰقَ وَيَعْقُوْبَ وَجَعَلْنَا فِيْ ذُرِّيَّتِهِ النُّبُوَّةَ وَالْكِتٰبَ وَاٰتَيْنٰهُ اَجْرَهٗ فِي الدُّنْيَا ۚ وَاِنَّهٗ فِي الْاٰخِرَةِ لَمِنَ الصّٰلِحِيْنَ ○

২৭. আর আমি দান করেছিলাম ইব্‌রাহীমকে ইসহাক ও ইয়া'কূব এবং দিয়েছিলাম তার বংশধরদের মাঝে নবুওয়াত ও কিতাব এবং আমি পুরস্কার দিয়েছিলাম তাকে দুনিয়ায় আর আখিরাতেও অবশ্যই সে হবে নেক্‌কারদের অন্যতম।

সূরা সাফ্‌ফাত, ৩৭ ঃ ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯, ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১৩

٨٣- وَاِنَّ مِنْ شِيْعَتِهٖ لَاِبْرٰهِيْمَ ○

৮৩. আর তার (নূহের) অনুসারীদের মধ্যে তো ছিল ইব্‌রাহীম।

٨٤- اِذْ جَآءَ رَبَّهٗ بِقَلْبٍ سَلِيْمٍ ○

৮৪. স্মরণ কর, সে উপস্থিত হয়েছিল তার রবের কাছে বিশুদ্ধ চিত্তে,

٨٥- اِذْ قَالَ لِاَبِيْهِ وَقَوْمِهٖ مَاذَا تَعْبُدُوْنَ ○

৮৫. যখন সে জিজ্ঞাসা করেছিল তার পিতা ও তার কাওমকে ঃ তোমরা কিসের পূজা করছ ?

٨٦- اَئِفْكًا اٰلِهَةً دُوْنَ اللّٰهِ تُرِيْدُوْنَ ○

৮৬. তোমরা কি চাও অলীক ইলাহ্‌গুলোকে আল্লাহ্‌র পরিবর্তে ?

٨٧- فَمَا ظَنُّكُمْ بِرَبِّ الْعٰلَمِيْنَ ○

৮৭. তোমাদের কী ধারণা রাব্বুল আলামীন সম্পর্কে ?

٨٨- فَنَظَرَ نَظْرَةً فِي النُّجُوْمِ ○

৮৮. তারপর সে একবার তাকাল তারকা-রাজির দিকে,

٨٩- فَقَالَ اِنِّيْ سَقِيْمٌ ○

৮৯. এবং বলল ঃ আমি তো অসুস্থ !

٩٠- فَتَوَلَّوْا عَنْهُ مُدْبِرِيْنَ ○

৯০. তারপর তারা তাকে পেছনে রেখে চলে গেল।

৯১. পরে সে সন্তর্পণে তাদের দেবতাদের কাছে গেল এবং বলল ঃ তোমরা খাচ্ছ না কেন ?

٩١- فَرَاغَ إِلَىٰٓ ءَالِهَتِهِمْ فَقَالَ
أَلَا تَأْكُلُونَ ○

৯২. তোমাদের কী হয়েছে, তোমরা কথাও বল না ?

٩٢- مَا لَكُمْ لَا تَنطِقُونَ ○

৯৩. তারপর সে তাদের উপর জোরে আঘাত হানল।

٩٣- فَرَاغَ عَلَيْهِمْ ضَرْبًۢا بِٱلْيَمِينِ ○

৯৪. তখন ছুটে এল তার দিকে লোকগুলো।

٩٤- فَأَقْبَلُوٓا إِلَيْهِ يَزِفُّونَ ○

৯৫. সে (ইব্‌রাহীম) বলল ঃ তোমরা কি পূজা করছ তাদের, যাদের তোমরা নিজ হাতে নির্মাণ করছ ?

٩٥- قَالَ أَتَعْبُدُونَ مَا تَنْحِتُونَ ○

৯৬. বস্তুত আল্লাহ্‌ই সৃষ্টি করেছেন তোমাদের এবং তোমরা যা তৈরী করছ তাও !

٩٦- وَٱللَّهُ خَلَقَكُمْ وَمَا تَعْمَلُونَ ○

৯৭. তারা বলল ঃ তোমরা বানাও এর জন্য একটি ইমারত। তারপর তাকে নিক্ষেপ কর জ্বলন্ত আগুনে।

٩٧- قَالُوا ٱبْنُوا لَهُۥ بُنْيَٰنًا
فَأَلْقُوهُ فِى ٱلْجَحِيمِ ○

৯৮. তারা তার বিরুদ্ধে চক্রান্তের সংকল্প করেছিল। কিন্তু আমি তাদের করে দেই অতিশয় হেয়।

٩٨- فَأَرَادُوا بِهِۦ كَيْدًا
فَجَعَلْنَٰهُمُ ٱلْأَسْفَلِينَ ○

৯৯. সে (ইব্‌রাহীম) বলল ঃ আমি চললাম আমার রবের দিকে. অবশ্যই তিনি আমাকে পথ দেখাবেন।

٩٩- وَقَالَ إِنِّى ذَاهِبٌ
إِلَىٰ رَبِّى سَيَهْدِينِ ○

১০০. হে আমার রব! দান করুন আমাকে এক নেক-সন্তান।

١٠٠- رَبِّ هَبْ لِى مِنَ ٱلصَّٰلِحِينَ ○

১০১. তারপর আমি তাকে সুসংবাদ দিলাম এক সহনশীল পুত্রের।

١٠١- فَبَشَّرْنَٰهُ بِغُلَٰمٍ حَلِيمٍ ○

১০২ তারপর যখন সে তার পিতার সংগে কাজ করার বয়সে উপনীত হল, তখন ইব্‌রাহীম তাকে বলল ঃ হে বেটা! আমি স্বপ্নে দেখেছি যে, আমি তোমাকে যবাহ্‌ করছি। এখন বল তোমার মত কি ? সে বলল ঃ হে আমার আব্বা! করুন, আপনি যা আদিষ্ট হয়েছেন

١٠٢- فَلَمَّا بَلَغَ مَعَهُ ٱلسَّعْىَ قَالَ يَٰبُنَىَّ
إِنِّىٓ أَرَىٰ فِى ٱلْمَنَامِ أَنِّىٓ أَذْبَحُكَ فَٱنظُرْ
مَاذَا تَرَىٰ ۚ قَالَ يَٰٓأَبَتِ ٱفْعَلْ مَا تُؤْمَرُ ۖ
سَتَجِدُنِىٓ إِن شَآءَ ٱللَّهُ

www.pathagar.com

তা-ই। অবশ্যই আপনি আল্লাহ্‌র ইচ্ছায় আমাকে পাবেন ধৈর্যশীলদের শামিল। مِنَ الصّٰبِرِيْنَ ○

১০৩. যখন তারা উভয়ে আনুগত্য প্রকাশ করল এবং ইব্‌রাহীম ইসমাঈলকে উপুঁড় করে শোয়াল,

١٠٣- فَلَمَّآ اَسْلَمَا وَتَلَّهٗ لِلْجَبِيْنِ ○

১০৪. তখন আমি তাকে ডেকে বললাম ঃ হে ইব্‌রাহীম!

١٠٤- وَنَادَيْنٰهُ اَنْ يّٰٓاِبْرٰهِيْمُ ○

১০৫. তুমি তো বাস্তবায়িত করে দেখালে স্বপ্নটি ; আমি তো এভাবেই পুরস্কৃত করি নেক্‌কারদের।

١٠٥- قَدْ صَدَّقْتَ الرُّءْيَا ۚ اِنَّا كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ○

১০৬ এতো ছিল এক স্পষ্ট পরীক্ষা।

١٠٦- اِنَّ هٰذَا لَهُوَ الْبَلٰٓؤُا الْمُبِيْنُ ○

১০৭: আর আমি তাকে মুক্ত করলাম এক বিরাট কুরবানীর বিনিময়ে।

١٠٧- وَ فَدَيْنٰهُ بِذِبْحٍ عَظِيْمٍ ○

১০৮. আর রেখেদিলাম একে স্মরণীয় করে পরবর্তীদের মাঝে।

١٠٨- وَتَرَكْنَا عَلَيْهِ فِى الْاٰخِرِيْنَ ○

১০৯. শান্তি বর্ষিত হউক ইব্‌রাহীমের উপর!

١٠٩- سَلٰمٌ عَلٰٓى اِبْرٰهِيْمَ ○

১১০. এভাবেই আমি পুরস্কার দেই নেক্‌-কারদের।

١١٠- كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ○

১১১. সে তো ছিল আমার মু'মিন বান্দাদের একজন।

١١١- اِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِيْنَ ○

১১২. আর আমি তাকে সুসংবাদ দিয়েছিলাম ইসহাকের। সে ছিল এক নবী, নেক্-কারদের মধ্য থেকে।

١١٢- وَبَشَّرْنٰهُ بِاِسْحٰقَ نَبِيًّا مِّنَ الصّٰلِحِيْنَ ○

১১৩. আর আমি বরকত দান করেছিলাম তাকে এবং ইসহাককেও। আর তাদের বংশধরদের মধ্যে কতক ছিল নেক্‌কার এবং কতক ছিল নিজেদের উপর স্পষ্ট যালিম-।

١١٣- وَبٰرَكْنَا عَلَيْهِ وَعَلٰٓى اِسْحٰقَ ۗ وَمِنْ ذُرِّيَّتِهِمَا مُحْسِنٌ وَّظَالِمٌ لِّنَفْسِهٖ مُبِيْنٌ ○

সূরা সোয়াদ, ৩৮ ঃ ৪৫, ৪৬, ৪৭

৪৫. আর স্মরণ কর! আমার বান্দা ইব্‌রাহীম, ইস্‌হাক ও ইয়া'কূবের কথা, তারা ছিল শক্তিশালী ও সূক্ষ্মদর্শী।

٤٥- وَاذْكُرْ عِبٰدَنَآ اِبْرٰهِيْمَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ اُولِى الْاَيْدِىْ وَالْاَبْصَارِ ○

www.pathagar.com

৪৬. আমি তাদের অধিকারী করেছিলাম এক বিশেষ গুণের, তাহলো পরলোকের স্মরণ।

٤٦- اِنَّاۤ اَخۡلَصۡنٰهُمۡ بِخَالِصَةٍ ذِكۡرَى الدَّارِ ○

৪৭. আর অবশ্যই তারা ছিল আমার মনোনীত, উত্তম বান্দাদের শামিল।

٤٧- وَاِنَّهُمۡ عِنۡدَنَا لَمِنَ الۡمُصۡطَفَيۡنَ الۡاَخۡيَارِ ○

সূরা যুখরুফ, ৪৩ ঃ ২৬, ২৭, ২৮

২৬. আর স্মরণ কর! বলেছিল ইব্‌রাহীম তার পিতাকে এবং তার কাওমকে ঃ আমি তো কোন সম্পর্ক রাখি না, তোমরা যাদের পূজা কর, তাদের সাথে,

৪৩. আর রাজা বলল ঃ আমি স্বপ্নে দেখেছি সাতটি মোটা গাভী, তাদের খেয়ে ফেলছে সাতটি শীর্ণকায় গাভী। আরও দেখেছি সাতটি সবুজ শীষ এবং অন্য সাতটি শুকনো। হে প্রধানেরা! আমাকে তোমাদের অভিমত দেও। আমার

www.pathagar.com

إِنْ كُنْتُمْ لِلرُّءْيَا تَعْبُرُوْنَ ○

স্বপ্নের ব্যাপারে, যদি তোমরা স্বপ্নের ব্যাখ্যা দিতে পার।

٤٤- قَالُوْٓا اَضْغَاثُ اَحْلَامٍ ۚ وَمَا نَحْنُ
بِتَاْوِيْلِ الْاَحْلَامِ بِعٰلِمِيْنَ ○

৪৪. তারা বলল ঃ এটা তো অর্থহীন স্বপ্ন এবং আমরা নই এরূপ স্বপ্নের ব্যাখ্যা প্রদানে অভিজ্ঞ।

٤٥- وَقَالَ الَّذِيْ نَجَا مِنْهُمَا
وَادَّكَرَ بَعْدَ اُمَّةٍ
اَنَا اُنَبِّئُكُمْ بِتَاْوِيْلِهٖ فَاَرْسِلُوْنِ ○

৪৫. দু'জন কারারুদ্ধের মধ্যে যে মুক্তি পেয়েছিল এবং দীর্ঘকাল পরে যার স্মরণ হয়েছিল, সে বলল ঃ আমি জানিয়ে দেব তোমাদের এর ব্যাখ্যা, সুতরাং আমাকে পাঠিয়ে দাও।

٤٦- يُوْسُفُ اَيُّهَا الصِّدِّيْقُ
اَفْتِنَا فِيْ سَبْعِ بَقَرٰتٍ سِمَانٍ
يَّاْكُلُهُنَّ سَبْعٌ عِجَافٌ
وَّسَبْعِ سُنْۢبُلٰتٍ خُضْرٍ وَّاُخَرَ يٰبِسٰتٍ ۙ
لَّعَلِّيْٓ اَرْجِعُ اِلَى النَّاسِ لَعَلَّهُمْ يَعْلَمُوْنَ ○

৪৬. সে ইউসুফের কাছে গিয়ে বলল ঃ হে সত্যবাদী! আমাদের ব্যাখ্যা দাও, সাতটি মোটা গাভী, তাদের খেয়ে ফেলছে সাতটি শীর্ণকায় গাভী এবং সাতটি সবুজ শীষ ও সাতটি শুষ্ক শীষ সম্বন্ধে, যাতে আমি ফিরে যেতে পারি লোকদের কাছে এবং যাতে তারা জানতে পারে।

٤٧- قَالَ تَزْرَعُوْنَ سَبْعَ سِنِيْنَ دَاَبًا ۚ
فَمَا حَصَدْتُّمْ فَذَرُوْهُ فِيْ سُنْۢبُلِهٖٓ
اِلَّا قَلِيْلًا مِّمَّا تَاْكُلُوْنَ ○

৪৭. ইউসুফ বলল ঃ তোমরা চাষ করবে সাত বছর একাধিক্রমে, তারপর যে শস্য তোমরা কেটে আনবে, তার সবই তোমরা শীষ সমেত রেখে দেবে, তবে তার মধ্য থেকে যে সামান্য পরিমাণ তোমরা খাবে তা ছাড়া,

٤٨- ثُمَّ يَاْتِيْ مِنْۢ بَعْدِ ذٰلِكَ سَبْعٌ شِدَادٌ
يَّاْكُلْنَ مَا قَدَّمْتُمْ لَهُنَّ
اِلَّا قَلِيْلًا مِّمَّا تُحْصِنُوْنَ ○

৪৮. তারপর আসবে সাতটি কঠিন বছর, এ সময় লোকে খাবে যা তোমরা পূর্বে সঞ্চয় করে রাখবে তাদের জন্য তা থেকে, তবে যে সামান্য কিছু সংরক্ষণ করে রাখবে তা ছাড়া।

٤٩- ثُمَّ يَاْتِيْ مِنْۢ بَعْدِ ذٰلِكَ عَامٌ فِيْهِ
يُغَاثُ النَّاسُ
وَفِيْهِ يَعْصِرُوْنَ ○

৪৯. তারপর আসবে এমন এক বছর, যে বছর প্রচুর বৃষ্টিপাত হবে মানুষের জন্য এবং সে বছর তারা প্রচুর ফলের রস নিংড়াবে।

٥٠- وَقَالَ الْمَلِكُ ائْتُوْنِيْ بِهٖ ۚ

৫০. আর রাজা বলল ঃ তোমরা নিয়ে এসো ইউসুফকে আমার কাছে। তারপর

www.pathagar.com

فَلَمَّا جَآءَهُ الرَّسُوْلُ قَالَ ارْجِعْ
اِلٰى رَبِّكَ فَسْـَٔلْهُ مَا بَالُ النِّسْوَةِ الّٰتِىْ
قَطَّعْنَ اَيْدِيَهُنَّ ؕ
اِنَّ رَبِّىْ بِكَيْدِهِنَّ عَلِيْمٌ ○

যখন দূত পৌঁছল তার কাছে তখন সে বললো ঃ তুমি ফিরে যাও তোমার মনীবের কাছে এবং তাকে জিজ্ঞেস কর সে নারীদের অবস্থা কি, যারা নিজেদের হাত কেটে ফেলেছিল! নিশ্চয় আমার রব তাদের ছলনা সম্পর্কে সম্যক অবহিত।

٥١- قَالَ مَا خَطْبُكُنَّ اِذْ رَاوَدْتُّنَّ يُوْسُفَ
عَنْ نَّفْسِهٖ ؕ قُلْنَ حَاشَ لِلّٰهِ
مَا عَلِمْنَا عَلَيْهِ مِنْ سُوْٓءٍ ؕ
قَالَتِ امْرَاَتُ الْعَزِيْزِ الْـٰٔنَ حَصْحَصَ الْحَقُّ ز
اَنَا رَاوَدْتُّهٗ عَنْ نَّفْسِهٖ
وَاِنَّهٗ لَمِنَ الصّٰدِقِيْنَ ○

৫১. রাজা জিজ্ঞেস করল ঃ হে নারীরা! তোমাদের কী হয়েছিল যখন তোমরা কুকর্ম কামনা করেছিলে ইউসুফের থেকে? তারা বলল ঃ অদ্ভুত আল্লাহ্‌র মাহাত্ম্য ! আমরা দেখতে পাইনি ইউসুফের মাঝে কোন দোষ-ত্রুটি। আযীযের স্ত্রী বলল ঃ এতক্ষণে প্রকাশিত হলো সত্য। আমি তো তাকে ফুসলিয়ে ছিলাম, কিন্তু সে তো ছিল সত্যবাদী।

٥٢- ذٰلِكَ لِيَعْلَمَ اَنِّىْ لَمْ اَخُنْهُ بِالْغَيْبِ
وَاَنَّ اللّٰهَ لَا يَهْدِىْ كَيْدَ الْخَآئِنِيْنَ ○

৫২. ইহা এ জন্য যে, যাতে সে জানতে পারে যে, আমি তার খিয়ানত করিনি তার অনুপস্থিতিতে আর আল্লাহ্‌ তো খিয়ানতকারীদের চক্রান্তে সফল করেন না।

٥٣- وَمَآ اُبَرِّئُ نَفْسِىْ ج
اِنَّ النَّفْسَ لَاَمَّارَةٌ بِالسُّوْٓءِ
اِلَّا مَا رَحِمَ رَبِّىْ ؕ اِنَّ رَبِّىْ غَفُوْرٌ رَّحِيْمٌ ○

৫৩. আর সে বলল ঃ আমি নিজেকে নির্দোষ মনে করি না, মানুষের মন তো মন্দ কর্মপ্রবণ, তবে যাকে আমার রব রহম করেন সে ছাড়া! নিশ্চয় আমার রব অতিশয় ক্ষমাশীল, পরম দয়ালু।

٥٤- وَقَالَ الْمَلِكُ ائْتُوْنِىْ بِهٖٓ
اَسْتَخْلِصْهُ لِنَفْسِىْ ج فَلَمَّا كَلَّمَهٗ قَالَ
اِنَّكَ الْيَوْمَ لَدَيْنَا
مَكِيْنٌ اَمِيْنٌ ○

৫৪. আর রাজা বলল ঃ নিয়ে এসো আমার কাছে ইউসুফকে, আমি তাকে আমার একান্ত সহচর নিয়োগ করব। তারপর রাজা যখন তার সাথে কথা বলল, তখন তাকে বলল ঃ তুমি তো আজ আমাদের কাছে মর্যাদাশীল, বিশ্বাসভাজন।

٥٥- قَالَ اجْعَلْنِىْ عَلٰى خَزَآئِنِ الْاَرْضِ ج
اِنِّىْ حَفِيْظٌ عَلِيْمٌ ○

৫৫. ইউসুফ বলল ঃ আমাকে কর্তৃত্ব প্রদান করুন দেশের ধন-ভান্ডারের উপর, আমি তো উত্তম রক্ষক, সুবিজ্ঞ।

www.pathagar.com

٥٦- وَكَذٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ
فِي الْأَرْضِ ۚ يَتَبَوَّأُ مِنْهَا حَيْثُ يَشَاءُ ۚ
نُصِيبُ بِرَحْمَتِنَا مَنْ نَشَاءُ
وَلَا نُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ ○

৫৬. আর এভাবেই আমি প্রতিষ্ঠিত করলাম ইউসুফকে সে দেশে, সে বাসবাস করতে পারত সে দেশের যথা ইচ্ছা তথায়। আমি অনুগ্রহ করি যাকে ইচ্ছা তাকে এবং বিনষ্ট করি না নেককারদের শ্রমফল।

٥٧- وَلَأَجْرُ الْآخِرَةِ خَيْرٌ لِلَّذِينَ
آمَنُوا وَكَانُوا يَتَّقُونَ ○

৫৭. আর আখিরাতের পুরস্কারই তো উত্তম তাদের জন্য যারা ঈমান আনে এবং তাক্ওয়া অবলম্বন করে।

٥٨- وَجَاءَ إِخْوَةُ يُوسُفَ فَدَخَلُوا عَلَيْهِ
فَعَرَفَهُمْ وَهُمْ لَهُ مُنْكِرُونَ ○

৫৮. আর এলো ইউসুফের ভাইয়েরা এবং তারা উপস্থিত হলো তার কাছে, সে তাদের চিনতে পারল, কিন্তু তারা তাকে চিনতে পারল না।

٥٩- وَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَازِهِمْ
قَالَ ائْتُونِي بِأَخٍ لَكُمْ مِنْ أَبِيكُمْ ۚ
أَلَا تَرَوْنَ أَنِّي أُوفِي الْكَيْلَ
وَأَنَا خَيْرُ الْمُنْزِلِينَ ○

৫৯. আর যখন সে ব্যবস্থা করে দিল তাদের সামগ্রীর, তখন সে বলল : তোমরা নিয়ে আসবে আমার কাছে তোমাদের বৈমাত্রেয় ভাইকে। তোমরা কি দেখছ না যে, আমি তো পূর্ণমাত্রায় দেই মাপে এবং আমি তো উত্তম অতিথিপরায়ণ।

٦٠- فَإِنْ لَمْ تَأْتُونِي بِهِ
فَلَا كَيْلَ لَكُمْ عِنْدِي
وَلَا تَقْرَبُونِ ○

৬০. কিন্তু যদি তোমরা তাকে আমার কাছে না নিয়ে এসো, তবে থাকবে না তোমাদের জন্য কোন বরাদ্দ আমার কাছে এবং তোমরা আমার কাছেও আসবে না।

٦١- قَالُوا سَنُرَاوِدُ عَنْهُ أَبَاهُ
وَإِنَّا لَفَاعِلُونَ ○

৬১. তারা বলল : অবশ্যই আমরা চেষ্টা করব রাযী করতে এ ব্যাপারে তার বাপকে এবং আমরা অবশ্যই এ করব।

٦٢- وَقَالَ لِفِتْيَانِهِ اجْعَلُوا
بِضَاعَتَهُمْ فِي رِحَالِهِمْ
لَعَلَّهُمْ يَعْرِفُونَهَا إِذَا انْقَلَبُوا
إِلَىٰ أَهْلِهِمْ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ○

৬২. আর ইউসুফ বলল, তার ভৃত্যদের : রেখে দাও তাদের পণ্যমূল্য তাদের মালপত্রের মাঝে, যাতে তারা তা চিনতে পারে, যখন তারা ফিরে যাবে তাদের স্বজনের কাছে, এ কারণে তারা আবার আসতে পারে।

www.pathagar.com

৬৩. এরপর যখন তারা ফিরে গেল তাদের পিতার কাছে, তখন তারা বলল ঃ হে আমাদের পিতা! নিষিদ্ধ করা হয়েছে আমাদের বরাদ্দ, অতএব যেতে দিন আমাদের সাথে আমাদের ভাইকে, যাতে আমরা বরাদ্দ পেতে পারি। আর আমরা তো তার হিফাযতকারী।

৬৪. সে (ইউসুফের পিতা) বলল ঃ আমি তো বিশ্বাস করি না তোমাদের তার ব্যাপারে, কিন্তু তোমাদের সেরূপ বিশ্বাস করি যেরূপ বিশ্বাস করেছিলাম তোমাদের তার ভাইয়ের ব্যাপারে এর আগে। আল্লাহ্ই শ্রেষ্ঠ হিফাযতকারী এবং তিনিই সর্বশ্রেষ্ঠ দয়ালু।

৬৫. আর যখন তারা খুলল তাদের মালপত্র, তখন তারা দেখতে পেল তাদের পণ্যমূল্য ফিরিয়ে দেওয়া হয়েছে। তারা বলল ঃ হে আমাদের পিতা! আমরা আর কি চাই? এই তো আমাদের প্রদত্ত পণ্যমূল্য, যা ফিরিয়ে দেওয়া হয়েছে আমাদের। আমরা খাদ্য-সামগ্রী এনে দেব আমাদের পরিবার পরিজনকে এবং হিফাযত করব আমাদের ভাইয়ের, আর নিয়ে আসব অতিরিক্ত এক উট বোঝাই পণ্য। কেননা, যা এনেছি তা তো সামান্য।

৬৬. পিতা (ইয়া'কূব) বলল ঃ আমি কখনো তাকে তোমাদের সাথে পাঠাব না, যতক্ষণ না তোমরা আমার কাছে আল্লাহ্র নামে অঙ্গীকার কর যে, অবশ্যই তোমরা তাকে আমার কাছে নিয়ে আসবে, তবে যদি না তোমরা একান্ত অসহায় হয়ে পড়। তারপর যখন তারা তার কাছে অঙ্গীকার করল,

www.pathagar.com

مَا نَقُوْلُ وَكِيْلٌ ○

তখন সে বলল ঃ যে বিষয়ে আমরা কথা বলছি, আল্লাহ্ তার যিম্মাদার।

٦٧- وَقَالَ يٰبَنِيَّ لَا تَدْخُلُوْا مِنْۢ بَابٍ
وَّاحِدٍ وَّادْخُلُوْا مِنْ اَبْوَابٍ مُّتَفَرِّقَةٍ ؕ
وَمَاۤ اُغْنِيْ عَنْكُمْ مِّنَ اللّٰهِ مِنْ شَيْءٍ ؕ
اِنِ الْحُكْمُ اِلَّا لِلّٰهِ ؕ عَلَيْهِ تَوَكَّلْتُ ۚ
وَعَلَيْهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُوْنَ ○

৬৭. আর সে (ইয়া'কূব) বলল ঃ হে আমার পুত্রগণ! তোমরা প্রবেশ করবে না এক দরজা দিয়ে, বরং প্রবেশ করবে বিভিন্ন দরজা দিয়ে। আর আমি তোমাদের জন্য কিছুই করতে পারি না, আল্লাহ্র বিধানের বিরুদ্ধে। বিধান তো আল্লাহ্রই। তাঁরই উপর আমি ভরসা করি এবং তাঁরই উপর ভরসা করুক যে ভরসা করতে চায়।

٦٨- وَلَمَّا دَخَلُوْا مِنْ حَيْثُ اَمَرَهُمْ
اَبُوْهُمْ ؕ مَا كَانَ يُغْنِيْ عَنْهُمْ مِّنَ اللّٰهِ
مِنْ شَيْءٍ اِلَّا حَاجَةً فِيْ
نَفْسِ يَعْقُوْبَ قَضٰىهَا ؕ
وَاِنَّهٗ لَذُوْ عِلْمٍ لِّمَا عَلَّمْنٰهُ
وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ○

৬৮. আর যখন তারা প্রবেশ করল যেভাবে তাদের আদেশ করেছিল তাদের পিতা সেভাবে, তখন তা আল্লাহ্র বিধানের বিরুদ্ধে তাদের কোন কাজে আসার ছিল না। এছাড়া যে, ইয়া'কূব তার মনের একটি বাসনা পূর্ণ করেছিল, আর অবশ্যই সে ছিল একজন জ্ঞানী, কেননা আমি তাকে শিক্ষা দিয়েছিলাম। কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

٦٩- وَلَمَّا دَخَلُوْا عَلٰى يُوْسُفَ
اٰوٰۤى اِلَيْهِ اَخَاهُ قَالَ
اِنِّيْۤ اَنَا اَخُوْكَ فَلَا تَبْتَئِسْ
بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ○

৬৯. আর যখন তারা উপস্থিত হল ইউসুফের কাছে তখন ইউসূফ নিজের কাছে রাখল তার সহোদর ভাইকে এবং বলল ঃ নিশ্চয় আমি তোমার সহোদর ভাই। সুতরাং তুমি দুঃখ করো না, তারা যা করত তার জন্য।

٧٠- فَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَازِهِمْ
جَعَلَ السِّقَايَةَ فِيْ رَحْلِ اَخِيْهِ
ثُمَّ اَذَّنَ مُؤَذِّنٌ
اَيَّتُهَا الْعِيْرُ اِنَّكُمْ لَسٰرِقُوْنَ ○

৭০. তারপর যখন সে তাদের মাল সামানের ব্যবস্থা করে দিল, তখন সে রেখে দিল পানপাত্র তার সহোদর ভাইয়ের মাল-পত্রের মাঝে। এরপর চিৎকার করে বলল এক ঘোষক ঃ হে যাত্রীদল! তোমরা তো চোর।

٧١- قَالُوْا وَاَقْبَلُوْا عَلَيْهِمْ مَّاذَا تَفْقِدُوْنَ ○

৭১. তারা তাদের দিকে এগিয়ে বলল ঃ কী হারিয়েছ তোমরা?

www.pathagar.com

٧٢- قَالُوْا نَفْقِدُ صُوَاعَ الْمَلِكِ
وَلِمَنْ جَآءَ بِهٖ حِمْلُ بَعِيْرٍ
وَّاَنَا بِهٖ زَعِيْمٌ ○

৭২. তারা বলল ঃ আমরা হারিয়েছি আমাদের রাজার পানপাত্র, আর যে কেউ তা এনে দেবে, সে পাবে এক উট বোঝাই মাল। আর আমি তার যিম্মাদার।

٧٣- قَالُوْا تَاللّٰهِ لَقَدْ عَلِمْتُمْ مَّا جِئْنَا
لِنُفْسِدَ فِى الْاَرْضِ
وَمَا كُنَّا سٰرِقِيْنَ ○

৭৩. তারা বলল ঃ আল্লাহ্‌র কসম! তোমরা তো জান যে, আমরা আসিনি ফাসাদ করতে এ দেশে, আর আমরা চোরও নই।

٧٤- قَالُوْا فَمَا جَزَآؤُهٗۤ
اِنْ كُنْتُمْ كٰذِبِيْنَ ○

৭৪. তারা বলল ঃ যদি তোমরা মিথ্যাবাদী হও, তবে তার শাস্তি কী ?

٧٥- قَالُوْا جَزَآؤُهٗ مَنْ وُّجِدَ
فِىْ رَحْلِهٖ فَهُوَ جَزَآؤُهٗ ؕ
كَذٰلِكَ نَجْزِى الظّٰلِمِيْنَ ○

৭৫. তারা বলল ঃ তার শাস্তি যার মালের মধ্যে পাত্রটি পাওয়া যাবে, সে নিজেই তার শাস্তি। এভাবেই আমরা যালিমদের শাস্তি দিয়ে থাকি।

٧٦- فَبَدَاَ بِاَوْعِيَتِهِمْ قَبْلَ وِعَآءِ اَخِيْهِ
ثُمَّ اسْتَخْرَجَهَا مِنْ وِّعَآءِ اَخِيْهِ ؕ
كَذٰلِكَ كِدْنَا لِيُوْسُفَ ؕ
مَا كَانَ لِيَاْخُذَ اَخَاهُ فِىْ دِيْنِ
الْمَلِكِ اِلَّاۤ اَنْ يَّشَآءَ اللّٰهُ ؕ
نَرْفَعُ دَرَجٰتٍ مَّنْ نَّشَآءُ ؕ
وَفَوْقَ كُلِّ ذِىْ عِلْمٍ عَلِيْمٌ ○

৭৬. তারপর সে (ইউসুফ) তল্লাশি শুরু করল তাদের মালপত্রে, তার সহোদর ভাইয়ের মালপত্র তল্লাশির আগে, পরে সে বের করল পাত্রটি তার সহোদর ভাইয়ের মালপত্র থেকে। এভাবেই আমি কৌশল করেছিলাম ইউসুফের জন্য। সে দেশের রাজার আইনে সে তার ভাইকে আটকে রাখতে পারত না, আল্লাহ্ ইচ্ছা না করলে। আমি উন্নীত করি মর্যাদায় যাকে ইচ্ছা করি। আর প্রত্যেক জ্ঞানীর উপর রয়েছেন সর্বজ্ঞানী।

٧٧- قَالُوْۤا اِنْ يَّسْرِقْ فَقَدْ سَرَقَ اَخٌ لَّهٗ
مِنْ قَبْلُ ۚ فَاَسَرَّهَا يُوْسُفُ فِىْ نَفْسِهٖ
وَلَمْ يُبْدِهَا لَهُمْ ۚ
قَالَ اَنْتُمْ شَرٌّ مَّكَانًا ۚ
وَاللّٰهُ اَعْلَمُ بِمَا تَصِفُوْنَ ○

৭৭. তারা বলল ঃ যদি সে চুরি করে থাকে, তবে তো চুরি করেছিল তার সহোদর ভাইওএর আগে। কিন্তু ইউসুফ প্রকৃত ব্যাপার গোপন রাখল নিজের মনে এবং প্রকাশ করল না তা তাদের কাছে। সে মনে মনে বলল ঃ তোমাদের অবস্থা তো হীন এবং আল্লাহ্ সবিশেষ অবহিত সে সম্বন্ধে তোমরা যা বল।

www.pathagar.com

٧٨- قَالُوْا يٰاَيُّهَا الْعَزِيْزُ اِنَّ لَهٗۤ اَبًا
شَيْخًا كَبِيْرًا فَخُذْ اَحَدَنَا مَكَانَهٗ ۚ
اِنَّا نَرٰىكَ مِنَ الْمُحْسِنِيْنَ ○

٧٩- قَالَ مَعَاذَ اللّٰهِ اَنْ نَّاْخُذَ
اِلَّا مَنْ وَّجَدْنَا مَتَاعَنَا عِنْدَهٗۤ ۙ
اِنَّاۤ اِذًا لَّظٰلِمُوْنَ ○

٨٠- فَلَمَّا اسْتَيْـَٔسُوْا مِنْهُ خَلَصُوْا نَجِيًّا ؕ
قَالَ كَبِيْرُهُمْ اَلَمْ تَعْلَمُوْۤا اَنَّ اَبَاكُمْ
قَدْ اَخَذَ عَلَيْكُمْ مَّوْثِقًا مِّنَ اللّٰهِ
وَ مِنْ قَبْلُ مَا فَرَّطْتُّمْ فِيْ يُوْسُفَ ۚ
فَلَنْ اَبْرَحَ الْاَرْضَ حَتّٰى يَاْذَنَ
لِيْۤ اَبِيْۤ اَوْ يَحْكُمَ اللّٰهُ لِيْ ۚ
وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ○

٨١- اِرْجِعُوْۤا اِلٰۤى اَبِيْكُمْ فَقُوْلُوْا يٰۤاَبَانَا
اِنَّ ابْنَكَ سَرَقَ ۚ
وَ مَا شَهِدْنَاۤ اِلَّا بِمَا عَلِمْنَا
وَمَا كُنَّا لِلْغَيْبِ حٰفِظِيْنَ ○

٨٢- وَسْـَٔلِ الْقَرْيَةَ الَّتِيْ كُنَّا فِيْهَا
وَ الْعِيْرَ الَّتِيْۤ اَقْبَلْنَا فِيْهَا ؕ
وَ اِنَّا لَصٰدِقُوْنَ ○

www.pathagar.com

৮৩. সে (ইয়া'কূব) বলল ঃ বরং সাজিয়ে দিয়েছে তোমাদের জন্য তোমাদের মন একটি কাহিনী। অতএব সবর করাই আমার জন্য শ্রেয়। আশা করি আল্লাহ্ তাদের এনে দেবেন আমার কাছে এক সাথে। নিশ্চয় তিনি সর্বজ্ঞ, হিক্‌মত-ওয়ালা।

৮৪. আর সে মুখ ফিরিয়ে নিল তাদের থেকে এবং বলল ঃ আফ্‌সোস ইউসুফের জন্য! সাদা হয়ে গিয়েছিল তার দু'চোখ শোকে এবং সে ছিল অসহনীয় মনস্তাপ ক্লিষ্ট।

৮৫. তারা বলল ঃ আল্লাহ্‌র কসম! আপনি তো ইউসুফের কথা সদা স্মরণ করতেই থাকবেন, যে পর্যন্ত না আপনি মুমূর্ষ হয়ে পড়েন অথবা মারা যান।

৮৬. সে (ইয়া'কূব) বলল ঃ আমি তো নিবেদন করছি আমার দুঃসহ বেদনা ও আমার দুঃখ কেবল আল্লাহ্‌র কাছে এবং আমি জানি আল্লাহ্‌র তরফ থেকে, যা তোমরা জান না।

৮৭. হে আমার পুত্রগণ! তোমরা যাও এবং অনুসন্ধান কর ইউসুফ ও তার সহোদর ভাইয়ের, আর নিরাশ হয়ো না আল্লাহ্‌র রহমত থেকে। কেননা, কেউ-ই নিরাশ হয় না আল্লাহ্‌র রহমত থেকে কাফির লোক ছাড়া।

৮৮. আবার যখন তারা ইউসুফের কাছে উপস্থিত হল, তখন তারা বলল ঃ হে আযীয! আপতিত হয়েছে আমাদের ও আমাদের পরিবার পরিজনের উপর দুঃখ-কষ্ট, আর আমরা এসেছি অতি সামান্য পূঁজি নিয়ে। আপনি আমাদের পূর্ণমাত্রায় দিন রসদ এবং আমাদের

www.pathagar.com

إِنَّ اللَّهَ يَجْزِي الْمُتَصَدِّقِينَ ○

আরো দান করুন। নিশ্চয় আল্লাহ্ পুরস্কার দেন দাতাদের।

٨٩- قَالَ هَلْ عَلِمْتُمْ مَّا فَعَلْتُمْ بِيُوسُفَ
وَأَخِيهِ إِذْ أَنْتُمْ جٰهِلُونَ ○

৮৯. সে (ইউসুফ) বলল ঃ তোমরা কি জান, কিরূপ আচরণ করেছিলে তোমরা ইউসুফ ও তার সহোদর ভাইয়ের সাথে, যখন তোমরা ছিলে জাহিল ?

٩٠- قَالُوٓا ءَإِنَّكَ لَأَنْتَ يُوسُفُ ؕ
قَالَ أَنَا يُوسُفُ وَهٰذَآ أَخِي ز
قَدْ مَنَّ اللَّهُ عَلَيْنَا ؕ
إِنَّهُ مَنْ يَتَّقِ وَيَصْبِرْ فَإِنَّ اللَّهَ
لَا يُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ ○

৯০. তারা বলল ঃ তবে কি তুমিই ইউসুফ ? সে বলল ঃ আমিই ইউসুফ এবং এই আমার সহোদর ভাই। আল্লাহ্ তো অনুগ্রহ করেছেন আমাদের প্রতি। নিশ্চয় যে কেউ আল্লাহ্কে ভয় করে ও সবর করে, আল্লাহ্ তো এরূপ নেক্কারদের শ্রমফল নষ্ট করেন না।

٩١- قَالُوا تَاللَّهِ لَقَدْ اٰثَرَكَ اللَّهُ عَلَيْنَا
وَإِنْ كُنَّا لَخٰطِئِينَ ○

৯১. তারা বলল ঃ আল্লাহ্র কসম! নিশ্চয় আল্লাহ্ তোমাকে প্রাধান্য দিয়েছেন আমাদের উপর এবং আমরা তো ছিলাম অপরাধী।

٩٢- قَالَ لَا تَثْرِيبَ عَلَيْكُمُ الْيَوْمَ ؕ
يَغْفِرُ اللَّهُ لَكُمْ ز وَهُوَ أَرْحَمُ الرّٰحِمِينَ ○

৯২. সে (ইউসুফ) বলল ঃ কোন অভিযোগ নেই তোমাদের বিরুদ্ধে আজ। আল্লাহ্ তোমাদের ক্ষমা করুন এবং তিনিই শ্রেষ্ঠ দয়ালু।

٩٣- اِذْهَبُوا بِقَمِيصِي هٰذَا فَأَلْقُوهُ
عَلٰى وَجْهِ أَبِي يَأْتِ بَصِيرًا ج
وَأْتُونِي بِأَهْلِكُمْ أَجْمَعِينَ ○

৯৩. তোমরা নিয়ে যাও আমার এ জামাটি এবং তা রেখে দিও আমার পিতার মুখমন্ডলের উপর, তিনি হয়ে যাবেন দৃষ্টিশক্তিসম্পন্ন। আর নিয়ে এসো তোমাদের পরিবারের সবাইকে আমার কাছে।

٩٤- وَلَمَّا فَصَلَتِ الْعِيرُ قَالَ
أَبُوهُمْ إِنِّي لَأَجِدُ رِيحَ يُوسُفَ
لَوْلَآ أَنْ تُفَنِّدُونِ ○

৯৪. আর যখন যাত্রীদল বেরিয়ে পড়ল, তখন তাদের পিতা বলল ঃ আমি তো ইউসুফের ঘ্রাণ পাচ্ছি, যদি তোমরা আমাকে অপ্রকৃতস্থ মনে না কর।

٩٥- قَالُوا تَاللَّهِ إِنَّكَ لَفِي
ضَلٰلِكَ الْقَدِيمِ ○

৯৫. তারা বলল ঃ আল্লাহ্র কসম! আপনি তো রয়েছেন আপনার আগের বিভ্রান্তিতেই।

৯৬. তারপর যখন এলো সুসংবাদবাহক এবং রেখে দিল জামাটি তার মুখমণ্ডলের উপর তখন সে পুনরায় দৃষ্টিশক্তি সম্পন্ন হয়ে গেল। সে বলল ঃ আমি কি তোমাদের বলিনি যে, আমি তো জানি আল্লাহ্‌র তরফ থেকে, যা তোমরা জান না।

٩٦- فَلَمَّآ اَنْ جَآءَ الْبَشِيْرُ اَلْقٰىهُ
عَلٰى وَجْهِهٖ فَارْتَدَّ بَصِيْرًا ۚ
قَالَ اَلَمْ اَقُلْ لَّكُمْ ۚ
اِنِّيْٓ اَعْلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ○

৯৭. তারা বলল ঃ হে আমাদের পিতা! ক্ষমা প্রার্থনা করুন আমাদের গুনাহের জন্য, আমরা তো অপরাধি।

٩٧- قَالُوْا يٰٓاَبَانَا اسْتَغْفِرْ لَنَا ذُنُوْبَنَآ
اِنَّا كُنَّا خٰطِـِٕيْنَ ○

৯৮. সে (ইয়া'কূব) বলল ঃ আমি অচিরেই ক্ষমা প্রার্থনা করব তোমাদের জন্য আমার রবের কাছে, তিনি তো অতিশয় ক্ষমাশীল, পরম দয়ালু।

٩٨- قَالَ سَوْفَ اَسْتَغْفِرُ لَكُمْ رَبِّيْ ؕ
اِنَّهٗ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ○

৯৯. এরপর যখন তারা ইউসুফের কাছে উপস্থিত হল, তখন সে তার কাছে স্থান দিল তার পিতা মাতাকে এবং বলল ঃ আপনারা প্রবেশ করুন মিসরে, আল্লাহ্‌র ইচ্ছায় আপনারা নিরাপদ।

٩٩- فَلَمَّا دَخَلُوْا عَلٰى يُوْسُفَ
اٰوٰٓى اِلَيْهِ اَبَوَيْهِ وَقَالَ ادْخُلُوْا مِصْرَ
اِنْ شَآءَ اللّٰهُ اٰمِنِيْنَ ○

১০০. আর ইউসুফ তার মাতা পিতাকে বসাল সিংহাসনে এবং তারা তার সম্মানে সিজ্‌দায় পড়ল। ইউসুফ বলল ঃ হে আমার পিতা ! এটাই হল আমার পূর্বেকার স্বপ্নের ব্যাখ্যা, আমার রব তা সত্যে পরিণত করেছেন। আর তিনি তো আমার প্রতি অনুগ্রহ করেছেন, আমাকে কারাগার থেকে মুক্ত করে এবং আপনাদের আমার কাছে এনে দিয়ে মরু অঞ্চল থেকে, আমার ও আমার ভাইদের মাঝে শয়তান কর্তৃক সম্পর্ক নষ্ট করার পরে। নিশ্চয় আমার রব অতি সূক্ষ্মভাবে করেন যা করতে চান। অবশ্যই তিনি সর্বজ্ঞ, হিক্‌মত-ওয়ালা।

١٠٠- وَرَفَعَ اَبَوَيْهِ عَلَى الْعَرْشِ
وَخَرُّوْا لَهٗ سُجَّدًا ۚ وَقَالَ يٰٓاَبَتِ
هٰذَا تَاْوِيْلُ رُءْيَايَ مِنْ قَبْلُ ؗ
قَدْ جَعَلَهَا رَبِّيْ حَقًّا ؕ
وَقَدْ اَحْسَنَ بِيْٓ اِذْ اَخْرَجَنِيْ مِنَ
السِّجْنِ وَجَآءَ بِكُمْ مِّنَ الْبَدْوِ مِنْۢ بَعْدِ
اَنْ نَّزَغَ الشَّيْطٰنُ بَيْنِيْ وَبَيْنَ اِخْوَتِيْ ؕ
اِنَّ رَبِّيْ لَطِيْفٌ لِّمَا يَشَآءُ ؕ
اِنَّهٗ هُوَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ○

১০১. হে আমার রব! তুমি তো আমাকে দান করেছ রাজ্য এবং শিক্ষা দিয়েছ আমাকে

١٠١- رَبِّ قَدْ اٰتَيْتَنِيْ مِنَ الْمُلْكِ

www.pathagar.com

স্বপ্নের ব্যাখ্যা। হে আসমান ও যমীনের স্রষ্টা! তুমিই আমার অভিভাবক, দুনিয়া ও আখিরাতে। তুমি আমাকে মৃত্যু দিও মুসলিম হিসেবে এবং শামিল করো নেক্কারদের মাঝে।

وَ عَلَّمْتَنِیْ مِنْ تَاْوِیْلِ الْاَحَادِیْثِ ۚ
فَاطِرَ السَّمٰوٰتِ وَ الْاَرْضِ ۟
اَنْتَ وَلِیّٖ فِی الدُّنْیَا وَ الْاٰخِرَةِ ۚ
تَوَفَّنِیْ مُسْلِمًا وَّ اَلْحِقْنِیْ بِالصّٰلِحِیْنَ ○

হযরত শু'আইব (আ)

সূরা আ'রাফ, ৭ ঃ ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩

৮৫. আর আমি পাঠিয়েছিলাম মাদইয়ানবাসীদের কাছে তাদের ভাই শু'আইবকে, সে বলেছিল ঃ হে আমার কাওম! তোমরা ইবাদত কর আল্লাহ্র। তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ তোমাদের রবের তরফ থেকে। সুতরাং তোমরা পুরোপুরি দেবে মাপে ও ওযনে এবং কম দেবে না লোকদের তাদের প্রাপ্যবস্তু আর ফাসাদ সৃষ্টি করবে না যমীনে, সেখানে শান্তি স্থাপনের পর। এটা তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা মু'মিন হও।

٨٥- وَ اِلٰی مَدْیَنَ اَخَاهُمْ شُعَیْبًا ؕ قَالَ
یٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ
مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَیْرُهٗ ؕ
قَدْ جَآءَتْكُمْ بَیِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ
فَاَوْفُوا الْكَیْلَ وَ الْمِیْزَانَ
وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْیَآءَهُمْ وَلَا تُفْسِدُوْا
فِی الْاَرْضِ بَعْدَ اِصْلَاحِهَا ؕ
ذٰلِكُمْ خَیْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِیْنَ ○

৮৬. আর তোমরা বসে থাকবে না কোন পথে, ভয় দেখানোর জন্য এবং আল্লাহ্র পথে বাধা দেওয়ার জন্য তাদের যারা তাঁর প্রতি ঈমান এনেছে আর তোমরা বক্রতা অনুসন্ধান করবে না আল্লাহ্র পথে। স্মরণ কর যখন তোমরা ছিলে সংখ্যায় কম, তখন আল্লাহ্র তোমাদের সংখ্যা বৃদ্ধি করেছেন। আর লক্ষ্য কর, কিরূপ হয়েছিল পরিণাম ফাসাদ সৃষ্টিকারীদের।

٨٦- وَ لَا تَقْعُدُوْا بِكُلِّ صِرَاطٍ تُوْعِدُوْنَ
وَ تَصُدُّوْنَ عَنْ سَبِیْلِ اللّٰهِ
مَنْ اٰمَنَ بِهٖ وَ تَبْغُوْنَهَا عِوَجًا ۚ
وَ اذْكُرُوْٓا اِذْ كُنْتُمْ قَلِیْلًا فَكَثَّرَكُمْ ۪
وَ انْظُرُوْا كَیْفَ كَانَ
عَاقِبَةُ الْمُفْسِدِیْنَ ○

৮৭. যদি তোমাদের মধ্যে কোন এক দল, আমি যা নিয়ে প্রেরিত হয়েছি তাতে ঈমান আনে এবং কোন দল ঈমান না আনে, তবে তাতে তোমরা সবর করবে, যে পর্যন্ত না আল্লাহ্ ফয়সালা

٨٧- وَ اِنْ كَانَ طَآئِفَةٌ مِّنْكُمْ اٰمَنُوْا
بِالَّذِیْٓ اُرْسِلْتُ بِهٖ وَ طَآئِفَةٌ لَّمْ یُؤْمِنُوْا
فَاصْبِرُوْا حَتّٰی یَحْكُمَ اللّٰهُ بَیْنَنَا ۚ

করে দেন আমাদের মাঝে। আর তিনিই শ্রেষ্ঠ ফয়সালাকারী।

৮৮. বলেছিল তার সম্প্রদায়ের দাম্ভিক নেতারা, অবশ্যই আমরা বের করে দেব তোমাকে আমাদের জনপদ থেকে, হে শু'আইব ! আর তোমার সাথে যারা ঈমান এনেছে তাদেরও, অথবা অবশ্যই তোমাদের ফিরে আসতে হবে আমাদের ধর্মাদর্শে। শু'আইব বলল ঃ যদিও আমরা তা ঘৃণা করি, তবুও ?

৮৯. আমরা তো মিথ্যারোপ করব আল্লাহর প্রতি, যদি আমরা ফিরে যাই তোমাদের ধর্মাদর্শে তা থেকে আল্লাহ্ আমাদের উদ্ধার করার পরে। আর আমাদের জন্য সমীচীন নয় তাতে ফিরে যাওয়া, যদি না আমাদের রব আল্লাহ্ ইচ্ছা করেন। আমাদের রব সব কিছু জ্ঞানে পরিব্যপ্ত করে আছেন। আমরা আল্লাহ্রই উপর ভরসা করি, হে আমাদের রব! ফয়সালা করে দিন আমাদের ও আমাদের কাওমের মধ্যে যথাযথভাবে, আর আপনিই শ্রেষ্ঠ ফয়সালাকারী।

৯০. আর বলেছিল তার কাওমের কাফির নেতারা ঃ যদি তোমরা অনুসরণ কর, শু'আইবকে, তবে তো তোমরা হয়ে পড়বে ক্ষতিগ্রস্ত।

৯১. তারপর তাদের পাকড়াও করল ভূমিকম্প; ফলে তারা পড়ে থাকল তাদের ঘরে অধোমুখে।

৯২. যারা অস্বীকার করেছিল শু'আইবকে, মনে হল তারা যেন সেখানে কখনো বসবাস করেনি। যারা অস্বীকার করেছিল শু'আইবকে, তারা হয়ে পড়ল ক্ষতিগ্রস্ত।

www.pathagar.com

٩٣-فَتَوَلّٰى عَنْهُمْ
وَقَالَ يٰقَوْمِ لَقَدْ اَبْلَغْتُكُمْ
رِسٰلٰتِ رَبِّيْ وَنَصَحْتُ لَكُمْ ۚ
فَكَيْفَ اٰسٰى عَلٰى قَوْمٍ كٰفِرِيْنَ ○

৯৩. তারপর শু'আইব মুখে ফিরিয়ে নিল তাদের থেকে এবং বলল ঃ হে আমার কাওম! আমি তো পৌঁছিয়েছি তোমাদের কাছে আমার রবের বাণী এবং উপদেশ দিয়েছি তোমাদের। অতএব, কি করে আমি আক্ষেপ করব কাফির লোকদের জন্য!

সূরা হূদ, ১১ ঃ ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫

٨٤-وَاِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ۗ قَالَ
يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ
غَيْرُهٗ ۗ وَلَا تَنْقُصُوا الْمِكْيَالَ وَالْمِيْزَانَ
اِنِّيْٓ اَرٰىكُمْ بِخَيْرٍ وَّاِنِّيْٓ
اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ مُّحِيْطٍ ○

৮৪. আর আমি পাঠিয়েছিলাম মাদইয়ান-বাসীদের কাছে তাদের ভাই শু'আইব-কে। সে বলেছিল ঃ হে আমার কাওম! তোমরা ইবাদত কর আল্লাহ্‌র, নেই তোমাদের জন্য কোন ইলাহ্ তিনি ছাড়া। আর তোমরা কম করবে না মাপে ও ওযনে, আমি তো দেখছি তোমরা সমৃদ্ধশালী। কিন্তু আমি আশংকা করছি তোমাদের জন্য এক সর্বগ্রাসী দিনের শাস্তি।

٨٥- وَيٰقَوْمِ اَوْفُوا الْمِكْيَالَ وَالْمِيْزَانَ
بِالْقِسْطِ وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْيَآءَهُمْ
وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ○

৮৫. হে আমার কাওম! তোমরা পুরাপুরি দিবে মাপেও ওজনে ন্যায়সঙ্গতভাবে এবং কম দিবে না লোকদের তাদের প্রাপ্যবস্তু, আর ফাসাদ সৃষ্টি করে বেড়াবে না পৃথিবীতে।

٨٦- بَقِيَّتُ اللّٰهِ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ
مُّؤْمِنِيْنَ ۚ وَمَآ اَنَا عَلَيْكُمْ بِحَفِيْظٍ ○

৮৬. আল্লাহ্ অনুমোদিত যা বাকী থাকবে, তা তোমাদের জন্য উত্তম যদি তোমরা মু'মিন হও আর আমি তোমাদের হিফাযতকারী নই।

٨٧- قَالُوْا يٰشُعَيْبُ اَصَلٰوتُكَ
تَأْمُرُكَ اَنْ نَّتْرُكَ مَا يَعْبُدُ اٰبَآؤُنَآ
اَوْ اَنْ نَّفْعَلَ فِيْٓ اَمْوَالِنَا مَا نَشٰٓؤُا ۗ
اِنَّكَ لَاَنْتَ الْحَلِيْمُ الرَّشِيْدُ ○

৮৭. তারা বলল ঃ হে শু'আইব! তোমার সালাত কি তোমাকে নির্দেশ দেয় যে আমরা বর্জন করি যার ইবাদত করত আমাদের পিতৃপুরুষরা তা অথবা আমরা বর্জন করি আমাদের ধন-সম্পদ সম্পর্কে যা করি তাও ? তুমি তো অবশ্যই সহনশীল, ভাল মানুষ।

www.pathagar.com

৮৮. সে (শু'আইব) বলল ঃ হে আমার কাওম! তোমরা ভেবে দেখেছ কি, আমি যদি প্রতিষ্ঠিত হয়ে থাকি স্পষ্ট প্রমাণের উপর আমার রবের তরফ থেকে এবং তিনি যদি আমাকে রিযিক দিয়ে থাকেন তাঁর তরফ থেকে উৎকৃষ্ট রিযক, তবে আমি কি করে আমার কর্তব্য থেকে বিরত থাকব ? আমি তোমাদের যা নিষেধ করি আমি তার বিপরীত করতে চাই না। আমি তো চাই কেবল সংশোধন আমার সাধ্যমত। আর আমার কার্য সম্পাদন তো কেবল আল্লাহ্‌রই সাহায্য, তাঁরই উপর আমি ভরসা করি এবং তাঁরই অভিমুখী হই।

٨٨- قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ
عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّىْ
وَرَزَقَنِىْ مِنْهُ رِزْقًا حَسَنًا ۗ
وَمَآ اُرِيْدُ اَنْ اُخَالِفَكُمْ
اِلٰى مَآ اَنْهٰكُمْ عَنْهُ ۗ
اِنْ اُرِيْدُ اِلَّا الْاِصْلَاحَ مَا اسْتَطَعْتُ ۗ
وَمَا تَوْفِيْقِىْٓ اِلَّا بِاللّٰهِ ۗ عَلَيْهِ تَوَكَّلْتُ
وَاِلَيْهِ اُنِيْبُ ○

৮৯. হে আমার কাওম! আমার সাথে বিরোধ যেন কিছুতেই তোমাদের এমন অপরাধ করতে উদ্বুদ্ধ না করে যাতে তোমাদের উপর আপতিত হয় সেরূপ বিপদ যেরূপ আপতিত হয়েছিল নূহের কাওমের উপর অথবা হূদের কাওমের উপর অথবা সালিহের কাওমের উপর, আর লূতের কাওম তো তোমাদের থেকে দূরে নয়।

٨٩- وَيٰقَوْمِ لَا يَجْرِمَنَّكُمْ شِقَاقِىْٓ اَنْ
يُّصِيْبَكُمْ مِّثْلُ مَآ اَصَابَ قَوْمَ نُوْحٍ
اَوْ قَوْمَ هُوْدٍ اَوْ قَوْمَ صٰلِحٍ ۗ
وَمَا قَوْمُ لُوْطٍ مِّنْكُمْ بِبَعِيْدٍ ○

৯০. তোমরা ক্ষমা প্রার্থনা কর তোমাদের রবের কাছে, তারপর তাঁর দিকে ফির, নিশ্চয় আমার রব পরম দয়ালু, পরম মমতাময়।

٩٠- وَاسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْٓا اِلَيْهِ ۗ
اِنَّ رَبِّىْ رَحِيْمٌ وَّدُوْدٌ ○

৯১. তারা বলল ঃ হে শু'আইব! আমরা বুঝি না তুমি যা বল তার অনেক কিছুই, আর আমরা তো তোমাকে দেখছি আমাদের মধ্যে দুর্বল। যদি তোমার স্বজনবর্গ না থাকত, তাহলে অবশ্যই আমরা পাথর ছুড়ে তোমাকে মেরে ফেলতাম, আর তুমি তো নও আমাদের উপর শক্তিধর।

٩١- قَالُوْا يٰشُعَيْبُ مَا نَفْقَهُ
كَثِيْرًا مِّمَّا تَقُوْلُ وَاِنَّا لَنَرٰىكَ
فِيْنَا ضَعِيْفًا ۚ وَلَوْلَا رَهْطُكَ لَرَجَمْنٰكَ ز
وَمَآ اَنْتَ عَلَيْنَا بِعَزِيْزٍ ○

৯২. সে (শু'আইব) বলল ঃ হে আমার কাওম! আমার আত্মীয়বর্গ কি তোমাদের

٩٢- قَالَ يٰقَوْمِ اَرَهْطِىْٓ اَعَزُّ عَلَيْكُمْ مِّنَ

اللهِ ۖ وَاتَّخَذْتُمُوْهُ وَرَآءَكُمْ ظِهْرِيًّا ۖ اِنَّ رَبِّيْ بِمَا تَعْمَلُوْنَ مُحِيْطٌ ۝

কাছে মর্যাদাবান আল্লাহ্‌র চেয়ে ? আর তোমরা আল্লাহ্‌কে সম্পূর্ণভাবে তোমাদের পেছনে ফেলে রেখেছ। নিশ্চয়ই আমার রব, তোমরা যা কর তা বেষ্টন করে আছেন।

৯৩- وَيٰقَوْمِ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ اِنِّيْ عَامِلٌ ۖ سَوْفَ تَعْلَمُوْنَ ۙ مَنْ يَّاْتِيْهِ عَذَابٌ يُّخْزِيْهِ وَمَنْ هُوَ كَاذِبٌ ۖ وَارْتَقِبُوْٓا اِنِّيْ مَعَكُمْ رَقِيْبٌ ۝

৯৩. হে আমার কাওম! তোমরা কাজ করতে থাক নিজ নিজ অবস্থায়, আমিও আমার কাজ করছি। শীঘ্রই তোমরা জানতে পারবে কার উপর আসবে লাঞ্ছনাদায়ক শাস্তি এবং কে মিথ্যাবাদী। আর তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সাথে প্রতীক্ষা করছি।

৯৪- وَلَمَّا جَآءَ اَمْرُنَا نَجَّيْنَا شُعَيْبًا وَّالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا وَاَخَذَتِ الَّذِيْنَ ظَلَمُوا الصَّيْحَةُ فَاَصْبَحُوْا فِيْ دِيَارِهِمْ جٰثِمِيْنَ ۝

৯৪. আর যখন আসল আমার নির্দেশ, তখন আমি রক্ষা করলাম শু'আইবকে এবং যারা তার সাথে ঈমান এনেছিল তাদেরকে আমার রহমতে এবং এক মহা গর্জন যালিমদের আক্রমণ করল, ফলে, তারা নিজ নিজ গৃহে উপুড় হয়ে পড়ে রইল।

৯৫- كَاَنْ لَّمْ يَغْنَوْا فِيْهَا ۖ اَلَا بُعْدًا لِّمَدْيَنَ كَمَا بَعِدَتْ ثَمُوْدُ ۝

৯৫. যেন তারা কোন দিন সেখানে বসবাস করেনি। জেনে রাখ, মাদইয়ানবাসীরা ধ্বংস হয়েছিল, যেমন ধ্বংস হয়েছিল সামূদ।

সূরা শু'আরা, ২৬ ঃ ১৭৬, ১৭৭, ১৭৮, ১৭৯, ১৮০, ১৮১, ১৮২, ১৮৩, ১৮৪, ১৮৫, ১৮৬, ১৮৭, ১৮৮, ১৮৯, ১৯০, ১৯১

১৭৬- كَذَّبَ اَصْحٰبُ لْئَيْكَةِ الْمُرْسَلِيْنَ ۝

১৭৬. অস্বীকার করেছিল আয়কাবাসীরা* রাসূলদের।

১৭৭- اِذْ قَالَ لَهُمْ شُعَيْبٌ اَلَا تَتَّقُوْنَ ۝

১৭৭. যখন পদের বলেছিল শু'আইব ঃ তোমরা কি সাবধান হবে না ?

১৭৮- اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ۝

১৭৮. আমি তো তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল।

* আয়কা হলো মাদইয়ানের পার্শ্ববর্তী এলাকা। 'আসহাবুল আয়কা' শব্দের অর্থ গহীন অরণ্যের অধিবাসী, শু'আইব সম্প্রদায়-এ এলাকায় বাস করত বলে তাদেরকে 'আসহাবুল আয়কা' বলা হয়েছে।

www.pathagar.com

১৭৯. অতএব তোমরা ভয় কর আল্লাহ্‌কে এবং আনুগত্য কর আমার।

١٧٩- فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ○

১৮০. আর আমি চাই না তোমাদের কাছে এর জন্য কোন প্রতিদান। আমার প্রতিদান তো রাব্বুল আলামীনের কাছে।

١٨٠- وَمَآ اَسْئَلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ
اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰى رَبِّ الْعٰلَمِيْنَ ○

১৮১. তোমরা পূর্ণ মাত্রায় দেবে মাপে এবং যারা মাপে কম দেয় তোমরা তাদের অন্তর্ভুক্ত হবে না।

١٨١- اَوْفُوا الْكَيْلَ وَلَا تَكُوْنُوْا مِنَ
الْمُخْسِرِيْنَ ○

১৮২. তোমরা ওযন করবে সঠিক দাঁড়ি-পাল্লায়।

١٨٢- وَزِنُوْا بِالْقِسْطَاسِ الْمُسْتَقِيْمِ ○

১৮৩. আর কম দেবে না লোকদের তাদের পাপ্য বস্তুতে এবং পৃথিবীতে ফাসাদ করে বেড়াবে না।

١٨٣- وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْيَآءَهُمْ
وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ○

১৮৪. আর তোমরা ভয় কর তাঁকে, যিনি সৃষ্টি করেছেন তোমাদের এবং তোমাদের পূর্ববর্তী জনগোষ্ঠিকে।

١٨٤- وَاتَّقُوا الَّذِيْ خَلَقَكُمْ
وَالْجِبِلَّةَ الْاَوَّلِيْنَ ○

১৮৫. তারা বলল ঃ তুমি তো যাদুগ্রস্তদের একজন,

١٨٥- قَالُوْٓا اِنَّمَآ اَنْتَ مِنَ الْمُسَحَّرِيْنَ ○

১৮৬. আর তুমি তো আমাদেরই মত একজন মানুষ এবং আমরা মনে করি, তুমি তো মিথ্যাবাদীদের একজন।

١٨٦- وَمَآ اَنْتَ اِلَّا بَشَرٌ مِّثْلُنَا
وَاِنْ نَّظُنُّكَ لَمِنَ الْكٰذِبِيْنَ ○

১৮৭. অতএব তুমি ফেলে দাও আমাদের উপর আকাশের এক খণ্ড, যদি তুমি সত্যবাদী হও।

١٨٧- فَاَسْقِطْ عَلَيْنَا كِسَفًا مِّنَ السَّمَآءِ
اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ○

১৮৮. শু'আইব বলল ঃ আমার রব ভাল জানেন, যা তোমরা কর তা।

١٨٨- قَالَ رَبِّيْٓ اَعْلَمُ بِمَا تَعْمَلُوْنَ ○

১৮৯. তারপর তারা তাকে অস্বীকার করল ঃ ফলে পাকড়াও করল তাদের মেঘাচ্ছন্ন দিনের আযাব। নিশ্চয় তা ছিল এক ভীষণ দিনের আযাব।

١٨٩- فَكَذَّبُوْهُ فَاَخَذَهُمْ عَذَابُ يَوْمِ
الظُّلَّةِ ۗ اِنَّهٗ كَانَ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ○

১৯০. অবশ্যই এতে রয়েছে নিশ্চিত নিদর্শন। কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।

١٩٠- اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ۗ
وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ○

১৯১. আর আপনার রব, তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।

١٩١- وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ○

www.pathagar.com

সূরা আনকাবূত, ২৯ ঃ ৩৬, ৩৭

৩৬. আর আমি পাঠিয়েছিলাম মাদ্‌ইয়ানবাসীদের কাছে তাদের ভাই শু'আইবকে। সে বলেছিল ঃ হে আমার কাওম! তোমরা ইবাদত কর আল্লাহ্‌র এবং আশা রাখ শেষ দিনের, আর ফাসাদ সৃষ্টি করে বেড়িও না পৃথিবীতে।

٣٦- وَ اِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ۙ فَقَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ وَارْجُوا الْيَوْمَ الْاٰخِرَ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ○

৩৭. কিন্তু তারা অস্বীকার করেছিল তাকে, তারপর তাদের পাকড়াও করেছিল ভূমিকম্প, ফলে তারা মুখ থুবড়ে পড়ে থাকল নিজ নিজ ঘরে।

٣٧- فَكَذَّبُوْهُ فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَاَصْبَحُوْا فِىْ دَارِهِمْ جٰثِمِيْنَ ○

হযরত আইউব (আ)

সূরা আম্বিয়া, ২১ ঃ ৮৩, ৮৪

৮৩. আর স্মরণ কর আইউবের কথা, যখন সে ডেকে বলেছিল তার রবকে ঃ আমাকে তো স্পর্শ করেছে দুঃখ-কষ্ট, আর আপনি তো সর্বশ্রেষ্ঠ দয়ালু।

٨٣- وَ اَيُّوْبَ اِذْ نَادٰى رَبَّهٗۤ اَنِّىْ مَسَّنِىَ الضُّرُّ وَ اَنْتَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ○

৮৪. তখন আমি তার দু'আ কবুল করেছিলাম এবং বিদূরিত করেছিলাম সে কষ্ট যাতে সে নিঃপতিত হয়েছিল এবং ফিরিয়ে দিয়েছিলাম তাকে তার পরিবার পরিজন এবং তাদের সাথে তাদের মত আরো দিয়েছিলাম আমার তরফ থেকে রহমতরূপে এবং উপদেশ স্বরূপ ইবাদতকারীদের জন্য।

٨٤- فَاسْتَجَبْنَا لَهٗ فَكَشَفْنَا مَا بِهٖ مِنْ ضُرٍّ وَّاٰتَيْنٰهُ اَهْلَهٗ وَمِثْلَهُمْ مَّعَهُمْ رَحْمَةً مِّنْ عِنْدِنَا وَ ذِكْرٰى لِلْعٰبِدِيْنَ ○

সূরা সোয়াদ, ৩৮ ঃ ৪১, ৪২, ৪৩, ৪৪

৪১. আর স্মরণ কর, আমার বান্দা আইউবের কথা, যখন সে ডেকে বলেছিল তার রবকে ঃ আমাকে তো শয়তান যন্ত্রণায় ও কষ্টে ফেলেছে।

٤١- وَاذْكُرْ عَبْدَنَآ اَيُّوْبَ ۘ اِذْ نَادٰى رَبَّهٗۤ اَنِّىْ مَسَّنِىَ الشَّيْطٰنُ بِنُصْبٍ وَّعَذَابٍ ○

৪২. তখন আমি তাকে বললাম ঃ তুমি আঘাত কর যমীনে তোমার পা দিয়ে এই তো গোসলের সুশীতল পানি ও পানীয়।

٤٢- اُرْكُضْ بِرِجْلِكَ ۚ هٰذَا مُغْتَسَلٌۢ بَارِدٌ وَّ شَرَابٌ ○

٤٣- وَ وَهَبْنَا لَهٗٓ اَهْلَهٗ وَمِثْلَهُمْ مَّعَهُمْ رَحْمَةً مِّنَّا وَ ذِكْرٰى لِاُولِي الْاَلْبَابِ ○

৪৩. আর আমি তাকে দান করলাম তার পরিবারবর্গকে এবং তাদের মত আরো আমার তরফ থেকে অনুগ্রহস্বরূপ এবং উপদেশ স্বরূপ বোধসম্পন্ন লোকদের জন্য।

٤٤- وَخُذْ بِيَدِكَ ضِغْثًا فَاضْرِبْ بِّهٖ وَلَا تَحْنَثْ ؕ اِنَّا وَجَدْنٰهُ صَابِرًا ؕ نِعْمَ الْعَبْدُ ؕ اِنَّهٗٓ اَوَّابٌ ○

৪৪. আর আমি তাকে আদেশ করলাম ঃ নেও এক মুঠো তৃণ এবং তা দিয়ে আঘাত কর, কিন্তু শপথ ভঙ্গ করো না। আমি তো তাকে পেয়েছিলাম সবরকারী। সে ছিল উত্তম বান্দা, সে ছিল আমার অভিমুখী।

হযরত মূসা (আ)

সূরা বাকারা, ২ ঃ ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৮৭, ৯২

٥١- وَاِذْ وٰعَدْنَا مُوْسٰٓى اَرْبَعِيْنَ لَيْلَةً ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ مِنْۢ بَعْدِهٖ وَاَنْتُمْ ظٰلِمُوْنَ ○

৫১. আর স্মরণ করুন! আমি নির্ধারিত করেছিলাম মূসার জন্য চল্লিশ রাত। তারপর তোমরা উপাস্যরূপে গ্রহণ করেছিলে বাছুর, তার প্রস্থানের পরে। আর তোমরা হলে যালিম।

٥٢- ثُمَّ عَفَوْنَا عَنْكُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ○

৫২. তারপর আমি মাফ করেছি তোমাদের এতদ্‌সত্ত্বেও, যাতে তোমরা শোকর কর।

٥٣- وَاِذْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ وَالْفُرْقَانَ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ○

৫৩. আর স্মরণ করুন! আমি দিয়েছিলাম মূসাকে কিতাব ও ফুরকান, যাতে তোমরা হিদায়েত পাও।

٥٤- وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ اِنَّكُمْ ظَلَمْتُمْ اَنْفُسَكُمْ بِاتِّخَاذِكُمُ الْعِجْلَ فَتُوْبُوْٓا اِلٰى بَارِئِكُمْ فَاقْتُلُوْٓا اَنْفُسَكُمْ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ عِنْدَ بَارِئِكُمْ ؕ

৫৪. আর স্মরণ করুন! বলেছিল মূসা তার কাওমকে ঃ হে আমার কাওম! তোমরা তো নিজেদের উপর যুলুম করেছ বাছুরকে উপাস্যরূপে গ্রহণ করে। অতএব, তোমরা ফিরে এস তোমাদের স্রষ্টার দিকে এবং তোমরা হত্যা কর নিজেদের। ইহাই শ্রেয় তোমাদের স্রষ্টার কাছে। তারপর আল্লাহ্ তোমাদের তাওবা কবুল করেন। নিশ্চয়

فَتَابَ عَلَيْكُمْ ۚ إِنَّهُ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ ○

তিনি হলেন মহা তাওবাকবুলকারী পরম দয়ালু।

٥٥- وَإِذْ قُلْتُمْ يَٰمُوسَىٰ لَن نُّؤْمِنَ لَكَ حَتَّىٰ نَرَى اللَّهَ جَهْرَةً فَأَخَذَتْكُمُ الصَّٰعِقَةُ وَأَنتُمْ تَنظُرُونَ ○

৫৫. আর যখন তোমরা বলেছিলে ঃ হে মূসা! কখনো আমরা ঈমান আনব না তোমার প্রতি, যতক্ষণ না আমরা প্রত্যক্ষ করি আল্লাহ্কে। তখন পাকড়াও করেছিল তোমাদের বজ্র, আর তোমরা তা দেখছিলে।

٥٦- ثُمَّ بَعَثْنَٰكُم مِّن بَعْدِ مَوْتِكُمْ لَعَلَّكُمْ تَشْكُرُونَ ○

৫৬. তারপর আমি পুনরায় জীবিত করে-ছিলাম তোমাদেরকে, তোমাদের মৃত্যুর পর, যাতে তোমরা শোকর কর।

٥٧- وَظَلَّلْنَا عَلَيْكُمُ الْغَمَامَ وَأَنزَلْنَا عَلَيْكُمُ الْمَنَّ وَالسَّلْوَىٰ ۖ كُلُوا مِن طَيِّبَٰتِ مَا رَزَقْنَٰكُمْ ۚ وَمَا ظَلَمُونَا وَلَٰكِن كَانُوا أَنفُسَهُمْ يَظْلِمُونَ ○

৫৭. আর আমি ছায়া বিস্তার করেছিলাম তোমাদের উপর মেঘ দিয়ে এবং নাযিল করেছিলাম তোমাদের কাছে মান্না ও সাল্ওয়া। বলেছিলাম ঃ আহার কর, ভাল যা কিছু আমি তোমাদের দান করেছি তা থেকে। তারা আমার প্রতি কোন যুলুম করেনি, বরং তারা নিজিদেরই উপর যুলুম করেছিল।

٥٨- وَإِذْ قُلْنَا ادْخُلُوا هَٰذِهِ الْقَرْيَةَ فَكُلُوا مِنْهَا حَيْثُ شِئْتُمْ رَغَدًا وَادْخُلُوا الْبَابَ سُجَّدًا وَقُولُوا حِطَّةٌ نَّغْفِرْ لَكُمْ خَطَٰيَٰكُمْ ۚ وَسَنَزِيدُ الْمُحْسِنِينَ ○

৫৮. আর স্মরণ করুন! আমি বলেছিলাম ঃ তোমরা প্রবেশ কর এ জনপদে এবং আহার কর সেখানে যেথা ইচ্ছা স্বচ্ছন্দে এবং প্রবেশ কর দরজা দিয়ে নতশিরে এবং বল ঃ মাফ চাই। আমি মাফ করব তোমাদের অপরাধ এবং বাড়িয়ে দেব আমার দান নেক্কারদের জন্য।

٥٩- فَبَدَّلَ الَّذِينَ ظَلَمُوا قَوْلًا غَيْرَ الَّذِي قِيلَ لَهُمْ فَأَنزَلْنَا عَلَى الَّذِينَ ظَلَمُوا رِجْزًا مِّنَ السَّمَاءِ بِمَا كَانُوا يَفْسُقُونَ ○

৫৯. কিন্তু যারা যুলুম করেছিল, তারা বদলে দিল, যে কথা তাদের বলা হয়েছিল, তার স্থানে অন্য কথা। সুতরাং আমি নাযিল করলাম যারা যুলুম করেছিল তাদের উপর আসমান থেকে শাস্তি, কেননা তারা অবাধ্য আচরণ করত।

٦٠- وَإِذِ اسْتَسْقَىٰ مُوسَىٰ لِقَوْمِهِ فَقُلْنَا

৬০. আর স্মরণ করুন! মূসা পানি প্রার্থনা করেছিল তার কাওমের জন্য। আমি

বলেছিলাম ঃ আঘাত কর তোমার লাঠি দিয়ে পাথরে, ফলে তা ফেটে বের হলো বারটি ঝরণাধারা। প্রত্যেক গোত্র চিনে নিল স্ব-স্ব পান করার স্থান। আমি বললাম ঃ তোমরা আহার কর এবং পান কর, আল্লাহ্ যে রিযিক দিয়েছেন তা থেকে, কিন্তু ফাসাদ সৃষ্টি করে বেড়িও না যমীনে।

اضْرِب بِّعَصَاكَ الْحَجَرَ ۖ فَانفَجَرَتْ مِنْهُ
اثْنَتَا عَشْرَةَ عَيْنًا ۖ قَدْ عَلِمَ كُلُّ أُنَاسٍ
مَّشْرَبَهُمْ ۖ كُلُوا وَاشْرَبُوا مِن رِّزْقِ اللَّهِ
وَلَا تَعْثَوْا فِي الْأَرْضِ مُفْسِدِينَ ○

৬১. আর যখন তোমরা বলেছিলে ঃ হে মূসা! আমরা কখনো ধৈর্যধারণ করব না একই রকম খাদ্যের উপর। অতএব আপনি প্রার্থনা করুন আমাদের জন্য আপনার রবের কাছে, তিনি যেন উৎপন্ন করেন আমাদের জন্য ভূমি থেকে শাক-সব্জী, কাঁকুড়, গম, মসুর ও পেঁয়াজ। তখন মূসা বলল ঃ তোমরা কি বদল করতে চাও নিকৃষ্টতর বস্তুর সাথে উৎকৃষ্টতর বস্তুকে ? তাহলে তোমরা নেমে যাও কোন শহরে, সেখানে তোমাদের জন অবশ্যই রয়েছে, যা তোমরা চাও। তাদের উপর অবধারিত করা হলো লাঞ্ছনা ও দারিদ্র এবং তারা হয়ে পড়ল আল্লাহ্র ক্রোধের পাত্র। কেননা তারা প্রত্যাখ্যান করে আল্লাহ্র আয়াতসমূহ এবং হত্যা করত নবীদের অন্যায়ভাবে। ইহা এজন্য যে, তারা নাফরমানী করেছিল এবং সীমালঙ্ঘন করত।

٦١- وَإِذْ قُلْتُمْ يَا مُوسَىٰ لَن نَّصْبِرَ عَلَىٰ
طَعَامٍ وَاحِدٍ فَادْعُ لَنَا رَبَّكَ يُخْرِجْ لَنَا
مِمَّا تُنبِتُ الْأَرْضُ مِن بَقْلِهَا وَقِثَّائِهَا
وَفُومِهَا وَعَدَسِهَا وَبَصَلِهَا ۖ قَالَ أَتَسْتَبْدِلُونَ
الَّذِي هُوَ أَدْنَىٰ بِالَّذِي هُوَ خَيْرٌ ۚ
اهْبِطُوا مِصْرًا فَإِنَّ لَكُم مَّا سَأَلْتُمْ ۗ
وَضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ وَالْمَسْكَنَةُ
وَبَاءُوا بِغَضَبٍ مِّنَ اللَّهِ ۗ
ذَٰلِكَ بِأَنَّهُمْ كَانُوا يَكْفُرُونَ بِآيَاتِ اللَّهِ
وَيَقْتُلُونَ النَّبِيِّينَ بِغَيْرِ الْحَقِّ ۗ ذَٰلِكَ بِمَا
عَصَوا وَّكَانُوا يَعْتَدُونَ ○

৬৭. আর যখন বলেছিলা মূসা তার কাওমকে ঃ নিশ্চয় আল্লাহ্ হুকুম দিয়েছেন তোমাদের একটি গরু যবেহ্ করতে। তখন তারা বলেছিল ঃ তুমি কি আমাদের সাথে ঠাট্টা করছ ? মূসা বলল ঃ আমি আল্লাহ্র সাহায্য প্রার্থনা করি জাহিলদের অন্তর্ভুক্ত হওয়া থেকে।

٦٧- وَإِذْ قَالَ مُوسَىٰ لِقَوْمِهِ إِنَّ اللَّهَ
يَأْمُرُكُمْ أَن تَذْبَحُوا بَقَرَةً ۖ قَالُوا
أَتَتَّخِذُنَا هُزُوًا ۖ قَالَ أَعُوذُ بِاللَّهِ
أَنْ أَكُونَ مِنَ الْجَاهِلِينَ ○

www.pathagar.com

৬৮. তারা বলল ঃ প্রার্থনা কর আমাদের জন্য তোমার রবের কাছে, তিনি যেন স্পষ্টভাবে আমাদের জানিয়ে দেন, সেটি কিরূপ ? মূসা বলল ঃ আল্লাহ্ বলছেন, সেটি এমন গরু, যা বৃদ্ধও নয় এবং অল্প বয়স্কও নয়, বরং এ দু'য়ের মাঝামাঝি। অতএব তোমরা কর, যা তোমাদের হুকুম করা হয়েছে তা।

٦٨- قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَّنَا مَا هِيَ ۚ قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَّا فَارِضٌ وَّلَا بِكْرٌ ۖ عَوَانٌ بَيْنَ ذَٰلِكَ ۖ فَافْعَلُوا مَا تُؤْمَرُونَ ○

৬৯. তারা বলল ঃ তুমি প্রার্থনা কর আমাদের জন্য তোমার রবের কাছে, তিনি যেন স্পষ্টভাবে আমাদের জানিয়ে দেন, সেটির রং কী ? মূসা বলল ঃ আল্লাহ্ বলছেন, সেটি হলুদ বর্ণের গরু, তার রং উজ্জ্বল গাঢ়, যা দর্শকদের আনন্দিত করে।

٦٩- قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَّنَا مَا لَوْنُهَا ۚ قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ صَفْرَاءُ ۙ فَاقِعٌ لَّوْنُهَا تَسُرُّ النَّاظِرِينَ ○

৭০. তারা বলল ঃ তুমি প্রার্থনা কর আমাদের জন্য তোমার রবের কাছে, তিনি যেন স্পষ্টভাবে আমাদের বলে দেন, সেটি কোনটি ? আমরা তো গরুটির ব্যাপারে সন্দেহে পতিত হয়েছি। আর আল্লাহ্ ইচ্ছা করলে আমরা অবশ্যই ঠিক চিনতে পারব।

٧٠- قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَّنَا مَا هِيَ ۙ إِنَّ الْبَقَرَ تَشَابَهَ عَلَيْنَا ۖ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ لَمُهْتَدُونَ ○

৭১. সে (মূসা) বলল ঃ আল্লাহ্ বলছেন, সেটি এমন গরু, যা ব্যবহৃত হয়নি জমি চাষে ও ক্ষেতে পানি সেচের জন্য, যা সুস্থ, যাতে নেই কোন খুঁত। তারা বলল ঃ এখন তুমি এনেছ আমাদের কাছে সত্য, তখন তারা সেটি যবাহ্ করল, যদিও তারা তা করার ছিল না।

٧١- قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَّا ذَلُولٌ تُثِيرُ الْأَرْضَ وَلَا تَسْقِي الْحَرْثَ ۚ مُسَلَّمَةٌ لَّا شِيَةَ فِيهَا ۚ قَالُوا الْآنَ جِئْتَ بِالْحَقِّ ۚ فَذَبَحُوهَا وَمَا كَادُوا يَفْعَلُونَ ○

৭২. আর স্মরণ করুন ! তোমরা হত্যা করেছিলে এক ব্যক্তিকে, তারপর দোষারূপ করছিলে একে অন্যের প্রতি। আর আল্লাহ্ ব্যক্ত করছেন, যা তোমরা গোপন করছিলে।

٧٢- وَإِذْ قَتَلْتُمْ نَفْسًا فَادَّارَأْتُمْ فِيهَا ۖ وَاللَّهُ مُخْرِجٌ مَّا كُنْتُمْ تَكْتُمُونَ ○

৭৩. তারপর আমি বললাম ঃ তোমরা আঘাত কর যবাহ্‌কৃত গরুর কোন অংশ দিকে মৃত ব্যক্তিকে। এভাবেই জীবিত করেন আল্লাহ্ মৃতকে এবং তোমাদের দেখান তাঁর নিদর্শনসমূহ, যাতে তোমরা বুঝতে পার।

٧٣-فَقُلْنَا اضْرِبُوْهُ بِبَعْضِهَا ط
كَذٰلِكَ يُحْيِ اللّٰهُ الْمَوْتٰى لا
وَيُرِيْكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ○

৮৭. আর আমি তো দিয়েছি মূসাকে কিতাব এবং পর্যায়ক্রমে পাঠিয়েছি তার পরে রাসূলদের এবং দিয়েছি ঈসা ইব্ন মারইয়ামকে স্পষ্ট নিদর্শন এবং তাকে শক্তিশালী করেছি জিব্‌রাঈলকে দিয়ে। তবে কি যখনই এসেছে তোমাদের কাছে কোন রাসূল এমন কিছু নিয়ে, যা তোমাদের মনঃপূত নয়, তখনই তোমরা অহংকার করেছ, আর কতককে অস্বীকার করেছ এবং কতককে হত্যা করেছ ?

٨٧-وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ وَقَفَّيْنَا
مِنْۢ بَعْدِهٖ بِالرُّسُلِ ز وَاٰتَيْنَا عِيْسَى ابْنَ
مَرْيَمَ الْبَيِّنٰتِ وَاَيَّدْنٰهُ بِرُوْحِ الْقُدُسِ ط
اَفَكُلَّمَا جَآءَكُمْ رَسُوْلٌۢ بِمَا لَا تَهْوٰٓى
اَنْفُسُكُمُ اسْتَكْبَرْتُمْ ج
فَفَرِيْقًا كَذَّبْتُمْ وَفَرِيْقًا تَقْتُلُوْنَ ○

৯২. আর মূসা তো নিয়ে এসেছে তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ, কিন্তু তোমরা উপাস্যরূপে গ্রহণ করেছ বাছুর তারপর, আর তোমরা তো হলে যালিম।

٩٢-وَلَقَدْ جَآءَكُمْ مُّوْسٰى بِالْبَيِّنٰتِ
ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ
مِنْۢ بَعْدِهٖ وَاَنْتُمْ ظٰلِمُوْنَ ○

সূরা মায়িদা, ৫ ঃ ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬

২০. আর স্মরণ কর, বলেছিল মূসা তার কাওমকে ঃ হে আমার কাওম! তোমরা স্মরণ কর তোমাদের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ, যখন তিনি করেছিলেন তোমাদের মধ্য থেকে নবী, করেছিলেন তোমাদের বাদশাহ্ এবং দিয়েছিলেন তোমাদের তা, যা দেওয়া হয়নি সারা জাহানে কাউকে।

٢٠-وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ
يٰقَوْمِ اذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ
اِذْ جَعَلَ فِيْكُمْ اَنْۢبِيَآءَ وَجَعَلَكُمْ مُّلُوْكًا ۖ
وَّاٰتٰىكُمْ مَّا لَمْ يُؤْتِ اَحَدًا
مِّنَ الْعٰلَمِيْنَ ○

২১. হে আমার কাওম! তোমরা প্রবেশ কর সে পবিত্র ভূমিতে, যা আল্লাহ্ তোমাদের জন্য নির্দিষ্ট করেছেন এবং

٢١-يٰقَوْمِ ادْخُلُوا الْاَرْضَ الْمُقَدَّسَةَ
الَّتِيْ كَتَبَ اللّٰهُ لَكُمْ وَلَا تَرْتَدُّوْا

عَلٰٓى اَدْبَارِكُمْ فَتَنْقَلِبُوْا خٰسِرِيْنَ ○

পৃষ্ঠপ্রদর্শন করো না, করলে তোমরা হয়ে পড়বে ক্ষতিগ্রস্ত।

٢٢- قَالُوْا يٰمُوْسٰٓى اِنَّ فِيْهَا قَوْمًا جَبَّارِيْنَ ۖ وَاِنَّا لَنْ نَّدْخُلَهَا حَتّٰى يَخْرُجُوْا مِنْهَا ۚ فَاِنْ يَّخْرُجُوْا مِنْهَا فَاِنَّا دٰخِلُوْنَ ○

২২. তারা বলল ঃ হে মূসা! সেখানে তো রয়েছে এক দুর্ধর্ষ সম্প্রদায়, আমরা কিছুতেই প্রবেশ করব না সেখানে, যতক্ষণ না তারা বেরিয়ে আসে সেখান থেকে। তবে যদি তারা সেখান থেকে বেরিয়ে আসে, তাহলেই আমরা প্রবেশ করব।

٢٣- قَالَ رَجُلٰنِ مِنَ الَّذِيْنَ يَخَافُوْنَ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِمَا ادْخُلُوْا عَلَيْهِمُ الْبَابَ ۚ فَاِذَا دَخَلْتُمُوْهُ فَاِنَّكُمْ غٰلِبُوْنَ ۬ۚ وَعَلَى اللّٰهِ فَتَوَكَّلُوْٓا اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ○

২৩. যারা ভয় করছিল, তাদের মধ্যে দু'জন, যাদের প্রতি আল্লাহ্ অনুগ্রহ করেছিলেন, তারা বললঃ তোমরা তাদের মুকাবিলা কর দরজা দিয়ে প্রবেশ কর, যখনই তোমরা সেখানে প্রবেশ করবে, তখনই তোমরা বিজয়ী হবে। আর তোমরা আল্লাহ্‌রই উপর ভরসা কর, যদি তোমরা মু'মিন হও।

٢٤- قَالُوْا يٰمُوْسٰٓى اِنَّا لَنْ نَّدْخُلَهَآ اَبَدًا مَّا دَامُوْا فِيْهَا فَاذْهَبْ اَنْتَ وَرَبُّكَ فَقَاتِلَآ اِنَّا هٰهُنَا قٰعِدُوْنَ ○

২৪. তারা বলল ঃ হে মূসা! আমরা কখনো সেখানে প্রবেশ করব না, যতক্ষণ তারা সেখানে থাকবে। অতএব, যাও তুমি ও তোমার রব, যুদ্ধ কর গিয়ে। আমরা এখানেই বসে থাকব।

٢٥- قَالَ رَبِّ اِنِّىْ لَآ اَمْلِكُ اِلَّا نَفْسِىْ وَاَخِىْ فَافْرُقْ بَيْنَنَا وَبَيْنَ الْقَوْمِ الْفٰسِقِيْنَ ○

২৫. মূসা বলল ঃ হে আমার রব! আমার কোন আধিপত্য নেই, আমার ও আমার ভাইয়ের উপর ছাড়া। অতএব আপনি ফয়সালা করে দিন আমাদের ও নাফরমান কাওমের মাঝে।

٢٦- قَالَ فَاِنَّهَا مُحَرَّمَةٌ عَلَيْهِمْ اَرْبَعِيْنَ سَنَةً ۚ يَتِيْهُوْنَ فِى الْاَرْضِ ۚ فَلَا تَاْسَ عَلَى الْقَوْمِ الْفٰسِقِيْنَ ○

২৬. আল্লাহ্ বললেন ঃ তবে ইহা নিষিদ্ধ রইল তাদের জন্য চল্লিশ বছর পর্যন্ত, তারা উদ্‌ভ্রান্ত হয়ে ঘুরে বেড়াবে পৃথিবীতে। অতএব তুমি দুঃখ করো না নাফরমান কাওমের জন্য।

সূরা আন'আম, ৬ ঃ ১৫৪

١٥٤- ثُمَّ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ تَمَامًا

১৫৪. তারপর আমি দিয়েছিলাম মূসাকে কিতাব, যা ছিল সম্পূর্ণ নেক্‌কারদের

www.pathagar.com

জন্য এবং বিশদ বিবরণ সব কিছুর, আর হিদায়েত ও রহমত স্বরূপ ; যাতে তারা তাদের রবের সাক্ষাৎ সম্বন্ধে ঈমান আনে।

عَلَى الَّذِىٓ اَحْسَنَ وَ تَفْصِيْلًا لِّكُلِّ شَىْءٍ
وَّهُدًى وَّرَحْمَةً
لَّعَلَّهُمْ بِلِقَآءِ رَبِّهِمْ يُؤْمِنُوْنَ ○

সূরা আ'রাফ, ৭ ঃ ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮, ১৩৯, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৮, ১৪৯, ১৫০, ১৫১, ১৫৪, ১৫৫, ১৫৬, ১৫৯, ১৬০

১০৩. তারপর আমি পাঠাই মূসাকে এদের পরে আমার নিদর্শনসহ ফির'আউন ও তার পারিষদবর্গের কাছে, কিন্তু তারা সে সবের প্রতি অবিচার করে। অতএব, লক্ষ্য কর কিরূপ হয়েছিল পরিণাম ফাসাদ সৃষ্টিকারীদের।

١٠٣- ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهِمْ مُّوْسٰى بِاٰيٰتِنَآ
اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ فَظَلَمُوْا بِهَا ۚ
فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ○

১০৪. আর বলেছিল মূসা ঃ হে ফির'আউন ! আমি তো একজন রাসূল রাব্বুল আলামীনের তরফ থেকে।

١٠٤- وَقَالَ مُوْسٰى يٰفِرْعَوْنُ
اِنِّىْ رَسُوْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ○

১০৫. ইহা স্থির নিশ্চিত যে, আমি বলব না আল্লাহ্ সম্বন্ধে সত্য ছাড়া কিছু। আমি তো নিয়ে এসেছি তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ তোমাদের রবের তরফ থেকে ; সুতরাং যেতে দাও আমার সাথে বনূ ইসরাঈলকে।

١٠٥- حَقِيْقٌ عَلٰٓى اَنْ لَّآ اَقُوْلَ
عَلَى اللّٰهِ اِلَّا الْحَقَّ ۗ
قَدْ جِئْتُكُمْ بِبَيِّنَةٍ مِّنْ رَّبِّكُمْ
فَاَرْسِلْ مَعِىَ بَنِىٓ اِسْرَآءِيْلَ ○

১০৬. ফির'আউন বলল ঃ যদি তুমি এনে থাক কোন নিদর্শন, তবে তা পেশ কর। যদি হও তুমি সত্যবাদী।

١٠٦- قَالَ اِنْ كُنْتَ جِئْتَ بِاٰيَةٍ
فَاْتِ بِهَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ○

১০৭. তারপর মূসা নিক্ষেপ করল তার লাঠি, আর তখনই তা হয়ে গেল এক স্পষ্ট অজগর।

١٠٧- فَاَلْقٰى عَصَاهُ
فَاِذَا هِىَ ثُعْبَانٌ مُّبِيْنٌ ○

www.pathagar.com

১০৮. আর সে তার হাত বের করল এবং তা প্রতিভাত হল শুভ্র উজ্জ্বল দর্শকদের কাছে।

١٠٨- وَّنَزَعَ يَدَهٗ فَاِذَا هِيَ بَيْضَآءُ لِلنّٰظِرِيْنَ ۝

১০৯. ফির'আউনের কাওমের নেতারা বলল ঃ এতো একজন সুবিজ্ঞ যাদুকর,

١٠٩- قَالَ الْمَلَاُ مِنْ قَوْمِ فِرْعَوْنَ اِنَّ هٰذَا لَسٰحِرٌ عَلِيْمٌ ۝

১১০. সে চায় তোমাদের বের করে দিতে তোমাদের দেশ থেকে, এখন তোমরা কি পরামর্শ দাও ?

١١٠- يُّرِيْدُ اَنْ يُّخْرِجَكُمْ مِّنْ اَرْضِكُمْ ۚ فَمَاذَا تَاْمُرُوْنَ ۝

১১১. তারা বলল ঃ কিঞ্চিৎ অবকাশ দাও তাকেও তার ভাইকে এবং পাঠাও শহরে নগরে সংগ্রহকারীদের।

١١١- قَالُوْٓا اَرْجِهْ وَاَخَاهُ وَاَرْسِلْ فِي الْمَدَآئِنِ حٰشِرِيْنَ ۝

১১২. যেন তারা নিয়ে আসে তোমার কাছে প্রত্যেক অভিজ্ঞ যাদুকরকে।

١١٢- يَاْتُوْكَ بِكُلِّ سٰحِرٍ عَلِيْمٍ ۝

১১৩. আর উপস্থিত হল যাদুকররা ফির-'আউনের কাছে, তারা বলল ঃ অবশ্যই থাকবে তো আমাদের জন্য পুরস্কার, যদি আমরা বিজয়ী হই ?

١١٣- وَجَآءَ السَّحَرَةُ فِرْعَوْنَ قَالُوْٓا اِنَّ لَنَا لَاَجْرًا اِنْ كُنَّا نَحْنُ الْغٰلِبِيْنَ ۝

১১৪. ফির'আওন বলল ঃ হ্যাঁ, থাকবে ; আর তোমরা হবে আমার নৈকট্য-প্রাপ্তদের অন্তর্ভুক্ত।

١١٤- قَالَ نَعَمْ وَاِنَّكُمْ لَمِنَ الْمُقَرَّبِيْنَ ۝

১১৫. যাদুকররা বলল ঃ হে মূসা ! তুমি কি নিক্ষেপ করবে, না আমরা প্রথম নিক্ষেপকারী হব ?

١١٥- قَالُوْا يٰمُوْسٰٓى اِمَّآ اَنْ تُلْقِيَ وَاِمَّآ اَنْ نَّكُوْنَ نَحْنُ الْمُلْقِيْنَ ۝

১১৬. মূসা বলল ঃ তোমরাই নিক্ষেপ কর। আর যখন তারা নিক্ষেপ করল, তখন তারা লোকের চোখে যাদু করল, তাদের আতংকিত করল এবং তারা সংঘটিত করল এক বড় ধরনের যাদু ।

١١٦- قَالَ اَلْقُوْا ۚ فَلَمَّآ اَلْقَوْا سَحَرُوْٓا اَعْيُنَ النَّاسِ وَاسْتَرْهَبُوْهُمْ وَجَآءُوْ بِسِحْرٍ عَظِيْمٍ ۝

১১৭. তারপর আমি ওহী করলাম মূসার প্রতি যে, তুমিও নিক্ষেপ কর তোমার লাঠি, আর তখন তা গ্রাস করতে লাগল তাদের অলীক সৃষ্টিগুলোকে।

١١٧- وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى اَنْ اَلْقِ عَصَاكَ ۚ فَاِذَا هِيَ تَلْقَفُ مَا يَاْفِكُوْنَ ۝

১১৮. ফলে সত্য প্রতিষ্ঠিত হল এবং অসার প্রতিপন্ন হল যা তারা করেছিল।

١١٨- فَوَقَعَ الْحَقُّ
وَبَطَلَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ○

১১৯. আর তারা পরাভূত হল সেখানে এবং হয়ে গেল লাঞ্ছিত ;

١١٩- فَغُلِبُوْا هُنَالِكَ
وَانْقَلَبُوْا صٰغِرِيْنَ ○

১২০. আর যাদুকররা লুটিয়ে পড়ল সিজ্‌দায়।

١٢٠- وَأُلْقِيَ السَّحَرَةُ سٰجِدِيْنَ ○

১২১. তারা বলল ঃ আমরা ঈমান আনলাম রাব্বুল আলামীনের প্রতি।

١٢١- قَالُوْٓا اٰمَنَّا بِرَبِّ الْعٰلَمِيْنَ ○

১২২. যিনি রব মূসা ও হারূনের।

١٢٢- رَبِّ مُوْسٰى وَهٰرُوْنَ ○

১২৩. ফির'আউন বলল ঃ তোমরা ঈমান আনলে এতে, আমি তোমাদের অনুমতি দেবার আগে ? এ তো এক চক্রান্ত, যা তোমরা করেছ শহরে বসে, যাতে তোমরা বের করে দিতে পার সেখান থেকে এর অধিবাসীদের। শিগ্‌গীরই তোমার জানতে পারবে।

١٢٣- قَالَ فِرْعَوْنُ اٰمَنْتُمْ بِهٖ
قَبْلَ اَنْ اٰذَنَ لَكُمْ ۚ اِنَّ هٰذَا لَمَكْرٌ
مَّكَرْتُمُوْهُ فِي الْمَدِيْنَةِ
لِتُخْرِجُوْا مِنْهَآ اَهْلَهَا ۚ
فَسَوْفَ تَعْلَمُوْنَ ○

১২৪. অবশ্যই আমি কেটে ফেলব তোমাদের হাত ও তোমাদের পা বিপরীত দিক থেকে, তারপর আমি অবশ্যই শূলবিদ্ধ করব তোমাদের সবাইকে।

١٢٤- لَاُقَطِّعَنَّ اَيْدِيَكُمْ وَاَرْجُلَكُمْ
مِّنْ خِلَافٍ
ثُمَّ لَاُصَلِّبَنَّكُمْ اَجْمَعِيْنَ ○

১২৫. তারা বলল ঃ আমরা তো আমাদের রবের কাছে ফিরে যাব।

١٢٥- قَالُوْٓا اِنَّآ اِلٰى رَبِّنَا مُنْقَلِبُوْنَ ○

১২৬. তুমি তো আমাদের শাস্তি দিচ্ছ শুধু এ জন্য যে, আমরা ঈমান এনেছি আমাদের রবের নিদর্শনে, যখন তা আমাদের কাছে এসেছে। হে আমাদের রব! তাওফীক দিন আমাদের সবর করার এবং মউত দিন আমাদের মুসলমানরূপে।

١٢٦- وَمَا تَنْقِمُ مِنَّآ
اِلَّآ اَنْ اٰمَنَّا بِاٰيٰتِ
رَبِّنَا لَمَّا جَآءَتْنَا ۚ
رَبَّنَآ اَفْرِغْ عَلَيْنَا صَبْرًا
وَّتَوَفَّنَا مُسْلِمِيْنَ ○

১২৭. ফির'আওনের কাওমের নেতারা বলল ঃ আপনি কি ছেড়ে দিচ্ছেন মূসা ও তার কাওমকে দেশে বিপর্যয় সৃষ্টি করতে এবং আপনাকে ও আপনার দেবতাদের বর্জন করতে ?

١٢٧- وَقَالَ الْمَلَاُ مِنْ قَوْمِ فِرْعَوْنَ
اَتَذَرُ مُوْسٰى وَقَوْمَهٗ لِيُفْسِدُوْا
فِي الْاَرْضِ وَيَذَرَكَ وَاٰلِهَتَكَ ۚ

www.pathagar.com

قَالَ سَنُقَتِّلُ أَبْنَآءَهُمْ
وَنَسْتَحْيِ نِسَآءَهُمْ
وَإِنَّا فَوْقَهُمْ قٰهِرُونَ ○

ফির'আউন বলল ঃ অবশ্যই আমরা হত্যা করব তাদের পুত্র সন্তানদের এবং জীবিত রাখব তাদের নারীদের, আর আমরা তো তাদের উপর প্রবল ক্ষমতাধর।

١٢٨- قَالَ مُوسٰى لِقَوْمِهِ اسْتَعِينُوا بِاللّٰهِ
وَاصْبِرُوا ۚ إِنَّ الْأَرْضَ لِلّٰهِ ۙ
يُورِثُهَا مَنْ يَشَآءُ مِنْ عِبَادِهِ ۖ
وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِينَ ○

১২৮. মূসা বলল তার কাওমকে ঃ তোমরা সাহায্য চাও আল্লাহ্‌র কাছে এবং সবর কর। নিশ্চয় যমীন তো আল্লাহ্‌রই। তিনি এর উত্তরাধিকারী করেন যাকে চান তার বান্দাদের থেকে। আর শুভ পরিণাম তো মুত্তাকীদের জন্য।

١٢٩- قَالُوٓا أُوذِينَا مِنْ قَبْلِ
أَنْ تَأْتِيَنَا وَمِنْ بَعْدِ مَا جِئْتَنَا ۚ
قَالَ عَسٰى رَبُّكُمْ
أَنْ يُهْلِكَ عَدُوَّكُمْ وَيَسْتَخْلِفَكُمْ
فِي الْأَرْضِ فَيَنْظُرَ كَيْفَ تَعْمَلُونَ ○

১২৯. তারা বলল ঃ আমরা তো নির্যাতিত হয়েছি, আমাদের কাছে তোমার আমার আগে এবং তোমার আসার পরেও। মূসা বলল ঃ শিগগীরই তোমাদের রব ধ্বংস করবেন তোমাদের শত্রু এবং তিনি তোমাদেরকে তাদের স্থলাভিষিক্ত করবেন যমীনে। তারপর তিনি দেখবেন, তোমরা কেমন কর।

١٣٠- وَلَقَدْ أَخَذْنَآ اٰلَ فِرْعَوْنَ
بِالسِّنِينَ وَنَقْصٍ مِّنَ الثَّمَرٰتِ
لَعَلَّهُمْ يَذَّكَّرُونَ ○

১৩০. আর আামি তো পাকড়াও করেছিলাম ফির'আউনীদের দুর্ভিক্ষ ও ফল-ফসলের ক্ষতি দিয়ে, যাতে তারা অনুধাবন করে।

١٣١- فَإِذَا جَآءَتْهُمُ الْحَسَنَةُ
قَالُوا لَنَا هٰذِهِ ۚ وَإِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ
يَطَّيَّرُوا بِمُوسٰى وَمَنْ مَّعَهُ ۗ
أَلَآ إِنَّمَا طٰٓئِرُهُمْ عِنْدَ اللّٰهِ
وَلٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ○

১৩১. আর যখন তাদের কোন কল্যাণ হত, তখন তারা বলত ঃ এটা তো আমাদের প্রাপ্য, আর যদি তাদের কোন অকল্যাণ হত, তাহলে তারা অলুক্ষণে মনে করত তার জন্য মূসা ও তার সাথীদের। জেনে রাখ, তাদের অকল্যাণ তো আল্লাহ্‌রই নিয়ন্ত্রণে। কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।

١٣٢- وَقَالُوا مَهْمَا تَأْتِنَا بِهِ مِنْ اٰيَةٍ
لِّتَسْحَرَنَا بِهَا ۙ
فَمَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِينَ ○

১৩২. আর তারা বলেছিল ঃ তুমি যে কোন নিদর্শনই আমাদের কাছে পেশ করনা কেন, তা দিয়ে আমাদের যাদু করার জন্য, আমরা তো নই তোমাতে ঈমান আনার।

www.pathagar.com

١٣٣- فَأَرْسَلْنَا عَلَيْهِمُ الطُّوفَانَ
وَالْجَرَادَ وَالْقُمَّلَ وَالضَّفَادِعَ
وَالدَّمَ آيَاتٍ مُّفَصَّلَاتٍ
فَاسْتَكْبَرُوا وَكَانُوا قَوْمًا مُّجْرِمِينَ ○

১৩৩. তারপর আমি পাঠাই তাদের উপর প্লাবন, পঙ্গপাল, উকুন, বেঙ এবং রক্ত, যা ছিল স্পষ্ট নিদর্শন ; কিন্তু তারা অহংকার করে এবং তারা ছিল এক অপরাধী কাওম।

١٣٤- وَلَمَّا وَقَعَ عَلَيْهِمُ الرِّجْزُ قَالُوا
يَا مُوسَى ادْعُ لَنَا رَبَّكَ
بِمَا عَهِدَ عِندَكَ
لَئِن كَشَفْتَ عَنَّا الرِّجْزَ
لَنُؤْمِنَنَّ لَكَ
وَلَنُرْسِلَنَّ مَعَكَ بَنِي إِسْرَائِيلَ ○

১৩৪. আর যখন আপতিত হত তাদের উপর কোন শাস্তি তখন তারা বলত ঃ হে মূসা! তুমি দু'আ করো আমাদের জন্য তোমার রবের কাছে, তোমার সাথে তিনি যে ওয়াদা করছেন সে অনুযায়ী, যদি তুমি দূর কর আমাদের থেকে শাস্তি, তবে তো আমরা তোমার প্রতি ঈমান আনবই এবং অবশ্যই যেতে দেব তোমার সাথে বনূ ইসরাঈলকে।

١٣٥- فَلَمَّا كَشَفْنَا عَنْهُمُ الرِّجْزَ
إِلَىٰ أَجَلٍ
هُم بَالِغُوهُ إِذَا هُمْ يَنكُثُونَ ○

১৩৫. বস্তুত, যখনই আমি দূর করতাম তাদের থেকে শাস্তি, এক নির্দিষ্ট কালের জন্য, যে শাস্তি তাদের জন্য অবধারিত ছিল, তখন তারা ভংগ করত অঙ্গীকার।

١٣٦- فَانتَقَمْنَا مِنْهُمْ فَأَغْرَقْنَاهُمْ فِي الْيَمِّ
بِأَنَّهُمْ كَذَّبُوا بِآيَاتِنَا
وَكَانُوا عَنْهَا غَافِلِينَ ○

১৩৬. সুতরাং আমি শাস্তি দিয়েছিলাম তাদের এবং ডুবিয়ে দিয়েছিলাম তাদের অতল সমুদ্রে। কেননা, তারা অস্বীকার করেছিল আমার নিদর্শনসমূহ এবং তারা ছিল এ ব্যাপারে গাফিল।

١٣٧- وَأَوْرَثْنَا الْقَوْمَ الَّذِينَ كَانُوا
يُسْتَضْعَفُونَ مَشَارِقَ الْأَرْضِ
وَمَغَارِبَهَا الَّتِي بَارَكْنَا فِيهَا ۖ
وَتَمَّتْ كَلِمَتُ رَبِّكَ الْحُسْنَىٰ
عَلَىٰ بَنِي إِسْرَائِيلَ بِمَا صَبَرُوا ۖ
وَدَمَّرْنَا مَا كَانَ يَصْنَعُ فِرْعَوْنُ
وَقَوْمُهُ وَمَا كَانُوا يَعْرِشُونَ ○

১৩৭. আর আমি উত্তরাধিকারী করেছিলাম সে কাওমকে যাদের দুর্বল মনে করা হত পূর্ব ও পশ্চিমের যমীনের, যাতে আমি কল্যাণ রেখেছিলাম। আর পূর্ণ হল তোমার রবের কল্যাণ বাণী বনূ ইস্রাঈলের প্রতি। কেননা তারা সবর করেছিল। আর আমি ধ্বংস করেছিলাম শিল্প, যা তৈরী করেছিল ফির'আউন ও তার কাওম এবং সে' সব প্রাসাদ, যা তারা নির্মাণ করেছিল।

www.pathagar.com

১৩৮. আর আমি পার করিয়ে ছিলাম বনূ ইস্‌রাঈলকে সমুদ্র, ফলে তারা পৌঁছে এমন এক কাওমের কাছে, যারা পূজা করত তাদের প্রতীমার। তারা বলল ঃ হে মূসা ! বানিয়ে দেও আমাদের জন্য প্রতীমা, তাদের প্রতীমার মত। মূসা বলল ঃ তোমরা তো এক মূর্খ সম্প্রদায়।

٥٢- وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى اَنْ اَسْرِ
بِعِبَادِيْٓ اِنَّكُمْ مُّتَّبَعُوْنَ ۝

৫২. আর আমি ওহী করলাম মূসাকে যে, তুমি বেরিয়ে পড় রাতের বেলায় আমার বান্দাদের নিয়ে, অবশ্যই তোমাদের পশ্চাদ্ধাবন করা হবে।

٥٣- فَاَرْسَلَ فِرْعَوْنُ فِي الْمَدَآئِنِ حٰشِرِيْنَ ۝

৫৩. তারপর ফির'আউন পাঠাল নগরে-শহরে লোক সংগ্রহকারী,

٥٤- اِنَّ هٰٓؤُلَآءِ لَشِرْذِمَةٌ قَلِيْلُوْنَ ۝

৫৪. এ বলে তারা তো একটি ক্ষুদ্র দল।

٥٥- وَاِنَّهُمْ لَنَا لَغَآئِظُوْنَ ۝

৫৫. আর তারা তো আমাদের ক্রোধ উদ্রেক করেছে ;

٥٦- وَاِنَّا لَجَمِيْعٌ حٰذِرُوْنَ ۝

৫৬. আর আমরা তো সবাই সদা শংকিত সতর্ক।

٥٧- فَاَخْرَجْنٰهُمْ مِّنْ جَنّٰتٍ
وَّعُيُوْنٍ ۝

৫৭. পরিণামে আমি বহিষ্কৃত করলাম ফির'আউন গোষ্ঠীকে তাদের বাগান ও ঝর্ণাসমূহ থেকে।

٥٨- وَّكُنُوْزٍ وَّمَقَامٍ كَرِيْمٍ ۝

৫৮. এবং তাদের ধন-ভাণ্ডার ও মনোরম অট্টালিকা থেকে।

www.pathagar.com

৫৯. এরূপই সংঘটিত হয়েছিল। আর আমি উত্তরাধিকারী করছিলাম, এ সবের বনূ-ইস্‌রাঈলকে।

٥٩- كَذٰلِكَ ۖ
وَاَوْرَثْنٰهَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ ۝

৬০. তারা তাদের পেছনে এসে পড়ল সূর্যোদয় কালে।

٦٠- فَاَتْبَعُوْهُمْ مُّشْرِقِيْنَ ۝

৬১. তারপর যখন দু'দল পরস্পরকে দেখল, তখন মূসার সঙ্গীরা বলল ঃ আমরা তো ধরা পড়ে গেলাম।

٦١- فَلَمَّا تَرَآءَ الْجَمْعٰنِ
قَالَ اَصْحٰبُ مُوْسٰٓى اِنَّا لَمُدْرَكُوْنَ ۝

৬২. মূসা বলল ঃ কখনই নয়, নিশ্চয় আমার সঙ্গে আছেন আমার রব, অবশ্যই তিনি আমাকে পথ দেখাবেন।

٦٢- قَالَ كَلَّا ۚ اِنَّ مَعِيَ رَبِّيْ سَيَهْدِيْنِ ۝

৬৩. তারপর আমি ওহী করলাম মূসার প্রতি ঃ তুমি আঘাত কর তোমার লাঠি দিয়ে সমুদ্রে। ফলে তা বিভক্ত হয়ে পড়ল এবং প্রত্যেক ভাগ হয়ে গেল বিশাল পর্বত সদৃশ।

٦٣- فَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى
اَنِ اضْرِبْ بِّعَصَاكَ الْبَحْرَ ۖ
فَانْفَلَقَ فَكَانَ كُلُّ فِرْقٍ كَالطَّوْدِ الْعَظِيْمِ ۝

৬৪. আর আমি উপনীত করলাম সেথায় অন্য দলটিকে।

٦٤- وَاَزْلَفْنَا ثَمَّ الْاٰخَرِيْنَ ۝

৬৫. এবং উদ্ধার করলাম মূসাকে ও তার সঙ্গে যারা ছিল তাদের সবাইকে।

٦٥- وَ اَنْجَيْنَا مُوْسٰى
وَمَنْ مَّعَهٗٓ اَجْمَعِيْنَ ۝

৬৬. তারপর আমি ডুবিয়ে দিলাম অপর দলটিকে।

٦٦- ثُمَّ اَغْرَقْنَا الْاٰخَرِيْنَ ۝

৬৭. নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত নিদর্শন। কিন্তু তাদের অধিকাংশই বিশ্বাস করে না।

٦٧- اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ۖ
وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ۝

৬৮. নিশ্চয় তোমার রব, তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।

٦٨- وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ۝

সূরা নাম্‌ল, ২৭ ঃ ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪

৭. স্মরণ কর, বলেছিল মূসা তার পরিবার-বর্গকে ঃ আমি তো সন্ধান পেয়েছি আগুনের, শীগ্‌গিরই আমি নিয়ে আসব

٧- اِذْ قَالَ مُوْسٰى لِاَهْلِهٖٓ
اِنِّيْٓ اٰنَسْتُ نَارًا ۖ سَاٰتِيْكُمْ مِّنْهَا

بِخَبَرٍ اَوْ اٰتِيْكُمْ بِشِهَابٍ قَبَسٍ
لَّعَلَّكُمْ تَصْطَلُوْنَ ○

তোমাদের জন্য সেখান থেকে কোন খবর অথবা নিয়ে আসব তোমাদের জন্য জ্বলন্ত অঙ্গার, যাতে তোমরা তাপ পেতে পার।

٨- فَلَمَّا جَآءَهَا نُوْدِيَ اَنْۢ بُوْرِكَ
مَنْ فِي النَّارِ وَمَنْ حَوْلَهَا ؕ
وَسُبْحٰنَ اللّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ○

৮. তারপর যখন মূসা সেখানে পৌঁছল, তখন ডেকে বলা হল ঃ ধন্য তারা যারা আছে এ আগুনের মাঝে এবং যে আছে এর পাশে। আর পবিত্র মহান আল্লাহ্ রাব্বুল আলামীন।

٩- يٰمُوْسٰۤى اِنَّهٗۤ اَنَا اللّٰهُ الْعَزِيْزُ الْحَكِيْمُ ○

৯. হে মূসা ! নিশ্চয় আমি-ই আল্লাহ্, পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

١٠- وَاَلْقِ عَصَاكَ ؕ
فَلَمَّا رَاٰهَا تَهْتَزُّ كَاَنَّهَا جَآنٌّ وَّلّٰى
مُدْبِرًا وَّلَمْ يُعَقِّبْ ؕ يٰمُوْسٰى لَا تَخَفْ
اِنِّيْ لَا يَخَافُ لَدَيَّ الْمُرْسَلُوْنَ ○

১০. আর তুমি নিক্ষেপ কর তোমার লাঠি। তারপর মূসা যখন দেখল, তা ছুটাছুটি করছে সাপের ন্যায়, তখন সে পেছনের দিকে ছুটতে লাগল, আর ফিরেও তাকাল না। তাকে বলা হল ঃ হে মূসা ! ভয় পেয় না। নিশ্চয় আমার কাছে কোন রাসূল ভয় পায় না,

١١- اِلَّا مَنْ ظَلَمَ ثُمَّ بَدَّلَ
حُسْنًۢا بَعْدَ سُوْٓءٍ
فَاِنِّيْ غَفُوْرٌ رَّحِيْمٌ ○

১১. কিন্তু যে যুলুম করে এবং পরে খারাপ কাজের পরিবর্তে ভাল কাজ করে; অবশ্যই আমি তার প্রতি পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

١٢- وَاَدْخِلْ يَدَكَ فِيْ جَيْبِكَ
تَخْرُجْ بَيْضَآءَ مِنْ غَيْرِ سُوْٓءٍ ۟
فِيْ تِسْعِ اٰيٰتٍ اِلٰى فِرْعَوْنَ وَقَوْمِهٖ ؕ
اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ○

১২. আর তুমি প্রবেশ করাও তোমার হাত তোমার বগলে, তা বেরিয়ে আসবে শুভ্র নির্মল অবস্থায়। এ হলো ফির'আউন ও তার কাওমের কাছে আনীত নয়টি নিদর্শনের অন্যতম। তারা তো ফাসিক কাওম।

١٣- فَلَمَّا جَآءَتْهُمْ اٰيٰتُنَا مُبْصِرَةً
قَالُوْا هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ○

১৩. তারপর যখন তাদের কাছে এলো আমার জাজ্বল্যমান নিদর্শনসমূহ, তখন তারা বলল ঃ এতো সুস্পষ্ট যাদু।

١٤- وَجَحَدُوْا بِهَا
وَاسْتَيْقَنَتْهَآ اَنْفُسُهُمْ ظُلْمًا وَّعُلُوًّا ؕ

১৪. তখন তারা তা অস্বীকার করল অন্যায় ও ঔদ্ধত্য সহকারে, যদিও তা সত্য বলে গ্রহণ করেছিল তাদের অন্তর। সুতরাং

www.pathagar.com

فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ○

লক্ষ্য কর, কেমন হয়েছিল পরিণাম ফ্যাসাদ সৃষ্টিকারীদের।

সূরা কাসাস, ২৮ ঃ ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০,

٣- نَتْلُوْا عَلَيْكَ مِنْ نَّبَاِ مُوْسٰى
وَفِرْعَوْنَ بِالْحَقِّ لِقَوْمٍ يُّؤْمِنُوْنَ ○

৩. আমি যথাযথভাবে বিবৃত করছি আপনার কাছে মূসা ও ফির'আউনের কিছু বৃত্তান্ত মু'মিন লোকদের জন্য।

٤- اِنَّ فِرْعَوْنَ عَلَا فِي الْاَرْضِ وَجَعَلَ
اَهْلَهَا شِيَعًا يَّسْتَضْعِفُ طَآئِفَةً
مِّنْهُمْ يُذَبِّحُ اَبْنَآءَهُمْ وَيَسْتَحْيٖ نِسَآءَهُمْ ؕ
اِنَّهٗ كَانَ مِنَ الْمُفْسِدِيْنَ ○

৪. নিশ্চয় ফির'আউন পরাক্রমশালী হয়েছিল সে দেশে এবং সেখানকার অধিবাসীদের সে করেছিল বিভিন্ন শ্রেণীতে বিভক্ত। তাদের এক শ্রেণীকে সে হীনবল করেছিল, হত্যা করত তাদের পুত্রদের এবং জীবিত রাখত তাদের নারীদের। নিশ্চয় সে ছিল ফ্যাসাদসৃষ্টিকারীদের অন্যতম।

٥- وَنُرِيْدُ اَنْ نَّمُنَّ عَلَى الَّذِيْنَ
اسْتُضْعِفُوْا فِي الْاَرْضِ وَنَجْعَلَهُمْ اَئِمَّةً
وَّنَجْعَلَهُمُ الْوٰرِثِيْنَ ○

৫. আমি ইচ্ছা করলাম অনুগ্রহ করতে তাদের উপর, যাদের হীনবল করা হয়েছিল সে দেশে এবং তাদের নেতৃত্ব দান করতে ও তাদের উত্তরাধিকারী করতে।

٦- وَنُمَكِّنَ لَهُمْ فِي الْاَرْضِ
وَنُرِيَ فِرْعَوْنَ وَهَامٰنَ وَجُنُوْدَهُمَا
مِنْهُمْ مَّا كَانُوْا يَحْذَرُوْنَ ○

৬. আর আমি চেয়েছিলাম ক্ষমতায় প্রতিষ্ঠিত করতে তাদের সে দেশে এবং দেখিয়ে দিতে ফির'আউন, হামান তাদের বাহিনীকে তা যার আশংকা তারা তাদের থেকে করত।

٧- وَاَوْحَيْنَآ اِلٰٓى اُمِّ مُوْسٰٓى
اَنْ اَرْضِعِيْهِ ۚ فَاِذَا خِفْتِ عَلَيْهِ

৭. আর আমি ইঙ্গীতে জানিয়ে দিলাম মূসার মাকে ঃ শিশুটিকে স্তন্য দান করতে। তারপর যখন তুমি ভয় করবে তার ব্যাপারে, তখন তাকে নিক্ষেপ

فَأَلْقِيهِ فِي الْيَمِّ وَلَا تَخَافِي وَلَا تَحْزَنِي ۚ
إِنَّا رَادُّوهُ إِلَيْكِ وَجَاعِلُوهُ مِنَ
الْمُرْسَلِينَ ○

করবে দরিয়ায় এবং ভয়ও করবে না আর দুঃখও করবে না। অবশ্যই আমি ফিরিয়ে দেব তাকে তোমার কাছে এবং করব তাকে একজন রাসূল।

٨- فَالْتَقَطَهُ آلُ فِرْعَوْنَ لِيَكُونَ لَهُمْ
عَدُوًّا وَحَزَنًا ۗ إِنَّ فِرْعَوْنَ وَهَامَانَ
وَجُنُودَهُمَا كَانُوا خَاطِئِينَ ○

৮. তারপর তুলে নিল তাকে ফির'আউনের লোকেরা, পরিণামে সে হবে তাদের জন্য শত্রু এবং দুঃখের কারণ। নিশ্চয় ফির'আউন এবং হামান ও তাদের বাহিনী ছিল অপরাধী।

٩- وَقَالَتِ امْرَأَتُ فِرْعَوْنَ قُرَّتُ عَيْنٍ
لِّي وَلَكَ ۖ لَا تَقْتُلُوهُ ۖ
عَسَىٰ أَنْ يَنْفَعَنَا أَوْ نَتَّخِذَهُ وَلَدًا
وَهُمْ لَا يَشْعُرُونَ ○

৯. আর বলল ফির'আউনের স্ত্রী ঃ এ শিশু নয়ন-প্রীতিকর আমার ও তোমার জন্য। তাকে হত্যা করো না, হয়ত সে আমাদের উপকারে আসবে। অথবা আমরা তাকে গ্রহণ করতে পারি সন্তানরূপে। আর তারা বুঝতে পারেনি এর পরিণাম।

١٠- وَأَصْبَحَ فُؤَادُ أُمِّ مُوسَىٰ فَارِغًا ۖ
إِنْ كَادَتْ لَتُبْدِي بِهِ لَوْلَا أَنْ رَبَطْنَا
عَلَىٰ قَلْبِهَا لِتَكُونَ مِنَ الْمُؤْمِنِينَ ○

১০. আর অস্থির হয়েছিল মূসার মায়ের অন্তর। সে তো তার পরিচয় প্রায় প্রকাশ করেই দিত, যদি না আমি দৃঢ় করে দিতাম তার হৃদয়, যাতে সে হয় আস্থাশীলদের অন্যতম।

١١- وَقَالَتْ لِأُخْتِهِ قُصِّيهِ ۖ فَبَصُرَتْ بِهِ
عَنْ جُنُبٍ وَهُمْ لَا يَشْعُرُونَ ○

১১. আর সে বলল মূসার বোনকে ঃ যাও এর পেছনে পেছনে। তারপর সে দেখতে ছিল তাকে দূর থেকে তাদের অজ্ঞাতে।

١٢- وَحَرَّمْنَا عَلَيْهِ الْمَرَاضِعَ مِنْ قَبْلُ
فَقَالَتْ هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ أَهْلِ بَيْتٍ
يَكْفُلُونَهُ لَكُمْ
وَهُمْ لَهُ نَاصِحُونَ ○

১২. আর আমি বিরত রেখেছিলাম তাকে ধাত্রীস্তন্য পান থেকে আগে থেকেই। তারপর মূসার বোন বলল ঃ আমি কি তোমাদের বলে দেব এমন এক পরিবারের কথা, যারা লালন-পালন করবে একে তোমাদের হয়ে এবং তারা হবে এর জন্য কল্যাণকামী ?

١٣- فَرَدَدْنَاهُ إِلَىٰ أُمِّهِ كَيْ تَقَرَّ عَيْنُهَا
وَلَا تَحْزَنَ وَلِتَعْلَمَ أَنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ

১৩. তারপর আমি ফিরিয়ে দিলাম তাকে তার মায়ের কাছে, যাতে তার চোখ-জুড়ায় এবং সে দুঃখ না করে, আর বুঝতে পারে যে, আল্লাহ্‌র ওয়াদা তো

www.pathagar.com

وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ○

সত্য। কিন্তু অধিকাংশ মানুষই তা জানে না।

١٤- وَلَمَّا بَلَغَ اَشُدَّهٗ وَاسْتَوٰٓى
اٰتَيْنٰهُ حُكْمًا وَّعِلْمًا ؕ
وَكَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ○

১৪. আর যখন মূসা উপনীত হল তার পূর্ণ যৌবনে ও পরিণত বয়সে, তখন আমি তাকে দান করলাম হিক্‌মত ও জ্ঞান। আর এভাবেই আমি পুরস্কার দেই নেক্‌কারদের।

١٥- وَدَخَلَ الْمَدِيْنَةَ عَلٰى حِيْنِ غَفْلَةٍ
مِّنْ اَهْلِهَا فَوَجَدَ فِيْهَا رَجُلَيْنِ يَقْتَتِلٰنِ ۟
هٰذَا مِنْ شِيْعَتِهٖ وَهٰذَا مِنْ عَدُوِّهٖ ۚ
فَاسْتَغَاثَهُ الَّذِىْ مِنْ شِيْعَتِهٖ عَلَى الَّذِىْ
مِنْ عَدُوِّهٖ ۙ فَوَكَزَهٗ مُوْسٰى فَقَضٰى عَلَيْهِ ۟
قَالَ هٰذَا مِنْ عَمَلِ الشَّيْطٰنِ ؕ
اِنَّهٗ عَدُوٌّ مُّضِلٌّ مُّبِيْنٌ ○

১৫. আর সে প্রবেশ করল নগরীতে, যখন অসতর্ক অবস্থায় ছিল এর অধিবাসীরা। তখন সে পেলো সেখানে দু' ব্যক্তিকে সংঘর্ষে লিপ্ত, একজন তার নিজের দলের আর অপরজন তার শত্রুদলের। তার কাছে সাহায্য প্রার্থনা করল তার দলের লোকটি তার শত্রুর দলের লোকটির বিরুদ্ধে, তখন মূসা তাকে ঘুষি মারল আর এভাবেই সে তাকে হত্যা করল। মূসা বললো ঃ এতো শয়তানের কাণ্ড। সে তো প্রকাশ্য শত্রু ও বিভ্রান্তকারী।

١٦- قَالَ رَبِّ اِنِّىْ ظَلَمْتُ نَفْسِىْ
فَاغْفِرْ لِىْ فَغَفَرَ لَهٗ ؕ
اِنَّهٗ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ○

১৬. সে (মূসা) বলল ঃ হে আমার রব। আমি তো যুলুম করেছি আমার প্রতি, সুতরাং আমাকে ক্ষমা করুন। তারপর আল্লাহ্ তাকে ক্ষমা করলেন। নিশ্চয় তিনি পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

١٧- قَالَ رَبِّ بِمَآ اَنْعَمْتَ عَلَىَّ
فَلَنْ اَكُوْنَ ظَهِيْرًا لِّلْمُجْرِمِيْنَ ○

১৭. সে (মূসা) বলল ঃ হে আমার রব ! আপনি যে নিয়ামত আমাকে দিয়েছেন, সে জন্য আমি কখনো সাহায্যকারী হবো না অপরাধীদের।

١٨- فَاَصْبَحَ فِى الْمَدِيْنَةِ خَآئِفًا يَّتَرَقَّبُ
فَاِذَا الَّذِى اسْتَنْصَرَهٗ بِالْاَمْسِ
يَسْتَصْرِخُهٗ ؕ قَالَ لَهٗ مُوْسٰٓى
اِنَّكَ لَغَوِىٌّ مُّبِيْنٌ ○

১৮. তারপর সে নগরীতে তার ভোর হলো ভীত সতর্ক অবস্থায়। হঠাৎ সে ব্যক্তি, যে তার সাহায্য চেয়েছিল গতকাল, সে তার সাহায্যের জন্য চীৎকার করছে। মূসা তাকে বলল ঃ তুমি তো একজন স্পষ্ট বিভ্রান্ত ব্যক্তি।

www.pathagar.com

১৯. তারপর যখন মূসা উদ্যত হল পাকড়াও করতে তাকে যে তাদের উভয়ের শত্রু, তখন সে বলল ঃ হে মূসা ! তুমি কি চাও আমাকে হত্যা করতে, যেমন তুমি হত্যা করেছ এক ব্যক্তিকে গতকাল ? তুমি তো স্বেচ্ছাচারী হতে চাও পৃথিবীতে এবং চাও না শান্তি স্থাপনকারী হতে !

١٩- فَلَمَّآ اَنْ اَرَادَ اَنْ يَّبْطِشَ بِالَّذِىْ
هُوَ عَدُوٌّ لَّهُمَا ۙ
قَالَ يٰمُوْسٰٓى اَتُرِيْدُ اَنْ تَقْتُلَنِىْ
كَمَا قَتَلْتَ نَفْسًۢا بِالْاَمْسِ ۖ اِنْ تُرِيْدُ
اِلَّآ اَنْ تَكُوْنَ جَبَّارًا فِى الْاَرْضِ
وَمَا تُرِيْدُ اَنْ تَكُوْنَ مِنَ الْمُصْلِحِيْنَ ○

২০. আর এক ব্যক্তি নগীরীর দূর প্রান্ত হতে ছুটে এসে বলল ঃ হে মূসা! ফির'আউনের পারিষদবর্গ পরামর্শ করছে যে, তারা তোমাকে হত্যা করবে। অতএব তুমি বেরিয়ে যাও, আমি তো তোমার একজন হিতাকাঙ্ক্ষী।

٢٠- وَجَآءَ رَجُلٌ مِّنْ
اَقْصَا الْمَدِيْنَةِ يَسْعٰى ۫ قَالَ يٰمُوْسٰٓى
اِنَّ الْمَلَاَ يَاْتَمِرُوْنَ بِكَ لِيَقْتُلُوْكَ
فَاخْرُجْ اِنِّىْ لَكَ مِنَ النّٰصِحِيْنَ ○

২১. তারপর মূসা বেরিয়ে পড়ল সেখান হতে ভীত-সতর্ক অবস্থায়। সে বলল ঃ হে আমার রব ! আপনি আমাকে রক্ষা করুন যালিম লোকদের থেকে।

٢١- فَخَرَجَ مِنْهَا خَآئِفًا يَّتَرَقَّبُ ۫
قَالَ رَبِّ نَجِّنِىْ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ○

২২. আর যখন মূসা যাত্রা করল মাদ্ইয়ান অভিমুখে, তখন সে বলল ঃ আশা করি আমার রব আমাকে দেখাবেন সরল সঠিক পথ।

٢٢- وَلَمَّا تَوَجَّهَ تِلْقَآءَ مَدْيَنَ
قَالَ عَسٰى رَبِّىْٓ اَنْ يَّهْدِيَنِىْ سَوَآءَ
السَّبِيْلِ ○

২৩. তারপর যখন সে উপনীত হল মাদ্ইয়ানের একটি কূপের কাছে, তখন সে পেল সেখানে একদল লোক, যারা তাদের জানোয়ারগুলোকে পানি পান করাচ্ছে এবং দেখতে পেল তাদের পেছনে দু'জন মেয়ে লোককে, যারা তাদের পশুগুলোকে আগলাচ্ছিল। মূসা বলল ঃ তোমাদের ব্যাপার কী ? তারা বলল ঃ আমরা আমাদের জানোয়ার-গুলোকে পানি পান করাই না, যতক্ষণ না রাখালেরা তাদের জানোয়ারগুলো নিয়ে সরে যায়। আর আমাদের পিতা অতি বৃদ্ধ।

٢٣- وَلَمَّا وَرَدَ مَآءَ مَدْيَنَ
وَجَدَ عَلَيْهِ اُمَّةً مِّنَ النَّاسِ يَسْقُوْنَ ۬
وَ وَجَدَ مِنْ دُوْنِهِمُ امْرَاَتَيْنِ تَذُوْدٰنِ ۚ
قَالَ مَا خَطْبُكُمَا ۖ
قَالَتَا لَا نَسْقِىْ حَتّٰى يُصْدِرَ الرِّعَآءُ ٚ
وَاَبُوْنَا شَيْخٌ كَبِيْرٌ ○

www.pathagar.com

٢٤- فَسَقٰى لَهُمَا ثُمَّ تَوَلّٰٓى
إِلَى الظِّلِّ فَقَالَ رَبِّ إِنِّىْ لِمَآ أَنْزَلْتَ إِلَىَّ
مِنْ خَيْرٍ فَقِيْرٌ ○

২৪. তারপর মূসা জানোয়াগুলোকে পানি পান করাল তাদের পক্ষে। পরে সে গাছের ছায়ায় আশ্রয় নিয়ে বলল ঃ হে আমার রব ! আমি তো সে অনুগ্রহের কাঙাল, যা তুমি আমার প্রতি করবে।

٢٥- فَجَآءَتْهُ إِحْدٰىهُمَا تَمْشِىْ عَلَى اسْتِحْيَآءٍ ز
قَالَتْ إِنَّ أَبِىْ يَدْعُوْكَ لِيَجْزِيَكَ أَجْرَ
مَا سَقَيْتَ لَنَا ط
فَلَمَّا جَآءَهٗ وَقَصَّ عَلَيْهِ الْقَصَصَ لا
قَالَ لَا تَخَفْ قف
نَجَوْتَ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ○

২৫. তারপর এলো তার কাছে সে নারীদ্বয়ের একজন শরম জড়িত চরণে এবং বলল ঃ আমার পিতা তো আপনাকে ডাকছেন, আপনাকে পারিশ্রমিক দিতে, আপনি যে আমাদের পক্ষে জানোয়ার-গুলোকে পানি পান করিয়েছেন সে জন্য। তারপর মূসা এলো তার কাছে এবং বর্ণনা করল তার কাছে সমস্ত বৃত্তান্ত। সে বলল ঃ ভয় করো না, তুমি বেঁচে গেছ যালিম লোকদের হাত থেকে।

٢٦- قَالَتْ إِحْدٰىهُمَا يٰٓأَبَتِ اسْتَأْجِرْهُ ز
إِنَّ خَيْرَ مَنِ اسْتَأْجَرْتَ
الْقَوِىُّ الْأَمِيْنُ ○

২৬. মেয়েদের দু'জনের একজন বলল ঃ হে আমার আব্বা ! আপনি মজুর নিয়োগ করেন একে ; কেননা, সে-ই উত্তম মজুর হবে আপনার যে শক্তিশালী, বিশ্বস্ত।

٢٧- قَالَ إِنِّىْٓ أُرِيْدُ أَنْ أُنْكِحَكَ إِحْدَى ابْنَتَىَّ
هٰتَيْنِ عَلٰٓى أَنْ تَأْجُرَنِىْ ثَمٰنِىَ حِجَجٍ ج
فَإِنْ أَتْمَمْتَ عَشْرًا فَمِنْ عِنْدِكَ ج
وَمَآ أُرِيْدُ أَنْ أَشُقَّ عَلَيْكَ ط
سَتَجِدُنِىْٓ إِنْ شَآءَ اللّٰهُ مِنَ الصّٰلِحِيْنَ ○

২৭. সে মূসাকে বলল ঃ আমি চাই, আমার এ দু' কন্যার একজনকে তোমার সাথে বিয়ে দিতে এ শর্তে যে, তুমি আমার কাজ করবে আট বছর, তবে যদি তুমি পূর্ণ করো দশ বছর, সে তোমার ইচ্ছা। আর আমি চাই না তোমাকে কোন কষ্ট দিতে। অবশ্যই তুমি আমাকে পাবে ইনশা আল্লাহ্ নেক্‌কারদের একজন।

٢٨- قَالَ ذٰلِكَ بَيْنِىْ وَبَيْنَكَ ط
أَيَّمَا الْأَجَلَيْنِ قَضَيْتُ
فَلَا عُدْوَانَ عَلَىَّ ط
وَاللّٰهُ عَلٰى مَا نَقُوْلُ وَكِيْلٌ ○

২৮. সে (মূসা) বললো ঃ এ চুক্তি হলো আমার ও আপনার মাঝে। এই দুই মিয়াদের যে কোন একটি আমি পূর্ণ করলে কোন অভিযোগ থাকবে না আমার বিরুদ্ধে। আর আল্লাহ্, আমরা যা বলছি সে বিষয়ে সাক্ষী।

www.pathagar.com

٢٩- فَلَمَّا قَضَىٰ مُوسَى الْأَجَلَ
وَسَارَ بِأَهْلِهِ آنَسَ مِن جَانِبِ الطُّورِ نَارًا
قَالَ لِأَهْلِهِ امْكُثُوا
إِنِّي آنَسْتُ نَارًا لَّعَلِّي آتِيكُم
مِّنْهَا بِخَبَرٍ
أَوْ جَذْوَةٍ مِّنَ النَّارِ
لَعَلَّكُمْ تَصْطَلُونَ ○

২৯. তারপর যখন মূসা পূর্ণ করল তার মিয়াদ এবং যাত্রা করল তার পরিবার নিয়ে, তখন সে সন্ধান পেল তূর পাহাড়ের দিকে আগুনের। সে তার পরিবার পরিজনকে বলল ঃ তোমরা অপেক্ষা কর, আমি তো সন্ধান পেয়েছি আগুনের, হয়ত আমি নিয়ে আসব তোমাদের জন্য সেখান থেকে খবর, অথবা নিয়ে আসব একখণ্ড জ্বলন্ত অঙ্গার, যাতে তোমরা তাপ লাভ করতে পার।

٣٠- فَلَمَّا أَتَاهَا نُودِيَ
مِن شَاطِئِ الْوَادِ الْأَيْمَنِ
فِي الْبُقْعَةِ الْمُبَارَكَةِ مِنَ الشَّجَرَةِ
أَن يَا مُوسَىٰ إِنِّي أَنَا اللَّهُ رَبُّ الْعَالَمِينَ ○

৩০. আর মূসা যখন সেখানে পৌঁছল, তখন তাকে ডেকে বলা হল, উপত্যকার দক্ষিণ পাশে অবস্থিত পবিত্র ভূমির এক গাছের দিক থেকে ঃ হে মূসা ! আমিই আল্লাহ্, সারা জাহানের রব।

٣١- وَأَنْ أَلْقِ عَصَاكَ ۖ فَلَمَّا رَآهَا
تَهْتَزُّ كَأَنَّهَا جَانٌّ وَلَّىٰ مُدْبِرًا
وَلَمْ يُعَقِّبْ ۚ يَا مُوسَىٰ أَقْبِلْ وَلَا تَخَفْ ۖ
إِنَّكَ مِنَ الْآمِنِينَ ○

৩১. আরো বলা হল ঃ তুমি নিক্ষেপ কর তোমার লাঠি, তারপর যখন সে তা দেখল সাপের ন্যায় ছুটাছুটি করছে তখন সে পেছনের দিকে ছুটতে লাগল এবং ফিরেও তাকালো না। তাকে বলা হলো ঃ হে মূসা ! এগিয়ে এসো, ভয় করো না, তুমি তো নিরাপদ।

٣٢- اسْلُكْ يَدَكَ فِي جَيْبِكَ تَخْرُجْ بَيْضَاءَ
مِنْ غَيْرِ سُوءٍ وَاضْمُمْ إِلَيْكَ جَنَاحَكَ
مِنَ الرَّهْبِ فَذَانِكَ بُرْهَانَانِ مِن رَّبِّكَ
إِلَىٰ فِرْعَوْنَ وَمَلَئِهِ ۚ
إِنَّهُمْ كَانُوا قَوْمًا فَاسِقِينَ ○

৩২. রাখ তুমি তোমার হাত তোমার বগলে, তা বেরিয়ে আসবে শুভ্র-সমুজ্জ্বল নির্মল অবস্থায়। আর তুমি চেপে ধর তোমার দু'টি হাত তোমার বক্ষে ভয় দূর করার জন্য। এ দু'টি তোমার রবের তরফ থেকে দু'টো প্রমাণ, ফির'আউন ও তার পারিষদবর্গের জন্য। তারা তো ফাসিক কাওম।

٣٣- قَالَ رَبِّ إِنِّي قَتَلْتُ
مِنْهُمْ نَفْسًا فَأَخَافُ أَن يَقْتُلُونِ ○

৩৩. সে (মূসা) বলল ঃ হে আমার রব ! আমি তো হত্যা করেছি তাদের একজনকে। তাই আমি আশংকা করি যে, তারা আমাকে হত্যা করবে।

www.pathagar.com

٣٤- وَ اَخِىْ هٰرُوْنُ هُوَ اَفْصَحُ مِنِّىْ لِسَانًا
فَاَرْسِلْهُ مَعِىَ رِدْاً يُّصَدِّقُنِىْٓ ز
اِنِّىْٓ اَخَافُ اَنْ يُّكَذِّبُوْنِ ○

৩৪. আর আমার ভাই হারূন, সে তো আমার চাইতে বাগ্মী, সুতরাং রাসূলরূপে প্রেরণ করুন তাকে আমার সাথে সাহায্যকারীরূপে, সে আমাকে প্রত্যায়ন করবে। আমি তো ভয় করি যে, তারা আমাকে অস্বীকার করবে।

٣٥- قَالَ سَنَشُدُّ عَضُدَكَ بِاَخِيْكَ
وَنَجْعَلُ لَكُمَا سُلْطٰنًا
فَـلَا يَصِلُوْنَ اِلَيْكُمَا ۚ بِاٰيٰتِنَآ ۚ
اَنْتُمَا وَ مَنِ اتَّبَعَكُمَا الْغٰلِبُوْنَ ○

৩৫. আল্লাহ্ বললেন ঃ অবশ্যই আমি শক্তিশালী করব তোমার বাহু তোমার ভাইকে দিয়ে এবং দেব আমি তোমাদের উভয়কে ক্ষমতা আর তারা পৌঁছতে পারবে না তোমদের কাছে। আমার নিদর্শনাবলীর কারণে তোমরা এবং তোমাদের অনুসারীরা বিজয়ী হবে।

٣٦- فَلَمَّا جَآءَهُمْ مُّوْسٰى بِاٰيٰتِنَا بَيِّنٰتٍ
قَالُوْا مَا هٰذَآ اِلَّا سِحْرٌ مُّفْتَرًى
وَّمَا سَمِعْنَا بِهٰذَا فِىْٓ اٰبَآئِنَا الْاَوَّلِيْنَ ○

৩৬. তারপর যখন মূসা তাদের কাছে পৌঁছল, আমার সুস্পষ্ট নিদর্শনাবলী নিয়ে, তখন তারা বলল ঃ এতো উদ্ভাবিত যাদু ছাড়া আর কিছু নয়। আর আমরা তো শুনিনি এরূপ কথা আমাদের পূর্ববর্তী বাপ-দাদাদের কালে।

٣٧- وَقَالَ مُوْسٰى رَبِّىْٓ اَعْلَمُ
بِمَنْ جَآءَ بِالْهُدٰى مِنْ عِنْدِهٖ
وَمَنْ تَكُوْنُ لَهٗ عَاقِبَةُ الدَّارِ ط
اِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ○

৩৭. আর মূসা বলল ঃ আমার রব ভাল জানেন তার সম্বন্ধে যে নিয়ে এসেছে হিদায়েত তাঁর কাছ থেকে এবং কার পরিণতি আখিরাতে শুভ হবে। কখনো সফলকাম হবে না যালিমরা।

٣٨- وَقَالَ فِرْعَوْنُ يٰٓاَيُّهَا الْمَلَاُ مَا عَلِمْتُ
لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرِىْ ۚ
فَاَوْقِدْ لِىْ يٰهَامٰنُ عَلَى الطِّيْنِ فَاجْعَلْ لِّىْ
صَرْحًا لَّعَلِّىْٓ اَطَّلِعُ اِلٰٓى اِلٰهِ مُوْسٰى ٧
وَاِنِّىْ لَاَظُنُّهٗ مِنَ الْكٰذِبِيْنَ ○

৩৮. আর বলল ফিরআওন ঃ হে পারিষদবর্গ! আমি তো জানি না তোমাদের জন্য অন্য কোন ইলাহ্ আছে আমি ছাড়া ! অতএব হে হামান ! তুমি আমার জন্য ইট পোড়াও এবং তৈরী কর আমার জন্য একটি সুউচ্চ প্রাসাদ, হয়ত আমি এতে উঠে দেখতে পাব মূসার ইলাহ্‌কে। তবে আমি তো মনে করি তাকে একজন মিথ্যাবাদী।

www.pathagar.com

৩৯. আর অন্যায়ভাবে অহংকার করেছিল ফির'আউন ও তার বাহিনী পৃথিবীতে এবং আরো মনে করেছিল যে, তাদের কখনো আমার কাছে ফিরিয়ে আনা হবে না।

٣٩- وَاسْتَكْبَرَ هُوَ وَجُنُوْدُهٗ فِي الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَظَنُّوْٓا اَنَّهُمْ اِلَيْنَا لَا يُرْجَعُوْنَ ○

৪০. অবশেষে আমি পাকড়াও করলাম তাকে ও তার বাহিনীকে এবং নিক্ষেপ করলাম তাদের সমুদ্রে। লক্ষ্য কর, কেমন হয়েছিল পরিণাম যালিমদের !

٤٠- فَاَخَذْنٰهُ وَجُنُوْدَهٗ فَنَبَذْنٰهُمْ فِي الْيَمِّ ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ○

৪১. আর আমি তাদের বানিয়েছিলাম নেতা, তারা ডাকত লোকদের জাহান্নামের দিকে, কিয়ামতের দিন তাদের সাহায্য করা হবে না।

٤١- وَجَعَلْنٰهُمْ اَئِمَّةً يَّدْعُوْنَ اِلَى النَّارِ ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ لَا يُنْصَرُوْنَ ○

৪২. আর আমি তাদের পেছনে লাগিয়ে দিয়েছি এ পৃথিবীতে লা'নত এবং কিয়ামতের দিন তারা হবে ঘৃণিত।

٤٢- وَاَتْبَعْنٰهُمْ فِيْ هٰذِهِ الدُّنْيَا لَعْنَةً ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ هُمْ مِّنَ الْمَقْبُوْحِيْنَ ○

৪৩. আর আমি তো দিয়েছিলাম মূসাকে কিতাব পূর্ববর্তী বহু মানবগোষ্ঠীকে ধ্বংস করার পর, মানুষের জন্য জ্ঞানবর্তিকা, হিদায়েত ও রহমতস্বরূপ, যাতে তারা উপদেশ গ্রহণ করে।

٤٣- وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ مِنْۢ بَعْدِ مَآ اَهْلَكْنَا الْقُرُوْنَ الْاُوْلٰى بَصَآئِرَ لِلنَّاسِ وَهُدًى وَّرَحْمَةً لَّعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ○

৪৪. আর আপনি উপস্থিত ছিলেন না পশ্চিম প্রান্তে, যখন আমি বিধান দিয়েছিলাম মূসাকে এবং আপনি প্রত্যক্ষদর্শীও ছিলেন না।

٤٤- وَمَا كُنْتَ بِجَانِبِ الْغَرْبِيِّ اِذْ قَضَيْنَآ اِلٰى مُوْسَى الْاَمْرَ وَمَا كُنْتَ مِنَ الشّٰهِدِيْنَ ○

৪৫. বস্তুত আমি সৃষ্টি করেছিলাম অনেক মানবগোষ্ঠী, তারপর অতিবাহিত হয়েছিল তাদের উপর দীর্ঘ সময়। আর আপনি অবস্থান করছিলেন না মাদ্ইয়ানবাসীদের মাঝে, তাদের কাছে আমার আয়াত পাঠ করে শোনাবার জন্য। কিন্তু আমিই রাসূল প্রেরণকারী।

٤٥- وَلٰكِنَّآ اَنْشَاْنَا قُرُوْنًا فَتَطَاوَلَ عَلَيْهِمُ الْعُمُرُ ۚ وَمَا كُنْتَ ثَاوِيًا فِيْٓ اَهْلِ مَدْيَنَ تَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِنَا ۙ وَلٰكِنَّا كُنَّا مُرْسِلِيْنَ ○

৪৬. আর আপনি উপস্থিত ছিলেন না তূর পর্বতের পাশে, যখন আমি আহ্বান

٤٦- وَمَا كُنْتَ بِجَانِبِ الطُّوْرِ

করেছিলাম মূসাকে। আসলে এটা রহমত আপনার রবের তরফ থেকে, যাতে আপনি সতর্ক করতে পারেন এমন এক কাওমকে, যাদের কাছে আসেনি কোন সতর্ককারী আপনার আগে, যাতে তারা উপদেশ গ্রহণ করে।

إِذْ نَادَيْنَا وَلَٰكِن رَّحْمَةً مِّن رَّبِّكَ لِتُنذِرَ قَوْمًا مَّا أَتَاهُم مِّن نَّذِيرٍ مِّن قَبْلِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ○

৪৭. আর যদি এমন না হত যে, তাদের কৃতকর্মের দরুণ তাদের উপর কোন বিপদ আপতিত হয়, আর তারা বলে ঃ হে আমাদের রব ! কেন আপনি পাঠালেন না আমাদের কাছে কোন রাসূল ? পাঠালে আমরা মেনে চলতাম আপনার নিদর্শন এবং হতাম আমরা মু'মিন।

٤٧- وَلَوْلَا أَن تُصِيبَهُم مُّصِيبَةٌ بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ فَيَقُولُوا رَبَّنَا لَوْلَا أَرْسَلْتَ إِلَيْنَا رَسُولًا فَنَتَّبِعَ آيَاتِكَ وَنَكُونَ مِنَ الْمُؤْمِنِينَ ○

৪৮. তারপর যখন এল তাদের কাছে আমার তরফ থেকে সত্য, তখন তারা বলল ঃ কেন তাকে দেয়া হলো না, যেমন দেয়া হয়েছিল মূসাকে ? কিন্তু তারা কি প্রত্যাখ্যান করেনি মূসাকে, যা দেওয়া হয়েছিল এর পূর্বে ? তারা বলেছিল ঃ দু'টিই যাদু, একটি অপরটির সমর্থক। আর তারা বলেছিল ঃ আমরা তো সবই প্রত্যাখ্যান করি।

٤٨- فَلَمَّا جَاءَهُمُ الْحَقُّ مِنْ عِندِنَا قَالُوا لَوْلَا أُوتِيَ مِثْلَ مَا أُوتِيَ مُوسَىٰ ۚ أَوَلَمْ يَكْفُرُوا بِمَا أُوتِيَ مُوسَىٰ مِن قَبْلُ ۖ قَالُوا سِحْرَانِ تَظَاهَرَا وَقَالُوا إِنَّا بِكُلٍّ كَافِرُونَ ○

৪৯. আপনি বলুন ঃ তা হলে তোমরা নিয়ে এস এক কিতাব আল্লাহ্‌র তরফ থেকে, যা হবে এ দু'টির চাইতে উৎকৃষ্ট পথ-নির্দেশক, আমি তা অনুসরণ করব, যদি হও তোমরা সত্যবাদী।

٤٩- قُلْ فَأْتُوا بِكِتَابٍ مِّنْ عِندِ اللَّهِ هُوَ أَهْدَىٰ مِنْهُمَا أَتَّبِعْهُ إِن كُنتُمْ صَادِقِينَ ○

৫০. তবে তারা যদি আপনার কথার জবাব না দেয়, তাহলে জেনে রাখবেন, তারা তো কেবল অনুসরণ করে তাদের খেয়াল-খুশীর, আর তার চাইতে অধিক গুমরাহ্ কে যে অনুসরণ করে তার খেয়াল-খুশীর আল্লাহ্‌র হিদায়েতকে

٥٠- فَإِن لَّمْ يَسْتَجِيبُوا لَكَ فَاعْلَمْ أَنَّمَا يَتَّبِعُونَ أَهْوَاءَهُمْ ۚ وَمَنْ أَضَلُّ مِمَّنِ اتَّبَعَ هَوَاهُ بِغَيْرِ هُدًى مِّنَ اللَّهِ ۚ

إِنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ○

অগ্রাহ্য করে ? নিশ্চয় আল্লাহ্ হিদায়েত দেন না যালিম লোকদের।

সূরা সাফ্ফাত, ৩৭ ঃ ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২

١١٤- وَلَقَدْ مَنَنَّا عَلٰى مُوْسٰى وَهٰرُوْنَ ○

১১৪. আর আমি তো অনুগ্রহ করেছিলাম মূসা ও হারুনের প্রতি,

١١٥- وَنَجَّيْنٰهُمَا وَقَوْمَهُمَا مِنَ الْكَرْبِ الْعَظِيْمِ ○

১১৫. এবং উদ্ধার করেছিলাম তাদের উভয়কে এবং তাদের কাওমকে মহাসংকট থেকে।

١١٦- وَنَصَرْنٰهُمْ فَكَانُوْا هُمُ الْغٰلِبِيْنَ ○

১১৬. আর আমি সাহায্য করেছিলাম তাদের ফলে তারাই হয়েছিল বিজয়ী।

١١٧- وَاٰتَيْنٰهُمَا الْكِتٰبَ الْمُسْتَبِيْنَ ○

১১৭. আর আমি দিয়েছিলাম তাদের উভয়কে বিশদ কিতাব।

١١٨- وَهَدَيْنٰهُمَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ○

১১৮. এবং আমি হিদায়েত দান করেছিলাম তাদের উভয়কে সরল সঠিক পথের।

١١٩- وَتَرَكْنَا عَلَيْهِمَا فِى الْاٰخِرِيْنَ ○

১১৯. আর আমি স্মরণীয় করে রেখেছি তাদের উভয়কে পরবর্তীদের মাঝে।

١٢٠- سَلٰمٌ عَلٰى مُوْسٰى وَهٰرُوْنَ ○

১২০. শান্তি বর্ষিত হউক মূসা ও হারুনের প্রতি।

١٢١- اِنَّا كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ○

১২১. আমি তো এভাবেই পুরস্কার দেই নেক্কারদের।

١٢٢- اِنَّهُمَا مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِيْنَ ○

১২২. তারা তো উভয়েই ছিল আমার মু'মিন বান্দাদের শামিল।

সূরা মু'মিনূন, ৪০ ঃ ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৬, ৩৭, ৫৩, ৫৪

٢٣- وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰى بِاٰيٰتِنَا وَسُلْطٰنٍ مُّبِيْنٍ ○

২৩. আর আমি তো পাঠিয়েছিলাম মূসাকে আমার নিদর্শন ও স্পষ্ট প্রমাণ দিয়ে—

٢٤- اِلٰى فِرْعَوْنَ وَهَامٰنَ وَقَارُوْنَ فَقَالُوْا سٰحِرٌ كَذَّابٌ ○

২৪. ফির'আউন, হামান ও কারূণের কাছে। কিন্তু তারা বলেছিল ঃ এ লোক তো বড় যাদুকর, চরম মিথ্যাবাদী।

www.pathagar.com

٢٥- فَلَمَّا جَآءَهُم بِالْحَقِّ مِنْ عِندِنَا
قَالُوا اقْتُلُوٓا أَبْنَآءَ الَّذِينَ آمَنُوا
مَعَهُ وَاسْتَحْيُوا نِسَآءَهُمْ ۚ
وَمَا كَيْدُ الْكٰفِرِينَ إِلَّا فِي ضَلٰلٍ ○

২৫. তারপর যখন মূসা এলো তাদের কাছে সত্য নিয়ে আমার তরফ থেকে, এখন তারা বলল ঃ তোমরা হত্যা কর মূসার সাথে যারা ঈমান এনেছে তাদের সন্তানদের এবং জীবিত রেখে দাও তাদের নারীদের। আর কাফিরদের ষড়যন্ত্র তো ব্যর্থ হবারই।

٢٦- وَقَالَ فِرْعَوْنُ ذَرُونِيٓ أَقْتُلْ مُوسٰى
وَلْيَدْعُ رَبَّهُۥٓ ۖ
إِنِّيٓ أَخَافُ أَن يُبَدِّلَ دِينَكُمْ
أَوْ أَن يُظْهِرَ فِي الْأَرْضِ الْفَسَادَ ○

২৬. আর ফির'আউন বলল ঃ ছেড়ে দাও আমাকে, আমি হত্যা করব মূসাকে এবং সে ডাকুক তার রবকে। আমি তো ভয় করি যে, সে পরিবর্তন করে দেবে তোমাদের দীন অথবা সে ফ্যাসাদ সৃষ্টি করবে যমীনে।

٢٧- وَقَالَ مُوسٰىٓ إِنِّي عُذْتُ بِرَبِّي
وَرَبِّكُم مِّن كُلِّ مُتَكَبِّرٍ
لَّا يُؤْمِنُ بِيَوْمِ الْحِسَابِ ○

২৭. আর মূসা বলল ঃ আমি তো শরণাপন্ন হয়েছি আমার রবের এবং তোমাদের রবের সে সব ঔদ্ধত্য ব্যক্তি থেকে, যারা ঈমান রাখে না বিচার দিনে।

٢٨- وَقَالَ رَجُلٌ مُّؤْمِنٌ ۖ
مِّنْ آلِ فِرْعَوْنَ يَكْتُمُ إِيمٰنَهُۥٓ
أَتَقْتُلُونَ رَجُلًا أَن يَقُولَ رَبِّيَ اللّٰهُ
وَقَدْ جَآءَكُم بِالْبَيِّنٰتِ مِن رَّبِّكُمْ ۖ
وَإِن يَكُ كٰذِبًا فَعَلَيْهِ كَذِبُهُۥ ۖ
وَإِن يَكُ صَادِقًا
يُصِبْكُم بَعْضُ الَّذِي يَعِدُكُمْ ۖ
إِنَّ اللّٰهَ لَا يَهْدِي مَنْ
هُوَ مُسْرِفٌ كَذَّابٌ ○

২৮. আর বলেছিল ফির'আউন বংশের এক মু'মিন ব্যক্তি, যে গোপন রেখেছিল তার ঈমান ঃ তোমরা কি হত্যা করবে এক ব্যক্তিকে এ জন্য যে সে বলে, আমার রব আল্লাহ্ অথচ সে নিয়ে এসেছে তোমাদের কাছে সুস্পষ্ট প্রমাণ তোমাদের রবের তরফ থেকে ? আর সে যদি মিথ্যাবাদী হয়, তবে সে দায়ী হবে তার মিথ্যার জন্য। আর যদি সে সত্যবাদী হয়, তবে তোমাদের উপর আপতিত হবে, যে শাস্তির কথা সে তোমাদের বলে তার কিছু। নিশ্চয় আল্লাহ্ হিদায়েত দান করেন না সীমালংঘনকারী, মিথ্যাবাদীদের।

٢٩- يٰقَوْمِ لَكُمُ الْمُلْكُ الْيَوْمَ
ظٰهِرِينَ فِي الْأَرْضِ ۫

২৯. হে আমার কাওম! দেশের কর্তৃত্ব আজ তোমাদের, পৃথিবীতে তোমরাই প্রবল। কিন্তু কে আমাদের সাহায্য করবে আল্লাহ্‌র শাস্তি আমাদের উপর আসলে

www.pathagar.com

فَمَنْ يَّنْصُرُنَا مِنْۢ بَاْسِ اللّٰهِ اِنْ جَآءَنَا ؕ
قَالَ فِرْعَوْنُ مَاۤ اُرِيْكُمْ اِلَّا مَاۤ اَرٰى
وَمَاۤ اَهْدِيْكُمْ اِلَّا سَبِيْلَ الرَّشَادِ ○

তা থেকে। ফির'আউন বলল ঃ আমি যা বুঝি, তাই আমি তোমাদের বলছি। আর আমি তোমাদের কেবল সৎপথই দেখাই।

٣٠- وَقَالَ الَّذِيْۤ اٰمَنَ يٰقَوْمِ
اِنِّيْۤ اَخَافُ عَلَيْكُمْ مِّثْلَ يَوْمِ الْاَحْزَابِ ○

৩০. মু'মিন লোকটি বলল ঃ আমি তো ভয় করছি তোমাদের জন্য পূর্ববর্তী সম্প্রদায়সমূহের শাস্তির দিনের অনুরূপ।

٣١- مِثْلَ دَاْبِ قَوْمِ نُوْحٍ
وَّعَادٍ وَّثَمُوْدَ وَالَّذِيْنَ مِنْۢ بَعْدِهِمْ ؕ
وَمَا اللّٰهُ يُرِيْدُ ظُلْمًا لِّلْعِبَادِ ○

৩১. যেমনটি ঘটেছিল নূহ্, আদ, সামূদ এবং তাদের পরবর্তীদের ব্যাপারে। আর আল্লাহ্ তো চান না যুলুম করতে বান্দাদের উপর।

٣٢- وَيٰقَوْمِ اِنِّيْۤ اَخَافُ عَلَيْكُمْ
يَوْمَ التَّنَادِ ○

৩২. হে আমার কাওম! আমি তো ভয় করছি তোমাদের জন্য কিয়ামতের দিনের।

٣٣- يَوْمَ تُوَلُّوْنَ مُدْبِرِيْنَ ۚ
مَا لَكُمْ مِّنَ اللّٰهِ مِنْ عَاصِمٍ ۚ
وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ
فَمَا لَهٗ مِنْ هَادٍ ○

৩৩. যে দিন তোমরা পিঠ ফিরিয়ে পালাবে, সেদিন থাকবে না তোমাদের জন্য কেউ আল্লাহ্‌র আযাব থেকে রক্ষা করার। আর আল্লাহ্ যাকে গুমরাহ করেন, নেই তার জন্য কোন হিদায়েতকারী।

٣٦- وَقَالَ فِرْعَوْنُ يٰهَامٰنُ ابْنِ لِيْ
صَرْحًا لَّعَلِّيْۤ اَبْلُغُ الْاَسْبَابَ ○

৩৬. আর ফির'আউন বলল ঃ হে হামান! তুমি নির্মাণ কর আমার জন্য এক সুউচ্চ প্রসাদ, যাতে আমি লাভ করতে পারি অবলম্বন।

٣٧- اَسْبَابَ السَّمٰوٰتِ فَاَطَّلِعَ اِلٰۤى اِلٰهِ مُوْسٰى
وَاِنِّيْ لَاَظُنُّهٗ كَاذِبًا ؕ
وَكَذٰلِكَ زُيِّنَ لِفِرْعَوْنَ سُوْٓءُ عَمَلِهٖ
وَصُدَّ عَنِ السَّبِيْلِ ؕ
وَمَا كَيْدُ فِرْعَوْنَ اِلَّا فِيْ تَبَابٍ ○

৩৭. আসমানে আরোহণ করার অবলম্বন, যাতে আমি দেখতে পাই মূসার ইলাহ্‌কে। আর আমি তো তাকে মিথ্যাবাদীই মনে করি। এভাবেই শোভন করা হয়েছিল ফির'আউনের জন্য তার মন্দকর্ম এবং তাকে নিবৃত্ত করা হয়েছিল সরল পথ থেকে। আর ফিরা'আউনের ষড়যন্ত্র তো সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছিল।

www.pathagar.com

٥٣- وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْهُدٰى
وَاَوْرَثْنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ الْكِتٰبَ ○

৫৩. আর আমি তো দান করেছিলাম মূসাকে হিদায়েত এবং উত্তরাধিকারী করেছিলাম বনূ ইস্‌রাঈলকে সে কিতাবের।

٥٤- هُدًى وَّذِكْرٰى لِاُولِى الْاَلْبَابِ ○

৫৪. যা ছিল হেদায়েত ও উপদেশ বোধশক্তি সম্পন্ন লোকদের জন্য।

সূরা হা-মীম আস্‌ সাজ্‌দা, ৪১ ঃ ৪৫

٤٥- وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ
فَاخْتُلِفَ فِيْهِ ؕ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ
مِنْ رَّبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ ؕ وَاِنَّهُمْ
لَفِيْ شَكٍّ مِّنْهُ مُرِيْبٍ ○

৪৫. আর আমি তো দিয়েছিলাম মূসাকে কিতাব, তারপর তাতে মতভেদ ঘটেছিল। আর যদি না থাকত পূর্ব সিদ্ধান্ত আপনার রবের তরফ থেকে, তাহলে অবশ্যই তাদের মাঝে ফয়সালা হয়ে যেত। আর তারা তো রয়েছে এ ব্যাপারে সন্দেহে।

সূরা যুখরুফ, ৪৩ ঃ ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬

٤٦- وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰى بِاٰيٰتِنَآ
اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ
فَقَالَ اِنِّيْ رَسُوْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ○

৪৬. আর আমি তো পাঠিয়েছিলাম মূসাকে আমার নিদর্শন দিয়ে ফির'আউন ও তার পারিষদবর্গের কাছে। সে বলেছিল ঃ আমি তা রাসূল রাব্বুল আলামীনের তরফ থেকে।

٤٧- فَلَمَّا جَآءَهُمْ
بِاٰيٰتِنَآ اِذَا هُمْ مِّنْهَا يَضْحَكُوْنَ ○

৪৭. তারপর সে যখন এলো তাদের কাছে আমার নিদর্শন নিয়ে, তখন তারা তা নিয়ে হাসিঠাট্টা করতে লাগল।

٤٨- وَمَا نُرِيْهِمْ مِّنْ اٰيَةٍ
اِلَّا هِيَ اَكْبَرُ مِنْ اُخْتِهَا ؗ
وَاَخَذْنٰهُمْ بِالْعَذَابِ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ○

৪৮. আর আমি তাদের দেখাইনি এমন কোন নিদর্শন, যা শ্রেষ্ঠ নয় তার অনুরূপ নিদর্শনের চাইতে। আর আমি তাদের পাকড়াও করলাম আযাব দিয়ে, যাতে তারা ফিরে আসে।

٤٩- وَقَالُوْا يٰٓاَيُّهَ السّٰحِرُ ادْعُ لَنَا رَبَّكَ
بِمَا عَهِدَ عِنْدَكَ ۚ
اِنَّنَا لَمُهْتَدُوْنَ ○

৪৯. কিন্তু তারা বলল ঃ হে যাদুকর ! তুমি চাও তোমার রবের কাছে আমাদের জন্য তা, যার প্রতিশ্রুতি তিনি তোমাকে দিয়েছেন, তাহলে অবশ্যই আমরা সৎপথ অবলম্বন করব।

www.pathagar.com

৫০. তারপর যখন আমি বিদূরিত করলাম আযাব তাদের থেকে, তখনই তারা ভঙ্গ করল অঙ্গীকার।

٥٠- فَلَمَّا كَشَفْنَا عَنْهُمُ الْعَذَابَ
إِذَا هُمْ يَنْكُثُونَ ○

৫১. আর ফির'আউন এ বলে ঘোষণা করে দিল তার লোকদের মাঝে ঃ হে আমার কাওম ! মিসর রাজ্য কি আমার নয় ? আর এই নদীগুলো যা আমার পাদদেশে প্রবাহিত হয় ? তোমরা কি দেখ না ?

٥١- وَنَادَىٰ فِرْعَوْنُ فِي قَوْمِهِ قَالَ
يَٰقَوْمِ أَلَيْسَ لِي مُلْكُ مِصْرَ
وَهَٰذِهِ الْأَنْهَٰرُ تَجْرِي مِنْ تَحْتِيٓ ۚ
أَفَلَا تُبْصِرُونَ ○

৫২. অথবা আমি কি নই উত্তম এই ব্যক্তির চাইতে যে হীন এবং যে স্পষ্টভাবে কথা বলতে পারে না ?

٥٢- أَمْ أَنَا خَيْرٌ مِّنْ هَٰذَا الَّذِي
هُوَ مَهِينٌ ۙ وَلَا يَكَادُ يُبِينُ ○

৫৩. কেন দেয়া হলো না মূসাকে সোনার কাকন অথবা এলো না কেন তার সাথে ফিরিশতারা দলবদ্ধ হয়ে ?

٥٣- فَلَوْلَآ أُلْقِيَ عَلَيْهِ أَسْوِرَةٌ مِّنْ ذَهَبٍ
أَوْ جَآءَ مَعَهُ الْمَلَٰٓئِكَةُ مُقْتَرِنِينَ ○

৫৪. এভাবেই ফির'আউন হতবুদ্ধি করে দিল তার লোকদের, ফলে তারা তার কথা মেনে নিল। তারা ছিল এক নাফরমান সম্প্রদায়।

٥٤- فَاسْتَخَفَّ قَوْمَهُ فَأَطَاعُوهُ ۚ
إِنَّهُمْ كَانُوا قَوْمًا فَٰسِقِينَ ○

৫৫. আর তারা যখন আমাকে ক্রোধান্বিত করল। তখন আমি তাদের শাস্তি দিলাম এবং তাদের সবাইকে ডুবিয়ে মারলাম।

٥٥- فَلَمَّآ ءَاسَفُونَا انْتَقَمْنَا مِنْهُمْ
فَأَغْرَقْنَٰهُمْ أَجْمَعِينَ ○

৫৬. আর আমি তাদের করলাম পরবর্তীদের জন্য অতীত ইতিহাস ও দৃষ্টান্ত।

٥٦- فَجَعَلْنَٰهُمْ سَلَفًا وَمَثَلًا لِّلْءَاخِرِينَ ○

সূরা দুখান, ৪৪ ঃ ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪

১৭. আর আমি তো পরীক্ষা করেছিলাম তাদের আগে ফির'আউনের কাওমকে এবং এসেছিল তাদের কাছে এক সম্মানিত রাসূল,

١٧- وَلَقَدْ فَتَنَّا قَبْلَهُمْ قَوْمَ فِرْعَوْنَ
وَجَآءَهُمْ رَسُولٌ كَرِيمٌ ○

১৮. সে (মূসা) বলেছিল ঃ আমার কাছে দাও আল্লাহ্‌র বান্দাদের। আমি তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল।

١٨- أَنْ أَدُّوٓا إِلَيَّ عِبَادَ اللَّهِ ۖ
إِنِّي لَكُمْ رَسُولٌ أَمِينٌ ○

www.pathagar.com

১৯. আর তোমরা ঔদ্ধত্য প্রকাশ করো না আল্লাহ্‌র বিরুদ্ধে, অবশ্যই আমি নিয়ে আসব তোমাদের কাছে স্পষ্ট মু'জিযা।

١٩- وَّاَنْ لَّا تَعْلُوْا عَلَى اللّٰهِ ۚ اِنِّيْٓ اٰتِيْكُمْ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ○

২০. আর আমি তো আশ্রয় নিচ্ছি আমার রবের এবং তোমাদের রবের, যাতে তোমরা পাথর মেরে আমাকে হত্যা না কর।

٢٠- وَاِنِّيْ عُذْتُ بِرَبِّيْ وَرَبِّكُمْ اَنْ تَرْجُمُوْنِ ○

২১. আর যদি তোমরা আমার কথায় বিশ্বাস না কর, তবে পৃথক হয়ে যাও আমার থেকে।

٢١- وَاِنْ لَّمْ تُؤْمِنُوْا لِيْ فَاعْتَزِلُوْنِ ○

২২. তারপর মূসা দু'আ করল তার রবের কাছে ঃ এরা তো এক অপরাধী কাওম।

٢٢- فَدَعَا رَبَّهٗٓ اَنَّ هٰٓؤُلَآءِ قَوْمٌ مُّجْرِمُوْنَ ○

২৩. (আল্লাহ্ বলেন) আমি বললাম ঃ তুমি বেরিয়ে পড় আমার বান্দাদের নিয়ে রাতের বেলায়। অবশ্যই তোমাদের পশ্চাদ্ধাবন করা হবে।

٢٣- فَاَسْرِ بِعِبَادِيْ لَيْلًا اِنَّكُمْ مُّتَّبَعُوْنَ ○

২৪. আর স্থির থাকতে দাও সমুদ্রকে। তারা তো এমন এক বাহিনী যারা নিমজ্জিত হবে।

٢٤- وَاتْرُكِ الْبَحْرَ رَهْوًا ۭ اِنَّهُمْ جُنْدٌ مُّغْرَقُوْنَ ○

সূরা যারিয়াত, ৫১ ঃ ৩৮, ৩৯, ৪০

৩৮. আর আমি নিদর্শন রেখেছি মূসার বৃত্তান্তে। যখন আমি তাকে পাঠিয়েছিলাম ফির'আউনের কাছে স্পষ্ট প্রমাণসহ,

٣٨- وَفِيْ مُوْسٰٓى اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ○

৩৯. তখন ফির'আউন মুখ ফিরিয়ে নিয়েছিল তার পারিষদবর্গসহ এবং বলেছিল ঃ এ ব্যক্তি এক যাদুকর, অথবা পাগল !

٣٩- فَتَوَلّٰى بِرُكْنِهٖ وَقَالَ سٰحِرٌ اَوْ مَجْنُوْنٌ ○

৪০. সুতরাং আমি পাকড়াও করলাম তাকে ও তার দলবলকে এবং নিক্ষেপ করলাম তাদের সমুদ্রে। সে তো ছিল তিরস্কার-যোগ্য।

٤٠- فَاَخَذْنٰهُ وَجُنُوْدَهٗ فَنَبَذْنٰهُمْ فِي الْيَمِّ وَهُوَ مُلِيْمٌ ○

সূরা সাফ্‌ফ, ৬১ ঃ ৫

৫. আর স্মরণ কর, বলেছিল মূসা তার কাওমকে ঃ হে আমার কাওম! তোমরা

٥- وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ

www.pathagar.com

لِمَ تُؤْذُوْنَنِيْ وَقَدْ تَّعْلَمُوْنَ اَنِّيْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ ؕ فَلَمَّا زَاغُوْٓا اَزَاغَ اللّٰهُ قُلُوْبَهُمْ ؕ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الْفٰسِقِيْنَ ○

আমাকে কষ্ট দিচ্ছ কেন অথচ তোমরা তো জান, আমি তোমাদের কাছে আল্লাহ্‌র রাসূল ? এরপর যখন তারা বাঁকা পথ অবলম্বন করল, তখন বাঁকা করে দিলেন আল্লাহ্‌র তাদের অন্তর। আর আল্লাহ্ হিদায়েত দেন না পাপাচারী লোকদের।

সূরা নাযি'আত, ৭৯ ঃ ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬

١٥- هَلْ اَتٰىكَ حَدِيْثُ مُوْسٰى ○

১৫. পৌঁছেনি কি আপনার কাছে মূসার বৃত্তান্ত ?

١٦- اِذْ نَادٰىهُ رَبُّهٗ بِالْوَادِ الْمُقَدَّسِ طُوًى ○

১৬. যখন ডেকে বলেছিলেন তাকে তার রব পবিত্র তূয়া উপত্যকায়,

١٧- اِذْهَبْ اِلٰى فِرْعَوْنَ اِنَّهٗ طَغٰى ○

১৭. তুমি যাও ফির'আউনের কাছে, সে তো সীমালংঘন করেছে,

١٨- فَقُلْ هَلْ لَّكَ اِلٰٓى اَنْ تَزَكّٰى ○

১৮. এবং বল, তোমার কি আগ্রহ আছে যে তুমি পরিশুদ্ধ হবে,

١٩- وَاَهْدِيَكَ اِلٰى رَبِّكَ فَتَخْشٰى ○

১৯. আর আমি তোমাকে পথ দেখাই তোমার রবের দিকে ?

٢٠- فَاَرٰىهُ الْاٰيَةَ الْكُبْرٰى ○

২০. তারপর সে তাকে দেখাল মহানিদর্শন।

٢١- فَكَذَّبَ وَعَصٰى ○

২১. কিন্তু ফির'আউন অস্বীকার করল এবং অবাধ্য হল,

٢٢- ثُمَّ اَدْبَرَ يَسْعٰى ○

২২. তারপর সে পিছনে ফিরে প্রতিবিধানে সচেষ্ট হল।

٢٣- فَحَشَرَ فَنَادٰى ○

২৩. সে সবাইকে সমবেত করল এবং ঘোষণা করল,

٢٤- فَقَالَ اَنَا رَبُّكُمُ الْاَعْلٰى ○

২৪. আর সে বলল ঃ আমিই তোমাদের শ্রেষ্ঠ রব।

٢٥- فَاَخَذَهُ اللّٰهُ نَكَالَ الْاٰخِرَةِ وَالْاُوْلٰى ○

২৫. অবশেষে তাকে পাকড়াও করলেন আল্লাহ্ আখিরাতে ও দুনিয়ার কঠিন শাস্তি দিয়ে।

٢٦- اِنَّ فِيْ ذٰلِكَ لَعِبْرَةً لِّمَنْ يَّخْشٰى ○

২৬. নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত শিক্ষা তার জন্য যে ভয় করে।

www.pathagar.com

হযরত হারূন (আ)

সূরা বাকারা, ২ ঃ ২৪৮

২৪৮. আর তাদের বলেছিল তাদের নবী ঃ নিশ্চয় তার রাজত্বের নিদর্শন হল এই যে, আসবে তোমাদের কাছে সেই সিন্দুক, যাতে থাকবে তোমাদের রবের তরফ থেকে চিত্ত-প্রশান্তি এবং মূসা ও হারূন বংশীয়গণ যা ছেড়ে গেছেন তার অবশিষ্টাংশ, যা বহন করবে ফিরিশ্‌তারা। নিশ্চয় এতে রয়েছে নিশ্চিত নিদর্শন তোমাদের জন্য, যদি তোমরা মু'মিন হও।

٢٤٨- وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ اِنَّ اٰيَةَ مُلْكِهٖٓ اَنْ يَّاْتِيَكُمُ التَّابُوْتُ فِيْهِ سَكِيْنَةٌ مِّنْ رَّبِّكُمْ وَ بَقِيَّةٌ مِّمَّا تَرَكَ اٰلُ مُوْسٰى وَاٰلُ هٰرُوْنَ تَحْمِلُهُ الْمَلٰٓئِكَةُ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ○

সূরা ইউনুস, ১০ ঃ ৭৫

৭৫. আর তাদের পরে আমি পাঠিয়েছিলাম মূসা ও হারূনকে আমার নিদর্শনাবলী দিয়ে ফির'আউন ও তার পারিষদবর্গের কাছে। কিন্তু তারা অহঙ্কার করেছিল, আর তারা তো ছিল অপরাধী কাওম।

٧٥- ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهِمْ مُّوْسٰى وَهٰرُوْنَ اِلٰى فِرْعَوْنَ وَ مَلَا۟ئِهٖ بِاٰيٰتِنَا فَاسْتَكْبَرُوْا وَ كَانُوْا قَوْمًا مُّجْرِمِيْنَ ○

সূরা মারইয়াম, ১৯ ঃ ৫৩

৫৩. আর আমি দান করেছিলাম মূসাকে স্বীয় অনুগ্রহে তার ভাই হারূনকে নবীরূপে।

٥٣- وَوَهَبْنَا لَهٗ مِنْ رَّحْمَتِنَآ اَخَاهُ هٰرُوْنَ نَبِيًّا ○

সূরা তো-হা, ২০ ঃ ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪

২৯. আর মূসা বলল ঃ হে আমার রব ! করে দিন আমার জন্য একজন উযীর, আমার আপনজনদের থেকে,

٢٩- وَاجْعَلْ لِّيْ وَزِيْرًا مِّنْ اَهْلِيْ ○

৩০. আমার ভাই হারূনকে,

٣٠- هٰرُوْنَ اَخِي ○

৩১. সুদৃঢ় করুন তাকে দিয়ে আমার শক্তি,

٣١- اشْدُدْ بِهٖٓ اَزْرِيْ ○

৩২. এবং অংশীদার করুন তাকে আমার কাজে।

٣٢- وَاَشْرِكْهُ فِيْٓ اَمْرِيْ ○

৩৩. যাতে আমরা আপনার বেশী বেশী তাসবীহ্ করতে পারি,

٣٣- كَيْ نُسَبِّحَكَ كَثِيْرًا ○

৩৪. এবং যাতে আমরা আপনার বেশী বশী যিকির করতে পারি।

٣٤- وَّنَذْكُرَكَ كَثِيْرًا ○

৩৫. আপনি তো আমাদের ব্যাপারে সম্যক দ্রষ্টা।

٣٥- اِنَّكَ كُنْتَ بِنَا بَصِيْرًا ○

৯০. আর হারূন তো আগেই বলেছিল তাদের ঃ হে আমার কাওম! তোমাদের তো পরীক্ষায় ফেলা হয়েছে এ বাছুর দিতে। নিশ্চয় তোমাদের রব দয়াময় আল্লাহ্, অতএব তোমরা অনুসরণ কর আমার এবং মেনে চল আমার আদেশ।

٩٠- وَلَقَدْ قَالَ لَهُمْ هٰرُوْنُ مِنْ قَبْلُ يٰقَوْمِ اِنَّمَا فُتِنْتُمْ بِهٖ ۚ وَاِنَّ رَبَّكُمُ الرَّحْمٰنُ فَاتَّبِعُوْنِيْ وَاَطِيْعُوْٓا اَمْرِيْ ○

৯১. তারা বলল ঃ আমরা কিছুতেই নিবৃত্ত হবো না বাছুর পূজা থেকে, যে পর্যন্ত না ফিরে আসে আমাদের কাছে মূসা।

٩١- قَالُوْا لَنْ نَّبْرَحَ عَلَيْهِ عٰكِفِيْنَ حَتّٰى يَرْجِعَ اِلَيْنَا مُوْسٰى ○

৯২. মূসা বলল ঃ হে হারূন ! কিসে তোমাকে বারণ করেছিল, যখন তুমি তাদের দেখেছিলে তারা গুমরাহ হয়েছে,

٩٢- قَالَ يٰهٰرُوْنُ مَا مَنَعَكَ اِذْ رَاَيْتَهُمْ ضَلُّوْٓا ○

৯৩. তোমাকে আমার অনুসরণ করা থেকে ? তবে কি তুমি অমান্য করলে আমার নির্দেশ ?

٩٣- اَلَّا تَتَّبِعَنِ ؕ اَفَعَصَيْتَ اَمْرِيْ ○

৯৪. হারূন বলল ঃ হে আমার সহোদর ! তুমি টেনো না আমার দাড়ি ও মাথার চুল ধরে, আমি তো আশংকা করছিলাম যে, তুমি বলবে ঃ তুমি বিভেদ সৃষ্টি করেছ বনূ ইসরাঈলের মধ্যে এবং তুমি যথাযথভাবে আমার কথা পালন করনি।

٩٤- قَالَ يَبْنَؤُمَّ لَا تَاْخُذْ بِلِحْيَتِيْ وَلَا بِرَاْسِيْ ۚ اِنِّيْ خَشِيْتُ اَنْ تَقُوْلَ فَرَّقْتَ بَيْنَ بَنِيْٓ اِسْرَآءِيْلَ وَلَمْ تَرْقُبْ قَوْلِيْ ○

সূরা আম্বিয়া, ২১ ঃ ৪৮

৪৮. আর আমি তো দিয়েছিলাম মূসা ও হারূনকে ফুরকান, জ্যোতি ও উপদেশ মুত্তাকীদের জন্য।

٤٨- وَلَقَدْ اٰتَيْنَا مُوْسٰى وَهٰرُوْنَ الْفُرْقَانَ وَضِيَآءً وَّذِكْرًا لِّلْمُتَّقِيْنَ ○

সূরা মু'মিনূন, ২৩ ঃ ৪৫, ৪৬, ৪৭, ৪৮

৪৫. তারপর আমি পাঠিয়েছিলাম মূসা ও তার ভাই হারূনকে আমার নিদর্শনাবলী ও সুস্পষ্ট প্রমাণসহ,

٤٥- ثُمَّ اَرۡسَلۡنَا مُوۡسٰى وَاَخَاهُ هٰرُوۡنَ بِاٰيٰتِنَا وَسُلۡطٰنٍ مُّبِيۡنٍ ○

৪৬. ফির'আউন ও তার পারিষদবর্গের কাছে। কিন্তু তারা অহংকার করেছিল, আর তারা ছিল ঔদ্ধত্য কাওম।

٤٦- اِلٰى فِرۡعَوۡنَ وَمَلَا۟ئِهٖ فَاسۡتَكۡبَرُوۡا وَكَانُوۡا قَوۡمًا عَالِيۡنَ ○

৪৭. তারা বলেছিল ঃ আমরা কি ঈমান আনব এমন দু'ব্যক্তির উপর, যারা আমাদেরই মত, আর যাদের কাওম আমাদের দাস ?

٤٧- فَقَالُوۡۤا اَنُؤۡمِنُ لِبَشَرَيۡنِ مِثۡلِنَا وَقَوۡمُهُمَا لَنَا عٰبِدُوۡنَ ○

৪৮. অতএব তারা তাদের উভয়কে অস্বীকার করল, ফলে তারা ধ্বংস হয়ে গেল।

٤٨- فَكَذَّبُوۡهُمَا فَكَانُوۡا مِنَ الۡمُهۡلَكِيۡنَ ○

সূরা ফুরকান, ২৫ ঃ ৩৫, ৩৬

৩৫. আর আমি তো দিয়েছিলাম মূসাকে কিতাব এবং করেছিলাম তার সাথে তার ভাই হারূনকে উযীর।

٣٥- وَلَقَدۡ اٰتَيۡنَا مُوۡسَى الۡكِتٰبَ وَجَعَلۡنَا مَعَهٗۤ اَخَاهُ هٰرُوۡنَ وَزِيۡرًا ○

৩৬. আর আমি বলেছিলাম তাদের উভয়কে, তোমরা যাও সেই কাওমের কাছে, যারা অস্বীকার করেছে আমার নিদর্শনাবলী। তারপর আমি বিধ্বস্ত করেছিলাম তাদের সম্পূর্ণরূপে।

٣٦- فَقُلۡنَا اذۡهَبَاۤ اِلَى الۡقَوۡمِ الَّذِيۡنَ كَذَّبُوۡا بِاٰيٰتِنَا ؕ فَدَمَّرۡنٰهُمۡ تَدۡمِيۡرًا ○

সূরা শু'আরা, ২৬ ঃ ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭

১২. সে (মূসা) বলেছিল ঃ হে আমার রব ! আমি তো ভয় করি যে, তারা আমাকে অস্বীকার করবে,

١٢- قَالَ رَبِّ اِنِّىۡۤ اَخَافُ اَنۡ يُّكَذِّبُوۡنِ ○

১৩. এবং সংকুচিত হয়ে পড়ছে আমার হৃদয়, আর আমার জিহবা তো সাবলীল নয়। অতএব ওহী পাঠান হারূনের প্রতিও।

١٣- وَيَضِيۡقُ صَدۡرِىۡ وَلَا يَنۡطَلِقُ لِسَانِىۡ فَاَرۡسِلۡ اِلٰى هٰرُوۡنَ ○

www.pathagar.com

١٤- وَلَهُمْ عَلَيَّ ذَنْبٌ
فَاَخَافُ اَنْ يَّقْتُلُوْنِ ○

১৪. আর তাদের তো রয়েছে আমার বিরুদ্ধে এক অভিযোগ, তাই আমি ভয় করি ; পাছে তারা আমাকে হত্যা করে ফেলে।

١٥- قَالَ كَلَّا ۚ فَاذْهَبَا بِاٰيٰتِنَآ
اِنَّا مَعَكُمْ مُّسْتَمِعُوْنَ ○

১৫. আল্লাহ্ বললেন ঃ না, কখন নয়। অতএব তোমরা উভয়ে যাও আমার নিদর্শন নিয়ে, আমি তো তোমাদের সাথে আছি শ্রবণকারী।

١٦- فَاْتِيَا فِرْعَوْنَ فَقُوْلَآ
اِنَّا رَسُوْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ○

১৬. সুতরাং তোমরা উভয়ে যাও ফির-'আউনের কাছে এবং বল ঃ আমরা তো রাসূল রাব্বুল আলামীনের।

١٧- اَنْ اَرْسِلْ مَعَنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ ○

১৭. আর যেতে দাও আমাদের সাথে বনূ ইসরাঈলকে।

সূরা কাসাস, ২৮ ঃ ৩৪, ৩৫

٣٤- وَاَخِيْ هٰرُوْنُ هُوَ اَفْصَحُ مِنِّيْ لِسَانًا
فَاَرْسِلْهُ مَعِيَ رِدْاً يُّصَدِّقُنِيْٓ ز
اِنِّيْٓ اَخَافُ اَنْ يُّكَذِّبُوْنِ ○

৩৪. (মূসা বলল) আর আমার ভাই হারূন আমার চাইতে বাগ্মী, অতএব তাকে আমার সাথে প্রেরণ করুন সাহায্যকারী-রূপে, সে আমাকে সমর্থন করবে। আমি তো ভয় করি যে, তারা আমাকে অস্বীকার করবে।

٣٥- قَالَ سَنَشُدُّ عَضُدَكَ بِاَخِيْكَ
وَنَجْعَلُ لَكُمَا سُلْطٰنًا
فَلَا يَصِلُوْنَ اِلَيْكُمَا ۚ بِاٰيٰتِنَآ ۚ
اَنْتُمَا وَمَنِ اتَّبَعَكُمَا الْغٰلِبُوْنَ ○

৩৫. আল্লাহ্ বললেন ঃ অবশ্যই আমি শক্তিশালী করব তোমার বাহুকে, তোমার ভাইকে দিয়ে আর তোমাদের উভয়কে প্রাধান্য দেব। অতএব তারা তোমাদের কাছে পৌঁছতে পারবে না। তোমরা উভয়ে এবং তোমাদের অনুসারীরা আমার নিদর্শনাবলীর কারণে বিজয়ী হবে।

সূরা সাফ্ফাত, ৩৭ ঃ ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২

١١٤- وَلَقَدْ مَنَنَّا عَلٰى مُوْسٰى وَهٰرُوْنَ ○

১১৪. আর আমি তো অনুগ্রহ করেছিলাম মূসা ও হারূনের প্রতি,

١١٥- وَنَجَّيْنٰهُمَا وَقَوْمَهُمَا
مِنَ الْكَرْبِ الْعَظِيْمِ ○

১১৫. এবং আমি উদ্ধার করেছিলাম তাদের উভয়কে এবং তাদের কাওমকে মহা-সংকট থেকে।

www.pathagar.com

১১৬. আমি সাহায্য করেছিলাম তাদের, ফলে তারা হয়েছিল বিজয়ী।

١١٦- وَنَصَرْنٰهُمْ فَكَانُوْا هُمُ الْغٰلِبِيْنَ ۝

১১৭. আর আমি দিয়েছিলাম তাদের উভয়কে বিশদ কিতাব।

١١٧- وَاٰتَيْنٰهُمَا الْكِتٰبَ الْمُسْتَبِيْنَ ۝

১১৮. আর আমি হিদায়েত দান করেছিলাম তাদের উভয়কে সরল সঠিক পথে।

١١٨- وَهَدَيْنٰهُمَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ۝

১১৯. আর তাদের উভয়কে আমি স্মরণীয় করে রেখেছিল পরবর্তীদের মাঝে।

١١٩- وَتَرَكْنَا عَلَيْهِمَا فِي الْاٰخِرِيْنَ ۝

১২০. শান্তি বর্ষিত হোক মূসা ও হারূনের প্রতি।

١٢٠- سَلٰمٌ عَلٰى مُوْسٰى وَهٰرُوْنَ ۝

১২১. এভাবেই আমি পুরস্কার দেই নেক্-কারদের।

١٢١- اِنَّا كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ۝

১২২. তারা উভয়েই ছিল আমার মু'মিন বান্দাদের অন্তর্ভুক্ত।

١٢٢- اِنَّهُمَا مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِيْنَ ۝

হযরত দাউদ (আ)

সূরা বাকারা, ২ ঃ ২৫১

২৫১. তারপর পরাভূত করল তারা তাদেরকে এবং হত্যা করল দাউদ জালূতকে। আর তাকে দান করেন আল্লাহ্ কর্তৃত্ব ও হিক্মত এবং শিক্ষা দেন তাকে, যা তিনি ইচ্ছা করেন। আর যদি প্রতিহত না করেন আল্লাহ্ মানব জাতির একদলকে অন্য দল দিয়ে, তবে তো পৃথিবী ফাসাদে পরিপূর্ণ হয়ে যেত। কিন্তু আল্লাহ্ অনুগ্রহশীল সারা জাহানের প্রতি।

٢٥١- فَهَزَمُوْهُمْ بِاِذْنِ اللّٰهِ
وَقَتَلَ دَاوٗدُ جَالُوْتَ وَاٰتٰىهُ اللّٰهُ
الْمُلْكَ وَالْحِكْمَةَ وَعَلَّمَهٗ مِمَّا يَشَآءُ ؕ
وَلَوْلَا دَفْعُ اللّٰهِ النَّاسَ
بَعْضَهُمْ بِبَعْضٍ ۙ لَّفَسَدَتِ الْاَرْضُ
وَلٰكِنَّ اللّٰهَ ذُوْ فَضْلٍ عَلَى الْعٰلَمِيْنَ ۝

সূরা নিসা, ৪ ঃ ১৬৩

১৬৩. আমি তো ওহী পাঠিয়েছিলাম আপনার কাছে, যেমন আমি ওহী পাঠিয়েছিলাম নূহের কাছে এবং তার পরবর্তী নবীদের কাছে। আর আমি ওহী পাঠিয়েছিলাম ইব্রাহীম, ইস্মাঈল, ইসহাক, ইয়া'কূব ও তার বংশধরদের কাছে এবং ঈসা,

١٦٣- اِنَّآ اَوْحَيْنَآ اِلَيْكَ
كَمَآ اَوْحَيْنَآ اِلٰى نُوْحٍ وَّالنَّبِيّٖنَ مِنْۢ بَعْدِهٖ ۚ
وَاَوْحَيْنَآ اِلٰٓى اِبْرٰهِيْمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ
وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطِ وَعِيْسٰى وَاَيُّوْبَ

www.pathagar.com

আইউব, ইউনুস, হারূন ও সুলায়মানের কাছেও। আর আমি দাউদকে দিয়েছিলাম যাবূর।

وَيُوْنُسَ وَهٰرُوْنَ وَسُلَيْمٰنَ ج
وَاٰتَيْنَا دَاوٗدَ زَبُوْرًا ○

সূরা মায়িদা, ৫ ঃ ৭৮

৭৮. বনূ ইসরাঈলের মাঝে যারা কুফ্‌রী করেছিল, তারা অভিশপ্ত হয়েছিল দাউদ ও ঈসা ইব্‌ন মারইয়াম কর্তৃক। কেননা, তারা ছিল অবাধ্য ও সীমালঙ্ঘনকারী।

٧٨- لُعِنَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْۢ بَنِيْٓ اِسْرَآءِيْلَ
عَلٰى لِسَانِ دَاوٗدَ وَعِيْسَى ابْنِ مَرْيَمَ ط
ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ○

সূরা বনী ইস্‌রাঈল, ১৭ ঃ ৫৫

৫৫. আর আপনার রব ভালভাবে জানেন, যারা আছে আসমানে এবং যমীনে। আর আমি তো মর্যাদা দান করেছি কতক নবীকে কতক নবীর উপর এবং দিয়েছি দাউদকে যাবূর।

٥٥- وَرَبُّكَ اَعْلَمُ بِمَنْ فِى السَّمٰوٰتِ
وَالْاَرْضِ ط وَلَقَدْ فَضَّلْنَا بَعْضَ النَّبِيّٖنَ
عَلٰى بَعْضٍ وَّاٰتَيْنَا دَاوٗدَ زَبُوْرًا ○

সূরা আম্বিয়া, ২১ ঃ ৭৮, ৭৯, ৮০

৭৮. আর স্মরণ কর দাউদ ও সুলায়মানের কথা, যখন তারা বিচার করছিল শস্যক্ষেত্র সম্পর্কে, রাতে প্রবেশ করেছিল তাতে কোন কাওমের মেষ আর আমি প্রত্যক্ষ করছিলাম তাদের বিচার।

٧٨- وَدَاوٗدَ وَسُلَيْمٰنَ
اِذْ يَحْكُمٰنِ فِى الْحَرْثِ اِذْ نَفَشَتْ فِيْهِ
غَنَمُ الْقَوْمِ ج وَكُنَّا لِحُكْمِهِمْ شٰهِدِيْنَ ○

৭৯. আর আমি বুঝিয়ে দিয়েছেলাম এ বিষয়ের মীমাংসা সুলায়মানকে এবং তাদের প্রত্যেককে আমি দিয়েছিলাম হিক্‌মত ও ইল্‌ম। আর আমি অধীন করে দিয়েছিলাম পর্বত ও পাখীসমূহকে দাউদের, তারা তার সাথে আমার তাসবীহ্‌ পাঠ করত আর আমি ছিলাম এ সবের কর্তা।

٧٩- فَفَهَّمْنٰهَا سُلَيْمٰنَ ج
وَكُلًّا اٰتَيْنَا حُكْمًا وَّعِلْمًا ز
وَّسَخَّرْنَا مَعَ دَاوٗدَ الْجِبَالَ
يُسَبِّحْنَ وَالطَّيْرَ ط
وَكُنَّا فٰعِلِيْنَ ○

৮০. আর আমি তাকে শিখিয়েছিলাম তোমাদের জন্য বর্ম নির্মাণ করা, যাতে তা তোমাদের রক্ষা করতে পারে তোমাদের যুদ্ধে, সুতরাং তোমরা কি শোক্‌রগুযার হবে না?

٨٠- وَعَلَّمْنٰهُ صَنْعَةَ لَبُوْسٍ
لَّكُمْ لِتُحْصِنَكُمْ مِّنْۢ
بَاْسِكُمْ ج فَهَلْ اَنْتُمْ شٰكِرُوْنَ ○

www.pathagar.com

সূরা নাম্‌ল, ২৭ ঃ ১৫, ১৬

১৫. আর আমি তো দান করেছিলাম দাউদ ও সুলায়মানকে জ্ঞান এবং তারা বলেছিল ঃ সমস্ত প্রশংসা আল্লাহ্‌র, যিনি শ্রেষ্ঠত্ব দিয়েছেন আমাদের তাঁর বহু মু'মিন বান্দার উপর।

١٥- وَلَقَدْ اٰتَيْنَا دَاوٗدَ وَسُلَيْمٰنَ عِلْمًا ۚ وَقَالَا الْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ فَضَّلَنَا عَلٰى كَثِيْرٍ مِّنْ عِبَادِهِ الْمُؤْمِنِيْنَ ○

১৬. আর সুলায়মান উত্তরাধিকারী হয়েছিল দাউদের এবং সে বলেছিল ঃ হে মানুষ! আমাকে শিক্ষা দেওয়া হয়েছে পাখির ভাষা, আর আমাকে দেওয়া হয়েছে সব কিছু থেকে। নিশ্চয় এতো এক স্পষ্ট অনুগ্রহ।

١٦- وَ وَرِثَ سُلَيْمٰنُ دَاوٗدَ وَقَالَ يٰٓاَيُّهَا النَّاسُ عُلِّمْنَا مَنْطِقَ الطَّيْرِ وَاُوْتِيْنَا مِنْ كُلِّ شَىْءٍ ۭ اِنَّ هٰذَا لَهُوَ الْفَضْلُ الْمُبِيْنُ ○

সূরা সাবা, ৩৪ ঃ ১০, ১১

১০. আর আমি তো দান করেছিলাম দাউদকে আমার তরফ থেকে অনুগ্রহ। আদেশ করেছিলাম পর্বতমালাকে, হে পর্বতমালা ! তোমরা দাউদের সাথে আমার পবিত্রতা ঘোষণা কর এবং পাখীদেরও। আর আমি নরম করে দিয়েছিলাম তার জন্য লোহাকে,

١٠- وَلَقَدْ اٰتَيْنَا دَاوٗدَ مِنَّا فَضْلًا ۭ يٰجِبَالُ اَوِّبِىْ مَعَهٗ وَالطَّيْرَ ۚ وَاَلَنَّا لَهُ الْحَدِيْدَ ○

১১. যাতে তুমি তৈরী করতে পার পূর্ণ মাপের বর্ম এবং পরিমাণ রক্ষা করতে পার বুননে আর তোমরা নেক্‌কাজ কর। অবশ্যই আমি সম্যক দ্রষ্টা সে সম্বন্ধে, যা তোমরা কর।

١١- اَنِ اعْمَلْ سٰبِغٰتٍ وَّقَدِّرْ فِى السَّرْدِ وَاعْمَلُوْا صَالِحًا ۭ اِنِّىْ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ○

সূরা সোয়াদ, ৩৮ ঃ ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ৩০

১৭. আপনি সবুর করুন তারা যা বলে তাতে এবং স্মরণ করুন আমার শক্তিশালী বান্দা দাউদের কথা, সে তো ছিল অতিশয় আল্লাহ্ অভিমুখী।

١٧- اِصْبِرْ عَلٰى مَا يَقُوْلُوْنَ وَاذْكُرْ عَبْدَنَا دَاوٗدَ ذَا الْاَيْدِ ۚ اِنَّهٗٓ اَوَّابٌ ○

১৮. আমি তো নিয়োজিত করেছিলাম পর্বত-মালাকে তার সাথে আমার পবিত্রতা, মহিমা ঘোষণা করতে সকাল-সন্ধ্যায়,

١٨- اِنَّا سَخَّرْنَا الْجِبَالَ مَعَهٗ يُسَبِّحْنَ بِالْعَشِىِّ وَالْاِشْرَاقِ ○

১৯. এবং সমবেত পাখীদেরও, সবাই ছিল আল্লাহ্ অভিমুখী।

١٩- وَالطَّيْرَ مَحْشُورَةً ۖ كُلٌّ لَّهُ أَوَّابٌ ○

২০. আর আমি সুদৃঢ় করেছিলাম তার রাজ্য এবং দিয়েছিলাম তাকে হিক্‌মত এবং ফয়সালাকারী বাগ্মিতা।

٢٠- وَشَدَدْنَا مُلْكَهُ وَآتَيْنَاهُ الْحِكْمَةَ
وَفَصْلَ الْخِطَابِ ○

২১. আর পৌঁছেছে কি আপনার কাছে বিবাদমান লোকদের বৃত্তান্ত, যখন তারা প্রাচীর ডিঙ্গিয়ে ইবাদতখানায় এলো,

٢١- وَهَلْ أَتَاكَ نَبَأُ الْخَصْمِ
إِذْ تَسَوَّرُوا الْمِحْرَابَ ○

২২. এবং দাউদের কাছে পৌঁছল, তখন সে শংকিত হল তাদের কারণে। তারা বলল ঃ আপনি ভয় পাবেন না। আমরা বিবাদমান দুই পক্ষ, আমাদের একে অপরের উপর যুলুম করেছে। অতএব আপনি ফায়সালা করে দিন আমাদের মাঝে যথাযথভাবে এবং অবিচার করবে না। আর দেখান আমাদের সঠিক পথ।

٢٢- إِذْ دَخَلُوا عَلَىٰ دَاوُودَ
فَفَزِعَ مِنْهُمْ قَالُوا لَا تَخَفْ ۖ
خَصْمَانِ بَغَىٰ بَعْضُنَا عَلَىٰ بَعْضٍ
فَاحْكُم بَيْنَنَا بِالْحَقِّ وَلَا تُشْطِطْ
وَاهْدِنَا إِلَىٰ سَوَاءِ الصِّرَاطِ ○

২৩. নিশ্চয় এ ব্যক্তি আমার ভাই। তার আছে নিরানব্বইটি দুম্বা, আর আমার আছে মাত্র একটি দুম্বা। তবুও সে বলে ঃ দিয়ে দাও এটি আমার জিম্মায়। আর সে কঠোরতা প্রদর্শন করছে আমার প্রতি কথায়।

٢٣- إِنَّ هَٰذَا أَخِي لَهُ تِسْعٌ وَتِسْعُونَ
نَعْجَةً وَلِيَ نَعْجَةٌ وَاحِدَةٌ فَقَالَ أَكْفِلْنِيهَا
وَعَزَّنِي فِي الْخِطَابِ ○

২৪. দাঊদ বলল ঃ অবশ্যই সে যুলুম করেছে তোমার প্রতি, তোমার দুম্বাটিকে তার দুম্বার সাথে যুক্ত করার দাবী করে। আর শরীকদের অনেকেই একে অন্যের উপর অবশ্যই অবিচার করে থাকে, করে না কেবল তারা, যারা ঈমান আনে ও নেকআমল করে এবং তারা সংখ্যায় খুবই কম। আর দাঊদ বুঝতে পারল, আমি তো তাকে পরীক্ষা করছি। তখন সে ক্ষমা প্রার্থনা করল তার রবের কাছে এবং লুটিয়ে পড়ল বিনত হয়ে ও তাঁর অভিমুখী হল।

٢٤- قَالَ لَقَدْ ظَلَمَكَ
بِسُؤَالِ نَعْجَتِكَ إِلَىٰ نِعَاجِهِ ۖ
وَإِنَّ كَثِيرًا مِّنَ الْخُلَطَاءِ لَيَبْغِي بَعْضُهُمْ
عَلَىٰ بَعْضٍ إِلَّا الَّذِينَ آمَنُوا
وَعَمِلُوا الصَّالِحَاتِ وَقَلِيلٌ مَّا هُمْ ۗ
وَظَنَّ دَاوُودُ أَنَّمَا فَتَنَّاهُ
فَاسْتَغْفَرَ رَبَّهُ وَخَرَّ رَاكِعًا وَأَنَابَ ○

www.pathagar.com

২৫. তারপর আমি তাকে ক্ষমা করলাম তার ত্রুটি। আর অবশ্যই তার জন্য আছে আমার কাছে নৈকট্যের মর্যাদা ও শুভ পরিণাম।

٢٥-فَغَفَرْنَا لَهٗ ذٰلِكَ ۗ
وَاِنَّ لَهٗ عِنْدَنَا لَزُلْفٰى وَحُسْنَ مَاٰبٍ ○

২৬. হে দাঊদ ! আমি তো করেছি তোমাকে প্রতিনিধি পৃথিবীতে, অতএব তুমি ফয়সালা কর লোকদের মাঝে যথাযথ-ভাবে এবং অনুসরণ করোনা খেয়াল-খুশীর। কেননা, এরূপ করলে তা তোমাকে গুমরাহ করবে আল্লাহ্‌র পথ থেকে। নিশ্চয় যারা গুমরাহ হয় আল্লাহ্‌র পথ থেকে, তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি। কারণ তারা ভুলে গেছে বিচার দিনের কথা !

٢٦-يٰدَاوٗدُ اِنَّا جَعَلْنٰكَ خَلِيْفَةً فِى الْاَرْضِ
فَاحْكُمْ بَيْنَ النَّاسِ بِالْحَقِّ وَلَا تَتَّبِعِ الْهَوٰى
فَيُضِلَّكَ عَنْ سَبِيْلِ اللّٰهِ ۗ
اِنَّ الَّذِيْنَ يَضِلُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ
لَهُمْ عَذَابٌ شَدِيْدٌۢ
بِمَا نَسُوْا يَوْمَ الْحِسَابِ ○

৩০. আর আমি দান করেছিলাম দাউদকে সুলায়মান। সে ছিল উত্তম বান্দা। সে ছিল অতিশয় আল্লাহ্ অভিমুখী।

٣٠-وَوَهَبْنَا لِدَاوٗدَ سُلَيْمٰنَ ۗ
نِعْمَ الْعَبْدُ ۗ اِنَّهٗۤ اَوَّابٌ ○

হযরত সুলায়মান (আ)

সূরা বাকারা, ২ ঃ ১০২

১০২. আর তারা তা অনুসরণ করত, যা আবৃত্তি করত শয়তানরা সুলায়মানের রাজত্বে। আর সুলায়মান কুফ্‌রী করেনি বরং শয়তানরই কুফরী করেছিল, তারা শিখাত মানুষকে যাদু এবং তা-ও যা নাযিল করা হয়েছিল দুই ফিরিশ্‌তা হারূত ও মারূতের উপর বাবিল শহরে। তারা কখন কাউকে শিক্ষা দিত না একথা না বলে যে, আমরা তো পরীক্ষা স্বরূপ ; সুতরাং তুমি কুফ্‌রী করো না। তারা শিক্ষা গ্রহণ করত তাদের উভয়ের থেকে, যা বিচ্ছেদ ঘটায় স্বামী-স্ত্রীর মাঝে। অথচ তারা কোন ক্ষতি সাধন করতে পারে না তা দিয়ে কারো, আল্লাহ্‌র নির্দেশ ছাড়া। আর তারা

١٠٢-وَاتَّبَعُوْا مَا تَتْلُوا الشَّيٰطِيْنُ عَلٰى
مُلْكِ سُلَيْمٰنَ ۚ وَمَا كَفَرَ سُلَيْمٰنُ وَلٰكِنَّ
الشَّيٰطِيْنَ كَفَرُوْا يُعَلِّمُوْنَ النَّاسَ السِّحْرَ ۗ
وَمَاۤ اُنْزِلَ عَلَى الْمَلَكَيْنِ بِبَابِلَ هَارُوْتَ
وَمَارُوْتَ ۗ وَمَا يُعَلِّمٰنِ مِنْ اَحَدٍ
حَتّٰى يَقُوْلَاۤ اِنَّمَا نَحْنُ فِتْنَةٌ فَلَا تَكْفُرْ ۗ
فَيَتَعَلَّمُوْنَ مِنْهُمَا مَا يُفَرِّقُوْنَ بِهٖ بَيْنَ
الْمَرْءِ وَزَوْجِهٖ ۗ وَمَا هُمْ
بِضَآرِّيْنَ بِهٖ مِنْ اَحَدٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۗ
وَيَتَعَلَّمُوْنَ مَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ ۗ

শিখত, যা তাদের ক্ষতি সাধন করত এবং তাদের কোন উপকারে আসত না। আর তারা নিশ্চিত জানত যে, যে কেউ তা খরিদ করবে, নেই তার জন্য আখিরাতে কোন অংশ। আর কতই নিকৃষ্ট তা, যার বিনিময়ে তারা বিক্রি করছে নিজেদের আত্মা, যদি তারা জানত !

وَلَقَدْ عَلِمُوا لَمَنِ اشْتَرَاهُ مَا لَهُ فِي الْآخِرَةِ مِنْ خَلَاقٍ ۚ وَلَبِئْسَ مَا شَرَوْا بِهِ أَنْفُسَهُمْ ۚ لَوْ كَانُوا يَعْلَمُونَ ○

সূরা আম্বিয়া, ২১ ঃ ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২

৭৮. আর স্মরণ কর দাউদ ও সুলায়মানের কথা, যখন তারা বিচার করছিল শস্যক্ষেত সম্পর্কে, রাতে প্রবেশ করেছিল তাতে কোন কাওমের মেষ ; আর আমি প্রত্যক্ষ করছিলাম তাদের বিচার।

٧٨- وَدَاوُدَ وَسُلَيْمٰنَ إِذْ يَحْكُمٰنِ فِي الْحَرْثِ إِذْ نَفَشَتْ فِيهِ غَنَمُ الْقَوْمِ ۚ وَكُنَّا لِحُكْمِهِمْ شٰهِدِينَ ○

৭৯. আর আমি বুঝিয়ে দিয়েছিলাম এ বিষয়ের মীমাংসা সুলায়মানকে এবং তাদের প্রত্যেককে আমি দিয়েছিলাম হিক্‌মত ও ইল্‌ম। আর আমি অধীন করে দিয়েছিলাম পর্বত ও পাখীসমূহকে দাউদের, তারা তার সাথে আমার তাসবীহ্ পাঠ করত। আর আমি ছিলাম এ সবের কর্তা।

٧٩- فَفَهَّمْنٰهَا سُلَيْمٰنَ ۚ وَكُلًّا اٰتَيْنَا حُكْمًا وَّعِلْمًا ۚ وَّسَخَّرْنَا مَعَ دَاوُدَ الْجِبَالَ يُسَبِّحْنَ وَالطَّيْرَ ۚ وَكُنَّا فٰعِلِينَ ○

৮০. আর আমি তাকে শিখিয়েছিলাম তোমাদের জন্য বর্ম নির্মাণ করা। যাতে তা তোমাদের রক্ষা করতে পারে তোমাদের যুদ্ধে। সুতরাং তোমরা কি শোক্‌রগুযার হবে না ?

٨٠- وَعَلَّمْنٰهُ صَنْعَةَ لَبُوسٍ لَّكُمْ لِتُحْصِنَكُمْ مِّنْ بَأْسِكُمْ ۚ فَهَلْ اَنْتُمْ شٰكِرُونَ ○

৮১. আর আমি বশীভূত করে দিয়েছিলাম সুলায়মানের জন্য উদ্দাম বায়ুকে, যা প্রবাহিত হত তার আদেশে সে দেশের দিকে, যেখানে আমি রেখেছি বরকত। আর আমি সব বিষয়ে সম্যক অবহিত।

٨١- وَلِسُلَيْمٰنَ الرِّيحَ عَاصِفَةً تَجْرِي بِاَمْرِهٖٓ اِلَى الْاَرْضِ الَّتِي بٰرَكْنَا فِيهَا ۚ وَكُنَّا بِكُلِّ شَيْءٍ عٰلِمِينَ ○

www.pathagar.com

৮২. আর শয়তানদের মধ্যে কতক তার জন্য ডুবুরীর কাজ করত, এ ছাড়া তারা অন্য কাজও করত, আর আমি ছিলাম তাদের রক্ষাকারী।

٨٢-وَمِنَ الشَّيٰطِيْنِ مَنْ يَّغُوْصُوْنَ لَهٗ
وَيَعْمَلُوْنَ عَمَلًا دُوْنَ ذٰلِكَ ۚ
وَكُنَّا لَهُمْ حٰفِظِيْنَ ○

সূরা নাম্‌ল, ২৭ ঃ ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪

১৫. আর আমি দান করেছিলাম দাঊদ ও সুলায়মানকে জ্ঞান এবং তারা উভয়ে বলেছিল ঃ সমস্ত প্রশংসা আল্লাহ্‌র, যিনি আমাদের শ্রেষ্ঠত্ব দিয়েছেন তার অনেক মু'মিন বান্দার উপর।

١٥-وَلَقَدْ اٰتَيْنَا دَاوٗدَ وَسُلَيْمٰنَ عِلْمًا ۚ
وَقَالَا الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ فَضَّلَنَا
عَلٰى كَثِيْرٍ مِّنْ عِبَادِهِ الْمُؤْمِنِيْنَ ○

১৬. আর উত্তরাধিকারী হয়েছিল সুলায়মানকে দাউদের এবং সে বলেছিল ঃ হে মানুষ! আমাকে শিক্ষা দেওয়া হয়েছে পাখীর ভাষা এবং আমাকে দান করা হয়েছে সবকিছু। অবশ্যই এ হল সুস্পষ্ট অনুগ্রহ।

١٦- وَ وَرِثَ سُلَيْمٰنُ دَاوٗدَ
وَقَالَ يٰٓاَيُّهَا النَّاسُ عُلِّمْنَا مَنْطِقَ الطَّيْرِ
وَاُوْتِيْنَا مِنْ كُلِّ شَيْءٍ ۖ
اِنَّ هٰذَا لَهُوَ الْفَضْلُ الْمُبِيْنُ ○

১৭. আর সমবেত করা হল সুলায়মানের সামনে তার বাহিনীকে জিন্, ইনসান ও পাখীদের থেকে এবং তাদের দলে দলে বিন্যস্ত করা হল।

١٧-وَحُشِرَ لِسُلَيْمٰنَ
جُنُوْدُهٗ مِنَ الْجِنِّ وَ الْاِنْسِ
وَ الطَّيْرِ فَهُمْ يُوْزَعُوْنَ ○

১৮. তারপর যখন তারা উপনীত হল এক পিপীলিকা অধ্যুষিত উপত্যকায়, তখন এক পিপীলিকা বলল ঃ হে পিপীলিকা বাহিনী ! তোমরা প্রবেশ কর তোমাদের গর্তে, যাতে তোমাদের পদদলিত না করে সুলায়মান ও তার বাহিনী তাদের অজ্ঞাতে।

١٨- حَتّٰٓى اِذَآ اَتَوْا عَلٰى وَادِ النَّمْلِ ۙ
قَالَتْ نَمْلَةٌ يّٰٓاَيُّهَا النَّمْلُ ادْخُلُوْا
مَسٰكِنَكُمْ ۚ لَا يَحْطِمَنَّكُمْ سُلَيْمٰنُ وَجُنُوْدُهٗ ۙ
وَهُمْ لَا يَشْعُرُوْنَ ○

১৯. তখন সুলায়মান মৃদু হাসল তার কথায় এবং বলল ঃ হে আমার রব ! আপনি আমাকে সমর্থ দিন, যাতে আমি শোক্‌র আদায় করতে পারি, যে নিয়ামত আপনি আমাকে দান করেছেন

١٩- فَتَبَسَّمَ ضَاحِكًا مِّنْ قَوْلِهَا وَقَالَ
رَبِّ اَوْزِعْنِيْٓ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِيْٓ
اَنْعَمْتَ عَلَيَّ وَعَلٰى وَالِدَيَّ

এবং আমার পিতা-মাতাকে দান করেছেন তার জন্য। আর যেন আমি এমন নেককাজ করতে পারি, যা আপনি পসন্দ করেন এবং আমাকে শামিল করুন, আপনার রহমতে আপনার নেকবান্দাদের মাঝে।

وَأَنْ أَعْمَلَ صَالِحًا تَرْضَاهُ
وَأَدْخِلْنِي بِرَحْمَتِكَ
فِي عِبَادِكَ الصَّالِحِينَ ○

২০. আর সুলায়মান সন্ধান নিল পাখীদের এবং বলল ঃ ব্যাপার কি, হুদ্‌হুদকে দেখছি না যে ! সে অনুপস্থিত না কি ?

٢٠- وَتَفَقَّدَ الطَّيْرَ فَقَالَ مَا لِيَ لَا أَرَى
الْهُدْهُدَ أَمْ كَانَ مِنَ الْغَائِبِينَ ○

২১. অবশ্যই আমি তাকে কঠিন শাস্তি দেব, অথবা যবাহ্ করব তাকে; যদি না সে উপযুক্ত কারণ দর্শায়।

٢١- لَأُعَذِّبَنَّهُ عَذَابًا شَدِيدًا أَوْ لَأَذْبَحَنَّهُ
أَوْ لَيَأْتِيَنِّي بِسُلْطَانٍ مُبِينٍ ○

২২. অনতিবিলম্বে হুদ্‌হুদ্ এসে পড়ল এবং বলল ঃ আপনি যা অবগত নন, আমি তা অবগত হয়েছি এবং নিয়ে এসেছি আপনার জন্য সুনিশ্চিত সংবাদ 'সাবা' থেকে।

٢٢- فَمَكَثَ غَيْرَ بَعِيدٍ فَقَالَ
أَحَطتُ بِمَا لَمْ تُحِطْ بِهِ
وَجِئْتُكَ مِنْ سَبَإٍ بِنَبَإٍ يَقِينٍ ○

২৩. আমি তো পেয়েছি এক নারীকে তাদের উপর রাজত্ব করতে এবং তাকে দেয়া হয়েছে সবকিছু, আর তার আছে এক বিরাট সিংহাসন।

٢٣- إِنِّي وَجَدتُّ امْرَأَةً تَمْلِكُهُمْ
وَأُوتِيَتْ مِنْ كُلِّ شَيْءٍ وَلَهَا عَرْشٌ عَظِيمٌ

২৪. আর আমি পেয়েছি তাকে ও তার কাওমকে আল্লাহ্‌র পরিবর্তে সূর্যকে সিজ্‌দা করতে। আর শোভন করেছে তাদের জন্য শয়তান তাদের কার্যাবলী এবং ফিরিয়ে রেখেছে তাদের সৎপথ থেকে, ফলে তারা হিদায়েত লাভ করেনি।

٢٤- وَجَدتُّهَا وَقَوْمَهَا يَسْجُدُونَ لِلشَّمْسِ
مِنْ دُونِ اللَّهِ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطَانُ
أَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيلِ
فَهُمْ لَا يَهْتَدُونَ ○

২৫. তারা সিজ্‌দা করে না আল্লাহ্‌কে, যিনি প্রকাশ করেন আসমান ও যমীনের লুক্কায়িত বস্তুকে এবং যিনি জানেন যা তোমরা গোপন কর এবং যা তোমরা প্রকাশ কর।

٢٥- أَلَّا يَسْجُدُوا لِلَّهِ الَّذِي
يُخْرِجُ الْخَبْءَ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ
وَيَعْلَمُ مَا تُخْفُونَ وَمَا تُعْلِنُونَ ○

২৬. আল্লাহ্, নেই কোন ইলাহ্ তিনি ছাড়া ; তিনি রব মহা আরশের।

٢٦- اللَّهُ لَا إِلَٰهَ
إِلَّا هُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ ○

www.pathagar.com

٢٧- قَالَ سَنَنْظُرُ اَصَدَقْتَ اَمْ كُنْتَ مِنَ الْكٰذِبِيْنَ ○

২৭. সুলায়মান বলল ঃ অবশ্যই আমি দেখব, তুমি সত্য বলেছ, না তুমি মিথ্যাবাদী ?

٢٨- اِذْهَبْ بِّكِتٰبِيْ هٰذَا فَاَلْقِهْ اِلَيْهِمْ ثُمَّ تَوَلَّ عَنْهُمْ فَانْظُرْ مَاذَا يَرْجِعُوْنَ ○

২৮. যাও তুমি আমার এ চিঠি নিয়ে এবং তা তাদের কাছে অর্পণ কর, তারপর তাদের থেকে কিছু সরে থাক এবং লক্ষ্য কর তাদের প্রতিক্রিয়া।

٢٩- قَالَتْ يٰۤاَيُّهَا الْمَلَؤُا اِنِّيْۤ اُلْقِيَ اِلَيَّ كِتٰبٌ كَرِيْمٌ ○

২৯. সে নারী বলল ঃ হে পারিষদবর্গ ! আমাকে তো দেওয়া হয়েছে এক সম্মানিত পত্র,

٣٠- اِنَّهٗ مِنْ سُلَيْمٰنَ وَاِنَّهٗ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○

৩০. নিশ্চয় তা হল সুলায়মানের তরফ থেকে এবং তা হল ঃ বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহীম।*

٣١- اَلَّا تَعْلُوْا عَلَيَّ وَاْتُوْنِيْ مُسْلِمِيْنَ ○

৩১. (পত্রে আরো লেখা ছিল) অমান্য করো না আমাকে অহমিকা বশে এবং এস আমার কাছে অনুগত হয়ে।

٣٢- قَالَتْ يٰۤاَيُّهَا الْمَلَؤُا اَفْتُوْنِيْ فِيْۤ اَمْرِيْ ج مَا كُنْتُ قَاطِعَةً اَمْرًا حَتّٰى تَشْهَدُوْنِ ○

৩২. সে নারী বলল ঃ হে পারিষদবর্গ ! আমাকে পরামর্শ দাও আমার এ সমস্যায়। আমি তো কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করি না তোমাদের উপস্থিতি ব্যতিরেকে।

٣٣- قَالُوْا نَحْنُ اُولُوْا قُوَّةٍ وَّاُولُوْا بَاْسٍ شَدِيْدٍ لا وَّالْاَمْرُ اِلَيْكِ فَانْظُرِيْ مَاذَا تَاْمُرِيْنَ ○

৩৩. তারা বলল ঃ আমরা তো শক্তিশালী এবং যুদ্ধে অতিশয় পারদর্শী। তবে চূড়ান্ত সিদ্ধান্ত তো আপনারই। সুতরাং ভেবে দেখুন, কি নির্দেশ দেবেন।

٣٤- قَالَتْ اِنَّ الْمُلُوْكَ اِذَا دَخَلُوْا قَرْيَةً اَفْسَدُوْهَا وَجَعَلُوْۤا اَعِزَّةَ اَهْلِهَاۤ اَذِلَّةً ج وَكَذٰلِكَ يَفْعَلُوْنَ ○

৩৪. সে বলল ঃ নিশ্চয় যখন রাজা-বাদশাহ্‌রা প্রবেশ করে কোন জনপদে, তখন তারা তা বিপর্যস্ত করে দেয় এবং করে দেয় সেখানকার সম্মানিত ব্যক্তিদের অসম্মানিত আর এরূপই করবে এরাও।

٣٥- وَاِنِّيْ مُرْسِلَةٌ اِلَيْهِمْ بِهَدِيَّةٍ فَنٰظِرَةٌ بِمَ يَرْجِعُ الْمُرْسَلُوْنَ ○

৩৫. আর অবশ্যই আমি দূত পাঠাচ্ছি তাদের কাছে উপঢৌকন নিয়ে দেখি, দূতেরা কি নিয়ে ফিরে আসে।

* পত্রখানা "বিস্‌মিল্লাহির রাহমানির রাহীম" দিয়ে শুরু করা হয়েছিল।

www.pathagar.com

৩৬. যখন দূত পৌঁছল সুলায়মানের কাছে। তখন সুলায়মান বলল ঃ তোমরা কি আমাকে সাহায্য করছ ধন-সম্পদ দিয়ে ? আল্লাহ্ আমাকে যা দিয়েছেন তা উৎকৃষ্ট, তোমাদের যা দিয়েছেন তা থেকে। কিন্তু তোমরা তো তোমাদের উপঢৌকন নিয়ে উৎফুল্লাবোধ করছ।

٣٦- فَلَمَّا جَآءَ سُلَيْمٰنَ
قَالَ اَتُمِدُّوْنَنِ بِمَالٍ ز
فَمَآ اٰتٰنِۦَ اللّٰهُ خَيْرٌ مِّمَّآ اٰتٰكُمْ ج
بَلْ اَنْتُمْ بِهَدِيَّتِكُمْ تَفْرَحُوْنَ ○

৩৭. ফিরে যাও তাদের কাছে, অবশই আমি আসব তাদের কাছে এমন এক সেনা-বাহিনী নিয়ে, যার মুকাবিলা করার ক্ষমতা তাদের নেই। আর অবশ্যই আমি তাদের বের করব সেখান থেকে লাঞ্ছিত করে এবং তারা হবে অপমানিত।

٣٧- اِرْجِعْ اِلَيْهِمْ فَلَنَاْتِيَنَّهُمْ
بِجُنُوْدٍ لَّا قِبَلَ لَهُمْ بِهَا وَلَنُخْرِجَنَّهُمْ مِّنْهَآ
اَذِلَّةً وَّهُمْ صٰغِرُوْنَ ○

৩৮. সে (সুলায়মান) আরো বলল ঃ হে পারিষদবর্গ ! কে আছ তোমাদের মাঝে যে নিয়ে আসবে আমার কাছে তার সিংহাসন, তারা আত্মসমর্পণ করে আমার কাছে আসার আগে ?

٣٨- قَالَ يٰٓاَيُّهَا الْمَلَؤُا اَيُّكُمْ يَاْتِيْنِيْ
بِعَرْشِهَا قَبْلَ اَنْ يَّاْتُوْنِيْ مُسْلِمِيْنَ ○

৩৯. এক শক্তিশালী জিন বলল ঃ আমি নিয়ে আসব তা আপনার কাছে আপনি আপনার স্থান থেকে উঠার আগেই আর আমি এ ব্যাপারে অবশ্যই শক্তিশালী, বিশ্বস্ত।

٣٩- قَالَ عِفْرِيْتٌ مِّنَ الْجِنِّ اَنَا اٰتِيْكَ بِهٖ
قَبْلَ اَنْ تَقُوْمَ مِنْ مَّقَامِكَ ج
وَاِنِّيْ عَلَيْهِ لَقَوِيٌّ اَمِيْنٌ ○

৪০. যার কিতাবের জ্ঞান ছিল সে বলল ঃ আমি তা নিয়ে আসব আপনার কাছে, আপনার চেখের পলক ফেলার আগেই। তারপর সুলায়মান যখন তা তার সামনে রক্ষিত অবস্থায় দেখল, তখন সে বলল ঃ এ আমার রবের অনুগ্রহ, যাতে তিনি আমাকে পরীক্ষা করেন আমি শুকর আদায় করি, না না-শুক্রী করি। আর যে শুক্র করে। সে তো শুকর করে নিজেরই কল্যাণের জন্য এবং যে

٤٠- قَالَ الَّذِيْ عِنْدَهٗ عِلْمٌ مِّنَ الْكِتٰبِ
اَنَا اٰتِيْكَ بِهٖ قَبْلَ اَنْ يَّرْتَدَّ اِلَيْكَ طَرْفُكَ ط
فَلَمَّا رَاٰهُ مُسْتَقِرًّا عِنْدَهٗ
قَالَ هٰذَا مِنْ فَضْلِ رَبِّيْ قف
لِيَبْلُوَنِيْٓ ءَاَشْكُرُ اَمْ اَكْفُرُ ط
وَمَنْ شَكَرَ فَاِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهٖ ج

www.pathagar.com

وَمَنْ كَفَرَ فَاِنَّ رَبِّىْ غَنِىٌّ كَرِيْمٌ ○

না-শুক্‌রী করে সে জেনে রাখুক, আমার রব তো বে-নিয়ায, মহানুভব।

٤١- قَالَ نَكِّرُوْا لَهَا عَرْشَهَا نَنْظُرْ اَتَهْتَدِىْٓ
اَمْ تَكُوْنُ مِنَ الَّذِيْنَ لَا يَهْتَدُوْنَ ○

৪১. সে (সুলায়মান) বলল ঃ তার সিংহাসনের আকৃতি বদলে আপরিচিত করে দাও, দেখি সে সঠিক দিশা পায়, না সে বিভ্রান্তদের শামিল হয় ?

٤٢- فَلَمَّا جَآءَتْ قِيْلَ اَهٰكَذَا عَرْشُكِ ؕ
قَالَتْ كَاَنَّهٗ هُوَ ۚ وَ اُوْتِيْنَا الْعِلْمَ
مِنْ قَبْلِهَا وَكُنَّا مُسْلِمِيْنَ ○

৪২. যখন সে নারী এল, তখন তাকে জিজ্ঞেস করা হল ঃ এরূপই কি তোমার সিংহাসন ? সে বলল ঃ মনে হয় এটিই। আর আমাদের তো দান করা হয়েছে এর জ্ঞান আগেই এবং আমরা আত্মসমর্পণ করেছি।

٤٣- وَصَدَّهَا مَا كَانَتْ تَّعْبُدُ مِنْ دُوْنِ
اللّٰهِ ؕ اِنَّهَا كَانَتْ مِنْ قَوْمٍ كٰفِرِيْنَ ○

৪৩. আর তাকে নিবৃত্ত করেছিল, আল্লাহ্‌র পরিবর্তে সে যার পূজা করত তারা। সে তো ছিল কাফির সম্প্রদায়ের অন্তর্ভুক্ত।

٤٤- قِيْلَ لَهَا ادْخُلِى الصَّرْحَ ۚ
فَلَمَّا رَاَتْهُ حَسِبَتْهُ
لُجَّةً وَّكَشَفَتْ عَنْ سَاقَيْهَا ؕ
قَالَ اِنَّهٗ صَرْحٌ مُّمَرَّدٌ مِّنْ قَوَارِيْرَ ؕ
قَالَتْ رَبِّ اِنِّىْ ظَلَمْتُ نَفْسِىْ وَاَسْلَمْتُ
مَعَ سُلَيْمٰنَ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ○

৪৪. তাকে বলা হল ঃ তুমি প্রবেশ কর এ প্রাসাদে। তারপর যখন সে তা দেখল, তখন সে সেটাকে একটা গভীর জলাশয় মনে করল এবং সে অনাবৃত করল তার পায়ের গোছা। সুলায়মান বলল ঃ এতো একটি স্বচ্ছ-স্ফটিক নির্মিত প্রাসাদ। সে নারী বলল ঃ হে আমার রব। আমি তো যুলুম করেছি নিজের প্রতি এবং আমি ঈমান আনলাম সুলায়মানের সাথে, আল্লাহ্ রাব্বুল আলামীনের প্রতি।

সূরা সাবা, ৩৪ ঃ ১২, ১৩, ১৪

١٢- وَلِسُلَيْمٰنَ الرِّيْحَ
غُدُوُّهَا شَهْرٌ وَّرَوَاحُهَا شَهْرٌ ۚ
وَاَسَلْنَا لَهٗ عَيْنَ الْقِطْرِ ؕ
وَمِنَ الْجِنِّ مَنْ يَّعْمَلُ بَيْنَ يَدَيْهِ بِاِذْنِ رَبِّهٖ ؕ

১২. আর আমি অধীন করে দিয়েছিলাম সুলায়মানের জন্য বায়ুকে, যা অতিক্রম করত ভোরে এক মাসের পথ এবং সন্ধ্যায় এক মাসের পথ। আর আমি প্রবাহিত করেছিলাম তার জন্য গলিত তামার এক প্রস্রবণ। তার রবের

وَمَنْ يَّزِغْ مِنْهُمْ عَنْ اَمْرِنَا نُذِقْهُ
مِنْ عَذَابِ السَّعِيْرِ ○

অনুমতিক্রমে জিন্‌দের কতক তার সম্মুখে কাজ করত। তবে তাদের মধ্যে যে অমান্য করে আমার নির্দেশ, আমি আস্বাদন করাব তাকে জ্বলন্ত আগুনের শাস্তি।

١٣- يَعْمَلُوْنَ لَهٗ مَا يَشَآءُ مِنْ مَّحَارِيْبَ
وَتَمَاثِيْلَ وَجِفَانٍ كَالْجَوَابِ وَقُدُوْرٍ رّٰسِيٰتٍ ط
اِعْمَلُوْٓا اٰلَ دَاوٗدَ شُكْرًا ط
وَقَلِيْلٌ مِّنْ عِبَادِيَ الشَّكُوْرُ ○

১৩. তারা (জিন্‌রা) তৈরী করত সুলায়মানের জন্য তার ইচ্ছানুযায়ী প্রাসাদ, ভাস্কর্য, হাউয সদৃশ বৃহদাকার পাত্র এবং সুদৃঢ়ভাবে স্থাপিত ডেগ। আমি বলেছিলাম ঃ হে দাঊদ পরিবার ! তোমরা কাজ করতে থাক কৃতজ্ঞতার সাথে। আর আমার বান্দাদের মাঝে কৃতজ্ঞ খুবই কম !

١٤- فَلَمَّا قَضَيْنَا عَلَيْهِ الْمَوْتَ مَا دَلَّهُمْ
عَلٰى مَوْتِهٖٓ اِلَّا دَآبَّةُ الْاَرْضِ
تَاْكُلُ مِنْسَاَتَهٗ ج فَلَمَّا خَرَّ تَبَيَّنَتِ الْجِنُّ
اَنْ لَّوْ كَانُوْا يَعْلَمُوْنَ الْغَيْبَ
مَا لَبِثُوْا فِي الْعَذَابِ الْمُهِيْنِ ○

১৪. যখন আমি সুলায়মানের মৃত্যু ঘটালাম, তখন জিন্‌দের মাধ্যে তার মৃত্যুর বিষয় জানাল কেবল সে মাটির পোকা, যা তার লাঠি খাচ্ছিল। যখন সে পড়ে গেল, তখন জিন্‌রা বুঝতে পারল যে, যদি তারা গায়েব জানত, তবে তারা আবদ্ধ থাকত না লাঞ্ছনাদায়ক শাস্তিতে।

সূরা সোয়াদ, ৩৮ ঃ ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮

٣٠- وَوَهَبْنَا لِدَاوٗدَ سُلَيْمٰنَ ط
نِعْمَ الْعَبْدُ ط اِنَّهٗٓ اَوَّابٌ ○

৩০. আর আমি দান করেছিলাম দাঊদকে সুলায়মান। সে ছিল উত্তম বান্দা এবং সে ছিল অতিশয় আল্লাহ্ অভিমুখী।

٣١- اِذْ عُرِضَ عَلَيْهِ بِالْعَشِيِّ
الصّٰفِنٰتُ الْجِيَادُ ○

৩১. যখন উপস্থিত করা হল তার কাছে বিকেলে দ্রুতগামী উৎকৃষ্ট অশ্বরাজি,

٣٢- فَقَالَ اِنِّيْٓ اَحْبَبْتُ حُبَّ الْخَيْرِ
عَنْ ذِكْرِ رَبِّيْ ج
حَتّٰى تَوَارَتْ بِالْحِجَابِ ○

৩২. তখন সে বলল ঃ আমি তো মগ্ন হয়ে পড়েছি ঐশ্বর্যের ভালবাসায়, আমার রবের স্মরণ থেকে বিমুখ হয়ে, এদিকে সূর্য ডুবে গেছে।

٣٣- رُدُّوْهَا عَلَيَّ ط فَطَفِقَ مَسْحًا بِالسُّوْقِ
وَالْاَعْنَاقِ ○

৩৩. এ ঘোড়াগুলোকে আমার কাছে আবার নিয়ে এস। তারপর সে ছেদা করতে লাগল এ সবের পা ও ঘাড়।

৩৪. আর আমি তো পরীক্ষা করেছিলাম সুলামানকে, আর রেখে দিয়েছিলাম তার আসনের উপর একটি ধড়। এরপর সে আমার অভিমুখী হল।

٣٤-وَلَقَدْ فَتَنَّا سُلَيْمٰنَ وَاَلْقَيْنَا عَلٰى كُرْسِيِّهٖ جَسَدًا ثُمَّ اَنَابَ ○

৩৫. সে (সুলায়মান) বলল ঃ হে আমার রব! আমাকে ক্ষমা করুন এবং দান করুন আমাকে এমন বাক্য, যার অধিকারী আমি ছাড়া আর কেউ না হয়। আপনি তো পরমদাতা।

٣٥-قَالَ رَبِّ اغْفِرْ لِيْ وَهَبْ لِيْ مُلْكًا لَّا يَنْۢبَغِيْ لِاَحَدٍ مِّنْۢ بَعْدِيْ ۚ اِنَّكَ اَنْتَ الْوَهَّابُ ○

৩৬. তখন আমি তার অনুগত করে দিলাম বায়ুকে, যা তার আদেশে, সে যেখানে ইচ্ছা করত সেখানে মৃদুমন্দভাবে প্রবাহিত হত।

٣٦-فَسَخَّرْنَا لَهُ الرِّيْحَ تَجْرِيْ بِاَمْرِهٖ رُخَآءً حَيْثُ اَصَابَ ○

৩৭. আর অনুগত করে দিয়েছিলাম শয়তানদেরও যারা সবাই ছিল প্রাসাদ নির্মাণকারী ও ডুবুরী,

٣٧-وَالشَّيٰطِيْنَ كُلَّ بَنَّآءٍ وَّغَوَّاصٍ ○

৩৮. এবং অনুগত করে দিয়েছিলাম আরো অনেককে, যারা ছিল শৃঙখলে আবদ্ধ।

٣٨-وَّاٰخَرِيْنَ مُقَرَّنِيْنَ فِي الْاَصْفَادِ ○

হযরত ইল্‌ইয়াস (আ)

সূরা আন'আম, ৬ ঃ ৮৫

৮৫. আর আমি হিদায়েত দান করেছিলাম যাকারিয়া, ইয়াহ্ইয়া, ঈসা এবং ইল্‌ইয়াসকে, তারা সকলে ছিল নেককারদের শামিল।

٨٥-وَزَكَرِيَّا وَيَحْيٰى وَعِيْسٰى وَاِلْيَاسَ ۚ كُلٌّ مِّنَ الصّٰلِحِيْنَ ○

সূরা সাফ্‌ফাত, ৩৭ ঃ ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩২

১২৩. আর নিশ্চয় ইল্‌ইয়াস ছিল রাসূলদের একজন।

١٢٣-وَاِنَّ اِلْيَاسَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ○

১২৪. স্মরণ কর, সে বলেছিল তার কাওমকে ঃ তোমরা কি সাবধান হবে না?

١٢٤-اِذْ قَالَ لِقَوْمِهٖٓ اَلَا تَتَّقُوْنَ ○

১২৫. তোমরা কি ইবাদত করবে বা'আলের আর ছেড়ে দেবে শ্রেষ্ঠ স্রষ্টা–

١٢٥-اَتَدْعُوْنَ بَعْلًا وَّتَذَرُوْنَ اَحْسَنَ الْخَالِقِيْنَ ○

১২৬. আল্লাহ্‌কে ? যিনি রব তোমাদের এবং রব তোমাদের পূর্ববর্তী পিতৃপুরুষদেরও?

١٢٦- اللهَ رَبَّكُمْ وَ رَبَّ اٰبَآئِكُمُ الْاَوَّلِيْنَ ○

১২৭. কিন্তু তারা তাঁকে অস্বীকার করেছিল, ফলে অবশ্যই তাদের শাস্তির জন্য উপস্থিত করা হবে,

١٢٧- فَكَذَّبُوْهُ فَاِنَّهُمْ لَمُحْضَرُوْنَ○

১২৮. তবে তাদের নয়, যাঁরা আল্লাহ্‌র একনিষ্ঠ বান্দা।

١٢٨- اِلَّا عِبَادَ اللهِ الْمُخْلَصِيْنَ○

১২৯. আর আমি স্মরণীয় করে রেখেছি একে পরবর্তীদের মাঝে।

١٢٩- وَتَرَكْنَا عَلَيْهِ فِي الْاٰخِرِيْنَ○

১৩০. শান্তি বর্ষিত হউক ইল্-ইয়াসীন এর উপর।

١٣٠- سَلٰمٌ عَلٰٓى اِلْ يَاسِيْنَ ○

১৩১. আমি তো এভাবেই পুরস্কার দেই নেক্‌কারদের।

١٣١- اِنَّا كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ○

১৩২. নিশ্চয় সে ছিল আমার মু'মিন বান্দাদের অন্যতম।

١٣٢- اِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِيْنَ ○

হযরত আল্‌ইয়াস'আ (আ.)

সূরা আন'আম, ৬ ঃ ৮৬

৮৬. আর আমি হিদায়েত দান করেছিলাম ইসমাঈল, আল্‌ইয়াস'আ, ইউনুস ও লূতকে এবং এদের প্রত্যেককে আমি শ্রেষ্ঠত্ব দান করেছিলাম বিশ্বজগতের উপর।

٨٦- وَ اِسْمٰعِيْلَ وَ الْيَسَعَ وَيُوْنُسَ وَ لُوْطًا، وَكُلًّا فَضَّلْنَا عَلَى الْعٰلَمِيْنَ ○

সূরা সোয়াদ, ৩৮ ঃ ৪৮

৪৮. আর স্মরণ কর ইসমাঈল, আল্‌ইয়াস্'আ ও যুল্-কিফ্‌লের কথা, এরা সবাই ছিল উত্তম লোকদের অন্তর্ভুক্ত।

٤٨- وَاذْكُرْ اِسْمٰعِيْلَ وَالْيَسَعَ وَذَا الْكِفْلِ، وَكُلٌّ مِّنَ الْاَخْيَارِ○

হযরত উযাইর (আ)

সূরা বাকারা, ২ ঃ ২৫৯

২৫৯. অথবা তুমি কি দেখনি ঐ ব্যক্তিকে* যে অতিক্রম করছিল এমন এক জনপদ

٢٥٩- اَوْ كَالَّذِىْ مَرَّ عَلٰى قَرْيَةٍ

* তাফসীরকারগণের মতে ইনি হলেন হযরত উযাইর আলাইহিস্ সালাম।

www.pathagar.com

وَّهِيَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا ۚ
قَالَ اَنّٰى يُحْيٖ هٰذِهِ اللّٰهُ بَعْدَ مَوْتِهَا ۚ
فَاَمَاتَهُ اللّٰهُ مِائَةَ عَامٍ
ثُمَّ بَعَثَهٗ ۖ قَالَ كَمْ لَبِثْتَ ۖ
قَالَ لَبِثْتُ يَوْمًا اَوْ بَعْضَ يَوْمٍ ۖ
قَالَ بَلْ لَّبِثْتَ مِائَةَ عَامٍ فَانْظُرْ
اِلٰى طَعَامِكَ وَشَرَابِكَ لَمْ يَتَسَنَّهْ ۚ
وَانْظُرْ اِلٰى حِمَارِكَ وَلِنَجْعَلَكَ
اٰيَةً لِّلنَّاسِ وَانْظُرْ اِلَى الْعِظَامِ
كَيْفَ نُنْشِزُهَا ثُمَّ نَكْسُوْهَا لَحْمًا ۖ
فَلَمَّا تَبَيَّنَ لَهٗ ۙ قَالَ اَعْلَمُ
اَنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ○

যা ধ্বংসস্তূপে পরিণত হয়েছিল। সে বলেছিল ঃ কিরূপে আল্লাহ্ জীবিত করবেন একে, এর মৃত্যুর পর। তারপর আল্লাহ্ তাকে মৃত অবস্থায় রাখেন একশ' বছর, পরে তাকে পুনরুজ্জীবিত করেন। আল্লাহ্ বলেন ঃ কতকাল অবস্থান করলে ? সে বলল ঃ অবস্থান করেছি একদিন, অথবা একদিনেরও কিছু কম। আল্লাহ্ বলেন ঃ না, বরং তুমি তো অবস্থান করেছ একশ' বছর। তুমি লক্ষ্য কর তোমার খাদ্য-দ্রব্য ও পানীয় বস্তুর প্রতি, যা নষ্ট হয়নি এবং তুমি লক্ষ্য কর তোমার গাধাটির দিকে, আর যাতে করতে পারি তোমাকে নিদর্শন স্বরূপ লোকদের জন্য। আর লক্ষ্য কর হাড়গুলির প্রতি, কিভাবে আমি তা সংযোজিত করি এবং তা ঢেকে দেই গোশ্ত দিয়ে। তারপর যখন তা তার কাছে স্পষ্ট হল, তখন সে বলল ঃ আমি জানি, নিশ্চয় আল্লাহ্ সর্ববিষয় সর্বশক্তিমান।

সূরা তাওবা, ৯ ঃ ৩০

٣٠- وَقَالَتِ الْيَهُوْدُ عُزَيْرُ ابْنُ اللّٰهِ
وَقَالَتِ النَّصٰرَى الْمَسِيْحُ ابْنُ اللّٰهِ ۖ
ذٰلِكَ قَوْلُهُمْ بِاَفْوَاهِهِمْ ۚ يُضَاهِـُٔوْنَ
قَوْلَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَبْلُ ۖ
قٰتَلَهُمُ اللّٰهُ ۚ اَنّٰى يُؤْفَكُوْنَ ○

৩০. আর ইয়াহূদীরা বলে ঃ উযাইর আল্লাহ্র পুত্র এবং নাসারারা বলে ঃ মাসীহ্ আল্লাহ্র পুত্র। এ হলো তাদের মুখের কথা। তারা তো তাদের মত কথা বলে, যারা পূর্বে কুফরী করেছিল। আল্লাহ্ তাদের ধ্বংস করুন ! এ কোন দিকে তারা বিভ্রান্ত হয়ে ফিরে চলেছে !

হযরত ইউনুস (আ.)

সূরা আম্বিয়া, ২১ ঃ ৮৭, ৮৮

٨٧- وَذَا النُّوْنِ اِذْ ذَّهَبَ مُغَاضِبًا
فَظَنَّ اَنْ لَّنْ نَّقْدِرَ عَلَيْهِ

৮৭. আর স্মরণ কর যুন-নুন-এর কথা, যখন সে রাগ হয়ে চলে গিয়েছিল এবং মনে করেছিল যে, আমি কখন শাস্তি নির্ধারণ

www.pathagar.com

فَنَادٰى فِى الظُّلُمٰتِ
اَنْ لَّآ اِلٰـهَ اِلَّآ اَنْتَ سُبْحٰنَكَ ۖ
اِنِّىْ كُنْتُ مِنَ الظّٰلِمِيْنَ ○

করব না তার জন্য। তখন সে আঁধারের মধ্য থেকে দু'আ করেছিল ঃ আপনি ছাড়া কোন ইলাহ্ নেই, আপনি পবিত্র, মহান ! আমি তো যালিম।

٨٨- فَاسْتَجَبْنَا لَهٗ ۙ وَنَجَّيْنٰهُ مِنَ الْغَمِّ ؕ
وَكَذٰلِكَ نُنْجِى الْمُؤْمِنِيْنَ ○

৮৮. তখন আমি তার দু'আ কবূল করেছিলাম এবং নাজাত দিয়েছিলাম তাকে দুশ্চিন্তা থেকে আর এভাবেই আমি নাজাত দেই মু'মিনদের।

সূরা সাফ্ফাত, ৩৭ ঃ ১৩৯, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৪৭, ১৪৮

١٣٩- وَاِنَّ يُوْنُسَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ○

১৩৯. আর ইউনুস তো ছিল রাসূলদের একজন।

١٤٠- اِذْ اَبَقَ اِلَى الْفُلْكِ الْمَشْحُوْنِ ○

১৪০. যখন সে পালিয়ে বোঝাই নৌযানে উঠল ;

١٤١- فَسَاهَمَ فَكَانَ مِنَ الْمُدْحَضِيْنَ ○

১৪১. তারপর সে লটারীতে যোগদান করে পরাভূত হল,

١٤٢- فَالْتَقَمَهُ الْحُوْتُ وَهُوَ مُلِيْمٌ ○

১৪২. পরে তাকে গিলে ফেলল এক বিরাট মাছ, তখন সে নিজেকে ধিক্কার দিতে লাগল।

١٤٣- فَلَوْلَآ اَنَّهٗ كَانَ مِنَ الْمُسَبِّحِيْنَ ○

১৪৩. আর সে যদি না হতো আল্লাহ্র পবিত্রতা মহিমা ঘোষণাকারী,

١٤٤- لَلَبِثَ فِىْ بَطْنِهٖٓ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ○

১৪৪. তাহলে অবশ্যই তাকে থাকতে হত সে মাছের পেটে কিয়ামতের দিন পর্যন্ত।

١٤٥- فَنَبَذْنٰهُ بِالْعَرَآءِ وَهُوَ سَقِيْمٌ ○

১৪৫. তারপর আমি তাকে নিক্ষেপ করলাম এক উষর প্রান্তরে, আর সে ছিল রুগ্ন।

١٤٦- وَاَنْبَتْنَا عَلَيْهِ شَجَرَةً مِّنْ يَّقْطِيْنٍ ○

১৪৬. তারপর আমি তার উপর উদ্গত করলাম একটি লাউ গাছ ;

١٤٧- وَاَرْسَلْنٰهُ
اِلٰى مِائَةِ اَلْفٍ اَوْ يَزِيْدُوْنَ ○

১৪৭. আর আমি তাকে পাঠিয়েছিলাম রাসূল করে এক লাখ বা ততোধিক লোকের কাছে।

١٤٨- فَاٰمَنُوْا
فَمَتَّعْنٰهُمْ اِلٰى حِيْنٍ ○

১৪৮. আর তারা ঈমান এনেছিল, ফলে আমি জীবন উপভোগ করতে দিয়েছিলাম তাদের কিছু কালের জন্য।

www.pathagar.com

হযরত যাকারিয়া (আ)

সূরা আলে ইমরান, ৩ ঃ ৪, ৫, ৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১

৪. সে (যাকারিয়া) বলেছিল ঃ হে আমার রব! আমার অস্থি তো দুর্বল হয়ে গেছে এবং বার্ধক্যের কারণে আমার মাথার চুল সাদা হয়ে গেছে, হে আমার রব! আমি আপনার কাছে দু'আ করে কখনো ব্যর্থকাম হইনি।

٤-مِنْ قَبْلُ هُدًى لِّلنَّاسِ وَأَنْزَلَ
الْفُرْقَانَ ۗ إِنَّ الَّذِينَ كَفَرُوا بِآيَاتِ اللَّهِ
لَهُمْ عَذَابٌ شَدِيدٌ ۗ
وَاللَّهُ عَزِيزٌ ذُو انْتِقَامٍ ○

৫. আর আমি ভয় করি আমার স্বগোত্রীয়দের আমার পরে এবং আমার স্ত্রী তো বন্ধ্যা, অতএব আপনি আমাকে দান করুন আপনার তরফ থেকে এক উত্তরাধিকারী,

٥-إِنَّ اللَّهَ لَا يَخْفَىٰ عَلَيْهِ شَيْءٌ
فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ ○

৬. যে উত্তরাধিকারী হবে আমার এবং উত্তরাধিকারী হবে ইয়াকূবের বংশেরও। হে আমার রব! আপনি তাকে করুন সন্তোষভাজন।

٦-هُوَ الَّذِي يُصَوِّرُكُمْ فِي الْأَرْحَامِ كَيْفَ
يَشَاءُ ۚ لَا إِلَٰهَ إِلَّا هُوَ الْعَزِيزُ
الْحَكِيمُ ○

৩৭. তারপর তাকে কবুল করলেন তার রব ভালরূপে এবং লালন-পালন করলেন তাকে উত্তমরূপে, আর তার তত্ত্বাবধানের দায়িত্ব দিলেন যাকারিয়াকে। যখনই যাকারিয়া তার সংগে কক্ষে দেখা করতে যেত, তখনই তার কাছে খাদ্য-সামগ্রী দেখতে পেত। সে বলত ঃ হে মারইয়াম ! কোথায় পেলে তুমি এ সব ? সে বলত ঃ এ সব আল্লাহ্র তরফ থেকে। নিশ্চয় আল্লাহ্ রিযিক দেন যাকে চান বে-হিসাব।

٣٧-فَتَقَبَّلَهَا رَبُّهَا بِقَبُولٍ حَسَنٍ
وَأَنْبَتَهَا نَبَاتًا حَسَنًا ۙ وَكَفَّلَهَا زَكَرِيَّا ۖ
كُلَّمَا دَخَلَ عَلَيْهَا زَكَرِيَّا الْمِحْرَابَ ۙ
وَجَدَ عِنْدَهَا رِزْقًا ۖ
قَالَ يَا مَرْيَمُ أَنَّىٰ لَكِ هَٰذَا ۖ
قَالَتْ هُوَ مِنْ عِنْدِ اللَّهِ ۖ
إِنَّ اللَّهَ يَرْزُقُ مَنْ يَشَاءُ بِغَيْرِ حِسَابٍ ○

৩৮. সেখানে যাকারিয়া তার রবের কাছে প্রার্থনা করে বলল ঃ হে আমার রব ! দান করুন আমাকে আপনার তরফ থেকে এক নেক সন্তান। নিশ্চয় আপনি খুব প্রার্থনা শ্রবণকারী।

٣٨-هُنَالِكَ دَعَا زَكَرِيَّا رَبَّهُ ۖ
قَالَ رَبِّ هَبْ لِي مِنْ لَدُنْكَ ذُرِّيَّةً
طَيِّبَةً ۖ إِنَّكَ سَمِيعُ الدُّعَاءِ ○

৩৯. তারপর ফিরিশতারা তাকে সম্বোধন করে বলল, যখন সে কক্ষে সালাতে

٣٩-فَنَادَتْهُ الْمَلَائِكَةُ وَهُوَ قَائِمٌ يُصَلِّي

www.pathagar.com

أَنِّيٓ أَخْلُقُ لَكُم مِّنَ الطِّينِ كَهَيْـَٔةِ
الطَّيْرِ فَأَنفُخُ فِيهِ فَيَكُونُ طَيْرًۢا
بِإِذْنِ اللَّهِ ۖ
وَأُبْرِئُ الْأَكْمَهَ وَالْأَبْرَصَ
وَأُحْيِ الْمَوْتَىٰ بِإِذْنِ اللَّهِ ۖ
وَأُنَبِّئُكُم بِمَا تَأْكُلُونَ وَمَا تَدَّخِرُونَ ٢
فِي بُيُوتِكُمْ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لَّكُمْ
إِن كُنتُم مُّؤْمِنِينَ ○

আমি সৃষ্টি করব তোমাদের জন্য কাদা দিয়ে পাখীর মত আকৃতি, তারপর তাতে আমি ফুঁ দেব, ফলে তা হয়ে যাবে পাখী আল্লাহ্‌র হুকুমে। আর আমি নিরাময় করব জন্মান্ধ ও কুষ্ঠ ব্যাধিগ্রস্তকে এবং জীবন দান করব মৃতকে আল্লাহ্‌র হুকুমে। আর আমি তোমাদের বলে দেব, যা তোমরা আহার কর এবং যা তোমরা মওজুদ কর তোমাদের ঘরে। নিশ্চয় এতে রয়েছে তোমাদের জন্য নিশ্চিত নিদর্শন, যদি তোমরা প্রকৃত মু'মিন হও।

٥٠- وَمُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيَّ مِنَ
التَّوْرَاةِ وَلِأُحِلَّ لَكُم بَعْضَ الَّذِي
حُرِّمَ عَلَيْكُمْ ۚ وَجِئْتُكُم بِآيَةٍ
مِّن رَّبِّكُمْ ۖ
فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ ○

৫০. আর আমি এসেছি সমর্থকরূপে আমার সামনে তাওরাতের যা রয়েছে তার এবং হালাল করতে তোমাদের জন্য তার কিছু, যা ছিল তোমাদের জন্য হারাম। আর আমি এসেছি তোমাদের কাছে নিদর্শন নিয়ে তোমাদের রবের তরফ থেকে। সুতরাং তোমরা ভয় কর আল্লাহ্‌কে এবং অনুসরণ কর আমার।

٥١- إِنَّ اللَّهَ رَبِّي وَرَبُّكُمْ فَاعْبُدُوهُ ۗ
هَٰذَا صِرَاطٌ مُّسْتَقِيمٌ ○

৫১. নিশ্চয় আল্লাহ্‌ রব আমার এবং রব তোমাদেরও, সুতরাং তোমরা তাঁরই ইবাদত কর। এটাই সরল-সঠিক পথ।

٥٢- فَلَمَّآ أَحَسَّ عِيسَىٰ مِنْهُمُ الْكُفْرَ
قَالَ مَنْ أَنصَارِيٓ إِلَى اللَّهِ ۖ
قَالَ الْحَوَارِيُّونَ نَحْنُ أَنصَارُ اللَّهِ
آمَنَّا بِاللَّهِ
وَاشْهَدْ بِأَنَّا مُسْلِمُونَ ○

৫২. তারপর যখন উপলব্ধি করল ঈসা তাদের থেকে কুফ্‌র, তখন সে বলল ঃ কারা আমার সাহায্যকারী আল্লাহ্‌র পথে ? হাওয়ারীগণ বলল ঃ আমরাই আল্লাহ্‌র পথে সাহায্যকারী, আমরা ঈমান এনেছি আল্লাহ্‌র প্রতি। আর তুমি সাক্ষী থাক যে, আমরা তো মুসলিম।

٥٣- رَبَّنَآ آمَنَّا بِمَآ أَنزَلْتَ
وَاتَّبَعْنَا الرَّسُولَ
فَاكْتُبْنَا مَعَ الشَّاهِدِينَ ○

৫৩. হে আমাদের রব ! আমরা ঈমান এনেছি তুমি যা নাযিল করেছ তাতে এবং আমরা অনুসরণ করছি এ রাসূলের। সুতরাং লিপিবদ্ধ করুন আমাদের সাক্ষীদের তালিকায়।

www.pathagar.com

٥٥- اِذْ قَالَ اللّٰهُ يٰعِيْسٰۤى اِنِّىْ مُتَوَفِّيْكَ
وَرَافِعُكَ اِلَىَّ وَمُطَهِّرُكَ
مِنَ الَّذِيْنَ كَفَرُوْا
وَجَاعِلُ الَّذِيْنَ اتَّبَعُوْكَ فَوْقَ
الَّذِيْنَ كَفَرُوْۤا اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ ۚ
ثُمَّ اِلَىَّ مَرْجِعُكُمْ
فَاَحْكُمُ بَيْنَكُمْ
فِيْمَا كُنْتُمْ فِيْهِ تَخْتَلِفُوْنَ ○

৫৫. স্মরণ কর, আল্লাহ্ বললেন ঃ হে ঈসা ! আমি তো তোমাকে যথাসময় মৃত্যু দেব, তবে এখন তোমাকে তুলে নেব আমার কাছে, আর পবিত্র করব তোমাকে তাদের থেকে যারা কুফ্‌রী করেছে। আর যারা প্রকৃতভাবে তোমার অনুসরণ করবে, আমি তাদের প্রাধান্য দেব কাফিরদের উপর কিয়ামত পর্যন্ত। তারপর আমারই কাছে তোমাদের প্রত্যাবর্তন। অবশেষে আমি ফয়সালা করে দেব তোমাদের মাঝে সে বিষয়ে, যাতে তোমরা মতভেদ করতে।

٥٩- اِنَّ مَثَلَ عِيْسٰى عِنْدَ اللّٰهِ
كَمَثَلِ اٰدَمَ ؕ خَلَقَهٗ مِنْ تُرَابٍ
ثُمَّ قَالَ لَهٗ كُنْ فَيَكُوْنُ ○

৫৯. নিশ্চয় ঈসার দৃষ্টান্ত আল্লাহ্‌র কাছে আদমের দৃষ্টান্তের মত। আল্লাহ্ তাকে সৃষ্টি করেন মাটি থেকে, তারপর তিনি তার জন্য বলেন ঃ 'হও', অমনি সে হয়ে যায়।

٦٠- اَلْحَقُّ مِنْ رَّبِّكَ
فَلَا تَكُنْ مِّنَ الْمُمْتَرِيْنَ ○

৬০. হক তো আপনার রবের তরফ থেকে। অতএব আপনি হবেন না সন্দেহপোষণ-কারীদের শামিল।

٦١- فَمَنْ حَآجَّكَ فِيْهِ
مِنْۢ بَعْدِ مَا جَآءَكَ مِنَ الْعِلْمِ
فَقُلْ تَعَالَوْا نَدْعُ اَبْنَآءَنَا وَاَبْنَآءَكُمْ
وَنِسَآءَنَا وَنِسَآءَكُمْ وَاَنْفُسَنَا وَاَنْفُسَكُمْ قف
ثُمَّ نَبْتَهِلْ فَنَجْعَلْ
لَّعْنَتَ اللّٰهِ عَلَى الْكٰذِبِيْنَ ○

৬১. যে কেউ আপনার সংগে তর্ক করে এ বিষয়ে, আপনার কাছে জ্ঞান আসার পর, আপনি তাকে বলুন ঃ এসো, আমরা ডাকি আমাদের সন্তানদের এবং তোমাদের সন্তানদের, আমাদের নারীদের এবং তোমাদের নারীদের, আমাদের নিজকে এবং তোমাদের নিজকে, তারপর আমরা বিনীতভাবে দু'আ করি এবং আল্লাহ্‌র লা'নত দেই মিথ্যাবাদীদের উপর।

সূরা নিসা, ৪ ঃ ১৫৬, ১৫৭, ১৫৮, ১৫৯, ১৭১, ১৭২

١٥٦- وَّبِكُفْرِهِمْ وَقَوْلِهِمْ عَلٰى مَرْيَمَ
بُهْتَانًا عَظِيْمًا ○

১৫৬. আর তারা অভিশপ্ত হয়েছিল তাদের কুফরীর জন্য এবং মারইয়ামের বিরুদ্ধে তাদের গুরুতর অপবাদের জন্য,

www.pathagar.com

يَحْيٰى وَ اَصْلَحْنَا لَهٗ زَوْجَهٗ ؕ اِنَّهُمْ كَانُوْا يُسٰرِعُوْنَ فِى الْخَيْرٰتِ وَ يَدْعُوْنَنَا رَغَبًا وَّ رَهَبًا ؕ وَكَانُوْا لَنَا خٰشِعِيْنَ ○

ইয়াহ্ইয়া, আর তার জন্য সন্তান-ধারণের উপযোগী করেছিলাম তার স্ত্রীকে। তারা তো প্রতিযোগিতা করত ভাল কাজে এবং তারা ডাকত আমাকে আশা ও ভয়ের সাথে আর তারা ছিল আমার প্রতি বিনীত।

হযরত ইয়াহ্ইয়া (আ)

সূরা মারইয়াম, ১৯ ঃ ১২, ১৩, ১৪, ১৫

١٢-يٰيَحْيٰى خُذِ الْكِتٰبَ بِقُوَّةٍ ؕ وَاٰتَيْنٰهُ الْحُكْمَ صَبِيًّا ○

১২. হে ইয়াহ্ইয়া ! তুমি দৃঢ়ভাবে ধারণ কর এ কিতাব। আর আমি তো তাকে দান করেছিলাম শৈশবেই হিক্মত,

١٣-وَّحَنَانًا مِّنْ لَّدُنَّا وَزَكٰوةً ؕ وَكَانَ تَقِيًّا ○

১৩. এবং দান করেছিলাম তাকে হৃদয়ের কোমলতা ও পবিত্রতা আমার তরফ থেকে, আর সে ছিল মুত্তাকী।

١٤-وَّبَرًّاۢ بِوَالِدَيْهِ وَلَمْ يَكُنْ جَبَّارًا عَصِيًّا ○

১৪. আর সে ছিল তার পিতা-মাতার অনুগত এবং সে ছিল না উদ্ধত, অবাধ্য।

١٥-وَسَلٰمٌ عَلَيْهِ يَوْمَ وُلِدَ وَيَوْمَ يَمُوْتُ وَيَوْمَ يُبْعَثُ حَيًّا ○

১৫. আর শান্তি তার প্রতি, যেদিন সে জন্মগ্রহণ করেছে এবং যে দিন সে মারা মরবে, আর যেদিন তাকে পুনরায় জীবিত করে উঠানো হবে।*

হযরত ঈসা মাসীহ্ (আ)

সূরা বাকারা, ২ ঃ ২৫৩

٢٥٣-تِلْكَ الرُّسُلُ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ ۘ مِنْهُمْ مَّنْ كَلَّمَ اللّٰهُ وَ رَفَعَ بَعْضَهُمْ دَرَجٰتٍ ؕ وَ اٰتَيْنَا عِيْسَى ابْنَ مَرْيَمَ الْبَيِّنٰتِ وَاَيَّدْنٰهُ بِرُوْحِ الْقُدُسِ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ

২৫৩. এই রাসূলগণ , আমি শ্রেষ্ঠত্ব দিয়েছি তদের কতককে কতকের উপর। তাদের মধ্যে এমন কেউ আছে, যার সংগে আল্লাহ্ কথা বলেছেন এবং উন্নীত করেছেন তাদের কারো মর্যাদা। আর আমি দিয়েছিলাম ঈসা ইব্ন মারইয়ামকে স্পষ্ট প্রমাণ এবং তাকে শক্তিশালী করেছিলাম জিব্রাঈলকে

* হযরত যাকারিয়া আলাইহিস্ সালাম-এর শিরোনামে ও হযরত ইয়াহ্ইয়া আলাইহিস্ সালাম প্রসঙ্গ এসেছে, তাই পুনঃ উল্লেখ করা হলো না।

www.pathagar.com

দিয়ে। যদি আল্লাহ্ ইচ্ছা করতেন, তবে তাদের পরবর্তীগণ পরস্পর যুদ্ধবিগ্রহ করত না, তাদের কাছে স্পষ্ট প্রমাণ আসার পর। কিন্তু তারা মতবিরোধ করল। ফলে, তাদের কতক ঈমান আনল এবং কতক কুফ্‌রী করল। আর যদি আল্লাহ্ ইচ্ছা করতেন, তারা পরস্পর যুদ্ধ বিগ্রহ করত না ; কিন্তু আল্লাহ্ তা-ই করেন, যা তিনি চান।

مَا اقْتَتَلَ الَّذِيْنَ مِنْۢ بَعْدِهِمْ مِّنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنٰتُ وَلٰكِنِ اخْتَلَفُوْا فَمِنْهُمْ مَّنْ اٰمَنَ وَمِنْهُمْ مَّنْ كَفَرَ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ مَا اقْتَتَلُوْا ۟ وَلٰكِنَّ اللّٰهَ يَفْعَلُ مَا يُرِيْدُ ۝

সূরা আলে ইমরান, ৩ ঃ ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৫, ৫৯, ৬০, ৬১

৪৫. স্মরণ কর, ফিরিশতারা বলেছিল ঃ হে মারইয়াম! নিশ্চয় আল্লাহ্ তোমাকে সুসংবাদ দিচ্ছেন তাঁর তরফ থেকে একটি কালিমার, তার নাম হবে মাসীহ ঈসা ইব্‌ন মারইয়াম, সে হবে সম্মানিত দুনিয়া ও আখিরাতে এবং নৈকট্য-প্রাপ্তদের একজন।

٤٥- اِذْ قَالَتِ الْمَلٰٓئِكَةُ يٰمَرْيَمُ اِنَّ اللّٰهَ يُبَشِّرُكِ بِكَلِمَةٍ مِّنْهُ ۖۗ اسْمُهُ الْمَسِيْحُ عِيْسَى ابْنُ مَرْيَمَ وَجِيْهًا فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ وَمِنَ الْمُقَرَّبِيْنَ ۝

৪৬. সে কথা বলবে মানুষের সাথে দোলনায় থাকা অবস্থায় এবং পরিণত বয়সেও আর সে হবে নেক্‌কারদের একজন।

٤٦- وَيُكَلِّمُ النَّاسَ فِى الْمَهْدِ وَكَهْلًا وَّمِنَ الصّٰلِحِيْنَ ۝

৪৭. মারইয়াম বলল ঃ হে আমার রব! কিরূপে আমার সন্তান হবে, অথচ আমাকে স্পর্শ করেনি কোন পুরুষ ? আল্লাহ্ বললেন ঃ এভাবেই হবে। আল্লাহ্ সৃষ্টি করেন যা চান। যখন তিনি স্থির করেন কোন কিছু তখন তিনি শুধু তার জন্য বলেন ঃ 'হও', অমনি তা হয়ে যায়।

٤٧- قَالَتْ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِىْ وَلَدٌ وَّلَمْ يَمْسَسْنِىْ بَشَرٌ ؕ قَالَ كَذٰلِكِ اللّٰهُ يَخْلُقُ مَا يَشَآءُ ؕ اِذَا قَضٰٓى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ ۝

৪৮. আর তিনি তাকে শিক্ষা দেবেন কিতাব, হিক্‌মাত, তাওরাত ও ইন্‌জীল।

٤٨- وَيُعَلِّمُهُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَالتَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ ۝

৪৯. আর বানাবেন তাকে রাসূল বনূ ইসরাঈলের জন্য। সে বলবে ঃ আমি তো নিয়ে এসেছি তোমাদের কাছে নিদর্শন তোমাদের রবের তরফ থেকে।

٤٩- وَرَسُوْلًا اِلٰى بَنِىْٓ اِسْرَآءِيْلَ ۙ اَنِّىْ قَدْ جِئْتُكُمْ بِاٰيَةٍ مِّنْ رَّبِّكُمْ ۙ

www.pathagar.com

দাঁড়িয়েছিল ঃ নিশ্চয় আল্লাহ্ সুসংবাদ দিচ্ছেন আপনাকে ইয়াহ্ইয়ার, সে আল্লাহ্র বাণীর সমর্থনকারী, নেতা, স্ত্রী বিরাগী এবং নেককারদের মধ্যে একজন নবী।

فِي الْمِحْرَابِ ۙ أَنَّ اللّٰهَ يُبَشِّرُكَ بِيَحْيٰى
مُصَدِّقًا بِكَلِمَةٍ مِّنَ اللّٰهِ
وَسَيِّدًا وَّحَصُورًا
وَّنَبِيًّا مِّنَ الصّٰلِحِينَ ○

৪০. সে (যাকারিয়া) বলল ঃ হে আমার রব! কিরূপে আমার পুত্র হবে ? অথচ আমার বার্ধক্য এসে গেছে এবং আমার স্ত্রীও বন্ধ্যা। আল্লাহ্ বললেন ঃ এভাবেই হবে। আল্লাহ্ করেন, যা তিনি চান।

٤٠- قَالَ رَبِّ أَنّٰى يَكُونُ لِي غُلٰمٌ
وَّقَدْ بَلَغَنِيَ الْكِبَرُ وَامْرَأَتِي عَاقِرٌ ۖ
قَالَ كَذٰلِكَ اللّٰهُ يَفْعَلُ مَا يَشَآءُ ○

৪১. যাকারিয়া বলল ঃ হে আমার রব ! দিন আমাকে একটি নিদর্শন। আল্লাহ্ বললেন ঃ তোমর জন্য নির্দশন হল এই যে, তুমি লোকদের সাথে কথা বলবে না তিনদিন ইশারা ছাড়া, আর স্মরণ করবে তোমার রবকে বেশীবেশী এবং তাঁর পবিত্রতা ঘোষণা করবে সন্ধ্যায় ও সকালে।

٤١- قَالَ رَبِّ اجْعَلْ لِّيْ اٰيَةً ۖ
قَالَ اٰيَتُكَ أَلَّا تُكَلِّمَ النَّاسَ
ثَلٰثَةَ أَيَّامٍ إِلَّا رَمْزًا ۗ
وَاذْكُرْ رَّبَّكَ كَثِيرًا
وَّسَبِّحْ بِالْعَشِيِّ وَالْإِبْكَارِ ○

সূরা মারইয়াম, ১৯ ঃ ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১

২. এ হলো আপনার রবের রহমতের বিবরণ তাঁর বান্দা যাকারিয়ার প্রতি,

٢- ذِكْرُ رَحْمَتِ رَبِّكَ عَبْدَهٗ زَكَرِيَّا ○

৩. যখন সে ডেকেছিল বিশেষভাবে তার রবকে নিভৃতে,

٣- إِذْ نَادٰى رَبَّهٗ نِدَآءً خَفِيًّا ○

৪. সে (যাকারিয়া) বলেছিল ঃ হে আমার রব ! আমার অস্থি তো দুর্বল হয়ে গেছে আর সাদা হয়ে গেছে আমার মাথা বার্ধ্যকের কারণে। হে আমার রব! আমি কখন বিফল হইনি আপনাকে ডেকে।

٤- قَالَ رَبِّ إِنِّيْ وَهَنَ الْعَظْمُ مِنِّيْ
وَاشْتَعَلَ الرَّأْسُ شَيْبًا
وَّلَمْ أَكُنْ بِدُعَآئِكَ رَبِّ شَقِيًّا ○

৫. আর আমি আশংকা করি আমার স্বগোত্রীয়দের সম্পর্কে আমার পরে যে, আমার স্ত্রী তো বন্ধ্যা, অতএব আপনি দান করুন আমাকে আপনার তরফ থেকে এক উত্তরাধিকারী,

٥- وَإِنِّيْ خِفْتُ الْمَوَالِيَ
مِنْ وَّرَآءِيْ وَكَانَتِ امْرَأَتِيْ عَاقِرًا
فَهَبْ لِيْ مِنْ لَّدُنْكَ وَلِيًّا ○

www.pathagar.com

٦-يَّرِثُنِيْ وَيَرِثُ مِنْ اٰلِ يَعْقُوْبَ ۖ وَاجْعَلْهُ رَبِّ رَضِيًّا ○

৬. যে উত্তরাধিকারিত্ব করবে আমার এবং উত্তরাধিকারিত্ব করবে ইয়া'কূবের বংশের। হে আমার রব! তাকে কর সন্তোষভাজন।

٧-يٰزَكَرِيَّآ اِنَّا نُبَشِّرُكَ بِغُلٰمِ ۨ اسْمُهٗ يَحْيٰى ۙ لَمْ نَجْعَلْ لَّهٗ مِنْ قَبْلُ سَمِيًّا ○

৭. তিনি বললেন ঃ হে যাকারিয়া ! আমি তোমাকে সুসংবাদ দিচ্ছি এক পুত্রের, যার নাম ইয়াহ্ইয়া। করিনি কাউকে এর পূর্বে তার সমনামের।

٨-قَالَ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِيْ غُلٰمٌ وَّ كَانَتِ امْرَاَتِيْ عَاقِرًا وَّقَدْ بَلَغْتُ مِنَ الْكِبَرِ عِتِيًّا ○

৮. সে বলল ঃ হে আমার রব ! কেমন করে আমার পুত্র হবে, যখন আমার স্ত্রী বন্ধ্যা এবং আমি পৌঁছেছি বার্ধক্যের শেষ প্রান্তে !

٩-قَالَ كَذٰلِكَ ۚ قَالَ رَبُّكَ هُوَ عَلَيَّ هَيِّنٌ وَّقَدْ خَلَقْتُكَ مِنْ قَبْلُ وَلَمْ تَكُ شَيْـًٔا ○

৯. তিনি বললেন ঃ এরূপই হবে। তোমার রব বললেন ঃ এরূপ করা আমার পক্ষে সহজ, আর আমি তো সৃষ্টি করেছি তোমাকে এর আগে, যখন তুমি কিছুই ছিলে না।

١٠-قَالَ رَبِّ اجْعَلْ لِّيْٓ اٰيَةً ۚ قَالَ اٰيَتُكَ اَلَّا تُكَلِّمَ النَّاسَ ثَلٰثَ لَيَالٍ سَوِيًّا ○

১০. যাকারিয়া বলল ঃ হে আমার রব! দিন আমাকে একটি নিদর্শন। তিনি বললেন ঃ তোমার নিদর্শন হল তুমি কথা বলবে না লোকদের সাথে তিন দিন সুস্থ থাকা সত্ত্বেও।

١١-فَخَرَجَ عَلٰى قَوْمِهٖ مِنَ الْمِحْرَابِ فَاَوْحٰٓى اِلَيْهِمْ اَنْ سَبِّحُوْا بُكْرَةً وَّعَشِيًّا ○

১১. তারপর সে বেরিয়ে এল তার সম্প্রদায়ের কাছে তার কক্ষ থেকে এবং তাদের ইংগিতে বলল ঃ তোমরা আল্লাহ্‌র তাস্‌বীহ্ পাঠ কর সকাল ও সন্ধ্যায়।

সূরা আম্বিয়া, ২১ ঃ ৮৯, ৯০

٨٩- وَ زَكَرِيَّآ اِذْ نَادٰى رَبَّهٗ رَبِّ لَا تَذَرْنِيْ فَرْدًا وَّ اَنْتَ خَيْرُ الْوٰرِثِيْنَ ○

৮৯. আর স্মরণ কর যাকারিয়্যার কথা, যখন সে দু'আ করেছিল তার রবের কাছে ঃ হে আমার রব ! আপনি আমাকে নিঃসন্তান রাখবেন না। আর আপনি তো উত্তম মালিকানার অধিকারী।

٩٠- فَاسْتَجَبْنَا لَهٗ ۫ وَوَهَبْنَا لَهٗ

৯০. তখন আমি তার দু'আ কবূল করেছিলাম এবং তাকে দান করেছিলাম

www.pathagar.com

১৫৭. এবং তাদের এ উক্তির জন্য ঃ আমরা হত্যা করেছি আল্লাহ্‌র রাসূল মাসীহ্ ঈসা ইব্‌ন মারইয়ামকে। বস্তুত তারা তাকে হত্যা করেনি এবং তাকে ক্রুশবিদ্ধও করেনি বরং তাদের এরূপ বিভ্রম ঘটেছিল। নিশ্চয় যারা তার ব্যাপারে মতভেদ করেছিল, তারা তো ছিল এ ব্যাপারে সন্দেহে পতিত। এ সম্পর্কে তাদের ছিল না কোন জ্ঞান অনুমানের অনুসরণ ছাড়া। এটা নিশ্চিত যে, তারা তাকে হত্যা করেনি !

١٥٧-وَّقَوْلِهِمْ اِنَّا قَتَلْنَا الْمَسِيْحَ
عِيْسَى ابْنَ مَرْيَمَ رَسُوْلَ اللّٰهِ ۚ
وَمَا قَتَلُوْهُ وَمَا صَلَبُوْهُ وَلٰكِنْ شُبِّهَ لَهُمْ ۗ
وَاِنَّ الَّذِيْنَ اخْتَلَفُوْا فِيْهِ
لَفِيْ شَكٍّ مِّنْهُ ۗ مَا لَهُمْ بِهٖ مِنْ عِلْمٍ
اِلَّا اتِّبَاعَ الظَّنِّ ۚ وَمَا قَتَلُوْهُ يَقِيْنًا ۝

১৫৮. বরং আল্লাহ্ তাকে তুলে নিয়েছেন তাঁর কাছে। আর আল্লাহ্ পরাক্রমশালী, হিক্‌মতওয়ালা।

١٥٨- بَلْ رَّفَعَهُ اللّٰهُ اِلَيْهِ ۗ
وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ۝

১৫৯. আর আহ্‌লে কিতাবের মধ্যে প্রত্যেকে তার মৃত্যুর পূর্বে অবশ্যই ঈসার প্রতি ঈমান আনবে এবং কিয়ামতের দিন ঈসা তাদের বিরুদ্ধে সাক্ষী হবে।

١٥٩-وَاِنْ مِّنْ اَهْلِ الْكِتٰبِ
اِلَّا لَيُؤْمِنَنَّ بِهٖ قَبْلَ مَوْتِهٖ ۚ
وَيَوْمَ الْقِيٰمَةِ يَكُوْنُ عَلَيْهِمْ شَهِيْدًا ۝

১৭১. হে আহ্‌লে কিতাব ! তোমরা বাড়াবাড়ি করো না দীনের ব্যাপারে এবং বলো না আল্লাহ্ সম্বন্ধে সত্য ছাড়া অন্য কিছু। মাসীহ্ ঈসা ইব্‌ন মারইয়াম তো আল্লাহ্‌র রাসূল এবং তাঁর বাণী, যা তিনি পৌঁছিয়েছিলেন মারইয়ামের কাছে এবং সে ছিল তাঁর তরফ থেকে রূহ্। সুতরাং তোমরা ঈমান আন আল্লাহ্‌র প্রতি এবং তাঁর রাসূলদের প্রতি, আর বল না ঃ তিন ! তোমরা এ থেকে বিরত থাক, ইহা তোমাদের জন্য কল্যাণকর। আল্লাহ্ তো এক ইলাহ্, তিনি পবিত্র এ থেকে যে, তাঁর সন্তান হবে। তাঁরই যা কিছু আছে আসমানে এবং যা কিছু আছে যমীনে। আর আল্লাহ্-ই যথেষ্ট কর্মসম্পাদনকারীরূপে।

١٧١-يٰٓاَهْلَ الْكِتٰبِ لَا تَغْلُوْا فِيْ دِيْنِكُمْ
وَلَا تَقُوْلُوْا عَلَى اللّٰهِ اِلَّا الْحَقَّ ۗ
اِنَّمَا الْمَسِيْحُ عِيْسَى ابْنُ مَرْيَمَ
رَسُوْلُ اللّٰهِ وَكَلِمَتُهٗ ۚ
اَلْقٰهَآ اِلٰى مَرْيَمَ وَرُوْحٌ مِّنْهُ ۫
فَاٰمِنُوْا بِاللّٰهِ وَرُسُلِهٖ ۚ وَلَا تَقُوْلُوْا ثَلٰثَةٌ ۗ
اِنْتَهُوْا خَيْرًا لَّكُمْ ۗ
اِنَّمَا اللّٰهُ اِلٰهٌ وَّاحِدٌ ۗ
سُبْحٰنَهٗٓ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ ۘ
لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۗ
وَكَفٰى بِاللّٰهِ وَكِيْلًا ۝

১৭২. কখন হেয় জ্ঞান করে না মাসীহ্ আল্লাহ্‌র বান্দা হওয়াকে, আর না

١٧٢- لَنْ يَّسْتَنْكِفَ الْمَسِيْحُ اَنْ يَّكُوْنَ

www.pathagar.com

নৈকট্যপ্রাপ্ত ফিরিশতারাও। কেউ হেয় জ্ঞান করলে তাঁর ইবাদত করাকে এবং অহংকার করলে, তিনি অবশ্যই একত্র করবেন তাদের সবাইকে তাঁর কাছে।

عَبْدًا لِّلّٰهِ وَلَا الْمَلٰٓئِكَةُ الْمُقَرَّبُوْنَ ؕ وَمَنْ يَّسْتَنْكِفْ عَنْ عِبَادَتِهٖ وَيَسْتَكْبِرْ فَسَيَحْشُرُهُمْ اِلَيْهِ جَمِيْعًا ○

সূরা মায়িদা, ৫ ঃ ১৭, ৪৬, ৭২, ৭৫, ১১০, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮

১৭. তারা তো কুফ্‌রী করেছে, যারা বলে ঃ নিশ্চয় মাসীহ্ ইব্‌ন মারইয়ামই আল্লাহ্। বলুন ঃ কে আল্লাহ্‌কে বাধা দেবার শক্তি রাখে, যদি তিনি ইচ্ছা করেন ধ্বংস করতে মাসীহ্ ইব্‌ন মারইয়াম, তার মা এবং যারা পৃথিবীতে আছে সবাইকে ? আল্লাহ্‌রই অধিকারে আছে আসমান, যমীন এবং এ দু'য়ের মাঝে যা কিছু আছে সবই, তিনি সৃষ্টি করেন, যা কিছু তিনি ইচ্ছা করেন। আর আল্লাহ্ সর্ব-বিষয়ে সর্বশক্তিমান।

١٧-لَقَدْ كَفَرَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ هُوَ الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ ؕ قُلْ فَمَنْ يَّمْلِكُ مِنَ اللّٰهِ شَيْـًٔا اِنْ اَرَادَ اَنْ يُّهْلِكَ الْمَسِيْحَ ابْنَ مَرْيَمَ وَاُمَّهٗ وَمَنْ فِى الْاَرْضِ جَمِيْعًا ؕ وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ؕ يَخْلُقُ مَا يَشَآءُ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ○

৪৬. আর আমি পাঠিয়েছিলাম তাদের পরে ঈসা ইব্‌ন মারইয়ামকে, তার পূর্বে নাযিলকৃত তাওরাতের সমর্থকরূপে আর আমি দিয়েছিলাম তাকে ইন্‌জীল, যাতে ছিল হিদায়েত ও নূর, তার পূর্ববর্তী তাওরাতের সমর্থকরূপে এবং তা ছিল মুত্তাকীদের জন্য হিদায়েত ও উপদেশ স্বরূপ।

٤٦-وَقَفَّيْنَا عَلٰٓى اٰثَارِهِمْ بِعِيْسَى ابْنِ مَرْيَمَ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ التَّوْرٰىةِ ۪ وَاٰتَيْنٰهُ الْاِنْجِيْلَ فِيْهِ هُدًى وَّنُوْرٌ ۙ وَّمُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ التَّوْرٰىةِ وَهُدًى وَّمَوْعِظَةً لِّلْمُتَّقِيْنَ ○

৭২. তারা তো কুফ্‌রী করেছে, যারা বলে ঃ নিশ্চয় আল্লাহ্ হলেন মাসীহ্ ইব্‌ন মারইয়াম। অথচ মাসীহ্ বলেছিল ঃ হে বনূ ইসরাঈল। তোমরা ইবাদত কর আল্লাহ্‌র, যিনি রব আমার এবং রব তোমাদের। কেউ আল্লাহ্‌র সাথে শরীক করলে, আল্লাহ্ অবশ্যই তার জন্য হারাম করে দেবেন জান্নাত এবং তার

٧٢-لَقَدْ كَفَرَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ هُوَ الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ ؕ وَقَالَ الْمَسِيْحُ يٰبَنِىْٓ اِسْرَآءِيْلَ اعْبُدُوا اللّٰهَ رَبِّىْ وَرَبَّكُمْ ؕ اِنَّهٗ مَنْ يُّشْرِكْ بِاللّٰهِ فَقَدْ حَرَّمَ اللّٰهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَاْوٰىهُ

www.pathagar.com

৬২. আর কিছুতেই যেন তোমাদের নিবৃত্ত না করে শয়তান, কেননা, সে তো তোমাদের প্রকাশ্য শত্রু।

٦٢-وَلَا يَصُدَّنَّكُمُ الشَّيْطٰنُ ۚ إِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ۝

৬৩. আর যখন এলো ঈসা স্পষ্ট নিদর্শন নিয়ে, তখন সে বলেছিল ঃ আমি তো এসেছি তোমাদের কাছে হিক্‌মত নিয়ে এবং স্পষ্ট করে দেয়ার জন্য তোমাদের কাছে তার কতক, যাতে তোমরা মতভেদ করছ। অতএব তোমরা ভয় কর আল্লাহ্‌কে এবং অনুসরণ কর আমার।

٦٣-وَلَمَّا جَآءَ عِيْسٰى بِالْبَيِّنٰتِ قَالَ قَدْ جِئْتُكُمْ بِالْحِكْمَةِ وَلِاُبَيِّنَ لَكُمْ بَعْضَ الَّذِىْ تَخْتَلِفُوْنَ فِيْهِ ۚ فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ۝

৬৪. নিশ্চয় আল্লাহ্, তিনিই রব আমার এবং রব তোমাদেরও। সুতরাং তোমরা তাঁরই ইবাদত কর। এটাই সরল সঠিক পথ।

٦٤-اِنَّ اللّٰهَ هُوَ رَبِّىْ وَرَبُّكُمْ فَاعْبُدُوْهُ ۗ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ۝

সূরা সাফ্‌ফ, ৬১ ঃ ৬, ১৪

৬. আর স্মরণ কর, বলেছিল মারইয়ামের পুত্র ঈসা ঃ হে বনূ ইস্‌রাঈল ! আমি তো আলাহ্‌র রাসূল তোমাদের কাছে এবং আমি সমর্থক সে তাওরাতের, যা রয়েছে আমার পূর্ব থেকে তোমাদের কাছে। আর আমি সুসংবাদদাতা সে রাসূলের, যিনি আসবেন আমার পরে, যার নাম আহ্‌মাদ। তারপর যখন তিনি এলেন সুস্পষ্ট নিদর্শন নিয়ে, তখন তারা বলল ঃ এতো এক স্পষ্ট যাদু।

٦-وَاِذْ قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ يٰبَنِىْٓ اِسْرَآءِيْلَ اِنِّىْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ مُّصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَىَّ مِنَ التَّوْرٰىةِ وَمُبَشِّرًا بِرَسُوْلٍ يَّاْتِىْ مِنْ بَعْدِى اسْمُهٗٓ اَحْمَدُ ۗ فَلَمَّا جَآءَهُمْ بِالْبَيِّنٰتِ قَالُوْا هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ۝

১৪. ওহে যারা ঈমান এনেছ! তোমরা হয়ে যাও আল্লাহ্‌র সাহায্যকারী, যেমন বলেছিল মারইয়ামের পুত্র ঈসা হাওয়ারীদের ঃ কে আমার সাহায্যকারী আল্লাহ্‌র পথে ? হাওয়ারীগণ বলেছিল ঃ আমরাই আল্লাহ্‌র সাহায্যকারী। তারপর ঈমান আনল একদল বনূ ইস্‌রাঈল থেকে এবং কুফ্‌রী করল একদল। অবশেষে আমি সাহায্য করলাম তাদের, যারা ঈমান এনেছিল, তাদের শত্রুদের বিরুদ্ধে, ফলে তারা বিজয়ী হল।

١٤- يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُوْنُوْٓا اَنْصَارَ اللّٰهِ كَمَا قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ لِلْحَوَارِيّٖنَ مَنْ اَنْصَارِىْٓ اِلَى اللّٰهِ ۗ قَالَ الْحَوَارِيُّوْنَ نَحْنُ اَنْصَارُ اللّٰهِ فَاٰمَنَتْ طَّآئِفَةٌ مِّنْۢ بَنِىْٓ اِسْرَآءِيْلَ وَكَفَرَتْ طَّآئِفَةٌ ۚ فَاَيَّدْنَا الَّذِيْنَ اٰمَنُوْا عَلٰى عَدُوِّهِمْ فَاَصْبَحُوْا ظٰهِرِيْنَ ۝

মুহাম্মাদুর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

সূরা বাকারা, ২ ঃ ৪, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৪৯, ১৫০, ১৫১, ১৮৬, ১৮৯, ২১৫, ২১৭, ২১৯, ২২০, ২২২, ২৫২

৪. এবং যা আপনার প্রতি নাযিল হয়েছে ও যা আপনার পূর্বে নাযিল হয়েছে তাতে যারা ঈমান আনে এবং যারা আখিরাতে নিশ্চিত বিশ্বাসী, (তারাই মুত্তাকী)।

٤- وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِمَآ اُنْزِلَ
اِلَيْكَ وَمَآ اُنْزِلَ مِنْ قَبْلِكَ ۚ
وَبِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ ○

১৪৪. আমি তো লক্ষ্য করেছি আপনার আসমানের দিকে বারবার তাকানকে। সুতরাং অবশ্যই আপনাকে ফিরিয়ে দেব এমন কিব্‌লার দিকে, যা আপনি পসন্দ করেন। অতএব আপনি আপনার মুখ ফিরান মসজিদে হারামের দিকে। আর তোমরা যেখানেই থাক না কেন, তোমাদের মুখ ফিরাবে সেদিকে। আর যাদের কিতাব দেওয়া হয়েছে, তারা তো নিশ্চিতভাবে জানে, ইহা তো সত্য তাদের রবের তরফ থেকে। আর আল্লাহ্ গাফিল নন সে সম্বন্ধে, যা তারা করে।

١٤٤- قَدْ نَرٰى تَقَلُّبَ وَجْهِكَ فِى السَّمَآءِ ۚ
فَلَنُوَلِّيَنَّكَ قِبْلَةً تَرْضٰهَا ص
فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ط
وَحَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوْا وُجُوْهَكُمْ شَطْرَهٗ ط
وَاِنَّ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ لَيَعْلَمُوْنَ
اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ط
وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا يَعْمَلُوْنَ ○

১৪৫. আর আপনি যদি যাদের কিতাব দেওয়া হয়েছে, তাদের কাছে সমস্ত প্রমাণ উপস্থিত করেন, তবুও তারা অনুসরণ করবে না আপনার কিব্‌লার আর আপনিও অনুসরণ করার নন তাদের কিব্‌লার। আর তারাও পরস্পরের কিব্‌লার অনুসারী নয়। আপনি যদি অনুসরণ করেন, তাদের খেয়াল-খুশীর, আপনার কাছে জ্ঞান আসার পর, তাহলে

١٤٥- وَلَئِنْ اَتَيْتَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ
بِكُلِّ اٰيَةٍ مَّا تَبِعُوْا قِبْلَتَكَ ۚ
وَمَآ اَنْتَ بِتَابِعٍ قِبْلَتَهُمْ ۚ وَمَا بَعْضُهُمْ
بِتَابِعٍ قِبْلَةَ بَعْضٍ ط وَلَئِنِ اتَّبَعْتَ
اَهْوَآءَهُمْ مِّنْۢ بَعْدِ مَا جَآءَكَ مِنَ الْعِلْمِ ۙ

www.pathagar.com

বলা, যার অধিকার আমার নেই, যদি আমি তা বলতাম, তবে আপনি তো তা জানতেন। আপনি জানেন, যা আছে আমার অন্তরে, কিন্তু আমি জানি না, যা আছে আপনার অন্তরে। আপনি তো গায়েবের ব্যাপারে সম্যক অবহিত।

إِن كُنتُ قُلْتُهُ فَقَدْ عَلِمْتَهُ ۚ تَعْلَمُ مَا فِي نَفْسِي وَلَا أَعْلَمُ مَا فِي نَفْسِكَ ۚ إِنَّكَ أَنتَ عَلَّامُ الْغُيُوبِ ○

১১৭. আমি তাদের বলিনি, আপনি আমাকে যে হুকুম দিয়েছেন তাছাড়া অন্য কিছু। বলেছি ঃ তোমরা ইবাদত কর আল্লাহ্‌র, যিনি রব আমার এবং রব তোমাদের। আর আমি সাক্ষী ছিলাম তাদের জন্য, যতদিন আমি ছিলাম তাদের মাঝে, কিন্তু যখন আপনি আমাকে তুলে নিলেন, তখন আপনিই তো ছিলেন তাদের কার্যকলাপের নিগাহ্‌বান-তত্ত্বা-বধায়ক। আর আপনি সর্ববিষয়ে সাক্ষী।

١١٧- مَا قُلْتُ لَهُمْ إِلَّا مَا أَمَرْتَنِي بِهِ أَنِ اعْبُدُوا اللَّهَ رَبِّي وَرَبَّكُمْ ۚ وَكُنتُ عَلَيْهِمْ شَهِيدًا مَّا دُمْتُ فِيهِمْ ۖ فَلَمَّا تَوَفَّيْتَنِي كُنتَ أَنتَ الرَّقِيبَ عَلَيْهِمْ ۚ وَأَنتَ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ ○

১১৮. যদি আপনি তাদের শাস্তি দেন, তবে তারা তো আপনারই বান্দা. আর যদি আপনি তাদের মাফ করে দেন, তবে আপনি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

١١٨- إِن تُعَذِّبْهُمْ فَإِنَّهُمْ عِبَادُكَ ۖ وَإِن تَغْفِرْ لَهُمْ فَإِنَّكَ أَنتَ الْعَزِيزُ الْحَكِيمُ ○

সূরা মারইয়াম, ১৯ ঃ ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪

২৯. তারপর মারইয়াম ঈসার প্রতি ইংগিত করল। তারা বলল ঃ কেমন করে আমরা কথা বলব কোলের শিশুর সাথে ?

٢٩- فَأَشَارَتْ إِلَيْهِ ۖ قَالُوا كَيْفَ نُكَلِّمُ مَن كَانَ فِي الْمَهْدِ صَبِيًّا ○

৩০. ঈসা বলল ঃ আমি তো আল্লাহ্‌র বান্দা। আল্লাহ্ আমাকে কিতাব দিয়েছেন এবং আমাকে নবী করেছেন,

٣٠- قَالَ إِنِّي عَبْدُ اللَّهِ آتَانِيَ الْكِتَابَ وَجَعَلَنِي نَبِيًّا ○

৩১. আর আমাকে বরকতময় করেছেন, যেখানেই আমি থাকি না কেন। আর তিনি আমাকে নির্দেশ দিয়েছেন সালাতের ও যাকাতের, যতদিন আমি জীবিত থাকি।

٣١- وَجَعَلَنِي مُبَارَكًا أَيْنَ مَا كُنتُ وَأَوْصَانِي بِالصَّلَاةِ وَالزَّكَاةِ مَا دُمْتُ حَيًّا ○

٣٢- وَّبَرًّا بِوَالِدَتِيْ وَلَمْ يَجْعَلْنِيْ جَبَّارًا
شَقِيًّا ○

৩২. আর করেছেন আমাকে অনুগত আমার মাতার প্রতি এবং করেননি আমাকে উদ্ধত, হতভাগ্য।

٣٣- وَالسَّلٰمُ عَلَيَّ يَوْمَ وُلِدْتُّ
وَيَوْمَ اَمُوْتُ وَيَوْمَ اُبْعَثُ حَيًّا ○

৩৩. আর শান্তি আমার প্রতি, যে দিন আমি জন্মগ্রহণ করেছি, যে দিন আমি মারা যাব এবং যে দিন আমাকে পুনরায় জীবিত করে উঠানো হবে।

٣٤- ذٰلِكَ عِيْسَى ابْنُ مَرْيَمَ ۚ قَوْلَ الْحَقِّ
الَّذِيْ فِيْهِ يَمْتَرُوْنَ ○

৩৪. এ-ই ঈসা ইব্‌ন মারইয়াম, এ সত্য কথা, যাতে তারা বিতর্ক করে।

সূরা মু'মিনূন, ২৩ঃ ৫০

٥٠- وَجَعَلْنَا ابْنَ مَرْيَمَ وَاُمَّهٗۤ اٰيَةً
وَّاٰوَيْنٰهُمَاۤ اِلٰى رَبْوَةٍ ذَاتِ قَرَارٍ وَّمَعِيْنٍ

৫০. আর আমি করেছিলাম মারইয়ামের পুত্র ও তার মাকে এক নিদর্শন এবং আমি আশ্রয় দিয়েছিলাম তাদের উভয়কে এক নিরাপদ প্রস্রবণ বিশিষ্ট ভূমিতে।

সূরা যুখ্‌রুফ ৪৩ঃ ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪

٥٧- وَلَمَّا ضُرِبَ ابْنُ مَرْيَمَ مَثَلًا
اِذَا قَوْمُكَ مِنْهُ يَصِدُّوْنَ ○

৫৭. আর যখন উপস্থিত করা হয় মারইয়াম পুত্রের দৃষ্টান্ত, তখন আপনার কাওম তাতে শোরগোল শুরু করে দেয়,

٥٨- وَقَالُوْۤا ءَاٰلِهَتُنَا خَيْرٌ اَمْ هُوَ ؕ
مَا ضَرَبُوْهُ لَكَ اِلَّا جَدَلًا ؕ
بَلْ هُمْ قَوْمٌ خَصِمُوْنَ ○

৫৮. এবং বলে ঃ আমাদের দেবতারা শ্রেষ্ঠ, না ঈসা ? তারা তো আপনাকে এরূপ বলে কেবল ঝগড়ার উদ্দেশ্যে। বস্তুত তারা তো কেবল ঝগড়াটে সম্প্রদায়।

٥٩- اِنْ هُوَ اِلَّا عَبْدٌ اَنْعَمْنَا عَلَيْهِ
وَجَعَلْنٰهُ مَثَلًا لِّبَنِيْۤ اِسْرَآءِيْلَ ○

৫৯. ঈসা তো ছিল আমার এক বান্দা, যাকে আমি অনুগ্রহ করেছিলাম এবং যাকে করেছিলাম বনূ ইস্‌রাঈলের জন্য দৃষ্টান্ত।

٦٠- وَلَوْ نَشَآءُ لَجَعَلْنَا مِنْكُمْ مَّلٰٓئِكَةً
فِى الْاَرْضِ يَخْلُفُوْنَ ○

৬০. আর আমি ইচ্ছা করলে অবশ্যই সৃষ্টি করতাম তোমাদের মধ্য থেকে ফিরিশতাদের, যারা পর্যায়ক্রমে পৃথিবীতে বসবাস করত।

٦١- وَاِنَّهٗ لَعِلْمٌ لِّلسَّاعَةِ فَلَا تَمْتَرُنَّ بِهَا
وَاتَّبِعُوْنِ ؕ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ○

৬১. আর ঈসা তো কিয়ামতের নিশ্চিত নিদর্শন। সুতরাং তোমরা সন্দেহ করো না কিয়ামতের ব্যাপারে এবং অনুসরণ করো আমার। এটাই সরল-সঠিক পথ।

www.pathagar.com

النَّارُ ۗ وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ ○

ঠিকানা হবে জাহান্নাম আর যালিমদের কোন সাহায্যকারী নেই।

٧٥- مَا الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ اِلَّا رَسُوْلٌ ۚ
قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ ۗ
وَاُمُّهٗ صِدِّيْقَةٌ ۗ كَانَا يَاْكُلٰنِ
الطَّعَامَ ۗ اُنْظُرْ كَيْفَ نُبَيِّنُ لَهُمُ الْاٰيٰتِ
ثُمَّ انْظُرْ اَنّٰى يُؤْفَكُوْنَ ○

৭৫. মাসীহ্ ইব্ন মারইয়াম তো কেবল একজন রাসূল ছিলেন, গত হয়েছে তার আগে অনেক রাসূল এবং তার মা ছিল সত্যনিষ্ঠ। তারা উভয়ে খানা খেত। দেখ, আমি কিরূপ তাদের জন্য বর্ণনা করি নিদর্শনসমূহ। আরো দেখ, কোথায় তারা বিভ্রান্ত হয়ে চলেছে!

١١٠- اِذْ قَالَ اللّٰهُ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ
اذْكُرْ نِعْمَتِيْ عَلَيْكَ وَعَلٰى وَالِدَتِكَ ۘ
اِذْ اَيَّدْتُّكَ بِرُوْحِ الْقُدُسِ ۣ
تُكَلِّمُ النَّاسَ فِي الْمَهْدِ وَكَهْلًا ۚ
وَاِذْ عَلَّمْتُكَ الْكِتٰبَ وَالْحِكْمَةَ
وَالتَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ ۚ
وَاِذْ تَخْلُقُ مِنَ الطِّيْنِ كَهَيْـَٔةِ الطَّيْرِ بِاِذْنِيْ
فَتَنْفُخُ فِيْهَا فَتَكُوْنُ طَيْرًا ۢ بِاِذْنِيْ
وَتُبْرِئُ الْاَكْمَهَ وَالْاَبْرَصَ بِاِذْنِيْ ۚ
وَاِذْ تُخْرِجُ الْمَوْتٰى بِاِذْنِيْ ۚ
وَاِذْ كَفَفْتُ بَنِيْٓ اِسْرَآءِيْلَ عَنْكَ
اِذْ جِئْتَهُمْ بِالْبَيِّنٰتِ
فَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ
اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ○

১১০. স্মরণ কর, আল্লাহ্ বলবেন ঃ হে ঈসা ইব্ন মারইয়াম ! স্মরণ কর আমার অনুগ্রহ তোমার প্রতি এবং তোমার মায়ের প্রতি, আমি শক্তিশালী করেছিলাম তোমাকে জিব্রাঈলকে দিয়ে, তুমি কথা বলতে লোকদের সাথে দোলনায় থাকাবস্থায় এবং পরিণত বয়সে। আর তোমাকে শিক্ষা দিয়েছিলাম কিতাব, হিক্মত, তাওরাত ও ইন্জীল। তুমি তৈরী করতে মাটি দিয়ে পাখীসদৃশ আকৃতি আমার অনুমতিক্রমে, তারপর তাতে ফুঁ দিতে, ফলে তা হয়ে যেত পাখী আমার হুকুমে। তুমি নিরাময় করতে জন্মান্ধ ও কুষ্ঠ ব্যাধিগ্রস্তকে আমার নির্দেশে এবং আমার হুকুমে তুমি জীবিত করতে মৃতকে। আর আমি নিবৃত্ত করেছিলাম বনূ ইসরাঈলকে তোমার থেকে, যখন তুমি তাদের কাছে এনেছিলে স্পষ্ট নিদর্শন, তখন তাদের মাঝে যারা কুফরী করেছিল, তারা বলেছিল ঃ এতো স্পষ্ট যাদু ছাড়া আর কিছু নয়।

١١١- وَاِذْ اَوْحَيْتُ اِلَى الْحَوَارِيّٖنَ
اَنْ اٰمِنُوْا بِيْ وَبِرَسُوْلِيْ ۚ
قَالُوْٓا اٰمَنَّا

১১১. আরো স্মরণ কর, আমি নির্দেশ দিয়েছিলাম হাওয়ারীদের যে, তোমরা ঈমান আন আমার প্রতি এবং আমার রাসূলের প্রতি। তারা বলেছিল ঃ আমরা

www.pathagar.com

ঈমান আনলাম। আর তুমি সাক্ষী থেক যে, আমরা তো মুসলিম।

وَاشْهَدْ بِاَنَّنَا مُسْلِمُوْنَ ○

১১২. স্মরণ কর, হাওয়ারীগণ বলেছিল ঃ হে ঈসা ইব্‌ন মারইয়াম ! তোমার রব কি পারেন নাযিল করতে আমাদের প্রতি আসমান থেকে খাদ্যপূর্ণ খাঞ্চা ? সে বলেছিল ঃ তোমরা ভয় কর আল্লাহ্‌কে, যদি মু'মিন হও।

١١٢- اِذْ قَالَ الْحَوَارِيُّوْنَ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ
هَلْ يَسْتَطِيْعُ رَبُّكَ اَنْ يُّنَزِّلَ
عَلَيْنَا مَآئِدَةً مِّنَ السَّمَآءِ ؕ قَالَ اتَّقُوا اللّٰهَ
اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ○

১১৩. তারা বলেছিল ঃ আমরা চাই যে, আমরা তা থেকে কিছু খাব এবং আমাদের অন্তর প্রশান্তি লাভ করবে। আর আমরা জানতে চাই যে, তুমি আমাদের সত্য বলেছ এবং আমরা এর উপর সাক্ষী থাকতে চাই।

١١٣- قَالُوْا نُرِيْدُ اَنْ نَّاْكُلَ مِنْهَا
وَتَطْمَئِنَّ قُلُوْبُنَا وَنَعْلَمَ اَنْ قَدْ صَدَقْتَنَا
وَنَكُوْنَ عَلَيْهَا مِنَ الشّٰهِدِيْنَ ○

১১৪. ঈসা ইব্‌ন মারইয়াম বলল ঃ হে আল্লাহ্‌, আমাদের প্রতিপালক! নাযিল কর আমাদের প্রতি আসমান থেকে খাদ্যপূর্ণ খাঞ্চা, তা হবে আমাদের পূর্ববর্তী ও পরবর্তী সবার জন্য ঈদস্বরূপ এবং তোমার তরফ থেকে নিদর্শন-স্বরূপ। আর তুমি আমাদের রিযিক দান কর, আর তুমিই তো শ্রেষ্ঠ রিযিকদাতা।

١١٤- قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ اللّٰهُمَّ رَبَّنَآ
اَنْزِلْ عَلَيْنَا مَآئِدَةً مِّنَ السَّمَآءِ
تَكُوْنُ لَنَا عِيْدًا لِّاَوَّلِنَا وَاٰخِرِنَا
وَاٰيَةً مِّنْكَ ۚ
وَارْزُقْنَا وَاَنْتَ خَيْرُ الرّٰزِقِيْنَ ○

১১৫. আল্লাহ্‌ বললেন ঃ অবশ্যই আমি তা নযিল করব তোমাদের কাছে, কিন্তু এরপর তোমাদের থেকে কেউ কুফ্‌রী করলে, তাকে আমি এমন শাস্তি দেব, যে শাস্তি আমি সারা জাহানে আর কাউকে দেব না।

١١٥- قَالَ اللّٰهُ اِنِّىْ مُنَزِّلُهَا عَلَيْكُمْ ۚ
فَمَنْ يَّكْفُرْ بَعْدُ مِنْكُمْ
فَاِنِّىْٓ اُعَذِّبُهٗ عَذَابًا
لَّآ اُعَذِّبُهٗٓ اَحَدًا مِّنَ الْعٰلَمِيْنَ ○

১১৬. আর যখন আল্লাহ্‌ বলবেন ঃ হে ঈসা ইব্‌ন মারইয়াম! তুমি কি বলেছিলে লোকদের যে, তোমরা গ্রহণ কর আমাকে এবং আমার মাকে দুই ইলাহ্‌রূপে, আল্লাহ্‌কে বাদ দিয়ে। তখন সে বলবে ঃ পবিত্র মহান তুমি, আমার পক্ষে শোভন নয় এমন কথা

١١٦- وَاِذْ قَالَ اللّٰهُ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ
ءَاَنْتَ قُلْتَ لِلنَّاسِ اتَّخِذُوْنِىْ
وَاُمِّىَ اِلٰهَيْنِ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ قَالَ سُبْحٰنَكَ
مَا يَكُوْنُ لِىْٓ اَنْ اَقُوْلَ مَا لَيْسَ لِىْ ۗ بِحَقٍّ ؕ

إِنَّكَ إِذًا لَّمِنَ الظّٰلِمِينَ ۞

আপনি তখন হয়ে পড়বেন অবশ্যই যালিমদের শামিল।

١٤٦-اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَعْرِفُوْنَهٗ كَمَا يَعْرِفُوْنَ اَبْنَآءَهُمْ ۖ وَاِنَّ فَرِيْقًا مِّنْهُمْ لَيَكْتُمُوْنَ الْحَقَّ وَهُمْ يَعْلَمُوْنَ ۞

১৪৬. আমি যাদের কিতাব দিয়েছি, তারা মুহাম্মদকে চিনে, যেমন তারা চিনে নিজেদের সন্তানদের। কিন্তু তাদের একদল তো গোপন করে সত্যকে জেনেশুনে।

١٤٩-وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ۖ وَاِنَّهٗ لَلْحَقُّ مِنْ رَّبِّكَ ۖ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ۞

১৪৯. আর আপনি যেখান থেকেই বের হন না কেন, আপনি ফিরাবেন আপনার মুখ মসজিদের হারামের দিকে। ইহা তো নিশ্চিত সত্য আপনার রবের তরফ থেকে। আর আল্লাহ্ গাফিল নন সে সম্বন্ধে, যা তোমরা কর।

١٥٠-وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ۖ وَحَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوْا وُجُوْهَكُمْ شَطْرَهٗ ۙ لِئَلَّا يَكُوْنَ لِلنَّاسِ عَلَيْكُمْ حُجَّةٌ ۙ اِلَّا الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ ۗ فَلَا تَخْشَوْهُمْ وَاخْشَوْنِيْ ۗ وَلِاُتِمَّ نِعْمَتِيْ عَلَيْكُمْ وَلَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ۞

১৫০. আর আপনি যেখান থেকেই বের হন না কেন, আপনি ফিরাবেন আপনার মুখ মসজিদে হারামের দিকে। আর তোমরা যেখানেই থাক না কেন, তোমাদের মুখ ফিরাবে সেদিকে। যাতে তোমাদের বিরুদ্ধে লোকদের বিতর্কের কিছু না থাকে, তবে তারা ছাড়া যারা তাদের মধ্যে যালিম। সুতরাং তাদের ভয় করো না, ভয় আমাকেই কর আর যেন আমি পরিপূর্ণরূপে দিতে পারি আমার নিয়ামত তোমাদের আর যেন তোমরা সৎপথে চলতে পার।

١٥١- كَمَآ اَرْسَلْنَا فِيْكُمْ رَسُوْلًا مِّنْكُمْ يَتْلُوْا عَلَيْكُمْ اٰيٰتِنَا وَيُزَكِّيْكُمْ وَيُعَلِّمُكُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَيُعَلِّمُكُمْ مَّا لَمْ تَكُوْنُوْا تَعْلَمُوْنَ ۞

১৫১. যেমন আমি পাঠিয়েছি তোমাদের কাছে একজন রাসূল তোমাদেরই মধ্য থেকে, যিনি পাঠ করে শোনান তোমাদের আমার আয়াতসমূহ, পরিশুদ্ধ করেন তোমাদের, শিক্ষা দেন তোমাদের কিতাব ও হিক্মত এবং শিক্ষা দেন তোমাদের যা তোমরা জানতে না।

١٨٦- وَاِذَا سَاَلَكَ عِبَادِيْ عَنِّيْ فَاِنِّيْ قَرِيْبٌ ۖ اُجِيْبُ دَعْوَةَ الدَّاعِ

১৮৬. আর যখন আপনাকে জিজ্ঞাসা করে আমার বান্দারা আমার সম্বন্ধে, বলে দিন ঃ আমি তো কাছেই, আমি সাড়া

www.pathagar.com

দেই আহ্বানকারীর আহ্বানে, যখন সে আমাকে ডাকে। সুতরাং তারাও সাড়া দিক আমার ডাকে এবং ঈমান আনুক আমার প্রতি যাতে তারা সঠিক পথে চলতে পারে।

إِذَا دَعَانِ فَلْيَسْتَجِيبُوا لِي
وَلْيُؤْمِنُوا بِي لَعَلَّهُمْ يَرْشُدُونَ ○

১৮৯. আপনাকে তারা প্রশ্ন করে নূতন চাঁদ সম্পর্কে। আপনি বলে দিন ঃ তা সময় নির্দেশক মানুষের জন্য এবং হজ্জের জন্য। কোন পুণ্য নেই ঘরের পেছন দিক দিয়ে প্রবেশ করাতে, তবে পুণ্য আছে কেউ তাক্ওয়া করলে তাতে। সুতরাং তোমরা ঘরে প্রবেশ করে দরজা দিয়ে আর ভয় কর আল্লাহ্কে, যাতে তোমরা সফলকাম হ্তে পার।

١٨٩- يَسْأَلُونَكَ عَنِ الْأَهِلَّةِ ۖ
قُلْ هِيَ مَوَاقِيتُ لِلنَّاسِ وَالْحَجِّ ۗ
وَلَيْسَ الْبِرُّ بِأَنْ تَأْتُوا الْبُيُوتَ مِنْ
ظُهُورِهَا وَلَٰكِنَّ الْبِرَّ مَنِ اتَّقَىٰ ۗ
وَأْتُوا الْبُيُوتَ مِنْ أَبْوَابِهَا ۚ
وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ○

২১৫. তারা আপনাকে প্রশ্ন করে, কি তারা ব্যয় করবে সে সম্বন্ধে। আপনি বলে দিন ঃ যে ধন-সম্পদ তোমরা ব্যয় কর, তা করবে পিতামাতা, আত্মীয়-স্বজন, ইয়াতীম, মিস্কীন ও পথের সন্তানদের জন্য। আর তোমরা যা কিছু উত্তম কাজ কর না কেন, আল্লাহ্ তো সে সম্বন্ধে সম্যক অবহিত।

٢١٥- يَسْأَلُونَكَ مَاذَا يُنْفِقُونَ ۖ
قُلْ مَا أَنْفَقْتُمْ مِنْ خَيْرٍ فَلِلْوَالِدَيْنِ
وَالْأَقْرَبِينَ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينِ
وَابْنِ السَّبِيلِ ۗ وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ
فَإِنَّ اللَّهَ بِهِ عَلِيمٌ ○

২১৭. তারা আপনাকে প্রশ্ন করে পবিত্র মাসে যুদ্ধ করা সম্পর্কে। আপনি বলে দিন ঃ সে সব মাসে যুদ্ধ করা খুবই অন্যায়। তবে আল্লাহ্র পথে বাধা দেওয়া, আল্লাহ্র সাথে কুফরী করা, মসজিদে হারামে বাধা দেওয়া এবং এর বাসিন্দাদের সেখান থেকে বহিষ্কার করা অধিকতর অন্যায় আল্লাহ্র কাছে। আর ফিত্না হলো হত্যার চাইতেও গুরুতর অন্যায়। তারা সব সময় তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করতে থাকবে, যে পর্যন্ত না তারা তোমাদের ফিরিয়ে দেয় তোমাদের দীন থেকে, যদি তারা সক্ষম হয়। আর তোমাদের মাঝে যে কেউ

٢١٧- يَسْأَلُونَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيهِ ۖ
قُلْ قِتَالٌ فِيهِ كَبِيرٌ ۖ
وَصَدٌّ عَنْ سَبِيلِ اللَّهِ وَكُفْرٌ بِهِ
وَالْمَسْجِدِ الْحَرَامِ
وَإِخْرَاجُ أَهْلِهِ مِنْهُ أَكْبَرُ عِنْدَ اللَّهِ ۚ
وَالْفِتْنَةُ أَكْبَرُ مِنَ الْقَتْلِ ۗ
وَلَا يَزَالُونَ يُقَاتِلُونَكُمْ حَتَّىٰ يَرُدُّوكُمْ
عَنْ دِينِكُمْ إِنِ اسْتَطَاعُوا ۚ
وَمَنْ يَرْتَدِدْ مِنْكُمْ عَنْ دِينِهِ فَيَمُتْ
وَهُوَ كَافِرٌ فَأُولَٰئِكَ حَبِطَتْ أَعْمَالُهُمْ

www.pathagar.com

স্বীয় দীন থেকে ফিরে যায় এবং মারা যায় কাফির অবস্থায়, তবে তাদের কর্ম নিষ্ফল হয়ে যাবে দুনিয়া ও আখিরাতে আর তারা হবে দোযখের অধিবাসী। সেখানে তারা চিরদিন থাকবে।

فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۚ وَأُولَٰئِكَ
أَصْحَابُ النَّارِ ۚ هُمْ فِيهَا خَالِدُونَ ○

২১৯. তারা আপনাকে প্রশ্ন করে মদ ও জুয়া সম্পর্কে। আপনি বলে দিন ঃ এ দু'য়ের মধ্যে আছে মহাপাপ এবং কিছু উপকারও মানুষের জন্য, কিন্তু এর পাপ উপকারের চাইতে অধিক। তারা আপনাকে প্রশ্ন করে, কি পরিমাণ তারা ব্যয় করবে সে সম্বন্ধে। আপনি বলে দিন ঃ যা উদ্বৃত্ত তা। এভাবেই আল্লাহ্ স্পষ্টভাবে বর্ণনা করেন তোমাদের জন্য বিধান, যাতে চিন্তা কর-

٢١٩-يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ ۖ
قُلْ فِيهِمَا إِثْمٌ كَبِيرٌ وَمَنَافِعُ لِلنَّاسِ
وَإِثْمُهُمَا أَكْبَرُ مِنْ نَفْعِهِمَا ۗ
وَيَسْأَلُونَكَ مَاذَا يُنْفِقُونَ ۖ
قُلِ الْعَفْوَ ۗ كَذَٰلِكَ يُبَيِّنُ اللَّهُ لَكُمُ الْآيَاتِ
لَعَلَّكُمْ تَتَفَكَّرُونَ ○

২২০. দুনিয়া ও আখিরাত সম্বন্ধে। আর তারা আপনাকে প্রশ্ন করে ইয়াতীমদের সম্পর্কে। আপনি বলে দিন ঃ তাদের জন্য সুব্যবস্থা করা উত্তম। তবে যদি তোমরা তাদের সাথে মিলেমিশে থাক, তাহলে তারা তো তোমাদেরই ভাই। আর আল্লাহ্ জানেন, কে হিতকারী কে অনিষ্টকারী। আর আল্লাহ্ ইচ্ছা করলে অবশ্যই তিনি তোমাদের কষ্টে ফেলতেন। নিশ্চয়ই আল্লাহ্ পরাক্রম-শালী, হিক্‌মতওয়ালা।

٢٢٠-فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۗ
وَيَسْأَلُونَكَ عَنِ الْيَتَامَىٰ ۖ
قُلْ إِصْلَاحٌ لَهُمْ خَيْرٌ ۖ
وَإِنْ تُخَالِطُوهُمْ فَإِخْوَانُكُمْ ۚ
وَاللَّهُ يَعْلَمُ الْمُفْسِدَ مِنَ الْمُصْلِحِ ۚ
وَلَوْ شَاءَ اللَّهُ لَأَعْنَتَكُمْ ۚ
إِنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ ○

২২২. আর তারা আপনাকে প্রশ্ন করে রজঃস্রাব সম্বন্ধে। আপনি বলে দিন, তা কষ্টদায়ক অসূচি। সুতরাং তোমরা বিরত থাক স্ত্রী-মিলন থেকে রজঃস্রাবকালে এবং তারা পবিত্র না হওয়া পর্যন্ত তাদের নিকটবর্তী হবে না। তারপর যখন তারা পবিত্র হবে, তখন তোমরা তাদের কাছে গমন করবে, যেভাবে আল্লাহ্ তোমাদের নির্দেশ দিয়েছেন। নিশ্চয়ই আল্লাহ্

٢٢٢-وَيَسْأَلُونَكَ عَنِ الْمَحِيضِ ۖ
قُلْ هُوَ أَذًى
فَاعْتَزِلُوا النِّسَاءَ فِي الْمَحِيضِ ۖ
وَلَا تَقْرَبُوهُنَّ حَتَّىٰ يَطْهُرْنَ ۖ
فَإِذَا تَطَهَّرْنَ فَأْتُوهُنَّ مِنْ حَيْثُ
أَمَرَكُمُ اللَّهُ ۚ إِنَّ اللَّهَ يُحِبُّ التَّوَّابِينَ

www.pathagar.com

وَيُحِبُّ الْمُتَطَهِّرِيْنَ ○

ভালবাসেন তাওবাকারীদের এবং ভালবাসেন তাদের যারা পবিত্র থাকে।

٢٥٢- تِلْكَ اٰيٰتُ اللّٰهِ نَتْلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ ۚ وَاِنَّكَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ○

২৫২. এসব হলো আল্লাহ্‌র আয়াত, যা আমি পাঠ করে শুনাচ্ছি আপনাকে যথা-যথভাবে। আর নিশ্চয় আপনি তো হলেন রাসূলদের একজন।

সূরা আলে ইমরান, ৩ ঃ ৩, ৪, ৭, ২০, ৩১, ৩২, ৬৪, ৮১, ৮২, ৮৪, ৯৫, ৯৮, ৯৯, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১৪৪, ১৫৩, ১৫৪, ১৫৯, ১৬১, ১৬৪, ১৭৬, ১৮৩, ১৮৪, ১৯৬.

٣- نَزَّلَ عَلَيْكَ الْكِتٰبَ بِالْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ وَاَنْزَلَ التَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ ○

৩. আল্লাহ্ নাযিল করেছেন আপনার প্রতি কুরআনের সত্যসহ, যা সমর্থক পূর্ববর্তী কিতাবের এবং তিনিই নাযিল করেছেন তাওরাত ও ইন্‌জিল–

٤- مِنْ قَبْلُ هُدًى لِّلنَّاسِ وَاَنْزَلَ الْفُرْقَانَ ۬

৪. ইতিপূর্বে মানবজাতির সৎপথ প্রদর্শনের জন্য আর তিনি নাযিল করেছেন ফুরকান।

٧- هُوَ الَّذِيْٓ اَنْزَلَ عَلَيْكَ الْكِتٰبَ مِنْهُ اٰيٰتٌ مُّحْكَمٰتٌ هُنَّ اُمُّ الْكِتٰبِ وَاُخَرُ مُتَشٰبِهٰتٌ ۚ فَاَمَّا الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ زَيْغٌ فَيَتَّبِعُوْنَ مَا تَشَابَهَ مِنْهُ ابْتِغَآءَ الْفِتْنَةِ وَابْتِغَآءَ تَاْوِيْلِهٖ ۚ وَمَا يَعْلَمُ تَاْوِيْلَهٗٓ اِلَّا اللّٰهُ ۘ وَالرّٰسِخُوْنَ فِي الْعِلْمِ يَقُوْلُوْنَ اٰمَنَّا بِهٖ ۙ كُلٌّ مِّنْ عِنْدِ رَبِّنَا ۚ وَمَا يَذَّكَّرُ اِلَّآ اُولُوا الْاَلْبَابِ ○

৭. তিনিই নাযিল করেছেন আপনার প্রতি কুরআন, যার কতক আয়াত মুহ্‌কাম-স্পষ্ট, দ্ব্যর্থহীন, যা কিতাবের মূল ভিত্তি। আর অন্যগুলো মুতাশাবিহ্-অস্পষ্ট, যাদের অন্তরে রয়েছে সত্য লঙ্ঘন প্রবণতা, শুধু তারাই এর অনুসরণ করে ফিত্না এবং ভুল ব্যাখ্যার উদ্দেশ্যে। আর কেউ জানে না এর ব্যাখ্যা আল্লাহ্ ছাড়া এবং যারা জ্ঞানে সুগভীর তারা বলে ঃ আমরা এতে ঈমান রাখি, সবই আমাদের রবের তরফ থেকে আগত। আর উপদেশ গ্রহণ করে না কেউই বোধশক্তিসম্পন্নরা ছাড়া।

٢٠- فَاِنْ حَآجُّوْكَ فَقُلْ اَسْلَمْتُ وَجْهِيَ لِلّٰهِ وَمَنِ اتَّبَعَنِ ۚ وَقُلْ لِّلَّذِيْنَ

২০. (হে মুহাম্মদ) তারা যদি এরপরও আপনার সংগে তর্কে লিপ্ত হয়, তাহলে আপনি বলে দিন ঃ আমি আত্মসমর্পণ

www.pathagar.com

أُوتُوا الْكِتٰبَ وَالْأُمِّيّٖنَ ءَاَسْلَمْتُمْ ۚ فَإِنْ اَسْلَمُوا فَقَدِ اهْتَدَوْا ۚ وَإِنْ تَوَلَّوْا فَإِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ ۗ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِالْعِبَادِ ○

করেছি আল্লাহ্‌র কাছে এবং আমার যারা অনুসরণ করছে তারাও। আর বলে দিন তাদের যাদের দেওয়া হয়েছে কিতাব এবং নিরক্ষরদের ঃ তোমরাও কি আত্ম-সমর্পণ করেছ, যদি তারা আত্মসমর্পণ করে, তবে অবশ্যই তারা হিদায়েত লাভ করবে। কিন্তু যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে আপনার কর্তব্য তো শুধু প্রচার করা। আর আল্লাহ্ সম্যক দ্রষ্টা বান্দাদের ব্যাপারে।

٣١- قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّوْنَ اللّٰهَ فَاتَّبِعُوْنِيْ يُحْبِبْكُمُ اللّٰهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوْبَكُمْ ۗ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ○

৩১. আপনি বলুন ঃ যদি তোমরা আল্লাহ্‌কে ভালবাসতে চাও, তবে আমার অনুসরণ কর, আল্লাহ্ তোমাদের ভালবাসবেন এবং ক্ষমা করবেন তোমাদের ক্রটি-বিচ্যুতি। আর আল্লাহ্ পরম ক্ষমাশীল পরম দয়ালু।

٣٢- قُلْ اَطِيْعُوا اللّٰهَ وَالرَّسُوْلَ ۚ فَإِنْ تَوَلَّوْا فَإِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْكٰفِرِيْنَ ○

৩২. বলুন ঃ তোমরা আনগত্য কর আল্লাহ্ এবং রাসূলের। কিন্তু যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তাহলে আল্লাহ্ তো পসন্দ করেন না কাফিরদের।

٦٤- قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ تَعَالَوْا إِلٰى كَلِمَةٍ سَوَآءٍۢ بَيْنَنَا وَبَيْنَكُمْ اَلَّا نَعْبُدَ إِلَّا اللّٰهَ وَلَا نُشْرِكَ بِهٖ شَيْئًا وَّلَا يَتَّخِذَ بَعْضُنَا بَعْضًا اَرْبَابًا مِّنْ دُوْنِ اللّٰهِ ۗ فَإِنْ تَوَلَّوْا فَقُوْلُوا اشْهَدُوْا بِاَنَّا مُسْلِمُوْنَ ○

৬৪. আপনি বলুন ঃ হে আহলে কিতাব! তোমরা এসো এমন এক কথায় যা এক অভিন্ন তোমাদের ও আমাদের মাঝে ঃ আমরা যেন ইবাদত না করি আল্লাহ্ ছাড়া আর কারো, শরীক না করি যেন তাঁর সংগে কোন কিছুর এবং আমরা যেন রব হিসেবে গ্রহণ না করি কেউ কাউকে আল্লাহ্ ছাড়া। তবে যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তাহলে বলুন ঃ তোমরা সাক্ষী থাক, অবশ্যই আমরা মুসলিম।

٨١- وَإِذْ اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ النَّبِيّٖنَ لَمَآ اٰتَيْتُكُمْ مِّنْ كِتٰبٍ وَّحِكْمَةٍ

৮১. আর স্মরণ কর, অঙ্গীকার নিয়েছিলেন আল্লাহ্ নবীদের থেকে যে, যা কিছু আমি তোমাদের দিয়েছি কিতাব ও হিক্‌মত থেকে, তারপর যখন আসবে

www.pathagar.com

ثُمَّ جَآءَكُمْ رَسُوْلٌ مُّصَدِّقٌ لِّمَا مَعَكُمْ
لَتُؤْمِنُنَّ بِهٖ وَلَتَنْصُرُنَّهٗ ؕ
قَالَ ءَاَقْرَرْتُمْ وَاَخَذْتُمْ عَلٰى ذٰلِكُمْ
اِصْرِيْ ؕ قَالُوْٓا اَقْرَرْنَا ؕ
قَالَ فَاشْهَدُوْا
وَاَنَا مَعَكُمْ مِّنَ الشّٰهِدِيْنَ ○

তোমাদের কাছে একজন রাসূল, যিনি সমর্থন করবেন তোমাদের কাছে যা আছে তা, তখন তোমরা অবশ্যই তাঁর প্রতি ঈমান আনবে। এবং অবশ্যই তাঁকে সাহায্য করবে। আল্লাহ্ বললেন ঃ তোমরা কি স্বীকার করলে এবং গ্রহণ করলে এ সম্পর্কে আমার অঙ্গীকার ? তারা বলল আমরা স্বীকার করলাম। তিনি বললেন ঃ তাহলে তোমরা সাক্ষী থাক, আর আমিও তোমাদের সাথে সাক্ষী থাকলাম।

٨٢- فَمَنْ تَوَلّٰى بَعْدَ ذٰلِكَ
فَاُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ○

৮২. তবে এরপর যারা মুখ ফিরিয়ে নেবে, তারা তো হবে নাফরমান।

٨٤- قُلْ اٰمَنَّا بِاللّٰهِ وَمَآ اُنْزِلَ عَلَيْنَا
وَمَآ اُنْزِلَ عَلٰٓى اِبْرٰهِيْمَ وَاِسْمٰعِيْلَ
وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطِ
وَمَآ اُوْتِيَ مُوْسٰى وَعِيْسٰى وَالنَّبِيُّوْنَ
مِنْ رَّبِّهِمْ ۪ لَا نُفَرِّقُ
بَيْنَ اَحَدٍ مِّنْهُمْ ۫
وَنَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ ○

৮৪. আপনি বলুন ঃ আমরা ঈমান এনেছি আল্লাহ্র প্রতি এবং আমাদের প্রতি যা নাযিল করা হয়েছে তাতে। আর যা নাযিল করা হয়েছে ইব্রাহীম, ইসমাঈল, ইসহাক, ইয়া'কূব ও তদীয় বংশধরদের প্রতি তাতে আর যা দেওয়া হয়েছে মূসা, ঈসা ও অন্যান্য নবীদের তাদের রবের তরফ থেকে তাতে। আমরা কোন তারতম্য করি না তাদের কারো মধ্যে, আর আমরা তাঁরই কাছে আত্মসমর্পণকারী।

٩٥- قُلْ صَدَقَ اللّٰهُ ۫ قف
فَاتَّبِعُوْا مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ؕ
وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ○

৯৫. আপনি বলুন ঃ আল্লাহ্ সত্য বলেছেন। সুতরাং তোমরা অনুসরণ কর একনিষ্ঠ ইব্রাহীমের মিল্লাতের আর সে তো ছিল না মুশরিকদের শামিল।

٩٨- قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ
لِمَ تَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ ۖ ق
وَاللّٰهُ شَهِيْدٌ عَلٰى مَا تَعْمَلُوْنَ ○

৯৮. আপনি বলুন ঃ হে আহলে কিতাব! তোমরা কেন কুফ্রী করছ আল্লাহ্র আয়াতের ব্যাপারে ? আর তোমরা যা কর, আল্লাহ্ তার সাক্ষী।

٩٩- قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ لِمَ تَصُدُّوْنَ عَنْ
سَبِيْلِ اللّٰهِ مَنْ اٰمَنَ تَبْغُوْنَهَا عِوَجًا

৯৯. বলুন ঃ হে আহলে কিতাব! কেন তোমরা বাধা দেও আল্লাহ্র পথে তাকে যে ঈমান এনেছে তাতে বক্রতা অন্বেষণ

www.pathagar.com

وَّ اَنْتُمْ شُهَدَآءُ ؕ وَمَا اللّٰهُ
بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ○

١٢١- وَاِذْ غَدَوْتَ مِنْ اَهْلِكَ
تُبَوِّئُ الْمُؤْمِنِيْنَ مَقَاعِدَ لِلْقِتَالِ ؕ
وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ○
١٢٢- اِذْ هَمَّتْ طَّآئِفَتٰنِ مِنْكُمْ
اَنْ تَفْشَلَا ۙ وَاللّٰهُ وَلِيُّهُمَا ؕ
وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ○
١٢٣- وَلَقَدْ نَصَرَكُمُ اللّٰهُ بِبَدْرٍ
وَّ اَنْتُمْ اَذِلَّةٌ ج
فَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ○

١٢٤- اِذْ تَقُوْلُ لِلْمُؤْمِنِيْنَ اَلَنْ يَّكْفِيَكُمْ
اَنْ يُّمِدَّكُمْ رَبُّكُمْ
بِثَلٰثَةِ اٰلٰفٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُنْزَلِيْنَ ○

١٢٥- بَلٰٓى ۙ اِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا
وَيَاْتُوْكُمْ مِّنْ فَوْرِهِمْ هٰذَا يُمْدِدْكُمْ
رَبُّكُمْ بِخَمْسَةِ اٰلٰفٍ
مِّنَ الْمَلٰٓئِكَةِ مُسَوِّمِيْنَ ○

١٤٤- وَمَا مُحَمَّدٌ اِلَّا رَسُوْلٌ ج
قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ ؕ اَفَائِنْ مَّاتَ
اَوْ قُتِلَ انْقَلَبْتُمْ عَلٰٓى اَعْقَابِكُمْ ؕ
وَمَنْ يَّنْقَلِبْ عَلٰى عَقِبَيْهِ فَلَنْ يَّضُرَّ اللّٰهَ

www.pathagar.com

شَيْـًٔا ۗ وَسَيَجْزِي اللّٰهُ الشّٰكِرِيْنَ ○

আর অচিরেই আল্লাহ্ পুরস্কার দেবেন শোক্‌রগুযারদের।

١٥٣-إِذْ تُصْعِدُوْنَ وَلَا تَلْوٗنَ
عَلٰٓى أَحَدٍ وَّالرَّسُوْلُ
يَدْعُوْكُمْ فِيْٓ أُخْرٰىكُمْ
فَأَثَابَكُمْ غَمًّاۢ بِغَمٍّ
لِّكَيْلَا تَحْزَنُوْا عَلٰى مَا فَاتَكُمْ
وَلَا مَآ أَصَابَكُمْ ۗ
وَاللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ○

১৫৩. স্মরণ কর, তোমরা উপরের দিকে ছুটছিলে এবং পেছনের দিকে কারো প্রতি লক্ষ্য করছিলে না আর রাসূল তোমাদের আহ্বান করছিলেন তোমাদের পেছনের দিক থেকে। ফলে আল্লাহ্ তোমাদের দিলেন বিপদের উপর বিপদ। যাতে তোমরা দুঃখিত না হও যা তোমরা হারিয়েছ এবং যা তোমাদের তার জন্য। আল্লাহ্ সবিশেষ অবহিত সে সম্বন্ধে, যা তোমরা কর।

١٥٤-ثُمَّ أَنْزَلَ عَلَيْكُمْ مِّنْۢ بَعْدِ الْغَمِّ
أَمَنَةً نُّعَاسًا يَّغْشٰى طَآئِفَةً مِّنْكُمْ ۙ
وَطَآئِفَةٌ قَدْ أَهَمَّتْهُمْ أَنْفُسُهُمْ
يَظُنُّوْنَ بِاللّٰهِ غَيْرَ الْحَقِّ ظَنَّ الْجَاهِلِيَّةِ ۗ
يَقُوْلُوْنَ هَلْ لَّنَا مِنَ الْأَمْرِ مِنْ شَيْءٍ ۗ
قُلْ إِنَّ الْأَمْرَ كُلَّهٗ لِلّٰهِ ۗ يُخْفُوْنَ
فِيْٓ أَنْفُسِهِمْ مَّا لَا يُبْدُوْنَ لَكَ ۗ
يَقُوْلُوْنَ لَوْ كَانَ لَنَا مِنَ الْأَمْرِ شَيْءٌ
مَّا قُتِلْنَا هٰهُنَا ۗ قُلْ لَّوْ كُنْتُمْ
فِيْ بُيُوْتِكُمْ لَبَرَزَ الَّذِيْنَ
كُتِبَ عَلَيْهِمُ

১৫৪. তারপর আল্লাহ্ নাযিল করলেন তোমাদের উপর দুঃখের পর প্রশান্তি তন্দ্রারূপে, যা তোমাদের একদলকে আচ্ছন্ন করছিল আর একদল নিজেদের উদ্বিগ্ন করেছিল জাহিলীযুগের অজ্ঞের ন্যায় আল্লাহ্ সম্বন্ধে অবাস্তব ধারণা করে। তারা বলছিল ঃ আছে কি আমাদের এ ব্যাপারে কোন অধিকার? আপনি বলুন ঃ নিশ্চয় সমস্ত অধিকার আল্লাহ্‌র-ই। তারা গোপন রাখে তাদের অন্তরে, যা তারা আপনার কাছে প্রকাশ করে না। তারা বলে ঃ এ ব্যাপারে আমাদের কোন অধিকার থাকলে আমরা এখানে নিহত হতাম না। বলুন ঃ তোমরা তোমাদের ঘরে থাকলেও অবশ্যই তারা বেরিয়ে আসত, যাদের জন্য নিহত হওয়া অবধারিত ছিল নিজেদের মৃত্যুস্থানে।

١٥٩-فَبِمَا رَحْمَةٍ مِّنَ اللّٰهِ لِنْتَ لَهُمْ ۚ
وَلَوْ كُنْتَ فَظًّا غَلِيْظَ الْقَلْبِ
لَانْفَضُّوْا مِنْ حَوْلِكَ ۖ

১৫৯. আপনি আল্লাহ্‌র রহমতে তাদের প্রতি কোমল হৃদয় হয়েছেন আর যদি আপনি রূঢ় ও কঠোরচিত্ত হতেন, তবে অবশ্যই তারা সরে পড়ত আপনার আশপাশ থেকে। অতএব আপনি তাদের মাফ

www.pathagar.com

فَاعْفُ عَنْهُمْ وَاسْتَغْفِرْ لَهُمْ
وَشَاوِرْهُمْ فِي الْأَمْرِ ۚ
فَإِذَا عَزَمْتَ فَتَوَكَّلْ عَلَى اللَّهِ ۚ
إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَوَكِّلِينَ ○

করে দিন এবং তাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন, আর তাদের সাথে আলোচনা করুন কাজেকর্মে। আর যখন আপনি সংকল্প করবেন, তখন ভরসা করবেন আল্লাহ্‌র উপর। নিশ্চয় আল্লাহ্ ভালবাসেন ভরসাকারীদের।

١٦١- وَمَا كَانَ لِنَبِيٍّ أَنْ يَغُلَّ ۚ
وَمَنْ يَغْلُلْ يَأْتِ بِمَا غَلَّ يَوْمَ الْقِيٰمَةِ ۚ
ثُمَّ تُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ
وَهُمْ لَا يُظْلَمُونَ ○

১৬১. আর নবীর শান এ নয় যে, তিনি খিয়ানত করবেন। কেউ খিয়ানত করলে, সে নিয়ে আসবে কিয়ামতের দিন যা সে খিয়ানত করেছিল তা। তারপর দেওয়া হবে প্রত্যেককে পূর্ণ মাত্রায়, যা সে কামাই করেছে এবং তাদের প্রতি যুলুম করা হবে না।

١٦٤- لَقَدْ مَنَّ اللَّهُ عَلَى الْمُؤْمِنِينَ
إِذْ بَعَثَ فِيهِمْ رَسُولًا مِّنْ أَنْفُسِهِمْ
يَتْلُوا عَلَيْهِمْ اٰيٰتِهٖ
وَيُزَكِّيهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ ۚ
وَإِنْ كَانُوا مِنْ قَبْلُ لَفِي ضَلٰلٍ مُّبِينٍ ○

১৬৪. নিশ্চয় আল্লাহ্ অনুগ্রহ করেছেন মু'মিনদের প্রতি, তাদের কাছে একজন রাসূল প্রেরণ করে তাদেরই মধ্য থেকে, যিনি পাঠ করে শোনান তাদের আয়াতসমূহ, পরিশুদ্ধ করেন তাদের এবং শিক্ষা দেন তাদের কিতাব ও হিক্‌মত। আর তারা তো ছিল পূর্ব থেকেই স্পষ্ট গুমরাহীতে।

١٧٦- وَلَا يَحْزُنْكَ الَّذِينَ يُسَارِعُونَ
فِي الْكُفْرِ ۚ إِنَّهُمْ لَنْ يَضُرُّوا اللَّهَ شَيْئًا ۗ
يُرِيدُ اللَّهُ أَلَّا يَجْعَلَ لَهُمْ حَظًّا
فِي الْاٰخِرَةِ ۚ وَلَهُمْ عَذَابٌ عَظِيمٌ ○

১৭৬. আর আপনাকে যেন দুঃখ না দেয় তাদের আচরণ, যারা কুফরীতে লিপ্ত; তারা কখনো আল্লাহ্‌র কোন ক্ষতি করতে পারবে না। আল্লাহ্ চান যে, তিনি তাদের কোন হিস্‌সা দেবেন না আখিরাতে, আর তাদের জন্য রয়েছে মহাশাস্তি।

١٨٣- اَلَّذِينَ قَالُوا إِنَّ اللَّهَ عَهِدَ إِلَيْنَا
أَلَّا نُؤْمِنَ لِرَسُولٍ
حَتّٰى يَأْتِيَنَا بِقُرْبَانٍ تَأْكُلُهُ النَّارُ ۗ
قُلْ قَدْ جَاءَكُمْ رُسُلٌ مِّنْ قَبْلِي

১৮৩. যারা বলে, নিশ্চয় আল্লাহ্ আমাদের নির্দেশ দিয়েছেন যে, আমরা যেন ঈমান না আনি কোন রাসূলের প্রতি, যতক্ষণ না সে নিয়ে আসবে আমাদের কাছে এমন কুরবানী, যা আগুন খেয়ে ফেলবে। আপনি তাদের বলুন ঃ এসেছিল তো তোমাদের কাছে অনেক

www.pathagar.com

بِالْبَيِّنٰتِ وَ بِالَّذِىْ قُلْتُمْ فَلِمَ قَتَلْتُمُوْهُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ○

রাসূল আমার আগে স্পষ্ট নিদর্শন নিয়ে এবং তা নিয়ে যা তোমরা বলছ। তবে কেন তোমরা তাদের হত্যা করেছিলে? যদি তোমরা সত্যবাদী হও?

١٨٤- فَاِنْ كَذَّبُوْكَ فَقَدْ كُذِّبَ رُسُلٌ مِّنْ قَبْلِكَ جَآءُوْ بِالْبَيِّنٰتِ وَالزُّبُرِ وَالْكِتٰبِ الْمُنِيْرِ ○

১৮৪. আর যদি তারা আপনাকে অস্বীকার করে, তবে তো অস্বীকার করা হয়েছিল সে সব সব রাসূলদেরও যারা এসেছিল আপনার আগে স্পষ্ট নির্দশন, আসমানী সাহীফা এবং দীপ্তিমান কিতাবসহ।

١٩٦- لَا يَغُرَّنَّكَ تَقَلُّبُ الَّذِيْنَ كَفَرُوْا فِى الْبِلَادِ ○

১৯৬. কিছুতেই যেন আপনাকে বিভ্রান্ত না করে কাফিরদের দেশ-বিদেশে অবাধ বিচরণ।

সূরা নিসা, ৪ ঃ ৪১, ৪২, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৭৯, ৮০, ৮১, ৮৪, ১০২, ১০৫, ১০৬, ১০৭, ১১৩, ১২৭, ১৫৩, ১৬৩, ১৬৪, ১৬৫, ১৬৬, ১৭৬

٤١- فَكَيْفَ اِذَا جِئْنَا مِنْ كُلِّ اُمَّةٍۢ بِشَهِيْدٍ وَّجِئْنَا بِكَ عَلٰى هٰٓؤُلَآءِ شَهِيْدًا ○

৪১. তখন কী অবস্থা হবে, যখন আমি উপস্থিত করব প্রত্যেক উম্মাত থেকে একজন সাক্ষী এবং আপনাকে উপস্থিত করব তাদের বিরুদ্ধে সাক্ষীরূপে?

٤٢- يَوْمَئِذٍ يَّوَدُّ الَّذِيْنَ كَفَرُوْا وَعَصَوُا الرَّسُوْلَ لَوْ تُسَوّٰى بِهِمُ الْاَرْضُ ط وَلَا يَكْتُمُوْنَ اللّٰهَ حَدِيْثًا ○

৪২. সেদিন আকাঙ্ক্ষা করবে, যারা কুফ্‌রী করেছে এবং রাসূলের অবাধ্য হয়েছে তারা, যদি তারা মাটির সাথে মিশে যেত! আর তারা গোপন করতে পারবে না আল্লাহ্‌র থেকে কোন কথাই।

٥٩- يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ وَاُولِى الْاَمْرِ مِنْكُمْ فَاِنْ تَنَازَعْتُمْ فِىْ شَىْءٍ فَرُدُّوْهُ اِلَى اللّٰهِ وَالرَّسُوْلِ اِنْ كُنْتُمْ تُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ط ذٰلِكَ خَيْرٌ وَّاَحْسَنُ تَاْوِيْلًا ○

৫৯. ওহে যারা ঈমান এনেছ! তোমরা আনুগত্য কর আল্লাহ্‌র, আনুগত্য কর রাসূলের এবং তোমাদের মাঝে যারা ক্ষমতার অধিকারী তাদের। কিন্তু কোন্ বিষয়ে তোমাদের মাঝে মতবিরোধ দেখা দিলে, তা পেশ কর আল্লাহ্ ও রাসূলের কাছে, যদি তোমরা বিশ্বাস কর আল্লাহ্ ও আখিরাতে। এটাই কল্যাণকর এবং পরিণামে উত্তম।

www.pathagar.com

৬০. আপনি কি দেখেননি তাদের, যারা মনে করে যে, আপনার প্রতি যা নাযিল করা হয়েছে এবং আপনার আগে যা নাযিল করা হয়েছে, তাতে তারা ঈমান রাখে, অথচ তারা তাগূতের কাছে বিচারপ্রার্থী হতে চায়, যদিও তা প্রত্যাখ্যান করার জন্য তাদের নির্দেশ দেওয়া হয়েছে। আর শয়তান তাদের পথভ্রষ্ট করতে চায় ভীষণভাবে ?

٦٠- أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ
يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ
وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ
يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ
وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ ۚ وَيُرِيدُ
الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا ○

৬১. আর যখন তাদের বলা হয় ঃ তোমরা এসো আল্লাহ্ যা নাযিল করেছেন সে দিকে এবং রাসূলের দিকে, তখন আপনি দেখবেন মুনাফিকদের, আপনার থেকে একেবারেই মুখ ফিরিয়ে নিতে।

٦١- وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَىٰ مَا أَنْزَلَ
اللَّهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ
يَصُدُّونَ عَنْكَ صُدُودًا ○

৬২. তখন তাদের কী অবস্থা হবে, যখন তাদের উপর আপতিত হবে তাদের কৃতকর্মের জন্য কোন মুসীবত? তারপর তারা আপনার কাছে এসে আল্লাহ্র নামে শপথ করে বলবে ঃ আমরা তো চাইনি কল্যাণ ও সম্প্রীতি ছাড়া আর কিছুই।

٦٢- فَكَيْفَ إِذَا أَصَابَتْهُمْ مُصِيبَةٌ
بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ
ثُمَّ جَاءُوكَ يَحْلِفُونَ ۖ
بِاللَّهِ إِنْ أَرَدْنَا إِلَّا إِحْسَانًا وَتَوْفِيقًا ○

৬৩. এরাই তারা, যাদের অন্তরে কী আছে, তা আল্লাহ্ জানেন। অতএব আপনি তাদের এড়িয়ে চলুন এবং তাদের উপদেশ দিন, আর তাদের বলুন, এমন কথা যা মর্ম স্পর্শ করে।

٦٣- أُولَٰئِكَ الَّذِينَ يَعْلَمُ اللَّهُ مَا فِي قُلُوبِهِمْ ق
فَأَعْرِضْ عَنْهُمْ وَعِظْهُمْ وَقُلْ لَهُمْ
فِي أَنْفُسِهِمْ قَوْلًا بَلِيغًا ○

৬৪. আর আমি পাঠাইনি কোন রাসূল এ উদ্দেশ্য ছাড়া যে, তাঁর অনুসরণ করা হবে আল্লাহ্র নির্দেশ অনুযায়ী। আর যখন তারা নিজেদের প্রতি যুলুম করে আপনার কাছে আসে এবং আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা করে, আর রাসূলও তাদের জন্য ক্ষমা চায়, তখন তারা অবশ্যই পাবে আল্লাহ্কে পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

٦٤- وَمَا أَرْسَلْنَا مِنْ رَسُولٍ
إِلَّا لِيُطَاعَ بِإِذْنِ اللَّهِ ۚ
وَلَوْ أَنَّهُمْ إِذْ ظَلَمُوا أَنْفُسَهُمْ
جَاءُوكَ فَاسْتَغْفَرُوا اللَّهَ
وَاسْتَغْفَرَ لَهُمُ الرَّسُولُ
لَوَجَدُوا اللَّهَ تَوَّابًا رَحِيمًا ○

৬৫. কিন্তু না, আপনার রবের কসম! তারা মু'মিন হবে না, যতক্ষণ না তারা নিজেদের বিবাদ-বিসম্বাদের বিচার ভার আপনার উপর ন্যস্ত করে। তারপর তাদের কোন দ্বিধা-দ্বন্দ্ব না থাকে আপনি যে সিদ্ধান্ত দিয়েছেন সে ব্যাপারে এবং তারা তা মনেপ্রাণে মেনে নেয়।

٦٥- فَلَا وَ رَبِّكَ لَا يُؤْمِنُوْنَ حَتّٰى يُحَكِّمُوْكَ فِيْمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوْا فِيْٓ اَنْفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوْا تَسْلِيْمًا ○

৭৯. যে কল্যাণ তোমার হয়, তা আল্লাহ্‌র তরফ থেকে আর যে অকল্যাণ তোমার হয়, তা তোমার নিজের কারণে। আর আমি আপনাকে পাঠিয়েছি সমগ্র মানুষের জন্য রাসূলরূপে এবং সাক্ষী হিসেবে আল্লাহ্‌ই যথেষ্ট।

٧٩- مَآ اَصَابَكَ مِنْ حَسَنَةٍ فَمِنَ اللّٰهِ ز وَمَآ اَصَابَكَ مِنْ سَيِّئَةٍ فَمِنْ نَّفْسِكَ ط وَ اَرْسَلْنٰكَ لِلنَّاسِ رَسُوْلًا ط وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ○

৮০. কেউ রাসূলের আনুগত্য করলে, সে তো আনুগত্য করল আল্লাহ্‌র-ই, আর যারা মুখ ফিরিয়ে নেয়, আমি তাদের জন্য আপনাকে তত্ত্বাবধায়ক করে পাঠাইনি।

٨٠- مَنْ يُّطِعِ الرَّسُوْلَ فَقَدْ اَطَاعَ اللّٰهَ ج وَمَنْ تَوَلّٰى فَمَآ اَرْسَلْنٰكَ عَلَيْهِمْ حَفِيْظًا ○

৮১. আর তারা বলে, আমরা আনুগত্য করলাম। কিন্তু যখন তারা আপনার কাছ থেকে চলে যায়, তখন তাদের একদল রাতের বেলা, তারা যা বলেছিল তার বিপরীত করে। আর আল্লাহ্ লিখে রাখেন তারা যা রাতে করে। অতএব আপনি তাদের এড়িয়ে চলুন এবং আল্লাহ্‌র উপর ভরসা করুন। আর কর্ম সম্পাদনে আল্লাহ্-ই যথেষ্ট।

٨١- وَيَقُوْلُوْنَ طَاعَةٌ ز فَاِذَا بَرَزُوْا مِنْ عِنْدِكَ بَيَّتَ طَآئِفَةٌ مِّنْهُمْ غَيْرَ الَّذِىْ تَقُوْلُ ط وَاللّٰهُ يَكْتُبُ مَا يُبَيِّتُوْنَ ج فَاَعْرِضْ عَنْهُمْ وَ تَوَكَّلْ عَلَى اللّٰهِ ط وَكَفٰى بِاللّٰهِ وَكِيْلًا ○

৮৪. আর আপনি যুদ্ধ করুন আল্লাহ্‌র পথে, আপনাকে শুধু আপনার জন্যই দায়ী করা হবে এবং উদ্বুদ্ধ করুন মু'মিনদের, অচিরেই আল্লাহ্ প্রতিহত করবেন কাফিরদের শক্তি। আর আল্লাহ্ শক্তিতে প্রবলতর এবং শাস্তি দানে কঠোর।

٨٤- فَقَاتِلْ فِىْ سَبِيْلِ اللّٰهِ لَا تُكَلَّفُ اِلَّا نَفْسَكَ وَحَرِّضِ الْمُؤْمِنِيْنَ ج عَسَى اللّٰهُ اَنْ يَّكُفَّ بَاْسَ الَّذِيْنَ كَفَرُوْا ط وَاللّٰهُ اَشَدُّ بَاْسًا وَّ اَشَدُّ تَنْكِيْلًا ○

১০২. আর যখন আপনি তাদের মাঝে অবস্থান করবেন এবং তাদের সঙ্গে সালাত

١٠٢- وَاِذَا كُنْتَ فِيْهِمْ فَاَقَمْتَ لَهُمُ

الصَّلٰوةَ فَلْتَقُمْ طَآئِفَةٌ مِّنْهُمْ مَّعَكَ
وَلْيَاْخُذُوْٓا اَسْلِحَتَهُمْ فَاِذَا سَجَدُوْا
فَلْيَكُوْنُوْا مِنْ وَّرَآئِكُمْ وَلْتَاْتِ طَآئِفَةٌ
اُخْرٰى لَمْ يُصَلُّوْا فَلْيُصَلُّوْا مَعَكَ
وَلْيَاْخُذُوْا حِذْرَهُمْ وَاَسْلِحَتَهُمْ
وَدَّ الَّذِيْنَ كَفَرُوْا لَوْ تَغْفُلُوْنَ
عَنْ اَسْلِحَتِكُمْ وَاَمْتِعَتِكُمْ فَيَمِيْلُوْنَ
عَلَيْكُمْ مَّيْلَةً وَّاحِدَةً وَلَا جُنَاحَ
عَلَيْكُمْ اِنْ كَانَ بِكُمْ اَذًى مِّنْ مَّطَرٍ
اَوْ كُنْتُمْ مَّرْضٰٓى اَنْ تَضَعُوْٓا اَسْلِحَتَكُمْ
وَخُذُوْا حِذْرَكُمْ اِنَّ اللّٰهَ اَعَدَّ لِلْكٰفِرِيْنَ
عَذَابًا مُّهِيْنًا ○

কায়েম করবেন, তখন যেন তাদের একদল আপনার সাথে দাঁড়ায়, আর অন্য দল যারা সালাতে শরীক হয়নি, তারা যেন আপনার সাথে সালাতে শরীক হয় এবং তারা যেন সতর্ক থাকে, আর নিজেদের অস্ত্র সাথে রাখে। কাফিররা চায়, তোমরা যেন অসতর্ক হও তোমাদের অস্ত্রশস্ত্র ও আসবাব পত্রের ব্যাপারে, যাতে তারা তোমাদের উপর একেবারে ঝাঁপিয়ে পড়তে পারে। যদি তোমরা বৃষ্টির জন্য কষ্ট পাও, অথবা তোমরা পীড়িত হও, তাহলে তোমরা অস্ত্র রেখে দিলে, তোমাদের কোন দোষ নেই। কিন্তু তোমরা সতর্কতা অবলম্বন করবে। নিশ্চয় আল্লাহ্ প্রস্তুত রেখেছেন কাফিরদের জন্য লাঞ্ছনাদায়ক আযাব।

١٠٥- اِنَّآ اَنْزَلْنَآ اِلَيْكَ الْكِتٰبَ بِالْحَقِّ
لِتَحْكُمَ بَيْنَ النَّاسِ بِمَآ اَرٰىكَ اللّٰهُ
وَلَا تَكُنْ لِّلْخَآئِنِيْنَ خَصِيْمًا ○

১০৫. আমি তো নাযিল করেছি আপনার প্রতি কিতাব সত্যসহ, যাতে আপনি বিচার-মীমাংসা করতে পারেন লোকদের মাঝে আল্লাহ্ আপনাকে যা জানিয়েছেন, সে অনুসারে। আর আপনি খিয়ানত-কারীদের সমর্থনে তর্ক করবেন না।

١٠٦- وَّاسْتَغْفِرِ اللّٰهَ
اِنَّ اللّٰهَ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ○

১০৬. আর ক্ষমা প্রার্থনা করুন আল্লাহ্‌র কাছে। নিশ্চয় আল্লাহ্ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

١٠٧- وَلَا تُجَادِلْ عَنِ الَّذِيْنَ يَخْتَانُوْنَ
اَنْفُسَهُمْ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ
مَنْ كَانَ خَوَّانًا اَثِيْمًا ○

১০৭. আর আপনি ঝগড়া করবেন না তাদের ব্যাপারে, যারা নিজেদের প্রতারিত করে। নিশ্চয় আল্লাহ্ ভালবাসেন না খিয়ানতকারী, পাপীদের।

١١٣- وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكَ
وَرَحْمَتُهٗ لَهَمَّتْ طَّآئِفَةٌ مِّنْهُمْ
اَنْ يُّضِلُّوْكَ وَمَا يُضِلُّوْنَ اِلَّآ اَنْفُسَهُمْ

১১৩. আর যদি না থাকত আপনার প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া, তাহলে অবশ্যই তাদের একদল চাইত আপনাকে পথভ্রষ্ট করতে। কিন্তু তারা পথভ্রষ্ট করে না নিজেদের ছাড়া আর

www.pathagar.com

وَمَا يَضُرُّوْنَكَ مِنْ شَيْءٍ ؕ
وَاَنْزَلَ اللّٰهُ عَلَيْكَ الْكِتٰبَ وَالْحِكْمَةَ
وَعَلَّمَكَ مَا لَمْ تَكُنْ تَعْلَمُ ؕ
وَكَانَ فَضْلُ اللّٰهِ عَلَيْكَ عَظِيْمًا ۝

কাউকে এবং তারা আপনার কোনই ক্ষতি পারে না। আর আল্লাহ্ নাযিল করেছেন আপনার প্রতি কিতাব ও হিক্‌মত এবং আপনাকে শিক্ষা দিয়েছেন যা আপনি জানতেন না তা, আপনার প্রতি রয়েছে আল্লাহ্‌র মহা-অনুগ্রহ।

١٢٧-وَيَسْتَفْتُوْنَكَ فِي النِّسَآءِ ؕ
قُلِ اللّٰهُ يُفْتِيْكُمْ فِيْهِنَّ ۙ وَمَا يُتْلٰى عَلَيْكُمْ
فِي الْكِتٰبِ فِيْ يَتٰمَى النِّسَآءِ الّٰتِيْ
لَا تُؤْتُوْنَهُنَّ مَا كُتِبَ لَهُنَّ
وَتَرْغَبُوْنَ اَنْ تَنْكِحُوْهُنَّ
وَالْمُسْتَضْعَفِيْنَ مِنَ الْوِلْدَانِ ۙ
وَاَنْ تَقُوْمُوْا لِلْيَتٰمٰى بِالْقِسْطِ ؕ
وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ
فَاِنَّ اللّٰهَ كَانَ بِهٖ عَلِيْمًا ۝

১২৭. আর লোকেরা আপনার কাছে নারীদের ব্যাপারে বিধান জানতে চায়। আপনি বলে দিন ঃ আল্লাহ্ তাদের ব্যাপারে তোমাদের বিধান জানাচ্ছেন এবং তা-ও যা কিতাবে তোমাদের পাঠ করে শোনানো হয় ইয়াতীম নারীদের সম্পর্কে, যাদের প্রাপ্য তোমরা দেও না, অথচ তোমরা তাদের বিয়ে করতে চাও এবং অসহায় শিশুদের সম্বন্ধে, আর ইয়াতীমদের প্রতি তোমাদের ন্যায়-বিচার সম্পর্কে। আর তোমরা যে কোন নেককাজ কর, আল্লাহ্ তো তা সম্যক জানেন।

١٥٣-يَسْـَٔلُكَ اَهْلُ الْكِتٰبِ اَنْ تُنَزِّلَ
عَلَيْهِمْ كِتٰبًا مِّنَ السَّمَآءِ فَقَدْ سَاَلُوْا مُوْسٰى
اَكْبَرَ مِنْ ذٰلِكَ فَقَالُوْآ اَرِنَا اللّٰهَ جَهْرَةً
فَاَخَذَتْهُمُ الصّٰعِقَةُ بِظُلْمِهِمْ ۚ
ثُمَّ اتَّخَذُوا الْعِجْلَ مِنْ بَعْدِ مَا جَآءَتْهُمُ
الْبَيِّنٰتُ فَعَفَوْنَا عَنْ ذٰلِكَ ۚ
وَاٰتَيْنَا مُوْسٰى سُلْطٰنًا مُّبِيْنًا ۝

১৫৩. আহলে-কিতাব আপনার কাছে চায় যে, আসমান থেকে তাদের জন্য কিতাব নাযিল করা হোক। তারা তো চেয়েছিল মূসার কাছে এর চাইতেও বড় কিছু। তারা বলেছিল ঃ দেখাও আমাদের আল্লাহ্‌কে প্রকাশ্যে। ফলে তাদের পাঁকড়াও করেছিল বজ্র তাদের যুলুমের কারণে। তারপর তারা উপাস্যরূপে গ্রহণ করেছিল বাছুরকে, তাদের কাছে স্পষ্ট প্রমাণ আসার পরেও। কিন্তু আমি তাও ক্ষমা করেছিলাম এবং দিয়েছিলাম মূসাকে স্পষ্ট প্রমাণ।

١٦٣-اِنَّآ اَوْحَيْنَآ اِلَيْكَ
كَمَآ اَوْحَيْنَآ اِلٰى نُوْحٍ وَّالنَّبِيّٖنَ مِنْ بَعْدِهٖ ۚ
وَاَوْحَيْنَآ اِلٰٓى اِبْرٰهِيْمَ وَاِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ
وَيَعْقُوْبَ وَالْاَسْبَاطِ وَعِيْسٰى وَاَيُّوْبَ

১৬৩. আমি তো ওহী পাঠিয়েছি আপনার কাছে, যেমন আমি ওহী পাঠিয়েছিলাম নূহের কাছে এবং পরবর্তী নবীদের কাছে। আর আমি ওহী পাঠিয়েছিলাম ইব্‌রাহীম, ইস্‌মাঈল, ইস্‌হাক, ইয়া'কূব

ও তার বংশধরদের কাছে। আর ঈসা, আইউব, ইউনুস, হারূন ও সুলায়মানের কাছে এবং দিয়েছিলাম দাঊদকে যাবূর।

وَيُونُسَ وَهٰرُونَ وَسُلَيْمٰنَ ۚ
وَاٰتَيْنَا دَاوٗدَ زَبُوْرًا ۝

১৬৪. আর অনেক রাসূল পাঠিয়েছি, যাদের কথা আমি বিবৃত করেছি আপনার কাছে এবং অনেক রাসূলের কথা আমি আপনার কাছে বর্ণনা করিনি। আর সরাসরি কথা বলেছিলেন আল্লাহ্ মূসার সাথে।

١٦٤- وَرُسُلًا قَدْ قَصَصْنٰهُمْ عَلَيْكَ مِنْ
قَبْلُ وَرُسُلًا لَّمْ نَقْصُصْهُمْ عَلَيْكَ ۗ
وَكَلَّمَ اللّٰهُ مُوْسٰى تَكْلِيْمًا ۝

১৬৫. রাসূলদের পাঠিয়েছি সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে, যাতে মানুষের কোন অভিযোগ না থাকে আল্লাহ্র বিরুদ্ধে, রাসূল আসার পর। আল্লাহ্ পরাক্রম-শালী, হিক্মতওয়ালা।

١٦٥- رُسُلًا مُّبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ لِئَلَّا
يَكُوْنَ لِلنَّاسِ عَلَى اللّٰهِ حُجَّةٌۢ
بَعْدَ الرُّسُلِ ۚ وَكَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا

১৬৬. কিন্তু আল্লাহ্ সাক্ষ্য দেন আপনার প্রতি তিনি যা নাযিল করেছেন তার মাধ্যমে যে, তিনি তা নাযিল করেছেন নিজ জ্ঞানে এবং ফিরিশ্তারাও সাক্ষ্য দেয়। আর আল্লাহ্-ই যথেষ্ট সাক্ষী হিসেবে।

١٦٦- لٰكِنِ اللّٰهُ يَشْهَدُ بِمَآ اَنْزَلَ اِلَيْكَ
اَنْزَلَهٗ بِعِلْمِهٖ ۚ وَالْمَلٰٓئِكَةُ يَشْهَدُوْنَ ۗ
وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ۝

১৭৬. লোকেরা আপনার কাছে বিধান জানতে চায়। আপনি বলে দিন ঃ আল্লাহ্ তোমাদের বিধান দিচ্ছেন মাতা-পিতাহীন নিঃসন্তান ব্যক্তি সম্বন্ধে। যদি কোন এমন পুরুষ মারা যায়, যার কোন সন্তান নেই এবং তার থাকে এক বোন; তাহলে সে পাবে পরিত্যক্ত সম্পত্তির অর্ধেক। আর ঐ পুরুষ, বোনের সম্পত্তির উত্তরাধিকারী হবে, যদি সে নিঃসন্তান হয়। কিন্তু যদি দুই বোন, থাকে, তবে তারা উভয়ে পাবে মৃত ভাইয়ের সম্পত্তির দুই-তৃতীয়াংশ, আর যদি থাকে ভাই ও বোন উভয়ই তবে এক পুরুষের অংশ হবে দুই নারীর অংশের সমান। আল্লাহ্ স্পষ্টভাবে

١٧٦- يَسْتَفْتُوْنَكَ ۗ
قُلِ اللّٰهُ يُفْتِيْكُمْ فِى الْكَلٰلَةِ ۗ
اِنِ امْرُؤٌا هَلَكَ لَيْسَ لَهٗ وَلَدٌ وَّلَهٗٓ
اُخْتٌ فَلَهَا نِصْفُ مَا تَرَكَ ۚ
وَهُوَ يَرِثُهَآ
اِنْ لَّمْ يَكُنْ لَّهَا وَلَدٌ ۗ
فَاِنْ كَانَتَا اثْنَتَيْنِ
فَلَهُمَا الثُّلُثٰنِ مِمَّا تَرَكَ ۗ وَاِنْ كَانُوْٓا اِخْوَةً
رِّجَالًا وَّنِسَآءً فَلِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْاُنْثَيَيْنِ

يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اَنْ تَضِلُّوْا ۗ
وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ۝

তোমাদের জানিয়ে দিচ্ছেন, পাছে তোমরা পথভ্রষ্ট হও। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বজ্ঞ।

সূরা মায়িদা, ৫ ঃ ৪, ১৫, ১৯, ৪১, ৪২, ৪৮, ৪৯, ৬৭,

٤- يَسْـَٔلُوْنَكَ مَاذَآ اُحِلَّ لَهُمْ ۖ
قُلْ اُحِلَّ لَكُمُ الطَّيِّبٰتُ ۙ
وَمَا عَلَّمْتُمْ مِّنَ الْجَوَارِحِ مُكَلِّبِيْنَ
تُعَلِّمُوْنَهُنَّ مِمَّا عَلَّمَكُمُ اللّٰهُ ۫
فَكُلُوْا مِمَّآ اَمْسَكْنَ عَلَيْكُمْ
وَاذْكُرُوا اسْمَ اللّٰهِ عَلَيْهِ ۠ وَاتَّقُوا اللّٰهَ ۗ
اِنَّ اللّٰهَ سَرِيْعُ الْحِسَابِ ۝

৪. লোকেরা আপনাকে জিজ্ঞাসা করে ঃ কী হালাল করা হয়েছে তাদের জন্য ? বলে দিন ঃ তোমাদের জন্য হালাল করা হয়েছে সমস্ত উত্তম পবিত্র বস্তু। আর শিকারী পশু-পক্ষী, যাদের তোমরা শিকার শিক্ষা দিয়েছ, যেভাবে আল্লাহ্ তোমাদের শিক্ষা দিয়েছেন সেভাবে। তারা যা তোমাদের জন্য ধরে আনে, তা খাবে এবং তাতে আল্লাহ্‌র নাম নিবে, আর আল্লাহ্‌কে ভয় করবে, নিশ্চয় আল্লাহ্ জল্দি হিসাব-গ্রহণকারী।

١٥- يٰٓاَهْلَ الْكِتٰبِ قَدْ جَآءَكُمْ رَسُوْلُنَا
يُبَيِّنُ لَكُمْ كَثِيْرًا مِّمَّا كُنْتُمْ تُخْفُوْنَ
مِنَ الْكِتٰبِ وَيَعْفُوْا عَنْ كَثِيْرٍ ۗ
قَدْ جَآءَكُمْ مِّنَ اللّٰهِ نُوْرٌ
وَّكِتٰبٌ مُّبِيْنٌ ۝

১৫. হে আহলে কিতাব! এসেছেন তো তোমাদের কাছে আমার রাসূল, যিনি স্পষ্টরূপে তোমাদের কাছে ব্যক্ত করেন অনেক কিছু, যা তোমরা গোপন করতে কিতাব থেকে এবং তিনি এড়িয়ে চলেন অনেক কিছু। এসেছে তো তোমাদের কাছে আল্লাহ্‌র তরফ থেকে এক নূর ও উজ্জ্বল কিতাব।

١٩- يٰٓاَهْلَ الْكِتٰبِ قَدْ جَآءَكُمْ رَسُوْلُنَا
يُبَيِّنُ لَكُمْ عَلٰى فَتْرَةٍ مِّنَ الرُّسُلِ
اَنْ تَقُوْلُوْا مَا جَآءَنَا مِنْ بَشِيْرٍ
وَّلَا نَذِيْرٍ ۫
فَقَدْ جَآءَكُمْ بَشِيْرٌ وَّنَذِيْرٌ ۗ
وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۝

১৯. হে আহলে কিতাব! এসেছে তো তোমাদের কাছে আমার রাসূল, রাসূল প্রেরণের বিরতির পরে, তিনি স্পষ্টরূপে বর্ণনা করেন তোমাদের কাছে, যাতে তোমরা বলতে না পার, আসেনি আমাদের কাছে কোন সুসংবাদদাতা, আর না কোন সতর্ককারী। এখন তো এসেছেন তোমাদের কাছে একজন সুসংবাদদাতা ও সতর্ককারী। আর আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।

৪১. হে রাসূল! আপনাকে যেন দুঃখ না দেয় তারা, যারা দ্রুত ধাবিত হয় কুফ্রীর দিকে, যারা মুখে বলে আমরা ঈমান এনেছি, আসলে তাদের অন্তর ঈমান আনেনি আর ইয়াহূদীদের মধ্যে যারা মিথ্যা শুনতে তৎপর, তারা কান পেতে থাকে এমন এক ভিন্ন দলের পক্ষে, যারা আপনার কাছে আসেনি, যারা বিকৃত করে শব্দসমূহ যথাস্থানে সুবিন্যস্ত থাকার পরেও, তারা বলে তোমাদের এরূপ বিধান দিলে তা গ্রহণ করবে এবং তা না দিলে বর্জন করবে। আর আল্লাহ্ কাউকে গুমরাহ করতে চাইলে, আপনার তার ব্যাপারে আল্লাহ্র কাছে কিছু করার নেই। তারা তো এমন, যাদের অন্তর আল্লাহ্ পরিশুদ্ধ করতে চান না, তাদের জন্য রয়েছে দুনিয়ায় লাঞ্ছনা এবং আখিরাতেও রয়েছে তাদের জন্য মহাশাস্তি।

٤١- يَاَيُّهَا الرَّسُوْلُ لَا يَحْزُنْكَ الَّذِيْنَ
يُسَارِعُوْنَ فِي الْكُفْرِ مِنَ الَّذِيْنَ
قَالُوْٓا اٰمَنَّا بِاَفْوَاهِهِمْ وَلَمْ تُؤْمِنْ
قُلُوْبُهُمْ ۛ وَمِنَ الَّذِيْنَ هَادُوْا ۛ
سَمّٰعُوْنَ لِلْكَذِبِ سَمّٰعُوْنَ لِقَوْمٍ
اٰخَرِيْنَ ۙ لَمْ يَاْتُوْكَ ۙ يُحَرِّفُوْنَ الْكَلِمَ مِنْۢ
بَعْدِ مَوَاضِعِهٖ ۚ يَقُوْلُوْنَ اِنْ اُوْتِيْتُمْ
هٰذَا فَخُذُوْهُ وَاِنْ لَّمْ تُؤْتَوْهُ
فَاحْذَرُوْا ۗ وَمَنْ يُّرِدِ اللّٰهُ فِتْنَتَهٗ فَلَنْ
تَمْلِكَ لَهٗ مِنَ اللّٰهِ شَيْـًٔا ۗ اُولٰٓئِكَ الَّذِيْنَ
لَمْ يُرِدِ اللّٰهُ اَنْ يُّطَهِّرَ قُلُوْبَهُمْ ۗ
لَهُمْ فِي الدُّنْيَا خِزْيٌ ۚۖ
وَّلَهُمْ فِي الْاٰخِرَةِ عَذَابٌ عَظِيْمٌ ○

৪২. তারা মিথ্যা শুনতে অত্যন্ত আগ্রহী, হারাম খেতে অত্যন্ত আসক্ত, তারা যদি আপনার কাছে আসে, তাহলে আপনি তাদের মাঝে বিচার-ফয়সালা করে দেবেন অথবা তাদের এড়িয়ে চলবেন। আর যদি আপনি তাদের এড়িয়ে চলেন, তবে তারা আপনার কোন ক্ষতিই করতে পারবে না। আর যদি বিচার-ফয়সালা করেন, তবে ইনসাফের সাথে তাদের মাঝে বিচার-ফয়সালা করবেন। নিশ্চয় আল্লাহ্ ভালবাসেন ইনসাফ্-কারীদের।

٤٢- سَمّٰعُوْنَ لِلْكَذِبِ اَكّٰلُوْنَ لِلسُّحْتِ ۗ
فَاِنْ جَآءُوْكَ فَاحْكُمْ بَيْنَهُمْ اَوْ اَعْرِضْ
عَنْهُمْ ۚ وَاِنْ تُعْرِضْ عَنْهُمْ
فَلَنْ يَّضُرُّوْكَ شَيْـًٔا ۗ وَاِنْ حَكَمْتَ فَاحْكُمْ
بَيْنَهُمْ بِالْقِسْطِ ۗ
اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُقْسِطِيْنَ ○

৪৮. আর আমি নাযিল করেছি আপনার প্রতি কিতাব সত্যসহ, এর পূর্ববর্তী কিতাবের সমর্থকরূপে এবং তার সংরক্ষকরূপে, অতএব আপনি ফয়সালা করবেন তাদের মাঝে, আল্লাহ্ যা নাযিল করেছেন সে

٤٨- وَاَنْزَلْنَآ اِلَيْكَ الْكِتٰبَ بِالْحَقِّ
مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ الْكِتٰبِ
وَمُهَيْمِنًا عَلَيْهِ فَاحْكُمْ بَيْنَهُمْ

www.pathagar.com

بِمَآ اَنۡزَلَ اللّٰهُ وَلَا تَتَّبِعۡ اَهۡوَآءَهُمۡ
عَمَّا جَآءَكَ مِنَ الۡحَقِّ ؕ
لِكُلٍّ جَعَلۡنَا مِنۡكُمۡ شِرۡعَةً وَّمِنۡهَاجًا ؕ
وَلَوۡ شَآءَ اللّٰهُ لَجَعَلَكُمۡ اُمَّةً
وَّاحِدَةً وَّلٰكِنۡ لِّيَبۡلُوَكُمۡ
فِىۡ مَاۤ اٰتٰٮكُمۡ
فَاسۡتَبِقُوا الۡخَيۡرٰتِ ؕ
اِلَى اللّٰهِ مَرۡجِعُكُمۡ جَمِيۡعًا
فَيُنَبِّئُكُمۡ بِمَا كُنۡتُمۡ فِيۡهِ تَخۡتَلِفُوۡنَ ○

অনুযায়ী এবং অনুসরণ করবেন না তাদের খেয়াল খুশীর, আপনার কাছে যে সত্য এসেছে তা ছেড়ে। আর তোমাদের প্রত্যেকের জন্য আমি নির্দিষ্ট করে দিয়েছি আইন ও বিধান। যদি আল্লাহ্ চাইতেন, তাহলে তিনি অবশ্যই তোমাদের এক উম্মাত করতে পারতেন, কিন্তু তিনি তোমাদের পরীক্ষা করতে চান, তিনি যা তোমাদের দিয়েছেন তা দিয়ে। সুতরাং ধাবিত হও নেককাজের দিকে, আল্লাহ্রই দিকে তোমাদের সকলের প্রত্যাবর্তন, এরপর তিনি তোমাদের অবহিত করবেন সে বিষয়ে, যাতে তোমরা মতভেদ করতে।

٤٩- وَاَنِ احۡكُمۡ بَيۡنَهُمۡ بِمَاۤ اَنۡزَلَ اللّٰهُ
وَلَا تَتَّبِعۡ اَهۡوَآءَهُمۡ
وَاحۡذَرۡهُمۡ اَنۡ يَّفۡتِنُوۡكَ عَنۡۢ بَعۡضِ مَاۤ
اَنۡزَلَ اللّٰهُ اِلَيۡكَ ؕ فَاِنۡ تَوَلَّوۡا
فَاعۡلَمۡ اَنَّمَا يُرِيۡدُ اللّٰهُ اَنۡ يُّصِيۡبَهُمۡ
بِبَعۡضِ ذُنُوۡبِهِمۡ ؕ وَاِنَّ كَثِيۡرًا مِّنَ
النَّاسِ لَفٰسِقُوۡنَ ○

৪৯. আর আপনি বিচার-ফয়সালা করবেন তাদের মাঝে, আল্লাহ্ যা নাযিল করেছেন সে অনুযায়ী। আপনি অনুসরণ করবেন না তাদের খেয়াল-খুশীর এবং সতর্ক থাকবেন তাদের ব্যাপারে, পাছে তারা আপনাকে ফিত্নায় ফেলে দেয়, আপনার কাছে আল্লাহ্ যা নাযিল করেছেন তার কতকের ব্যাপারে। যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে জেনে রাখুন যে, আল্লাহ্ তো চান তাদের শাস্তি দিতে, তাদের কোন্ কোন্ পাপের জন্য। আর নিশ্চয় মানুষের মাঝে অনেকেই নিশ্চিত পাপাচারী।

٦٧- يٰۤاَيُّهَا الرَّسُوۡلُ بَلِّغۡ مَاۤ اُنۡزِلَ اِلَيۡكَ
مِنۡ رَّبِّكَ ؕ وَاِنۡ لَّمۡ تَفۡعَلۡ
فَمَا بَلَّغۡتَ رِسَالَتَهٗ ؕ
وَاللّٰهُ يَعۡصِمُكَ مِنَ النَّاسِ ؕ
اِنَّ اللّٰهَ لَا يَهۡدِى الۡقَوۡمَ الۡكٰفِرِيۡنَ ○

৬৭. হে রাসূল! আপনি প্রচার করুন, যা আপনার প্রতি নাযিল করা হয়েছে আপনার রবের তরফ থেকে আর যদি আপনি না করেন, তবে তো আপনি প্রচার করলেন না তাঁর পয়গাম। আর আল্লাহ্ রক্ষা করবেন আপনাকে মানুষের হাত থেকে। নিশ্চয় আল্লাহ্ হিদায়েত দান করেন না কাফির লোকদের।

www.pathagar.com

সূরা আন'আম, ৬ ঃ ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ৩৩, ৩৪, ৫০, ৫১, ৫২, ৫৪, ৫৬, ৫৭, ৫৮, ৬৮, ৭০, ৯২, ১০৫, ১০৬, ১০৭, ১১৪, ১১৫, ১১৬, ১৩৫, ১৪৫, ১৫১, ১৫২, ১৬১, ১৬২, ১৬৩, ১৬৪

৭. আর যদি আমি নাযিল করতাম আপনার প্রতি কাগজে লেখা কিতাব, আর তারা যদি তো স্পর্শ করত নিজেদের হাত দিয়ে, তবে যারা কুফ্‌রী করছে তারা অবশ্যই বলত, ইহা তো স্পষ্ট যাদু ছাড়া আর কিছু নয়।

٧- وَلَوْ نَزَّلْنَا عَلَيْكَ كِتٰبًا فِىْ قِرْطَاسٍ
فَلَمَسُوْهُ بِاَيْدِيْهِمْ
لَقَالَ الَّذِيْنَ كَفَرُوْٓا
اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ○

৮. আর তারা বলে, কেন নাযিল করা হয় না তার কাছে কোন ফিরিশ্‌তা? যদি আমি নাযিল করতাম কোন ফিরিশ্‌তা, তা হলে তো চূড়ান্ত হয়ে যেত ফয়সালা। তারপর তাদের কোন অবকাশ দেওয়া হত না।

٨- وَقَالُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ مَلَكٌ ط
وَلَوْ اَنْزَلْنَا مَلَكًا لَّقُضِىَ الْاَمْرُ
ثُمَّ لَا يُنْظَرُوْنَ ○

৯. আর যদি আমি তাকে করতাম ফিরিশ্‌তা, তা হলে তাকে করতাম মানুষের আকৃতিতে এবং তাদের বিভ্রমে ফেলতাম, যেমন তারা রয়েছে বিভ্রমে।

٩- وَلَوْ جَعَلْنٰهُ مَلَكًا
لَّجَعَلْنٰهُ رَجُلًا
وَّلَلَبَسْنَا عَلَيْهِمْ مَّا يَلْبِسُوْنَ ○

১০. আর ঠাট্টা-বিদ্রূপ করা হয়েছিল রাসূলদের সাথে আপনার আগেও, তারা যা নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করছিল, পরিণামে তা-ই বিদ্রূপকারীদের পরিবেষ্টন করেছিল।

١٠- وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِّنْ قَبْلِكَ
فَحَاقَ بِالَّذِيْنَ سَخِرُوْا مِنْهُمْ
مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ○

১১. আপনি বলুন ঃ তোমরা ভ্রমণ কর পৃথিবীতে তারপর লক্ষ্য কর, কিরূপ হয়েছিল পরিণাম সত্য অস্বীকার-কারীদের।

١١- قُلْ سِيْرُوْا فِى الْاَرْضِ ثُمَّ انْظُرُوْا
كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ○

১২. বলুন ঃ আসমান ও যমীনে যা কিছু আছে, তা কার? বলে দিন ঃ তা একমাত্র আল্লাহ্‌রই। তিনি নির্ধারিত

١٢- قُلْ لِّمَنْ مَّا فِى السَّمٰوٰتِ
وَالْاَرْضِ ط قُلْ لِّلّٰهِ ط كَتَبَ

عَلٰى نَفْسِهِ الرَّحْمَةَ ۚ لَيَجْمَعَنَّكُمْ
اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ لَا رَيْبَ فِيْهِ ۚ اَلَّذِيْنَ
خَسِرُوْٓا اَنْفُسَهُمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ○

করে নিয়েছেন নিজের জন্য দয়া করা। অবশ্যই তিনি একত্র করবেন তোমাদের কিয়ামতের দিন, এতে কোন সন্দেহ নেই। যারা নিজেদের ক্ষতি করেছে, তারা ঈমান আনবে না।

١٣- وَلَهٗ مَا سَكَنَ فِى الَّيْلِ وَالنَّهَارِ ۚ
وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ○

১৩. আর তাঁরই যা কিছু অবস্থান করে রাতে ও দিনে। আর তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

١٤- قُلْ اَغَيْرَ اللّٰهِ اَتَّخِذُ وَلِيًّا
فَاطِرِ السَّمٰوٰتِ وَ الْاَرْضِ
وَهُوَ يُطْعِمُ وَ لَا يُطْعَمُ ۚ
قُلْ اِنِّىْٓ اُمِرْتُ اَنْ اَكُوْنَ اَوَّلَ مَنْ
اَسْلَمَ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ○

১৪. বলুন ঃ আমি কি গ্রহণ করব আল্লাহ্ ছাড়া অন্য কাউকে অভিভাবকরূপে? তিনি স্রষ্টা আসমান যমীনের এবং তিনিই খাওয়ান, কিন্তু তাঁকে কেউ খাওয়ায় না। বলুন ঃ আমি তো আদিষ্ট হয়েছি যেন আমি হই প্রথম মুসলিম এবং আমাকে আরো বলা হয়েছে ঃ আপনি হবেন না কখন মুশরিকদের শামিল।

١٥- قُلْ اِنِّىْٓ اَخَافُ اِنْ عَصَيْتُ
رَبِّىْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ○

১৫. বলুন ঃ আমি তো ভয় করি মহাদিনের আযাবের, যদি আমি আমার রবের নাফরমানী করি।

١٦- مَنْ يُّصْرَفْ عَنْهُ يَوْمَئِذٍ فَقَدْ رَحِمَهٗ ۚ
وَذٰلِكَ الْفَوْزُ الْمُبِيْنُ ○

১৬. সেদিন যাকে এ আযাব থেকে রক্ষা করা হবে, তার প্রতি তো তিনি দয়া করবেন, আর এটা হবে স্পষ্ট সফলতা।

١٧- وَاِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ
لَهٗٓ اِلَّا هُوَ ۚ وَاِنْ يَّمْسَسْكَ بِخَيْرٍ
فَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ○

১৭. আর যদি আল্লাহ্ আপনাকে কোন কষ্ট দেন, তবে কেউ নেই তা দূর করার তিনি ছাড়া। আর তিনি যদি আপনার কোন কল্যাণ করেন, তবে তিনি তো সর্ববিষয়ে সর্বশক্তিমান।

١٨- وَهُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهٖ ۚ
وَهُوَ الْحَكِيْمُ الْخَبِيْرُ ○

১৮. আর তিনি পরাক্রমশালী তাঁর বান্দাদের উপর তিনি হিক্মতওয়ালা, সর্বজ্ঞাতা।

١٩- قُلْ اَىُّ شَىْءٍ اَكْبَرُ شَهَادَةً ۚ
قُلِ اللّٰهُ ۙ شَهِيْدٌۢ بَيْنِىْ وَبَيْنَكُمْ ۙ
وَاُوْحِىَ اِلَىَّ هٰذَا الْقُرْاٰنُ
لِاُنْذِرَكُمْ بِهٖ وَمَنْۢ بَلَغَ ۚ اَئِنَّكُمْ

১৯. বলুন ঃ কে সর্বশ্রেষ্ঠ সাক্ষ্য দানে? বলুন ঃ আল্লাহ্ তিনি সাক্ষী আমার ও তোমাদের মাঝে আর ওহী করা হয়েছে এ কুরআন আমার কাছে, যেন আমি সতর্ক করি তোমাদের এ দিয়ে এবং যার কাছে তা পৌঁছবে তাদেরও।

www.pathagar.com

তোমরা কি সাক্ষ্য দাও যে, আল্লাহ্‌র সাথে অন্য ইলাহ্ আছে ? বলে দিন ঃ আমি এরূপ সাক্ষ্য দেই না। বলুন ঃ তিনি তো এক ইলাহ্ এবং আমি অবশ্যই মুক্ত, তোমরা যে শির্‌ক কর তা থেকে।

لَتَشْهَدُونَ أَنَّ مَعَ اللَّهِ آلِهَةً أُخْرَىٰ ۚ
قُلْ لَا أَشْهَدُ ۚ قُلْ إِنَّمَا هُوَ إِلَٰهٌ وَاحِدٌ
وَإِنَّنِي بَرِيءٌ مِمَّا تُشْرِكُونَ ○

২০. যাদের আমি কিতাব দিয়েছি, তারা তাঁকে চিনে, যেমন তারা চিনে তাদের সন্তানদের, যারা নিজেদের ক্ষতি করেছে, তারা ঈমান আনবে না।

٢٠- الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَهُ
كَمَا يَعْرِفُونَ أَبْنَاءَهُمُ ۘ الَّذِينَ خَسِرُوا
أَنْفُسَهُمْ فَهُمْ لَا يُؤْمِنُونَ ○

৩৩. আমি তো জানি যে, অবশ্যই আপনাকে কষ্ট দেয় তারা যা বলে তা, কিন্তু তারা তো আপনাকে মিথ্যাবাদী বলে না, বরং যালিমরা আল্লাহ্‌র আয়াতসমূহ অস্বীকার করে।

٣٣- قَدْ نَعْلَمُ إِنَّهُ لَيَحْزُنُكَ الَّذِي يَقُولُونَ
فَإِنَّهُمْ لَا يُكَذِّبُونَكَ وَلَٰكِنَّ
الظَّالِمِينَ بِآيَاتِ اللَّهِ يَجْحَدُونَ ○

৩৪. আর অবশ্যই মিথ্যাবাদী বলা হয়েছিল অনেক রাসূলকে আপনার আগে, কিন্তু তারা সবর করেছিল, তাদের মিথ্যাবাদী বলা ও কষ্ট দেওয়া সত্ত্বেও, আমার সাহায্য তাদের কাছে পৌঁছা পর্যন্ত। কেউ বদলাতে পারে না আল্লাহ্‌র কথা, আর এসেছে তো আপনার কাছে রাসূলদের কিছু সংবাদ।

٣٤- وَلَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِنْ قَبْلِكَ
فَصَبَرُوا عَلَىٰ مَا كُذِّبُوا
وَأُوذُوا حَتَّىٰ أَتَاهُمْ نَصْرُنَا ۚ
وَلَا مُبَدِّلَ لِكَلِمَاتِ اللَّهِ ۚ
وَلَقَدْ جَاءَكَ مِنْ نَبَإِ الْمُرْسَلِينَ ○

৫০ আপনি বলুন ঃ আমি তোমাদের বলি না যে, আমার কাছে আছে আল্লাহ্‌র ধনভাণ্ডার, আর একথাও বলি না যে, আমি জানি গায়েব, এবং তোমাদের একথাও বলি না যে, আমি একজন ফিরিশ্‌তা, আমি তো কেবল তারই অনুসরণ করি, যা আমার প্রতি ওহী করা হয়। বলুন ঃ সমান হতে পারে কি অন্ধ এবং চক্ষুষ্মান ? তবে কি তোমরা চিন্তা-ভাবনা কর না ?

٥٠- قُلْ لَا أَقُولُ لَكُمْ عِنْدِي خَزَائِنُ اللَّهِ
وَلَا أَعْلَمُ الْغَيْبَ
وَلَا أَقُولُ لَكُمْ إِنِّي مَلَكٌ ۚ
إِنْ أَتَّبِعُ إِلَّا مَا يُوحَىٰ إِلَيَّ ۚ
قُلْ هَلْ يَسْتَوِي الْأَعْمَىٰ
وَالْبَصِيرُ ۚ أَفَلَا تَتَفَكَّرُونَ ○

৫১. আর আপনি সতর্ক করুন কুরআন দিয়ে তাদের যারা ভয় করে যে, তাদের

٥١- وَأَنْذِرْ بِهِ الَّذِينَ يَخَافُونَ

اَنْ يُّحْشَرُوْٓا اِلٰى رَبِّهِمْ
لَيْسَ لَهُمْ مِّنْ دُوْنِهٖ
وَلِيٌّ وَّلَا شَفِيْعٌ لَّعَلَّهُمْ يَتَّقُوْنَ ○

একত্র করা হবে তাদের রবের কাছে এমন অবস্থায় যে, তাদের থাকবে না তিনি ছাড়া কোন অভিভাবক আর না কোন সুপারিশকারী, আশা করা যায় তারা সতর্ক হবে।

٥٢- وَلَا تَطْرُدِ الَّذِيْنَ يَدْعُوْنَ رَبَّهُمْ
بِالْغَدٰوةِ وَالْعَشِيِّ يُرِيْدُوْنَ وَجْهَهٗ ؕ
مَا عَلَيْكَ مِنْ حِسَابِهِمْ مِّنْ شَيْءٍ
وَّمَا مِنْ حِسَابِكَ عَلَيْهِمْ مِّنْ شَيْءٍ
فَتَطْرُدَهُمْ فَتَكُوْنَ مِنَ الظّٰلِمِيْنَ ○

৫২. আর আপনি তাড়িয়ে দেবেন না তাদের, যারা ডাকে তাদের রবকে সকাল ও সন্ধ্যায় তাঁর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে। আপনার উপর নেই কোন দায়িত্ব তাদের কর্মের জবাবদিহির, আর না আপনার কর্মের জবাবদিহির দায়িত্ব আছে তাদের উপর, যে কারণে আপনি তাদের তাড়িয়ে দেবেন, তাড়িয়ে দিলে আপনি হয়ে পড়বেন যালিমদের শামিল।

٥٤- وَاِذَا جَآءَكَ الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِاٰيٰتِنَا
فَقُلْ سَلٰمٌ عَلَيْكُمْ
كَتَبَ رَبُّكُمْ عَلٰى نَفْسِهِ الرَّحْمَةَ ۙ
اَنَّهٗ مَنْ عَمِلَ مِنْكُمْ سُوْٓءًۢا بِجَهَالَةٍ ثُمَّ
تَابَ مِنْۢ بَعْدِهٖ وَاَصْلَحَ
فَاَنَّهٗ غَفُوْرٌ رَّحِيْمٌ ○

৫৪. আর যখন আসে আপনার কাছে তারা, যারা ঈমান আনে আমার আয়াতসমূহে, তখন আপনি তাদের বলুন ঃ সালাম তোমাদের প্রতি। তবে কেউ তোমাদের মধ্যে অজ্ঞতাবশত মন্দকাজ করে ফেললে, তারপর সে তাওবা করলে এবং নিজেকে সংশোধন করে নিলে, আল্লাহ্ তো পরম ক্ষমাশীল পরম দয়ালু।

٥٦- قُلْ اِنِّيْ نُهِيْتُ اَنْ اَعْبُدَ
الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ
قُلْ لَّآ اَتَّبِعُ اَهْوَآءَكُمْ ۙ
قَدْ ضَلَلْتُ اِذًا
وَّمَآ اَنَا مِنَ الْمُهْتَدِيْنَ ○

৫৬. আপনি বলুন ঃ আমাকে তো নিষেধ করা হয়েছে তাদের ইবাদত করতে, যাদের তোমরা ডাক আল্লাহ্কে ছেড়ে। বলুন ঃ আমি অনুসরণ করি না তোমাদের খেয়াল-খুশীর, করলে অবশ্যই আমি বিপদগামী হয়ে পড়ব এবং আমি তখন হিদায়েত প্রাপ্তদের অন্তর্ভুক্ত থাকব না।

٥٧- قُلْ اِنِّيْ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ
وَكَذَّبْتُمْ بِهٖ ؕ مَا عِنْدِيْ
مَا تَسْتَعْجِلُوْنَ بِهٖ ؕ

৫৭. বলুন ঃ আমি তো আছি স্পষ্ট প্রমাণের উপর আমার রবের তরফ থেকে, অথচ তোমরা তাকে অস্বীকার করছ। নেই আমার কাছে তা, যা তোমরা জল্দি

www.pathagar.com

إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۖ
يَقُصُّ الْحَقَّ وَهُوَ خَيْرُ الْفَاصِلِينَ ○

চাও, সকল কর্তৃত্ব তো আল্লাহ্‌রই। তিনি বিবৃত করেন সত্য এবং তিনিই উত্তম ফয়সালাকারী।

٥٨- قُلْ لَوْ أَنَّ عِنْدِي مَا تَسْتَعْجِلُونَ بِهِ
لَقُضِيَ الْأَمْرُ بَيْنِي وَبَيْنَكُمْ ۗ
وَاللَّهُ أَعْلَمُ بِالظَّالِمِينَ ○

৫৮. বলুন ঃ যদি থাকত আমার কাছে তা যা তোমরা জল্‌দি চাও তাহলে অবশ্যই ফয়সালা হয়ে যেত আমার ও তোমাদের মধ্যকার ব্যাপার। আর আল্লাহ্ সবিশেষ অবহিত যালিমদের সম্বন্ধে।

٦٨- وَإِذَا رَأَيْتَ الَّذِينَ يَخُوضُونَ
فِي آيَاتِنَا فَأَعْرِضْ عَنْهُمْ حَتَّىٰ يَخُوضُوا
فِي حَدِيثٍ غَيْرِهِ ۚ وَإِمَّا يُنْسِيَنَّكَ
الشَّيْطَانُ فَلَا تَقْعُدْ بَعْدَ الذِّكْرَىٰ
مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ ○

৬৮. আর যখন আপনি তাদের দেখেন, যারা আমার আয়াতসমূহ নিয়ে উপহাসমূলক আলোচনা করছে, তখন আপনি তাদের থেকে সরে যাবেন, যে পর্যন্ত না তারা অন্য প্রসঙ্গে আসে। কিন্তু শয়তান যদি আপনাকে ভুলিয়ে দেয়, তাহলে স্মরণ হওয়ার পর আপনি বসবেন না যালিম লোকদের সাথে।

٧٠- وَذَرِ الَّذِينَ
اتَّخَذُوا دِينَهُمْ لَعِبًا وَلَهْوًا
وَغَرَّتْهُمُ الْحَيَاةُ الدُّنْيَا
وَذَكِّرْ بِهِ أَنْ تُبْسَلَ نَفْسٌ بِمَا
كَسَبَتْ ۖ لَيْسَ لَهَا مِنْ دُونِ اللَّهِ
وَلِيٌّ وَلَا شَفِيعٌ ۚ وَإِنْ تَعْدِلْ كُلَّ عَدْلٍ
لَا يُؤْخَذْ مِنْهَا ۗ أُولَٰئِكَ الَّذِينَ أُبْسِلُوا بِمَا
كَسَبُوا ۖ لَهُمْ شَرَابٌ مِنْ حَمِيمٍ وَعَذَابٌ
أَلِيمٌ بِمَا كَانُوا يَكْفُرُونَ ○

৭০. আর আপনি বর্জন করুন তাদের যারা গ্রহণ করেছে তাদের দীনকে ক্রীড়া-কৌতুকরূপে এবং পার্থিব জীবন যাদের প্রতারিত করেছে। আর উপদেশ দিন এ কুরআন দিয়ে, যাতে কেউ ধ্বংস না হয় তার কৃতকর্মের জন্য, আর নেই আল্লাহ্ ছাড়া কোন অভিভাবক এবং না কোন সুপারিশকারী। যদিও সে বিনিময়ে সব কিছু দেয়, তা তার নিকট হতে গ্রহণ করা হবে না। এরাই তারা, যারা ধ্বংস হবে তাদের কৃতকর্মের জন্য। তাদের জন্য রয়েছে অতি গরম পানীয় এবং যন্ত্রণাদায়ক আযাব, তারা যে কুফ্‌রী করত তার জন্য।

٩٢- وَهَٰذَا كِتَابٌ أَنْزَلْنَاهُ مُبَارَكٌ مُصَدِّقُ الَّذِي
بَيْنَ يَدَيْهِ وَلِتُنْذِرَ أُمَّ الْقُرَىٰ وَمَنْ حَوْلَهَا ۚ
وَالَّذِينَ يُؤْمِنُونَ بِالْآخِرَةِ يُؤْمِنُونَ بِهِ

৯২. আর এ কিতাব আমি নাযিল করেছি, যা কল্যাণময়, সমর্থক পূর্বেকার কিতাবের এবং যা দিয়ে আপনি সতর্ক করেন মক্কা ও এর চারপাশের লোকদের। আর যারা আখিরাতে ঈমান রাখে, তারা এতেও

www.pathagar.com

وَهُمْ عَلٰى صَلَاتِهِمْ يُحَافِظُوْنَ ○

ঈমান রাখে এবং তারা তাদের নামাযের হিফাযত করে।

١٠٥- وَكَذٰلِكَ نُصَرِّفُ الْاٰيٰتِ وَلِيَقُوْلُوْا دَرَسْتَ وَلِنُبَيِّنَهٗ لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ○

১০৫. আর এভাবেই আমি বিভিন্নরূপে বিবৃত করি আয়াতসমূহ, ফলে তারা বলে, তুমি তো শিখে নিয়েছ। আর আমি তো স্পষ্টরূপে বিবৃত করি তা সে লোকদের জন্য, যারা জানে।

١٠٦- اِتَّبِعْ مَآ اُوْحِيَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ وَاَعْرِضْ عَنِ الْمُشْرِكِيْنَ ○

১০৬. আপনি অনুসরণ করুন তার, যা ওহী করা হয় আপনার প্রতি আপনার রবের তরফ থেকে। নেই কোন ইলাহ্ তিনি ছাড়া আর আপনি মুখ ফিরিয়ে নিন মুশরিকদের থেকে।

١٠٧- وَلَوْ شَآءَ اللّٰهُ مَآ اَشْرَكُوْا ۗ وَمَا جَعَلْنٰكَ عَلَيْهِمْ حَفِيْظًا ۚ وَمَآ اَنْتَ عَلَيْهِمْ بِوَكِيْلٍ ○

১০৭. আর যদি আল্লাহ্ চাইতেন, তবে তারা শির্ক করত না এবং আমি করিনি আপনাকে তাদের জন্য হিফাযতকারী, আর না আপনি তাদের অভিভাবক।

١١٤- اَفَغَيْرَ اللّٰهِ اَبْتَغِيْ حَكَمًا وَّهُوَ الَّذِيْٓ اَنْزَلَ اِلَيْكُمُ الْكِتٰبَ مُفَصَّلًا ۗ وَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَعْلَمُوْنَ اَنَّهٗ مُنَزَّلٌ مِّنْ رَّبِّكَ بِالْحَقِّ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ ○

১১৪. তবে কি আমি আল্লাহ্ ছাড়া অন্যকে ফয়সালাকারী মানব ? অথচ তিনিই নাযিল করেছেন কিতাব তোমাদের প্রতি বিশদভাবে। আর যাদের আমি দিয়েছি কিতাব তারা জানে, নিশ্চয় এ কুরআন নাযিল করা হয়েছে আপনার রবের তরফ থেকে সত্যসহ। অতএব আপনি হবেন না সন্দেহকারীদের শামিল।

١١٥- وَتَمَّتْ كَلِمَتُ رَبِّكَ صِدْقًا وَّعَدْلًا ۗ لَا مُبَدِّلَ لِكَلِمٰتِهٖ ۚ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ○

১১৫. আর আপনার রবের বাণী পরিপূর্ণ, সত্য ও ইনসাফের দিক দিয়ে। কেউ নেই তাঁর বাণী পরবর্তন করার। আর তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

١١٦- وَاِنْ تُطِعْ اَكْثَرَ مَنْ فِي الْاَرْضِ يُضِلُّوْكَ عَنْ سَبِيْلِ اللّٰهِ ۗ اِنْ يَّتَّبِعُوْنَ اِلَّا الظَّنَّ وَاِنْ هُمْ اِلَّا يَخْرُصُوْنَ ○

১১৬. আর আপনি যদি দুনিয়ার অধিকাংশ লোকের কথা মত চলেন, তবে তারা আপনাকে গোমরাহ করবে আল্লাহ্র পথ থেকে। তারা তো অনুসরণ করে কেবল অনুমানের। আর তারা তো শুধু কাল্পনিক কথা বলে।

www.pathagar.com

১৩৫. আপনি বলুন ঃ হে আমার কাওম! তোমরা কাজ করতে থাক তোমাদের স্থানে এবং আমিও কাজ করছি। শিগ্গীরই তোমরা জানতে পারবে কার পরিণাম মঙ্গলময়। যালিমরা কখনও সফলকাম হয় না।

١٣٥- قُلْ يٰقَوْمِ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ
اِنِّيْ عَامِلٌ ۚ فَسَوْفَ تَعْلَمُوْنَ ۙ
مَنْ تَكُوْنُ لَهٗ عَاقِبَةُ الدَّارِ ۗ
اِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ○

১৪৫. বলুন ঃ আমি পাই না, আমার প্রতি যা ওহী করা হয় তাতে কোন কিছুই হারাম কোন ভক্ষণকারীর জন্য মৃত জন্তু, বহমান রক্ত ও শূকরের মাংস ব্যতীত, কেননা, ইহা নাপাক, অথবা যা শিরকের উপকরণ আল্লাহ্ ছাড়া অন্যের নামে উৎসর্গ করার কারণে। তবে কেউ অবাধ্য না হয়ে এবং সীমালংঘন না করে নিরুপায় হয়ে তা খেলে, নিশ্চয় আপনার রব ক্ষমাশীল, পরম দয়ালু।

١٤٥- قُلْ لَّآ اَجِدُ فِيْ مَآ اُوْحِيَ اِلَيَّ مُحَرَّمًا
عَلٰى طَاعِمٍ يَّطْعَمُهٗٓ اِلَّآ اَنْ يَّكُوْنَ مَيْتَةً
اَوْ دَمًا مَّسْفُوْحًا اَوْ لَحْمَ خِنْزِيْرٍ فَاِنَّهٗ
رِجْسٌ اَوْ فِسْقًا اُهِلَّ لِغَيْرِ اللّٰهِ بِهٖ ۚ
فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّلَا عَادٍ
فَاِنَّ رَبَّكَ غَفُوْرٌ رَّحِيْمٌ ○

১৫১. আপনি বলুন ঃ এসো, আমি পাঠ করে শোনাই তোমাদের, যা হারাম করেছেন তোমাদের রব তোমাদের জন্য ঃ তোমরা তাঁর কোন শরীক করবে না, মাতা-পিতার প্রতি সদ্ব্যবহার করবে, হত্যা করবে না নিজেদের সন্তানদের দারিদ্র্যের ভয়ে, আমি রিযিক দেই তোমাদের এবং তাদেরও। আর অশ্লীলতার কাজের ধারেও যাবে না, হোক তা প্রকাশ্যে বা গোপনে। আর তোমরা হত্যা করবে না কোন কিছু, যা আল্লাহ্ হারাম করেছেন, যথার্থ কারণ ব্যতিরেকে। এ নির্দেশ তিনি তোমাদের দিলেন, যেন তোমরা অনুধাবন কর।

١٥١- قُلْ تَعَالَوْا اَتْلُ مَا حَرَّمَ رَبُّكُمْ عَلَيْكُمْ
اَلَّا تُشْرِكُوْا بِهٖ شَيْـًٔا وَّبِالْوَالِدَيْنِ اِحْسَانًا ۚ
وَلَا تَقْتُلُوْٓا اَوْلَادَكُمْ مِّنْ اِمْلَاقٍ ۗ
نَحْنُ نَرْزُقُكُمْ وَاِيَّاهُمْ ۚ وَلَا تَقْرَبُوا
الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ ۚ
وَلَا تَقْتُلُوا النَّفْسَ الَّتِيْ حَرَّمَ اللّٰهُ
اِلَّا بِالْحَقِّ ۗ ذٰلِكُمْ وَصّٰكُمْ بِهٖ
لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ○

১৫২. আর তোমরা ইয়াতীমের সম্পদের কাছেও যাবে না উত্তম ব্যবস্থা ব্যতিরেকে, যে পর্যন্ত না সে বয়ঃপ্রাপ্ত হয় এবং পুরাপুরি দিবে ইনসাফের সাথে

١٥٢- وَلَا تَقْرَبُوْا مَالَ الْيَتِيْمِ اِلَّا بِالَّتِيْ
هِيَ اَحْسَنُ حَتّٰى يَبْلُغَ اَشُدَّهٗ ۚ

www.pathagar.com

পরিমাণ ও ওযনে। আমি তার সাধ্যাতাতীত ভার অর্পণ করি না। আর যখন তোমার কথা বলবে, তখন ন্যায্য কথা বলবে, আপনজনের সম্পর্কে হলেও এবং পূর্ণ করবে আল্লাহ্কে দেওয়া অঙ্গীকার। এভাবেই আল্লাহ্ তোমাদের নির্দেশ দেন, যেন তোমরা উপদেশ গ্রহণ কর।

وَ اَوْفُوا الْكَيْلَ وَ الْمِيْزَانَ بِالْقِسْطِ ۚ
لَا نُكَلِّفُ نَفْسًا اِلَّا وُسْعَهَا ۚ
وَ اِذَا قُلْتُمْ فَاعْدِلُوْا
وَلَوْ كَانَ ذَا قُرْبٰى ۚ وَ بِعَهْدِ اللّٰهِ اَوْفُوْا ۚ
ذٰلِكُمْ وَصّٰكُمْ بِهٖ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ○

১৬১. বলুন ঃ আমাকে তো পরিচালিত করেছেন আমার রব সরল সঠিক পথে, যা বক্রতামুক্ত, সুপ্রতিষ্ঠিত দীন, যা ইব্রাহীমের মিল্লাত এবং সে ছিল না মুশরিকদের শামিল।

١٦١- قُلْ اِنَّنِيْ هَدٰىنِيْ رَبِّيْۤ اِلٰى صِرَاطٍ
مُّسْتَقِيْمٍ ۚ دِيْنًا قِيَمًا
مِّلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ۚ وَمَا كَانَ
مِنَ الْمُشْرِكِيْنَ ○

১৬২. বলুন ঃ নিশ্চয় আমার সালাত, আমার কুরবানী, আমার জীবন ও আমার মরণ রাব্বুল আলামীন আল্লাহ্র জন্য।

١٦٢- قُلْ اِنَّ صَلَاتِيْ وَ نُسُكِيْ وَمَحْيَايَ
وَمَمَاتِيْ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ○

১৬৩. তাঁর কোন শরীক নেই, আর এরই জন্য আমি আদিষ্ট হয়েছি এবং আমিই প্রথম মুসলিম।

١٦٣- لَا شَرِيْكَ لَهٗ ۚ وَبِذٰلِكَ اُمِرْتُ
وَاَنَا اَوَّلُ الْمُسْلِمِيْنَ ○

১৬৪. বলুন ঃ আমি কি আল্লাহ্কে ছেড়ে খুঁজব অন্য রব, অথচ তিনি রব সব কিছুর। কোন ব্যক্তি দায়ী হবে না, স্বীয় কৃতকর্ম ছাড়া অন্য কিছুর জন্য আর কেউ বহন করবে না অন্যের বোঝা। তারপর তোমাদের প্রত্যাবর্তন তোমাদের রবের কাছেই। তখন তিনি তোমাদের অবহিত করবেন, যে বিষয়ে তোমরা মতভেদ করতে তা।

١٦٤- قُلْ اَغَيْرَ اللّٰهِ اَبْغِيْ رَبًّا
وَّهُوَ رَبُّ كُلِّ شَيْءٍ ۚ وَلَا تَكْسِبُ
كُلُّ نَفْسٍ اِلَّا عَلَيْهَا ۚ وَلَا تَزِرُ وَازِرَةٌ
وِّزْرَ اُخْرٰى ۚ ثُمَّ اِلٰى رَبِّكُمْ مَّرْجِعُكُمْ
فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ فِيْهِ تَخْتَلِفُوْنَ ○

সূরা আ'রাফ, ৭ ঃ ২, ১৫৭, ১৫৮, ১৮৪, ১৮৭, ১৮৮, ২০৩,

২. নাযিল করা হয়েছে আপনার প্রতি কিতাব। সুতরাং থাকে না যেন আপনার অন্তরে এ সম্পর্কে কোন দ্বিধা সংকোচ যে, আপনি এ দিয়ে সতর্ক করবেন এবং মু'মিনদের জন্য উপদেশ।

٢- كِتٰبٌ اُنْزِلَ اِلَيْكَ فَلَا يَكُنْ فِيْ صَدْرِكَ
حَرَجٌ مِّنْهُ لِتُنْذِرَ بِهٖ
وَ ذِكْرٰى لِلْمُؤْمِنِيْنَ ○

www.pathagar.com

١٥٧- اَلَّذِيْنَ يَتَّبِعُوْنَ الرَّسُوْلَ النَّبِيَّ
الْاُمِّيَّ الَّذِيْ يَجِدُوْنَهٗ مَكْتُوْبًا
عِنْدَهُمْ فِي التَّوْرٰىةِ وَالْاِنْجِيْلِ ز
يَاْمُرُهُمْ بِالْمَعْرُوْفِ وَيَنْهٰىهُمْ عَنِ الْمُنْكَرِ
وَيُحِلُّ لَهُمُ الطَّيِّبٰتِ
وَيُحَرِّمُ عَلَيْهِمُ الْخَبٰٓئِثَ وَيَضَعُ عَنْهُمْ
اِصْرَهُمْ وَالْاَغْلٰلَ الَّتِيْ كَانَتْ عَلَيْهِمْ ط
فَالَّذِيْنَ اٰمَنُوْا بِهٖ وَعَزَّرُوْهُ
وَنَصَرُوْهُ وَاتَّبَعُوا النُّوْرَ الَّذِيْٓ
اُنْزِلَ مَعَهٗٓ لا اُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ○

১৫৭. যারা অনুসরণ করে বার্তাবাহক উম্মী নবীর, যার উল্লেখ তারা লিখিত পায়, তাদের কাছে যে তাওরাত ও ইন্‌জীল আছে তাতে, তিনি তাদের নির্দেশ দেন ভাল কাজের এবং বারণ করেন তাদের মন্দকাজ থেকে, যিনি হালাল করেন তাদের জন্য পবিত্র বস্তু এবং হারাম করেন তাদের জন্য অপবিত্র বস্তু, আর মুক্ত করেন তাদের সে গুরুভার ও শৃঙ্খল থেকে যা ছিল তাদের উপর। অতএব যারা তাঁর প্রতি ঈমান আনে, তাঁকে শক্তি যোগায়, তাঁকে সাহায্য করে এবং অনুসরণ করে সে নূরের যা নাযিল করা হয়েছে তাঁর সাথে, তারাই কামিয়াব।

١٥٨- قُلْ يٰٓاَيُّهَا النَّاسُ اِنِّيْ رَسُوْلُ اللّٰهِ
اِلَيْكُمْ جَمِيْعًا الَّذِيْ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ
وَالْاَرْضِ ج لَآ اِلٰهَ اِلَّا هُوَ يُحْيٖ وَيُمِيْتُ ص
فَاٰمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهِ النَّبِيِّ الْاُمِّيِّ
الَّذِيْ يُؤْمِنُ بِاللّٰهِ وَكَلِمٰتِهٖ
وَاتَّبِعُوْهُ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ○

১৫৮. আপনি বলুন ঃ হে মানুষ! আমি তো তোমাদের সকলের জন্য সেই আল্লাহ্‌র রাসূল, যিনি মালিক আসমান ও যমীনের, নেই কোন ইলাহ্ তিনি ছাড়া। তিনিই জীবিত করেন, তিনিই মৃত্যু দেন। সুতরাং তোমরা ঈমান আন আল্লাহ্‌র প্রতি এবং তাঁর বার্তাবাহক উম্মী নবীর প্রতি, যিনি ঈমান আনেন আল্লাহতে এবং তাঁর বাণীতে। আর তোমরা অনুসরণ কর তাঁর, যাতে তোমরা হিদায়েত লাভ কর।

١٨٤- اَوَلَمْ يَتَفَكَّرُوْا سكتة مَا بِصَاحِبِهِمْ
مِّنْ جِنَّةٍ ط اِنْ هُوَ اِلَّا نَذِيْرٌ مُّبِيْنٌ ○

১৮৪. তারা কি চিন্তা করে না যে, তাদের সাথী তো জিন্‌গ্রস্ত নন, তিনি তো একজন স্পষ্ট সতর্ককারী মাত্র।

١٨٧- يَسْئَلُوْنَكَ عَنِ السَّاعَةِ اَيَّانَ
مُرْسٰهَا ط قُلْ اِنَّمَا عِلْمُهَا عِنْدَ رَبِّيْ ج
لَا يُجَلِّيْهَا لِوَقْتِهَآ اِلَّا هُوَ ؔ ثَقُلَتْ فِي
السَّمٰوٰتِ وَالْاَرْضِ ط لَا تَاْتِيْكُمْ اِلَّا بَغْتَةً ط

১৮৭. তারা আপনাকে জিজ্ঞেস করে, কিয়ামত কখন সংঘটিত হবে ? বলুন ঃ এর জ্ঞান তো কেবল আমার রবের কাছে। কেউ তা প্রকাশ করতে পারবে না যথাসময়ে তিনি ছাড়া, তা একটি ভয়ঙ্কর ঘটনা আসমান ও যমীনে। তাতো কেবল

يَسْـَٔلُونَكَ كَأَنَّكَ حَفِيٌّ عَنْهَا ۖ
قُلْ إِنَّمَا عِلْمُهَا عِندَ اللّٰهِ وَلٰكِنَّ
أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ○

আপতিত হবে তোমাদের উপর আকস্মাৎ। তারা আপনাকে প্রশ্ন করে, আপনি এ বিষয়ে সবিশেষ অবহিত মনে করে। বলুন ঃ এর জ্ঞান তো কেবল আল্লাহ্‌র কাছে। কিন্তু অধিকাংশ লোক জানে না।

١٨٨- قُل لَّآ أَمْلِكُ لِنَفْسِي نَفْعًا وَلَا ضَرًّا إِلَّا
مَا شَآءَ اللّٰهُ ۚ وَلَوْ كُنتُ أَعْلَمُ الْغَيْبَ
لَاسْتَكْثَرْتُ مِنَ الْخَيْرِ ۚ وَمَا مَسَّنِيَ
السُّوٓءُ ۚ إِنْ أَنَا إِلَّا نَذِيرٌ
وَبَشِيرٌ لِّقَوْمٍ يُؤْمِنُونَ ○

১৮৮. বলুন ঃ আমি অধিকার রাখি না, আমার কোন ভাল-মন্দের উপর, আল্লাহ্ যা ইচ্ছা করেন তাছাড়া। আর আমি যদি গায়েব জানতাম, তবে তো প্রভূত কল্যাণই লাভ করতাম এবং আমাকে স্পর্শ করত না কোন অকল্যাণ-ই। আমি তো কেবল একজন সতর্ককারী ও সুসংবাদদাতা মু'মিন লোকদের জন্য।

٢٠٣- وَإِذَا لَمْ تَأْتِهِم بِاٰيَةٍ
قَالُوا لَوْلَا اجْتَبَيْتَهَا ۚ
قُلْ إِنَّمَآ أَتَّبِعُ مَا يُوحٰىٓ إِلَيَّ مِن رَّبِّي ۚ
هٰذَا بَصَآئِرُ مِن رَّبِّكُمْ
وَهُدًى وَّرَحْمَةٌ
لِّقَوْمٍ يُؤْمِنُونَ ○

২০৩. আর যখন আপনি তাদের কাছে কোন নিদর্শন উপস্থিত না করেন, তখন তারা বলে ঃ কেন আপনি তা উপস্থিত করেন না? বলুন, আমি তো কেবল অনুসরণ করি তারই, যা ওহী করা হয় আমার প্রতি আমার রবের তরফ থেকে। আর এ কুরআন হলো প্রমাণ তোমাদের রবের তরফ থেকে এবং হিদায়েত ও রহমত মু'মিন লোকদের জন্য।

সূরা আনফাল, ৮ ঃ ১, ৫, ৬, ১৭, ৩০, ৪৩, ৬৪, ৬৫, ৬৭, ৭০, ৭১

١- يَسْـَٔلُونَكَ عَنِ الْأَنفَالِ ۖ
قُلِ الْأَنفَالُ لِلّٰهِ وَالرَّسُولِ ۚ
فَاتَّقُوا اللّٰهَ وَأَصْلِحُوا ذَاتَ بَيْنِكُمْ ۖ
وَأَطِيعُوا اللّٰهَ وَرَسُولَهُۥٓ
إِن كُنتُم مُّؤْمِنِينَ ○

১. তারা আপনাকে প্রশ্ন করে গণীমত সম্বন্ধে। বলুন ঃ গণীমত তো আল্লাহ্‌র ও রাসূলের। সুতরাং তোমরা ভয় কর আল্লাহকে এবং সংশোধন কর তোমাদের পারস্পরিক সম্পর্ক। আর আনুগত্য কর আল্লাহ্ ও তাঁর রাসূলের, যদি তোমরা মু'মিন হও।

٥- كَمَآ أَخْرَجَكَ رَبُّكَ مِنۢ بَيْتِكَ بِالْحَقِّ ۖ

৫. ইহা এরূপ, যেমন বের করেছিলেন আপনাকে আপনার রব আপনার ঘর

চায় না তাদের সম্পদ ও জীবন দিয়ে জিহাদ করতে আর আল্লাহ্ সর্বজ্ঞ, মুত্তাকীদের সম্বন্ধে।

وَالْيَوْمِ الْاٰخِرِ اَنْ يُّجَاهِدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالْمُتَّقِيْنَ ○

৪৫. আপনার কাছে তো অব্যাহতি চায় কেবল তারাই যারা ঈমান রাখে না আল্লাহ্ ও শেষ দিনে এবং যাদের অন্তর সংশয়যুক্ত। তারা তো নিজেদের সংশয়ে দ্বিধাগ্রস্ত।

٤٥- اِنَّمَا يَسْتَاْذِنُكَ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَارْتَابَتْ قُلُوْبُهُمْ فَهُمْ فِيْ رَيْبِهِمْ يَتَرَدَّدُوْنَ ○

৪৮. তারা তো ফিত্‌নার সৃষ্টি করতে চেয়েছিল এর আগেও এবং তারা ওলট-পালট করেছিল আপনার অনেক কাজ, যতক্ষণ না এল সত্য এবং বিজয়ী হল আল্লাহ্‌র নির্দেশ। অথচ তারা তা অপসন্দ করত।

٤٨- لَقَدِ ابْتَغَوُا الْفِتْنَةَ مِنْ قَبْلُ وَقَلَّبُوْا لَكَ الْاُمُوْرَ حَتّٰى جَآءَ الْحَقُّ وَظَهَرَ اَمْرُ اللّٰهِ وَهُمْ كٰرِهُوْنَ ○

৪৯. তাদের মাঝে এমন লোকও আছে, যে বলে, আমাদের অব্যাহতি দিন এবং আমাকে ফিত্‌নায় ফেলবেন না। জেনে রাখ! তারা তো ফিত্‌নায় পড়েই আছে এবং জাহান্নাম তো কাফিরদের পরিবেষ্টন করেই আছে।

٤٩- وَمِنْهُمْ مَّنْ يَّقُوْلُ ائْذَنْ لِّيْ وَلَا تَفْتِنِّيْ ؕ اَلَا فِي الْفِتْنَةِ سَقَطُوْا ؕ وَاِنَّ جَهَنَّمَ لَمُحِيْطَةٌۢ بِالْكٰفِرِيْنَ ○

৫০. যদি আপনার কোন মঙ্গল হয়, তবে তা তাদের ব্যথীত করে, কিন্তু আপনার যদি কোন বিপদ ঘটে তবে তারা বলে, আমরা তো আগেই সতর্কতা অবলম্বন করেছিলাম আমাদের ব্যাপারে এবং তারা পিঠ ফিরিয়ে চলে যায় উৎফুল্ল হয়ে।

٥٠- اِنْ تُصِبْكَ حَسَنَةٌ تَسُؤْهُمْ ۚ وَاِنْ تُصِبْكَ مُصِيْبَةٌ يَّقُوْلُوْا قَدْ اَخَذْنَآ اَمْرَنَا مِنْ قَبْلُ وَيَتَوَلَّوْا وَّهُمْ فَرِحُوْنَ ○

৫১. আপনি বলুন ঃ আমাদের কিছুই হবে না, আল্লাহ্ যা আমাদের জন্য লিখে রেখেছেন তা ছাড়া, তিনিই আমাদের কর্মনিয়ন্ত্রক আর আল্লাহ্‌রই উপর মু'মিনদের ভরসা করা উচিত।

٥١- قُلْ لَّنْ يُّصِيْبَنَآ اِلَّا مَا كَتَبَ اللّٰهُ لَنَا ۚ هُوَ مَوْلٰنَا ۚ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ○

৫২. বলুন ঃ তোমরা তো কেবল প্রতীক্ষা করছ আমাদের ব্যাপারে দু'টি কল্যাণের একটির। আর আমরা প্রতীক্ষা

٥٢- قُلْ هَلْ تَرَبَّصُوْنَ بِنَآ اِلَّآ اِحْدَى الْحُسْنَيَيْنِ ؕ وَنَحْنُ نَتَرَبَّصُ بِكُمْ

www.pathagar.com

করছি তোমাদের ব্যাপারে যে, আল্লাহ্ তোমাদের শাস্তি দেবেন সরাসরি নিজের তরফ থেকে অথবা আমাদের হাতে। সুতরাং তোমরা প্রতীক্ষা কর, আর আমরাও তোমাদের সাথে প্রতীক্ষায় থাকলাম।

أَنْ يُصِيبَكُمُ اللَّهُ بِعَذَابٍ مِّنْ عِنْدِهِ
أَوْ بِأَيْدِينَا ۖ فَتَرَبَّصُوا
إِنَّا مَعَكُمْ مُّتَرَبِّصُونَ ○

৭৩. হে নবী! জিহাদ করুন কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে এবং এ ব্যাপারে কঠোরতা অবলম্বণ করুন তাদের প্রতি। আর তাদের ঠিকানা তো জাহান্নাম, তা কত নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল।

٧٣- يَٰٓأَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ
وَالْمُنَٰفِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ ۚ
وَمَأْوَىٰهُمْ جَهَنَّمُ ۖ وَبِئْسَ الْمَصِيرُ ○

৭৪. তারা আল্লাহ্‌র নামে শপথ করে যে, তারা কিছু বলেনি। বস্তুত তারা তো বলেছে কুফরের কথা এবং কুফরী করেছে ইসলাম গ্রহণের পর আর তারা যা সংকল্প করেছিল, তা তারা পায়নি। তারা তো বিরোধিতা করেছিল কেবল এই জন্য যে, তাদের অভাবমুক্ত করেছিলেন আল্লাহ্ ও তাঁর রাসূল নিজ কৃপায়। তারা যদি তাওবা করে তবে তা হবে তাদের জন্য কল্যাণকর। আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে তাদের শাস্তি দেবেন আল্লাহ্ কঠোর শাস্তি, দুনিয়ায় তাদের জন্য নেই কোন অভিভাবক আর না কোন সাহায্যকারী।

٧٤- يَحْلِفُونَ بِاللَّهِ مَا قَالُوا ۚ وَلَقَدْ
قَالُوا كَلِمَةَ الْكُفْرِ وَكَفَرُوا بَعْدَ
إِسْلَٰمِهِمْ وَهَمُّوا بِمَا لَمْ يَنَالُوا ۚ وَمَا
نَقَمُوٓا إِلَّآ أَنْ أَغْنَىٰهُمُ اللَّهُ وَرَسُولُهُ
مِنْ فَضْلِهِ ۚ فَإِنْ يَتُوبُوا يَكُ
خَيْرًا لَّهُمْ ۖ وَإِنْ يَتَوَلَّوْا يُعَذِّبْهُمُ اللَّهُ
عَذَابًا أَلِيمًا فِي الدُّنْيَا وَالْأَخِرَةِ ۚ
وَمَا لَهُمْ فِي الْأَرْضِ
مِنْ وَلِيٍّ وَلَا نَصِيرٍ ○

৮০. আপনি তাদের জন্য ক্ষমা প্রার্থনা করেন অথবা ক্ষমা প্রার্থনা না করেন, উভয়ই সমান। আপনি তাদের জন্য সত্তরবার ক্ষমা প্রার্থনা করলেও আল্লাহ্ কখন তাদের ক্ষমা করবেন না। ইহা এ কারণে যে, তারা তো কুফ্‌রী করেছে আল্লাহ্ ও তাঁর রাসূলের সাথে। আর আল্লাহ্ হিদায়েত দেন না পাপাচারী লোকদের।

٨٠- اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ ۚ
إِنْ تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِينَ مَرَّةً فَلَنْ
يَغْفِرَ اللَّهُ لَهُمْ ۚ ذَٰلِكَ بِأَنَّهُمْ كَفَرُوا
بِاللَّهِ وَرَسُولِهِ ۗ وَاللَّهُ لَا يَهْدِي
الْقَوْمَ الْفَٰسِقِينَ ○

৮১. যারা পেছনে রয়ে গেল, তারা আনন্দবোধ করল আল্লাহ্‌র রাসূলের

٨١- فَرِحَ الْمُخَلَّفُونَ بِمَقْعَدِهِمْ خِلَٰفَ

رَسُولِ اللّٰهِ وَكَرِهُوٓا اَنْ يُّجَاهِدُوا
بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ
وَقَالُوْا لَا تَنْفِرُوْا فِى الْحَرِّ قُلْ نَارُ جَهَنَّمَ
اَشَدُّ حَرًّا لَوْ كَانُوْا يَفْقَهُوْنَ ○

বিরোধিতা করে বসে থাকতে এবং তারা অপসন্দ করল জিহাদ করতে তাদের ধন-সম্পদ ও জীবন দিয়ে এবং তারা বলল, অভিযানের বের হয়ো না গরমের মধ্যে। আপনি বলুন জাহান্নামের আগুন উত্তাপে প্রচণ্ডতম, যদি তারা বুঝত।

٨٢- فَلْيَضْحَكُوْا قَلِيْلًا وَّ لْيَبْكُوْا كَثِيْرًا
جَزَآءًۢ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ○

৮২. অতএব তারা কম হাসুক এবং বেশী কাঁদুক, তারা যা করত তার ফলস্বরূপ।

٨٣- فَاِنْ رَّجَعَكَ اللّٰهُ اِلٰى طَآئِفَةٍ
مِّنْهُمْ فَاسْتَاْذَنُوْكَ لِلْخُرُوْجِ
فَقُلْ لَّنْ تَخْرُجُوْا مَعِىَ اَبَدًا وَّلَنْ
تُقَاتِلُوْا مَعِىَ عَدُوًّا
اِنَّكُمْ رَضِيْتُمْ بِالْقُعُوْدِ اَوَّلَ مَرَّةٍ
فَاقْعُدُوْا مَعَ الْخٰلِفِيْنَ ○

৮৩. আর যদি আল্লাহ্ আপনাকে ফিরিয়ে আনেন তাদের কোন দলের কাছে এবং তারা আপনার অনুমতি চায় অভিযানে বের হওয়ার জন্য তখন আপনি বললেন ঃ তোমরা কখন আমার সাথে বের হবে না এবং তোমরা কখন যুদ্ধ করবে না আমার সাথী হয়ে শক্রর বিরুদ্ধে। তোমরা তো পসন্দ করেছিলে বসে থাকতে প্রথমবার। অতএব তোমরা বসে থাক, পেছনে যারা থাকে তাদের সাথে।

٨٤- وَلَا تُصَلِّ عَلٰٓى اَحَدٍ مِّنْهُمْ مَّاتَ
اَبَدًا وَّلَا تَقُمْ عَلٰى قَبْرِهٖ
اِنَّهُمْ كَفَرُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ
وَمَاتُوْا وَهُمْ فٰسِقُوْنَ ○

৮৪. আর আপনি কখন জানাযার সালাত আদায় করবেন না তাদের কোন মৃতের উপর এবং দাঁড়াবেন না তার কবরের পাশে। তারা তো কুফ্রী করেছিল আল্লাহ্ ও তাঁর রাসূলের সাথে এবং তারা মারা গিয়েছিল পাপাচারী অবস্থায়।

٨٥- وَلَا تُعْجِبْكَ اَمْوَالُهُمْ وَاَوْلَادُهُمْ
اِنَّمَا يُرِيْدُ اللّٰهُ اَنْ يُّعَذِّبَهُمْ بِهَا
فِى الدُّنْيَا وَتَزْهَقَ اَنْفُسُهُمْ
وَهُمْ كٰفِرُوْنَ ○

৮৫. আর আপনাকে যেন মুগ্ধ না করে তাদের সম্পদ ও সন্তান-সন্ততি, আল্লাহ্ তো চান তাদের শাস্তি দিতে তা দিয়ে এ দুনিয়ায় আর বের হবে তাদের আত্মা কাফির থাকা অবস্থায়।

٨٦- وَاِذَآ اُنْزِلَتْ سُوْرَةٌ اَنْ اٰمِنُوْا
بِاللّٰهِ وَجَاهِدُوْا مَعَ رَسُوْلِهٖ

৮৬. আর যখন নাযিল হয় কোন সূরা এ মর্মে যে, 'তোমরা ঈমান আন আল্লাহ্‌র প্রতি এবং জিহাদ কর তাঁর রাসূলের সংগী হয়ে,' তখন আপনার কাছে অব্যাহতি

www.pathagar.com

اسْتَأْذَنَكَ أُولُوا الطَّوْلِ مِنْهُمْ
وَقَالُوا ذَرْنَا نَكُنْ مَعَ الْقٰعِدِينَ ○

চায় তাদের মধ্যে যাদের শক্তি সামর্থ আছে তারা এবং বলে ঃ রেহাই দিন আমাদের যারা বসে থাকে, আমরা তাদের সাথেই থাকব।

٨٧- رَضُوا بِأَنْ يَكُونُوا مَعَ الْخَوَالِفِ
وَطُبِعَ عَلٰى قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ ○

৮৭. তারা পসন্দ করেছিল অবস্থান করতে অন্তঃপুরবাসিনীদের সাথে এবং মোহর করা হয়েছে তাদের অন্তর, ফলে তারা বুঝতে পারে না।

٨٨- لٰكِنِ الرَّسُولُ وَالَّذِينَ اٰمَنُوا
مَعَهٗ جٰهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ ۚ
وَأُولٰٓئِكَ لَهُمُ الْخَيْرٰتُ ۖ
وَأُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُونَ ○

৮৮. কিন্তু রাসূল এবং যারা তার সঙ্গে ঈমান এনেছে, তারা জিহাদ করেছে ধন-সম্পদ ও জীবন দিয়ে। তাদেরই জন্য রয়েছে কল্যাণ এবং তারাই সফলকাম।

١٠٣- خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ
وَتُزَكِّيهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ ۚ
إِنَّ صَلٰوتَكَ سَكَنٌ لَهُمْ ۚ
وَاللّٰهُ سَمِيعٌ عَلِيمٌ ○

১০৩. আপনি গ্রহণ করুন তাদের ধন-সম্পদ থেকে সাদাকা। তা দিয়ে তাদের পবিত্র করবেন এবং পরিশুদ্ধ করবেন। আর দু'আ করুন তাদের জন্য। আপনার দু'আ তো তাদের জন্য প্রশান্তি। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

١٠٧- وَالَّذِينَ اتَّخَذُوا مَسْجِدًا ضِرَارًا
وَكُفْرًا وَتَفْرِيقًا بَيْنَ الْمُؤْمِنِينَ
وَإِرْصَادًا لِمَنْ حَارَبَ اللّٰهَ وَرَسُولَهٗ مِنْ
قَبْلُ ۚ وَلَيَحْلِفُنَّ إِنْ أَرَدْنَا إِلَّا الْحُسْنٰى ۚ
وَاللّٰهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكٰذِبُونَ ○

১০৭. আর যারা মসজিদ নির্মাণ করেছে ক্ষতিসাধন, কুফ্‌রী ও মু'মিনদের মাঝে বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে এবং যে ব্যক্তি এর আগে বিরোধিতা করেছে আল্লাহ্ ও তাঁর রাসূলের গোপন ঘাঁটিরূপে ব্যবহারের উদ্দেশ্যে তারা অবশ্য শপথ করে বলবে যে, 'আমরা তো সদুদ্দেশ্যেরই ইচ্ছা করেছি,' আর আল্লাহ্ সাক্ষী তারা তো মিথ্যাবাদী।

١٠٨- لَا تَقُمْ فِيهِ أَبَدًا ۚ
لَمَسْجِدٌ أُسِّسَ عَلَى التَّقْوٰى مِنْ أَوَّلِ
يَوْمٍ أَحَقُّ أَنْ تَقُومَ فِيهِ ۚ
فِيهِ رِجَالٌ يُحِبُّونَ أَنْ يَتَطَهَّرُوا ۚ
وَاللّٰهُ يُحِبُّ الْمُطَّهِّرِينَ ○

১০৮. আপনি কখন সেখানে সালাতের জন্য দাঁড়াবেন না। যে মসজিদের ভিত্তি স্থাপন করা হয়েছে তাক্‌ওয়ার উপর প্রথম দিন থেকেই, তা-ই অধিক যোগ্য আপনার সালাতে দাঁড়াবার জন্য। সেখানে রয়েছে এমন লোক যারা ভালবাসে পবিত্রতা অর্জন করাকে। আর আল্লাহ্ ভালবাসেন পবিত্রতা অর্জনকারীদের।

www.pathagar.com

১১৩. নবীর জন্য এবং যারা ঈমান এনেছে তাদের জন্য সংগত নয় যে, তারা ক্ষমা প্রার্থনা করবে মুশরিকদের জন্য, যদিও তারা হয় আত্মীয় স্বজন, তাদের কাছে ইহা সুস্পষ্ট হওয়ার পর যে, তারা তো জাহান্নামী।

١١٣- مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِيْنَ اٰمَنُوْٓا اَنْ
يَّسْتَغْفِرُوْا لِلْمُشْرِكِيْنَ وَلَوْ كَانُوْٓا اُولِيْ قُرْبٰى
مِنْۢ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ
اَنَّهُمْ اَصْحٰبُ الْجَحِيْمِ ○

১১৭. আল্লাহ্ অবশ্যই অনুগ্রহপরায়ণ হলেন নবীর প্রতি এবং সে সব মুহাজির ও আনসারদের প্রতি, যারা তাঁর অনুসরণ করেছিল সংকটকালে, এরপরে যে তাদের কতকের চিত্ত-বৈকল্যের উপক্রম হয়েছিল। পরে আল্লাহ্ তাদের ক্ষমা করলেন তিনি তো তাদের প্রতি মমতাময়, পরম দয়ালু।

١١٧- لَقَدْ تَّابَ اللّٰهُ عَلَى النَّبِيِّ
وَالْمُهٰجِرِيْنَ وَالْاَنْصَارِ الَّذِيْنَ اتَّبَعُوْهُ فِيْ
سَاعَةِ الْعُسْرَةِ مِنْۢ بَعْدِ مَا كَادَ يَزِيْغُ
قُلُوْبُ فَرِيْقٍ مِّنْهُمْ ثُمَّ تَابَ عَلَيْهِمْ ۗ اِنَّهٗ بِهِمْ
رَءُوْفٌ رَّحِيْمٌ ○

১২৮. এসেছেন তো তোমাদের কাছে একজন রাসূল তোমাদেরই মধ্য থেকে, দুর্বহ তাঁর জন্য তা, যা তোমাদের কষ্ট দেয়। তিনি তোমাদের মঙ্গল কামনা করেন, মু'মিনদের প্রতি অতিশয় মমতাময়, পরম দয়ালু।

١٢٧- لَقَدْ جَآءَكُمْ رَسُوْلٌ مِّنْ
اَنْفُسِكُمْ عَزِيْزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيْصٌ
عَلَيْكُمْ بِالْمُؤْمِنِيْنَ رَءُوْفٌ رَّحِيْمٌ ○

১২৯. এরপর তারা যদি মুখ ফিরিয়ে নেয়, তাহলে আপনি বলুন ঃ আমার জন্য আল্লাহ্-ই যথেষ্ট। নেই কোন ইলাহ্ তিনি ছাড়া। তাঁরই উপর আমি ভরসা করি এবং তিনি রব মহা আরশের।

١٢٨- فَاِنْ تَوَلَّوْا فَقُلْ حَسْبِيَ اللّٰهُ ۖ
لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۗ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ
الْعَرْشِ الْعَظِيْمِ ○

সূরা ইউনুস, ১০ ঃ ১৫, ১৬, ৩৮, ৪১, ৪২, ৪৬, ৫৩, ৬৫, ৬৯, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯

১৫. আর যখন তাদের পাঠ করে শুনান হয় আমার সুস্পষ্ট আয়াত, তখন যারা আমার সাক্ষাতের আশা পোষণ করে না, তারা বলে ঃ নিয়ে এসো এক কুরআন, এ কুরআন ছাড়া, অথবা একে বদলাও।

١٥- وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيَاتُنَا بَيِّنٰتٍ ۙ
قَالَ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَآءَنَا
ائْتِ بِقُرْاٰنٍ غَيْرِ هٰذَآ اَوْ بَدِّلْهُ ۗ

قُلْ مَا يَكُوْنُ لِيْٓ اَنْ اُبَدِّلَهٗ مِنْ تِلْقَآئِ نَفْسِيْ ۚ اِنْ اَتَّبِعُ اِلَّا مَا يُوْحٰٓى اِلَيَّ ۚ اِنِّيْٓ اَخَافُ اِنْ عَصَيْتُ رَبِّيْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ○

আপনি বলুন ঃ আমার কাজ নয় যে, আমি নিজের তরফ থেকে একে বদলাব। আমি তো অনুসরণ করি কেবল তারই, যা আমার প্রতি ওহী করা হয়। অবশ্যই আমি ভয় করি মহা দিবসের শাস্তির, যদি আমি অবাধ্য হই আমার রবের।

১৬- قُلْ لَّوْ شَآءَ اللّٰهُ مَا تَلَوْتُهٗ عَلَيْكُمْ وَلَآ اَدْرٰىكُمْ بِهٖ ۖ فَقَدْ لَبِثْتُ فِيْكُمْ عُمُرًا مِّنْ قَبْلِهٖ ۚ اَفَلَا تَعْقِلُوْنَ ○

১৬. বলুন ঃ যদি আল্লাহ্ চাইতেন, আমি তা তোমাদের কাছে তিলাওয়াত করতাম না আর না তিনি তা তোমাদের অবহিত করতেন। আমি তো অবস্থান করেছি তোমাদের মাঝে দীর্ঘকাল এর আগে, তবুও কি তোমরা বুঝতে পার না ?

৩৮- اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ۚ قُلْ فَاْتُوْا بِسُوْرَةٍ مِّثْلِهٖ وَادْعُوْا مَنِ اسْتَطَعْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ○

৩৮. তারা কি বলে, তিনি এ কুরআন নিজে রচনা করে নিয়েছেন ? বলুন ঃ তাহলে তোমরা নিয়ে এসো একটি সূরা এর অনুরূপ এবং আহ্বান কর যাকে পার আল্লাহ্‌কে ছাড়া, যদি তোমরা সত্যবাদী হও।

৪১- وَاِنْ كَذَّبُوْكَ فَقُلْ لِّيْ عَمَلِيْ وَلَكُمْ عَمَلُكُمْ ۚ اَنْتُمْ بَرِيْٓـُٔوْنَ مِمَّآ اَعْمَلُ وَاَنَا بَرِيْٓءٌ مِّمَّا تَعْمَلُوْنَ ○

৪১. আর যদি তারা আপনাকে অস্বীকার করে, তাহলে আপনি বলুন ঃ আমার জন্য আমার কাজের দায়িত্ব এবং তোমাদের জন্য তোমাদের কাজের দায়িত্ব। তোমরা দায়মুক্ত আমি যা করি তা থেকে এবং আমিও দায়মুক্ত তোমরা যা কর তা থেকে।

৪২- وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُوْنَ اِلَيْكَ ۚ اَفَاَنْتَ تُسْمِعُ الصُّمَّ وَلَوْ كَانُوْا لَا يَعْقِلُوْنَ ○

৪২. তাদের মাঝে কেউ আপনার দিকে তাকিয়ে থাকে, আপনি কি পথ দেখাতে পারেন অন্ধকে, তারা না দেখলেও ?

৪৬- وَاِمَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِيْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ فَاِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ اللّٰهُ شَهِيْدٌ عَلٰى مَا يَفْعَلُوْنَ ○

৪৬. আর আমি যদি আপনাকে দেখাই, যে ভয় আমি তাদের দেখিয়েছি তার কিছু, অথবা আপনার ওফাত দেই, তবে তাদের প্রত্যাবর্তন তো আমার কাছে। আর আল্লাহ্ সাক্ষী তারা যা করে সে বিষয়ে।

www.pathagar.com

৫৩. আর তারা আপনার কাছে জানতে চায়, আযাবের কথা কি সত্য ? আপনি বলুন ঃ হ্যাঁ, শপথ আমার রবের। অবশ্যই তা সত্য। আর তোমরা ব্যর্থ করার নও।

٥٣- وَيَسْتَنْۢبِـُٔوْنَكَ اَحَقٌّ هُوَ ؕ قُلْ اِىْ
وَرَبِّىْٓ اِنَّهٗ لَحَقٌّ ؕ وَمَآ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ

৬৫. আর আপনাকে যেন দুঃখ না দেয় তাদের কথা, নিশ্চয় আল্লাহ্‌রই জন্য সমস্ত ইয্‌যত। তিনি সর্বশ্রোতা সর্বজ্ঞ।

٦٥- وَلَا يَحْزُنْكَ قَوْلُهُمْ ۘ اِنَّ الْعِزَّةَ
لِلّٰهِ جَمِيْعًا ؕ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ○

৬৯. আপনি বলুন ঃ যারা মিথ্যা উদ্ভাবন করে আল্লাহ্ সম্বন্ধে, তারা সফলকাম হয় না।

٦٩- قُلْ اِنَّ الَّذِيْنَ يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ
الْكَذِبَ لَا يُفْلِحُوْنَ ○

৯৪. আপনি যদি সন্দেহে থাকেন, যা আমি আপনার প্রতি নাযিল করেছি তাতে, তবে জিজ্ঞাসা করুন তাদের, যারা পাঠ করে আপনার পূর্বের কিতাব। এসেছে তো আপনার কাছে সত্য আপনার রবের তরফ থেকে, অতএব আপনি কখনো সন্দেহকারীদের শামিল হবেন না।

٩٤- فَاِنْ كُنْتَ فِىْ شَكٍّ مِّمَّآ اَنْزَلْنَآ اِلَيْكَ
فَسْـَٔلِ الَّذِيْنَ يَقْرَءُوْنَ الْكِتٰبَ
مِنْ قَبْلِكَ ۚ لَقَدْ جَآءَكَ الْحَقُّ
مِنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ
مِنَ الْمُمْتَرِيْنَ ○

৯৫. আর আপনি কখনো শামিল হবেন না তাদের যারা অস্বীকার করেছে আল্লাহ্‌র আয়াতসমূহ, হলে আপনিও হয়ে পড়বেন ক্ষতিগ্রস্তদের শামিল।

٩٥- وَلَا تَكُوْنَنَّ مِنَ الَّذِيْنَ كَذَّبُوْا
بِاٰيٰتِ اللّٰهِ فَتَكُوْنَ مِنَ الْخٰسِرِيْنَ

৯৬. নিশ্চয়ই যাদের ব্যাপারে সাব্যস্ত হয়ে গেছে আপনার রবের কথা, তারা ঈমান আনবে না—

٩٦- اِنَّ الَّذِيْنَ حَقَّتْ عَلَيْهِمْ
كَلِمَتُ رَبِّكَ لَا يُؤْمِنُوْنَ ○

৯৭. যদিও তাদের কাছে আসে প্রতিটি নিদর্শন, শেষ পর্যন্ত না তারা প্রত্যক্ষ করবে যন্ত্রণাদায়ক শাস্তি।

٩٧- وَلَوْ جَآءَتْهُمْ كُلُّ اٰيَةٍ
حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ○

১০৪. বলুন ঃ হে মানুষ! তোমরা যদি সংশয় পোষণ কর আমার দীনের ব্যাপারে, তবে জেনে রাখ, আমি ইবাদত করি না তাদের, যাদের তোমরা ইবাদত কর আল্লাহ্ ছাড়া, বরং আমি ইবাদত করি আল্লাহ্‌র, যিনি তোমাদের মৃত্যু দেন, আর আমি আদিষ্ট হয়েছি মু'মিনদের অন্তর্ভুক্ত হওয়ার জন্য।

١٠٤- قُلْ يٰٓاَيُّهَا النَّاسُ اِنْ كُنْتُمْ
فِىْ شَكٍّ مِّنْ دِيْنِىْ فَلَآ اَعْبُدُ الَّذِيْنَ
تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ
وَلٰكِنْ اَعْبُدُ اللّٰهَ الَّذِىْ يَتَوَفّٰىكُمْ ۚ
وَاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ○

১০৫. আর আপনি প্রতিষ্ঠিত হন দীনে একনিষ্ঠভাবে এবং কখনও অন্তর্ভুক্ত হবেন না মুশরিকদের।

١٠٥- وَاَنْ اَقِمْ وَجْهَكَ لِلدِّيْنِ حَنِيْفًا ۚ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ۝

১০৬. আর ডাকবেন না আল্লাহ্ ছাড়া অন্য কাউকে, যা না কোন উপকার করে আপনার, আর না কোন উপকার করে তাদের, তবে যদি আপনি এরূপ করেন, তখন অবশ্যই হবেন যালিমদের শামিল।

١٠٦- وَلَا تَدْعُ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُكَ وَلَا يَضُرُّكَ ۚ فَاِنْ فَعَلْتَ فَاِنَّكَ اِذًا مِّنَ الظّٰلِمِيْنَ ۝

১০৭. আর যদি আল্লাহ্ আপনাকে কোন কষ্ট দেন, তবে তিনি ছাড়া তা বিদূরিত করার কেউ নেই আর যদি তিনি আপনার কল্যাণ চান, তবে তার অনুগ্রহ রদ করারও কেউ নেই। তিনি দান করেন কল্যাণ যাকে চান তাঁর বান্দাদের থেকে। তিনি পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

١٠٧- وَاِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهٗٓ اِلَّا هُوَ ۚ وَاِنْ يُّرِدْكَ بِخَيْرٍ فَلَا رَآدَّ لِفَضْلِهٖ ؕ يُصِيْبُ بِهٖ مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ؕ وَهُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ۝

১০৮. বলুন ঃ হে মানুষ! এসেছে তো তোমাদের কাছে সত্য তোমাদের রবের তরফ থেকে। অতএব যে সৎপথে চলবে সে তো সৎপথে চলবে নিজেরই কল্যাণের জন্য আর যে পথভ্রষ্ট হবে সে তো পথভ্রষ্ট হবে নিজেরই ধ্বংসের জন্য। আর আমি তোমাদের কর্মনিয়ন্ত্রক নই।

١٠٨- قُلْ يٰٓاَيُّهَا النَّاسُ قَدْ جَآءَكُمُ الْحَقُّ مِنْ رَّبِّكُمْ ۚ فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۚ وَمَآ اَنَا عَلَيْكُمْ بِوَكِيْلٍ ۝

১০৯. আর আপনি অনুসরণ করুন যে ওহী আপনার প্রতি করা হয় তার এবং ধৈর্যধারণ করুন যে পর্যন্ত না আল্লাহ্ ফয়সালা করেন আর তিনিই সর্বোত্তম ফয়সালাকারী।

١٠٩- وَاتَّبِعْ مَا يُوْحٰٓى اِلَيْكَ وَاصْبِرْ حَتّٰى يَحْكُمَ اللّٰهُ ۚۖ وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ۝

সূরা হূদ, ১১ ঃ ২, ৩, ১২, ১৩, ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২

২. তোমরা ইবাদত করবে না আল্লাহ্ ছাড়া অন্য কারো। নিশ্চয়ই আমি তোমাদের

٢- اَلَّا تَعْبُدُوْٓا اِلَّا اللّٰهَ ؕ

www.pathagar.com

إِنَّنِي لَكُم مِّنْهُ نَذِيرٌ وَبَشِيرٌ ○

জন্য তাঁর তরফ থেকে সতর্ককারী ও সুসংবাদদাতা।

٣- وَأَنِ اسْتَغْفِرُوا رَبَّكُمْ ثُمَّ تُوبُوا إِلَيْهِ
يُمَتِّعْكُم مَّتَاعًا حَسَنًا إِلَىٰ أَجَلٍ
مُّسَمًّى وَيُؤْتِ كُلَّ ذِي فَضْلٍ
فَضْلَهُ ۖ وَإِن تَوَلَّوْا فَإِنِّي أَخَافُ
عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ كَبِيرٍ ○

৩. আর তোমরা ক্ষমা প্রার্থনা কর তোমাদের রবের কাছে এবং তাঁরই দিকে প্রত্যাবর্তন কর, তিনিই তোমাদের উত্তম জীবন উপভোগ করতে দেবেন এক নির্দিষ্ট কালের জন্য এবং দান করবেন প্রত্যেক গুণীজনকে তার প্রাপ্য মর্যাদা। কিন্তু যদি তোমরা মুখ ফিরিয়ে নেও, তবে আমি আশঙ্কা করি তোমাদের জন্য মহাদিবসের শাস্তির।

١٢- فَلَعَلَّكَ تَارِكٌ بَعْضَ مَا يُوحَىٰ
إِلَيْكَ وَضَائِقٌ بِهِ صَدْرُكَ
أَن يَقُولُوا لَوْلَا أُنزِلَ عَلَيْهِ كَنزٌ أَوْ جَاءَ
مَعَهُ مَلَكٌ ۚ إِنَّمَا أَنتَ نَذِيرٌ ۚ
وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ وَكِيلٌ ○

১২. তবে কি আপনি বর্জন করবেন তার কিছু যা নাযিল করা হয় আপনার প্রতি এবং সংকুচিত হবে এর দরুন আপনার অন্তর এজন্য যে, তারা বলে, নাযিল করা হয় না কেন তার কাছে ধনভাণ্ডার অথবা আসে না কেন তাঁর সাথে ফিরিশতা? আপনি তো কেবল একজন সতর্ককারী। আর আল্লাহ্ সর্ববিষয়ে কর্মসম্পাদনকারী।

١٣- أَمْ يَقُولُونَ افْتَرَاهُ ۖ قُلْ فَأْتُوا بِعَشْرِ
سُوَرٍ مِّثْلِهِ مُفْتَرَيَاتٍ وَادْعُوا مَنِ اسْتَطَعْتُم
مِّن دُونِ اللَّهِ إِن كُنتُمْ صَادِقِينَ ○

১৩. তারা কি বলে, সে (মুহাম্মদ) নিজে এ কুরআন রচনা করে নিয়েছে? বলুন: তবে নিয়ে এসো দশটি সূরা এর অনুরূপ তোমাদের রচিত এবং ডেকে নেও যাকে পার আল্লাহ্‌কে ছাড়া, যদি তোমরা সত্যবাদী হও।

١١٢- فَاسْتَقِمْ كَمَا أُمِرْتَ
وَمَن تَابَ مَعَكَ وَلَا تَطْغَوْا ۚ
إِنَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ○

১১২. সুতরাং আপনি কায়েম থাকুন যেভাবে আদিষ্ট হয়েছেন তাতে এবং আপনার সঙ্গে যারা ঈমান এনেছে তারাও, এবং তোমরা সীমালঙ্ঘন করো না। নিশ্চয়ই আল্লাহ্ তোমরা যা কর সে সম্পর্কে সম্যকদ্রষ্টা।

١١٣- وَلَا تَرْكَنُوا إِلَى الَّذِينَ

১১৩. আর তোমরা তাদের প্রতি ঝুঁকে পড়বে না, যারা যুলুম করেছে, ঝুঁকে পড়লে

www.pathagar.com

আগুন তোমাদের স্পর্শ করবে। আর নেই তোমাদের জন্য আল্লাহ্ ছাড়া কোন অভিভাবক আর তোমাদের সাহায্যও করা হবে না।

ظَلَمُوْا فَتَمَسَّكُمُ النَّارُ ۙ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ اَوْلِيَآءَ ثُمَّ لَا تُنْصَرُوْنَ ○

১১৪. আর সালাত কায়েম করুন দিনের দুই প্রান্তে এবং রাতের কিছু অংশে, নিশ্চয়ই নেককাজ খারাপ কাজকে বিদূরিত করে। ইহা একটি উপদেশ, উপদেশ গ্রহণকারীদের জন্য।

١١٤- وَاَقِمِ الصَّلٰوةَ طَرَفَيِ النَّهَارِ وَزُلَفًا مِّنَ الَّيْلِ ؕ اِنَّ الْحَسَنٰتِ يُذْهِبْنَ السَّيِّاٰتِ ؕ ذٰلِكَ ذِكْرٰى لِلذّٰكِرِيْنَ ○

১১৫. আর আপনি সবর করুন, কারণ নিশ্চয়ই আল্লাহ্ নেক্কারদের কর্মফল নষ্ট করেন না।

١١٥- وَاصْبِرْ فَاِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ الْمُحْسِنِيْنَ ○

১১৭. আর নন আপনার রব এমন যে, তিনি ধ্বংস করে দেবেন জনপদ অন্যায়ভাবে, অথচ তার অধিবাসীরা নেক্কার।

١١٧- وَمَا كَانَ رَبُّكَ لِيُهْلِكَ الْقُرٰى بِظُلْمٍ وَّاَهْلُهَا مُصْلِحُوْنَ ○

১১৮. আর যদি আপনার রব চাইতেন, তাহলে অবশ্যই তিনি সমস্ত মানুষকে এক জাতি করতে পারতেন, কিন্তু তারা তো মতভেদ করতেই থাকবে,

١١٨- وَلَوْ شَآءَ رَبُّكَ لَجَعَلَ النَّاسَ اُمَّةً وَّاحِدَةً وَّلَا يَزَالُوْنَ مُخْتَلِفِيْنَ ○

১১৯. তবে তারা নয়, যাদের প্রতি আপনার রব দয়া করেছেন, আর তিনি তো তাদের এজন্যই সৃষ্টি করেছেন। আপনার রবের এ কথা পূর্ণ হবেই ঃ অবশ্যই আমি পূর্ণ করব জাহান্নাম জিন্ ও মানুষ উভয় দিয়ে।

١١٩- اِلَّا مَنْ رَّحِمَ رَبُّكَ ؕ وَلِذٰلِكَ خَلَقَهُمْ ؕ وَتَمَّتْ كَلِمَةُ رَبِّكَ لَاَمْلَـَٔنَّ جَهَنَّمَ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ اَجْمَعِيْنَ ○

১২০. আর আমি রাসূলদের এসব বৃত্তান্ত আপনার কাছে বর্ণনা করি এজন্য যে, তা দিয়ে আমি আপনার অন্তরকে মজবূত করি আর এসেছে আপনার কাছে এর মাধ্যমে সত্য এবং উপদেশ ও সতর্কবাণী মু'মিনদের জন্য।

١٢٠- وَكُلًّا نَّقُصُّ عَلَيْكَ مِنْ اَنْۢبَآءِ الرُّسُلِ مَا نُثَبِّتُ بِهٖ فُؤَادَكَ ۚ وَجَآءَكَ فِيْ هٰذِهِ الْحَقُّ وَمَوْعِظَةٌ وَّذِكْرٰى لِلْمُؤْمِنِيْنَ ○

১২১. আর বলে দিন তাদের, যারা ঈমান আনে না, তোমরা কাজ করে যাও স্ব-স্ব স্থানে, আমরাও কাজ করছি।

١٢١- وَقُلْ لِّلَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ ؕ اِنَّا عٰمِلُوْنَ ○

www.pathagar.com

১২২. আর তোমরা প্রতীক্ষা করতে থাকে, আমরাও প্রতীক্ষা করছি।

١٢٢- وَانْتَظِرُوْا ۚ اِنَّا مُنْتَظِرُوْنَ ○

সূরা ইউসুফ, ১২ ঃ ৩, ১০৮, ১০৯

৩. আমি বিবৃত করছি আপনার কাছে উত্তম কাহিনী, এ কুরআন আপনার কাছে ওহীর মাধ্যমে প্রেরণ করে, যদিও আপনি ছিলেন এর আগে অনবহিতদের শামিল।

٣- نَحْنُ نَقُصُّ عَلَيْكَ اَحْسَنَ الْقَصَصِ
بِمَآ اَوْحَيْنَآ اِلَيْكَ هٰذَا الْقُرْاٰنَ ۖ
وَاِنْ كُنْتَ مِنْ قَبْلِهٖ لَمِنَ الْغٰفِلِيْنَ ○

১০৮. আপনি বলুন ঃ এটাই আমার পথ। আমি আল্লাহ্‌র দিকে আহবান করি সজ্ঞানে, আমি এবং আমার যারা অনুসরণ করেছে তারাও। আর পবিত্র মহান আল্লাহ্ এবং আমি নই মুশরিকদের শামিল।

١٠٨- قُلْ هٰذِهٖ سَبِيْلِيْٓ اَدْعُوْٓا اِلَى اللّٰهِ
عَلٰى بَصِيْرَةٍ اَنَا وَمَنِ اتَّبَعَنِيْ ۖ
وَسُبْحٰنَ اللّٰهِ وَمَآ اَنَا مِنَ الْمُشْرِكِيْنَ ○

১০৯. আর আমি পাঠাইনি আপনার আগে জনপদবাসীদের মধ্য থেকে পুরুষ ছাড়া কাউকে, যাদের কাছে আমি ওহী পাঠাতাম। তারা কি ভ্রমণ করেনি পৃথিবীতে, আর দেখেনি, কিরূপ হয়েছিল তাদের পরিণতি, যারা গত হয়েছে তাদের আগে ? আর আখিরাত তো শ্রেয় মুত্তাকীদের জন্য। তবুও কি তোমরা বুঝ না ?

١٠٩- وَمَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ اِلَّا رِجَالًا
نُّوْحِيْٓ اِلَيْهِمْ مِّنْ اَهْلِ الْقُرٰى ۖ اَفَلَمْ
يَسِيْرُوْا فِى الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ
كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۖ
وَلَدَارُ الْاٰخِرَةِ خَيْرٌ لِّلَّذِيْنَ اتَّقَوْا ۖ
اَفَلَا تَعْقِلُوْنَ ○

সূরা রা'দ, ১৩ ঃ ১, ১৬, ১৯, ২৭, ৩০, ৩২, ৩৬, ৩৭, ৩৮, ৪০, ৪৩

১. আলিফ-লাম-মীম-রা, এসব কুরআনের আয়াত আর তা নাযিল করা হয়েছে আপনার প্রতি, আপনার রবের তরফ থেকে তা সত্য। কিন্তু অধিকাংশ মানুষ ঈমান আনে না।

١- الٓمّٓرٰ ۚ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ ۖ
وَالَّذِيْٓ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ الْحَقُّ
وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يُؤْمِنُوْنَ ○

১৬. বলুন ঃ কে আসমান ও যমীনের রব ? বলে দিন ঃ আল্লাহ্। বলুন ঃ তবে কি তোমরা গ্রহণ করেছ আল্লাহকে ছেড়ে অন্যদের অভিভাবকরূপে, যারা পারে না

١٦- قُلْ مَنْ رَّبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۖ
قُلِ اللّٰهُ ۖ قُلْ اَفَاتَّخَذْتُمْ مِّنْ دُوْنِهٖٓ
اَوْلِيَآءَ لَا يَمْلِكُوْنَ لِاَنْفُسِهِمْ نَفْعًا وَّلَا ضَرًّا

قُلْ هَلْ يَسْتَوِي الْأَعْمَىٰ وَالْبَصِيرُ ۙ
أَمْ هَلْ تَسْتَوِي الظُّلُمَاتُ وَالنُّورُ ۗ
أَمْ جَعَلُوا لِلَّهِ شُرَكَاءَ خَلَقُوا
كَخَلْقِهِ فَتَشَابَهَ الْخَلْقُ عَلَيْهِمْ ۚ
قُلِ اللَّهُ خَالِقُ كُلِّ شَيْءٍ
وَهُوَ الْوَاحِدُ الْقَهَّارُ ○

নিজেদের উপকার করতে, আর না অপকার করতে ? বলুন ঃ সমান হয় কি অন্ধ এবং চক্ষুষ্মান ? অথবা সমান হতে পারে কি আঁধার ও আলো ? তবে কী তারা আল্লাহ্‌র এমন শরীক করেছে, যারা আল্লাহ্‌র সৃষ্টির মত সৃষ্টি করেছে, ফলে সৃষ্টি তাদের কাছে সদৃশ্য মনে হয়েছে ? বলুন ঃ আল্লাহ্-ই স্রষ্টা সব কিছুর, তিনি এক, পরাক্রমশালী।

١٩- أَفَمَنْ يَعْلَمُ أَنَّمَا أُنْزِلَ إِلَيْكَ
مِنْ رَبِّكَ الْحَقُّ كَمَنْ هُوَ أَعْمَىٰ ۚ
إِنَّمَا يَتَذَكَّرُ أُولُو الْأَلْبَابِ ○

১৯. আপনার প্রতি যা নাযিল করা হয়েছে আপনার রবের তরফ থেকে, তা যে ব্যক্তি সত্য বলে জানে, সে কি তার মত যে অন্ধ ? উপদেশ তো গ্রহণ করে কেবল বুদ্ধিমান লোকেরা।

٢٧- وَيَقُولُ الَّذِينَ كَفَرُوا لَوْلَا أُنْزِلَ عَلَيْهِ
آيَةٌ مِنْ رَبِّهِ ۚ قُلْ إِنَّ اللَّهَ يُضِلُّ
مَنْ يَشَاءُ وَيَهْدِي إِلَيْهِ
مَنْ أَنَابَ ○

২৭. আর যারা কুফ্‌রী করেছে তারা বলে, কেন নাযিল করা হয় না তার প্রতি কোন নিদর্শন, তার রবের তরফ থেকে ? আপনি বলে দিন ঃ নিশ্চয় আল্লাহ্ গুমরাহ করেন যাকে চান এবং তিনি তাঁর দিকে পরিচালিত করেন তাদের যারা তাঁর অভিমুখী।

٣٠- كَذَٰلِكَ أَرْسَلْنَاكَ فِي أُمَّةٍ قَدْ خَلَتْ
مِنْ قَبْلِهَا أُمَمٌ لِتَتْلُوَ عَلَيْهِمُ
الَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ
وَهُمْ يَكْفُرُونَ بِالرَّحْمَٰنِ ۚ
قُلْ هُوَ رَبِّي لَا إِلَٰهَ إِلَّا هُوَ
عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ مَتَابِ ○

৩০. এভাবেই আমি পাঠিয়েছি আপনাকে এক জাতির কাছে, গত হয়েছে যার আগে অনেক জাতি, তাদের কাছে তিলাওয়াত করার জন্য তা, যা আমি আপনার প্রতি ওহী করেছি। তারা তো প্রত্যাখ্যান করে দয়াময় আল্লাহ্‌কে। আপনি বলেন ঃ তিনিই আমার রব, নেই কোন ইলাহ্ তিনি ছাড়া। তাঁরই উপর আমি ভরসা করি এবং তাঁরই কাছে আমার প্রত্যাবর্তন।

٣٢- وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِنْ قَبْلِكَ
فَأَمْلَيْتُ لِلَّذِينَ كَفَرُوا ثُمَّ أَخَذْتُهُمْ ۖ

৩২. আর অবশ্যই ঠাট্টা-বিদ্রূপ করা হয়েছে রাসূলদের সাথে আপনার আগেও, আর আমি অবকাশ দিয়েছিলাম যারা কুফ্‌রী করেছিল তাদের, তারপর আমি

www.pathagar.com

فَكَيْفَ كَانَ عِقَابِ ○

পাঁকড়াও করেছিলাম তাদের। অতএব কেমন ছিল আমার শাস্তি!

٣٦- وَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَفْرَحُوْنَ
بِمَآ اُنْزِلَ اِلَيْكَ وَمِنَ الْاَحْزَابِ
مَنْ يُّنْكِرُ بَعْضَهٗ ؕ
قُلْ اِنَّمَآ اُمِرْتُ اَنْ اَعْبُدَ اللّٰهَ
وَلَآ اُشْرِكَ بِهٖ ؕ
اِلَيْهِ اَدْعُوْا وَاِلَيْهِ مَاٰبِ ○

৩৬. আর যাদের আমি কিতাব দিয়েছি, তারা আনন্দিত হয় আপনার প্রতি যা নাযিল করা হয়েছে তাতে, কিন্তু কোন কোন দল এর কতক অংশকে অস্বীকার করে। আপনি বলুন ঃ আমি তো আদিষ্ট হয়েছি আল্লাহ্‌র ইবাদত করতে এবং তাঁর সঙ্গে কোন শরীক না করতে। তাঁরই দিকে আমি দাওয়াত করেছি এবং তাঁরই কাছে আমার প্রত্যাবর্তন।

٣٧- وَكَذٰلِكَ اَنْزَلْنٰهُ
حُكْمًا عَرَبِيًّا ؕ وَلَئِنِ اتَّبَعْتَ اَهْوَآءَهُمْ
بَعْدَ مَا جَآءَكَ مِنَ الْعِلْمِ ۙ
مَا لَكَ مِنَ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا وَاقٍ ○

৩৭. আর এভাবেই আমি নাযিল করেছি কুরআন বিধানরূপে আরবী ভাষায়। আর আপনি যদি অনুসরণ করেন তাদের খেয়াল-খুশীর, আপনার কাছে জ্ঞান আমার পর, তাহলে থাকবে না আপনার জন্য আল্লাহ্‌র বিরুদ্ধে কোন বন্ধু আর না কোন রক্ষক।

٣٨- وَلَقَدْ اَرْسَلْنَا رُسُلًا مِّنْ قَبْلِكَ
وَجَعَلْنَا لَهُمْ اَزْوَاجًا وَّذُرِّيَّةً ؕ
وَمَا كَانَ لِرَسُوْلٍ اَنْ يَّاْتِيَ بِاٰيَةٍ
اِلَّا بِاِذْنِ اللّٰهِ ؕ لِكُلِّ اَجَلٍ كِتَابٌ ○

৩৮. আর আমি তো পাঠিয়েছিলাম অনেক রাসূল আপনার আগে এবং তাদের দিয়েছিলাম স্ত্রী ও সন্তান-সন্ততি। আর কোন রাসূলে কাজ নয় যে, সে কোন মু'জিযা প্রদর্শন করবে, আল্লাহ্‌র অনুমতি ছাড়া। প্রত্যেক বিষয়ের রয়েছে নির্ধারিত কাল লিপিবদ্ধ।

٤٠- وَاِنْ مَّا نُرِيَنَّكَ
بَعْضَ الَّذِيْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ
فَاِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ
وَعَلَيْنَا الْحِسَابُ ○

৪০. যে শাস্তির প্রতিশ্রুতি আমি তাদের দিয়েছি, আমি যদি তার কিছু আপনাকে দেখাই, অথবা এর পূর্বে যদি আপনার মৃত্যু ঘটাই, তবে আপনার দায়িত্ব তো কেবল প্রচার করা এবং হিসাব-নিকাশ তো আমার কাজ।

٤٣- وَيَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْا لَسْتَ مُرْسَلًا ؕ
قُلْ كَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ۢ بَيْنِيْ وَبَيْنَكُمْ ۙ

৪৩. আর যারা কুফরী করেছে, তারা বলে ঃ আপনি তো আল্লাহ্‌র প্রেরিত রাসূল নন। আপনি বলুন ঃ আল্লাহ্ এবং যার কাছে

www.pathagar.com

وَمَنْ عِنْدَهٗ عِلْمُ الْكِتٰبِ ○

কিতাবের জ্ঞান রয়েছে, তারা আমার ও তোমাদের মাঝে সাক্ষী হিসেবে যথেষ্ট।

সূরা ইব্‌রাহীম, ১৪ ঃ ১, ৩১

١- الٓرٰ قف كِتٰبٌ اَنْزَلْنٰهُ اِلَيْكَ لِتُخْرِجَ النَّاسَ مِنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ۙ بِاِذْنِ رَبِّهِمْ اِلٰى صِرَاطِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ○

১. আলিম-লাম-রা, এ কিতাব, আমি তা নাযিল করেছি আপনার প্রতি, যাতে আপনি বের করে আনেন লোকদের আঁধার থেকে আলোতে, তাদের রবের অনুমতিক্রমে পরাক্রমশালী, প্রশংসিত আল্লাহ্‌র পথে।

٣١- قُلْ لِّعِبَادِيَ الَّذِيْنَ اٰمَنُوْا يُقِيْمُوا الصَّلٰوةَ وَيُنْفِقُوْا مِمَّا رَزَقْنٰهُمْ سِرًّا وَّعَلَانِيَةً مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ يَوْمٌ لَّا بَيْعٌ فِيْهِ وَلَا خِلٰلٌ ○

৩১. আপনি বলুন ঃ আমার বান্দাদের যারা ঈমান এনেছে ঃ তারা যেন সালাত কায়েম করে এবং যা আমি তাদের দিয়েছি, তা থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে, সেদিন আসার আগে, যেদিন থাকবে না বেচাকেনা আর না বন্ধুত্ব।

সূরা হিজ্‌র, ১৫ ঃ ৬, ৭, ৮, ৯, ১০, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯

٦- وَقَالُوْا يٰۤاَيُّهَا الَّذِيْ نُزِّلَ عَلَيْهِ الذِّكْرُ اِنَّكَ لَمَجْنُوْنٌ ○

৬. আর তারা বলে ঃ ওহে, যার প্রতি কুরআন নাযিল করা হয়েছে, তুমি তো এক পাগল!

٧- لَوْ مَا تَاْتِيْنَا بِالْمَلٰۤئِكَةِ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ○

৭. যদি তুমি সত্যবাদী হও, তবে কেন আমাদের কাছে ফিরিশ্‌তাদের উপস্থিত করছ না?

٨- مَا نُنَزِّلُ الْمَلٰۤئِكَةَ اِلَّا بِالْحَقِّ وَمَا كَانُوْۤا اِذًا مُّنْظَرِيْنَ ○

৮. আমি নাযিল করি না ফিরিশ্‌তাদের যথার্থ কারণ ব্যতিরেকে আর তারা অবকাশ পেতো না, ফিরিশ্‌তাদের নাযিল করা হলে।

٩- اِنَّا نَحْنُ نَزَّلْنَا الذِّكْرَ وَاِنَّا لَهٗ لَحٰفِظُوْنَ ○

৯. আমিই নাযিল করেছি এ কুরআন এবং আমিই তো এর হিফাযতকারী।

١٠- وَلَقَدْ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِيْ شِيَعِ الْاَوَّلِيْنَ ○

১০. আর আমি তো পাঠিয়েছি আপনার আগে, পূর্বেকার অনেক সম্প্রদায়ের কাছে রাসূলদের।

www.pathagar.com

৮৭. আর আমি তো দিয়েছি আপনাকে সাত আয়াত, যা বারবার পাঠ করা হয় এবং দিয়েছি মহান কুরআন।

٨٧-وَلَقَدْ اٰتَيْنٰكَ سَبْعًا مِّنَ الْمَثَانِىْ
وَالْقُرْاٰنَ الْعَظِيْمَ ○

৮৮. আপনি কখনো আপনার চক্ষুদ্বয় প্রসারিত করবেন না সে সব ভোগ-বিলাসের উপকরণের দিকে, যা আমি দিয়েছি তাদের বিভিন্ন শ্রেণীকে। আর আপনি অবনমিত করুন আপনার পক্ষপুট মু'মিনদের জন্য।

٨٨-لَا تَمُدَّنَّ عَيْنَيْكَ اِلٰى مَا مَتَّعْنَا بِهٖۤ
اَزْوَاجًا مِّنْهُمْ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ
وَاخْفِضْ جَنَاحَكَ لِلْمُؤْمِنِيْنَ ○

৮৯. আর বলুন ঃ আমি তো একজন স্পষ্ট সতর্ককারী মাত্র।

٨٩- وَقُلْ اِنِّىْۤ اَنَا النَّذِيْرُ الْمُبِيْنُ ○

৯০. যেভাবে আমি নাযিল করেছিলাম বিভক্তকারীদের উপর।

٩٠- كَمَاۤ اَنْزَلْنَا عَلَى الْمُقْتَسِمِيْنَ ○

৯১. যারা কুরআনকে নানাভাবে বিভিক্ত করেছে।

٩١- الَّذِيْنَ جَعَلُوا الْقُرْاٰنَ عِضِيْنَ ○

৯২. সুতরাং কসম আপনার রবের! অবশ্যই আমি প্রশ্ন করব তাদের সবাইকে—

٩٢- فَوَرَبِّكَ لَنَسْئَلَنَّهُمْ اَجْمَعِيْنَ ○

৯৩. সে বিষয়ে যা তারা করত।

٩٣-عَمَّا كَانُوْا يَعْمَلُوْنَ ○

৯৪. অতএব আপনি প্রকাশ্যে প্রচার করুন, যা আপনি আদিষ্ট হয়েছেন এবং উপেক্ষা করুন মুশরিকদের।

٩٤-فَاصْدَعْ بِمَا تُؤْمَرُ
وَاَعْرِضْ عَنِ الْمُشْرِكِيْنَ ○

৯৫. নিশ্চয় আমি যথেষ্ট আপনার জন্য, ঠাট্টা-বিদ্রূপকারীদের বিরুদ্ধে,

٩٥-اِنَّا كَفَيْنٰكَ الْمُسْتَهْزِءِيْنَ ○

৯৬. যারা নির্ধারণ করেছে আল্লাহ্‌র সাথে অন্য সব ইলাহ্। সুতরাং অচিরেই তারা জানতে পারবে।

٩٦-الَّذِيْنَ يَجْعَلُوْنَ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ
فَسَوْفَ يَعْلَمُوْنَ ○

৯৭. আর আমি তো জানি যে, তারা যা বলে, তাতে আপনার হৃদয় সংকুচিত হয়,

٩٧-وَلَقَدْ نَعْلَمُ اَنَّكَ يَضِيْقُ صَدْرُكَ
بِمَا يَقُوْلُوْنَ ○

৯৮. অতএব আপনি সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন আপনার রবের এবং আপনি সিজ্‌দাকারীদের শামিল হোন।

٩٨- فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ
وَكُنْ مِّنَ السّٰجِدِيْنَ ○

www.pathagar.com

٩٩- وَاعْبُدْ رَبَّكَ حَتّٰى يَاْتِيَكَ الْيَقِيْنُ ○

৯৯. আর আপনি ইবাদত করতে থাকুন আপনার রবের, আপনার কাছে মৃত্যু আসা পর্যন্ত।

সূরা নাহ্‌ল, ১৬ ঃ ৪৩, ৪৪, ৬৩, ৬৪, ৮২, ৮৯, ১০১, ১০২, ১০৩, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭

٤٣- وَمَآ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ اِلَّا رِجَالًا نُّوْحِيْٓ اِلَيْهِمْ فَسْـَٔلُوْٓا اَهْلَ الذِّكْرِ اِنْ كُنْتُمْ لَا تَعْلَمُوْنَ ○

৪৩. আর আমি কোন রাসূল পাঠাইনি আপনার আগে পুরুষদের ছাড়া, যাদের কাছে আমি ওহী পাঠিয়েছি, অতএব তোমরা যদি না জান, তবে জিজ্ঞেস কর জ্ঞানীদের।

٤٤- بِالْبَيِّنٰتِ وَالزُّبُرِ ۗ وَاَنْزَلْنَآ اِلَيْكَ الذِّكْرَ لِتُبَيِّنَ لِلنَّاسِ مَا نُزِّلَ اِلَيْهِمْ وَلَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ ○

৪৪. আমি পাঠিয়েছিলাম তাদের স্পষ্ট প্রমাণ ও গ্রন্থ দিয়ে। আর আমি নাযিল করেছি আপনার প্রতি এ কুরআন, যাতে আপনি বুঝিয়ে দিতে পারেন লোকদের, যা তাদের প্রতি নাযিল করা হয়েছে তা। যাতে তারা চিন্তা করে।

٦٣- تَاللّٰهِ لَقَدْ اَرْسَلْنَآ اِلٰٓى اُمَمٍ مِّنْ قَبْلِكَ فَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ اَعْمَالَهُمْ فَهُوَ وَلِيُّهُمُ الْيَوْمَ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ○

৬৩. আল্লাহ্‌র কসম! আমি তো পাঠিয়েছি রাসূল আপনার আগে অনেক জাতির কাছে, কিন্তু শোভন করেছে তাদের কাছে কাছে শয়তান তাদের কাজকর্ম। সুতরাং সে-ই তাদের অভিভাবক আজ আর তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

٨٢- فَاِنْ تَوَلَّوْا فَاِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ الْمُبِيْنُ ○

৮২. তারপর যদি তারা মুখ ফিরিয়ে নেয়, তবে আপনার দায়িত্ব তো কেবল স্পষ্টভাবে বাণী পৌঁছিয়ে দেওয়া।

٨٩- وَيَوْمَ نَبْعَثُ فِيْ كُلِّ اُمَّةٍ شَهِيْدًا عَلَيْهِمْ مِّنْ اَنْفُسِهِمْ وَجِئْنَا بِكَ شَهِيْدًا عَلٰى هٰٓؤُلَآءِ ۗ وَنَزَّلْنَا عَلَيْكَ الْكِتٰبَ تِبْيَانًا لِّكُلِّ شَيْءٍ وَّهُدًى وَّرَحْمَةً وَّبُشْرٰى لِلْمُسْلِمِيْنَ ○

৮৯. আর যেদিন আমি উঠাব প্রত্যেক সম্প্রদায় থেকে একজন সাক্ষী, তাদের ব্যাপারে তাদের মধ্য থেকে আর উপস্থিত করব আপনাকে সাক্ষীরূপে তাদের ব্যাপারে। আর আমি নাযিল করেছি আপনার প্রতি এ কিতাব, প্রত্যেক বিষয়ে স্পষ্ট ব্যাখ্যা স্বরূপ এবং হিদায়েত, রহমত ও সুসংবাদস্বরূপ মুসলিমদের জন্য।

www.pathagar.com

١٠١- وَاِذَا بَدَّلْنَآ اٰيَةً مَّكَانَ اٰيَةٍ ۙ
وَّاللّٰهُ اَعْلَمُ
بِمَا يُنَزِّلُ قَالُوْٓا اِنَّمَآ اَنْتَ مُفْتَرٍ ۭ
بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ○

১০১. আর আমি যখন বদলে দেই এক আয়াতের পরিবর্তে অন্য আয়াত আর আল্লাহ্-ই ভাল জানেন যা তিনি নাযিল করেন, তখন তারা বলে ঃ তুমি তো কেবল এক মিথ্যা উদ্ভাবনকারী! কিন্তু তাদের অধিকাংশই জানে না।

١٠٢- قُلْ نَزَّلَهٗ رُوْحُ الْقُدُسِ
مِنْ رَّبِّكَ بِالْحَقِّ لِيُثَبِّتَ الَّذِيْنَ اٰمَنُوْا
وَهُدًى وَّبُشْرٰى لِلْمُسْلِمِيْنَ ○

১০২. আপনি বলুন ঃ এ কুরআন নাযিল করেছে রূহুল কুদুস-জিব্‌রাঈল আপনার রবের তরফ থেকে সত্যসহ, মু'মিনদের দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করার জন্য এবং হিদায়েত ও সুসংবাদস্বরূপ মুসলিমদের জন্য।

١٠٣- وَلَقَدْ نَعْلَمُ اَنَّهُمْ يَقُوْلُوْنَ
اِنَّمَا يُعَلِّمُهٗ بَشَرٌ ۭ
لِسَانُ الَّذِيْ يُلْحِدُوْنَ اِلَيْهِ اَعْجَمِيٌّ
وَّهٰذَا لِسَانٌ عَرَبِيٌّ مُّبِيْنٌ ○

১০৩. আর আমি তো জানি যে, তারা বলে তাকে তো শিক্ষা দেয় এক লোক। যার প্রতি তারা একথা আরোপ করে, সে তো অনারব, তার ভাষা আরবী নয়, অথচ এ কুরআনের ভাষা তো স্পষ্ট আরবী।

١٢٣- ثُمَّ اَوْحَيْنَآ اِلَيْكَ اَنِ اتَّبِعْ مِلَّةَ
اِبْرٰهِيْمَ حَنِيْفًا ۭ
وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ ○

১২৩. তারপর আমি ওহী করলাম আপনার প্রতি যে, আপনি অনুসরণ করুন একনিষ্ঠ ইব্‌রাহীমের মিল্লাত। আর সে তো ছিল না মুশ্‌রিকদের শামিল।

١٢٤- اِنَّمَا جُعِلَ السَّبْتُ عَلَى الَّذِيْنَ
اخْتَلَفُوْا فِيْهِ ۭ وَاِنَّ رَبَّكَ لَيَحْكُمُ
بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا
كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ○

১২৪. শনিবার পালন করা তো বাধ্যতামূলক করা হয়েছিল তাদের জন্য, যারা এ ব্যাপারে মতভেদ করত। নিশ্চয় আপনার রব অবশ্যই ফয়সালা করে দেবেন তাদের মাঝে কিয়ামতের দিন, যে বিষয়ে তারা মতভেদ করত তাতে।

١٢٥- اُدْعُ اِلٰى سَبِيْلِ رَبِّكَ بِالْحِكْمَةِ
وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ
وَجَادِلْهُمْ بِالَّتِيْ هِيَ اَحْسَنُ ۭ اِنَّ رَبَّكَ
هُوَ اَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيْلِهٖ

১২৫. আপনি আহবান করুন লোকদের আপনার রবের পথে হিক্‌মত ও সদুপদেশ দিয়ে এবং তাদের সাথে তর্ক করবেন উত্তম পন্থায়। নিশ্চয় আপনার রব, তিনি তো সবিশেষ অবহিত তার সম্পর্কে, যে তাঁর পথ থেকে গুমরাহ

www.pathagar.com

وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ ○

হয় এবং যারা সৎপথে চলে, তাদের সম্পর্কেও তিনি সবিশেষ অবহিত।

١٢٦- وَاِنْ عَاقَبْتُمْ فَعَاقِبُوْا بِمِثْلِ مَا عُوْقِبْتُمْ بِهٖ ؕ وَلَئِنْ صَبَرْتُمْ لَهُوَ خَيْرٌ لِّلصّٰبِرِيْنَ ○

১২৬. আর যদি তোমরা শাস্তি দাও, তবে ঠিক ততখানি শাস্তি দেবে, যতখানি শাস্তি তোমাদের দেওয়া হয়েছে। কিন্তু যদি তোমরা সবর কর, তবে তা তো উত্তম সবরকারীদের জন্য।

١٢٧- وَاصْبِرْ وَمَا صَبْرُكَ اِلَّا بِاللّٰهِ وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُ فِيْ ضَيْقٍ مِّمَّا يَمْكُرُوْنَ ○

১২৭. আপনি সব্‌র করুন, আর আপনার সব্‌র তো কেবল আল্লাহ্‌রই সাহায্যে এবং আপনি তাদের জন্য দুঃখ করবেন না, আর মনঃক্ষুন্ন হবেন না, তারা যে চক্রান্ত করে সে কারণে।

সূরা বনী-ইস্‌রাঈল, ১৭ ঃ ১, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫৩, ৫৪, ৬০, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১

١- سُبْحٰنَ الَّذِيْٓ اَسْرٰى بِعَبْدِهٖ لَيْلًا مِّنَ الْمَسْجِدِ الْحَرَامِ اِلَى الْمَسْجِدِ الْاَقْصَا الَّذِيْ بٰرَكْنَا حَوْلَهٗ لِنُرِيَهٗ مِنْ اٰيٰتِنَا ؕ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْبَصِيْرُ ○

১. পবিত্র মহান তিনি, যিনি রাতের বেলায় ভ্রমণ করিয়েছিলেন তাঁর বান্দাকে মসজিদে হারাম (কা'বা শরীফ) থেকে মসজিদে আক্‌সা (বায়তুল মুকাদ্দাস) পর্যন্ত, যার চার পাশকে আমি বরকতময় করেছি, তাকে আমার নিদর্শন দেখবার জন্য, নিশ্চয় আল্লাহ্‌ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।

٤٥- وَاِذَا قَرَاْتَ الْقُرْاٰنَ جَعَلْنَا بَيْنَكَ وَبَيْنَ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ حِجَابًا مَّسْتُوْرًا ○

৪৫. আর যখন আপনি পাঠ করেন কুরআন, তখন আমি রেখে দেই আপনার এবং যারা আখিরাতে বিশ্বাস করে না, তাদের মাঝে এক প্রচ্ছন্ন পর্দা।

٤٦- وَّجَعَلْنَا عَلٰى قُلُوْبِهِمْ اَكِنَّةً اَنْ يَّفْقَهُوْهُ وَفِيْٓ اٰذَانِهِمْ وَقْرًا ؕ

৪৬. আর আমি স্থাপন করেছি তাদের অন্তরের উপর আবরণ, যাতে তারা তা বুঝতে না পারে এবং রেখে দিয়েছি তাদের কানে বধিরতা। আর যখন

وَإِذَا ذَكَرْتَ رَبَّكَ فِي الْقُرْآنِ وَحْدَهُ وَلَّوْا عَلَىٰ أَدْبَارِهِمْ نُفُورًا ○

আপনি উল্লেখ করেন আপনার রবকে কুরআনে যে, 'যিনি এক'। তখন তারা সরে পড়ে পিঠ ফিরিয়ে ঘৃণাভরে।

٤٧- نَحْنُ أَعْلَمُ بِمَا يَسْتَمِعُونَ بِهِ إِذْ يَسْتَمِعُونَ إِلَيْكَ وَإِذْ هُمْ نَجْوَىٰ إِذْ يَقُولُ الظَّالِمُونَ إِنْ تَتَّبِعُونَ إِلَّا رَجُلًا مَسْحُورًا ○

৪৭. আমি ভাল জানি সে বিষয়ে যা তারা কান পেতে শোনে, যখন তারা আপনার প্রতি কান পেতে শোনে এবং এও জানি যখন যালিমরা গোপনে আলোচনাকালে বলে, তোমরা তো অনুসরণ করছ এক যাদুগ্রস্ত ব্যক্তির।

٤٨- انْظُرْ كَيْفَ ضَرَبُوا لَكَ الْأَمْثَالَ فَضَلُّوا فَلَا يَسْتَطِيعُونَ سَبِيلًا ○

৪৮. দেখুন, তারা আপনার কিরূপ উপমা দেয়। তারা তো গুমরাহ্ হয়েছে, অতএব তারা পথ পাবে না।

٤٩- وَقَالُوا أَإِذَا كُنَّا عِظَامًا وَرُفَاتًا أَإِنَّا لَمَبْعُوثُونَ خَلْقًا جَدِيدًا ○

৪৯. আর তারা বলে, যখন আমরা হয়ে যাব হাড্ডি ও চূর্ণ-বিচূর্ণ, তখনো কি আমরা উত্থিত হব নতুন সৃষ্টিরূপে ?

٥٠- قُلْ كُونُوا حِجَارَةً أَوْ حَدِيدًا ○

৫০. আপনি বলুন ঃ তোমরা হয়ে যাও পাথর অথবা লোহা,

٥١- أَوْ خَلْقًا مِمَّا يَكْبُرُ فِي صُدُورِكُمْ فَسَيَقُولُونَ مَنْ يُعِيدُنَا قُلِ الَّذِي فَطَرَكُمْ أَوَّلَ مَرَّةٍ فَسَيُنْغِضُونَ إِلَيْكَ رُءُوسَهُمْ وَيَقُولُونَ مَتَىٰ هُوَ قُلْ عَسَىٰ أَنْ يَكُونَ قَرِيبًا ○

৫১. অথবা এমন সৃষ্টি, যা তোমাদের ধারণায় খুবই কঠিন। তারা অবশ্যই বলবে কে আমাদের পুনরুত্থিত করবে ? বলুন ঃ তিনি-ই যিনি সৃষ্টি করেছেন তোমাদের প্রথমবার। তারপর তারা আপনার সামনে তাদের মাথা নাড়বে এবং বলবে ঃ তা কবে হবে ? বলুন ঃ সম্ভবত তা শিগ্‌গীরই হবে।

٥٣- وَقُلْ لِعِبَادِي يَقُولُوا الَّتِي هِيَ أَحْسَنُ إِنَّ الشَّيْطَانَ يَنْزَغُ بَيْنَهُمْ إِنَّ الشَّيْطَانَ كَانَ لِلْإِنْسَانِ عَدُوًّا مُبِينًا ○

৫৩. আর আপনি বলে দিন আমার বান্দাদের, তারা যেন যা উত্তম তা বলে। নিশ্চয় শয়তান উস্‌কানী দেয় তাদের মাঝে, শয়তান তো মানুষের প্রকাশ্য শত্রু।

٥٤- رَبُّكُمْ أَعْلَمُ بِكُمْ إِنْ يَشَأْ يَرْحَمْكُمْ أَوْ إِنْ يَشَأْ يُعَذِّبْكُمْ وَمَا أَرْسَلْنَاكَ عَلَيْهِمْ وَكِيلًا ○

৫৪. তোমাদের রব ভাল করেই জানেন তোমাদের। তিনি ইচ্ছা করলে তোমাদের প্রতি রহম করেন এবং ইচ্ছা করলে আযাব দেন। আর আমি আপনাকে পাঠাইনি তাদের যিম্মাদাররূপে।

www.pathagar.com

৬০. আর স্মরণ করুন, আমি বলেছিলাম আপনাকে ঃ নিশ্চয় আপনার রব পরিবেষ্টন করে আছেন মানুষদের। আর যে দৃশ্য আপনাকে আমি দেখিয়েছি, তা আমি করেছি পরীক্ষাস্বরূপ মানুষের জন্য এবং কুরআনে উল্লেখিত অভিশপ্ত যাক্‌কুম বৃক্ষটিও। আর আমি তাদের ভয় দেখাই, কিন্তু তা তাদের ঘোরতর অবাধ্যতা ছাড়া আর কিছুই বৃদ্ধি করে না।

٦٠- وَاِذْ قُلْنَا لَكَ اِنَّ رَبَّكَ اَحَاطَ بِالنَّاسِ ؕ
وَمَا جَعَلْنَا الرُّءْيَا الَّتِيْٓ اَرَيْنٰكَ
اِلَّا فِتْنَةً لِّلنَّاسِ
وَالشَّجَرَةَ الْمَلْعُوْنَةَ فِي الْقُرْاٰنِ ؕ
وَنُخَوِّفُهُمْ ۙ فَمَا يَزِيْدُهُمْ اِلَّا طُغْيَانًا كَبِيْرًا ۝

৭৩. আর তারা তো আপনার পদস্খলন ঘটাবার চেষ্টা প্রায় চূড়ান্ত করেছিল, যে ওহী আমি আপনার প্রতি করেছি সে ব্যাপারে। যাতে আপনি মিথ্যা উদ্ভাবন করেন আমার বিরুদ্ধে এর বিপরীত আর তখনই তারা আপনাকে কেবল বন্ধুরূপে গ্রহণ করত।

٧٣- وَاِنْ كَادُوْا لَيَفْتِنُوْنَكَ عَنِ الَّذِيْٓ
اَوْحَيْنَآ اِلَيْكَ
لِتَفْتَرِيَ عَلَيْنَا غَيْرَهٗ ۖ
وَاِذًا لَّاتَّخَذُوْكَ خَلِيْلًا ۝

৭৪. আর আমি যদি আপনাকে অবিচলিত না রাখতাম, তবে তো আপনি প্রায় তাদের দিকে কিছুটা ঝুঁকে পড়তেন,

٧٤- وَلَوْلَآ اَنْ ثَبَّتْنٰكَ
لَقَدْ كِدْتَّ تَرْكَنُ اِلَيْهِمْ شَيْـًٔا قَلِيْلًا ۝

৭৫. তাহলে আমি অবশ্যই আপনাকে আস্বাদন করাতাম দ্বিগুণ শাস্তি ইহজীবনে এবং মৃত্যুর পরবর্তী জীবনেও, তখন আপনি পেতেন না আমার বিরুদ্ধে কোন সাহায্যকারী।

٧٥- اِذًا لَّاَذَقْنٰكَ
ضِعْفَ الْحَيٰوةِ وَضِعْفَ الْمَمَاتِ
ثُمَّ لَا تَجِدُ لَكَ عَلَيْنَا نَصِيْرًا ۝

৭৬. আর তারা তো চূড়ান্ত করে ফেলেছিল প্রায় আপনাকে দেশ থেকে উৎখাত করতে, যাতে তারা আপনাকে সেখান থেকে নির্বাসিত করতে পারে। আর এমন হলে, তারাও সেখানে আপনার বিরুদ্ধে বেশী দিন টিকতে পারত না।

٧٦- وَاِنْ كَادُوْا لَيَسْتَفِزُّوْنَكَ مِنَ الْاَرْضِ
لِيُخْرِجُوْكَ مِنْهَا وَاِذًا لَّا يَلْبَثُوْنَ
خِلٰفَكَ اِلَّا قَلِيْلًا ۝

৭৭. আপনার পূর্বে, আমার রাসূলদের মধ্যে যাদের পাঠিয়েছিলাম, তাদের বেলায় ছিল এরূপ নিয়ম, আর আপনি পাবেন না আমার নিয়মে কোন পরিবর্তন।

٧٧- سُنَّةَ مَنْ قَدْ اَرْسَلْنَا قَبْلَكَ
مِنْ رُّسُلِنَا وَلَا تَجِدُ لِسُنَّتِنَا تَحْوِيْلًا ۝

www.pathagar.com

٧٨- اَقِمِ الصَّلٰوةَ لِدُلُوْكِ الشَّمْسِ
اِلٰى غَسَقِ الَّيْلِ وَقُرْاٰنَ الْفَجْرِؕ
اِنَّ قُرْاٰنَ الْفَجْرِ كَانَ مَشْهُوْدًا ۝

৭৮. আপনি সালাত কায়েম করুন সূর্য হেলে পড়ার পর থেকে রাতের ঘন অন্ধকার হওয়া পর্যন্ত, কায়েম করুন ফজরের সালাত। নিশ্চয় ফজর সালাত উপস্থিতির সময়।

٧٩- وَمِنَ الَّيْلِ فَتَهَجَّدْ بِهٖ
نَافِلَةً لَّكَ ۖ عَسٰۤى اَنْ يَّبْعَثَكَ
رَبُّكَ مَقَامًا مَّحْمُوْدًا ۝

৭৯. আর আপনি কায়েম করবেন রাতের কিছু অংশে তাহাজ্জুদ, যা আপনার জন্য অতিরিক্ত। আশা করা যায় যে, আপনার রব আপনাকে উন্নীত করবেন 'মাকামে মাহমূদে'।

٨٠- وَقُلْ رَّبِّ اَدْخِلْنِيْ مُدْخَلَ
صِدْقٍ وَّاَخْرِجْنِيْ مُخْرَجَ صِدْقٍ
وَّاجْعَلْ لِّيْ مِنْ لَّدُنْكَ سُلْطٰنًا نَّصِيْرًا ۝

৮০. আর আপনি বলুন ঃ হে আমার রব। আমাকে দাখিল করুন কল্যাণের সাথে এবং বের করুন আমাকে কল্যাণের সাথে আর আমাকে দান করুন আপনার তরফ থেকে সাহায্যকারী শক্তি।

٨١- وَقُلْ جَآءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُؕ
اِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوْقًا ۝

৮১. আর আপনি বলুন ঃ এসেছে হক এবং বিদূরিত হয়েছে বাতিল, বাতিল তো বিদূরিত হবারই।

٨٥- وَيَسْـَٔلُوْنَكَ عَنِ الرُّوْحِؕ
قُلِ الرُّوْحُ مِنْ اَمْرِ رَبِّيْ
وَمَاۤ اُوْتِيْتُمْ مِّنَ الْعِلْمِ اِلَّا قَلِيْلًا ۝

৮৫. আর তারা আপনাকে প্রশ্ন করে রূহ্ সম্পর্কে। বলুন ঃ রূহ্, তো আমার রবের হুকুম থেকে। আর তোমাদের তো দেওয়া হয়েছে জ্ঞান খুব অল্পই।

٨٦- وَلَئِنْ شِئْنَا لَنَذْهَبَنَّ بِالَّذِيْۤ
اَوْحَيْنَاۤ اِلَيْكَ ثُمَّ
لَا تَجِدُ لَكَ بِهٖ عَلَيْنَا وَكِيْلًا ۝

৮৬. আর আমি যদি ইচ্ছা করতাম, তাহলে অবশ্যই আমি প্রত্যাহার করতাম, যে ওহী আমি আপনার প্রতি করি তা, এরূপ করলে আপনি পেতেন না আমার বিরুদ্ধে কোন কর্মসম্পাদনকারী।

٨٧- اِلَّا رَحْمَةً مِّنْ رَّبِّكَؕ
اِنَّ فَضْلَهٗ كَانَ عَلَيْكَ كَبِيْرًا ۝

৮৭. ওহী প্রত্যাহার না করা তো আপনার রবের রহমত। নিশ্চয় তাঁর অনুগ্রহ আপনার প্রতি অতি মহান।

٨٨- قُلْ لَّئِنِ اجْتَمَعَتِ الْاِنْسُ وَالْجِنُّ عَلٰۤى
اَنْ يَّاْتُوْا بِمِثْلِ هٰذَا الْقُرْاٰنِ لَا يَاْتُوْنَ بِمِثْلِهٖ
وَلَوْ كَانَ بَعْضُهُمْ لِبَعْضٍ ظَهِيْرًا ۝

৮৮. আপনি বলুন ঃ যদি সমবেত হয় মানুষ ও জিন্, এ কুরআনের মত কুরআন আনার জন্য, এর অনুরূপ তারা আনতে পারবে না, যদিও তারা একে অপরের সাহায্যকারী হয়।

www.pathagar.com

৮৯. আর আমি তো নানাভাবে উপমা বর্ণনা করেছি মানুষের জন্য এ কুরআনে, কিন্তু অধিকাংশ মানুষই কুফ্‌রী করা ছাড়া ক্ষান্ত হলো না।

٨٩- وَلَقَدْ صَرَّفْنَا لِلنَّاسِ فِي هٰذَا الْقُرْاٰنِ مِنْ كُلِّ مَثَلٍ ز فَاَبٰٓى اَكْثَرُ النَّاسِ اِلَّا كُفُوْرًا ○

৯০. আর তারা বলে, আমরা কখনো তোমার প্রতি ঈমান আনব না, যে পর্যন্ত না তুমি প্রবাহিত করবে আমাদের জন্য যমীন থেকে একটি নহর।

٩٠- وَقَالُوْا لَنْ نُّؤْمِنَ لَكَ حَتّٰى تَفْجُرَ لَنَا مِنَ الْاَرْضِ يَنْۢبُوْعًا ○

৯১. অথবা তোমার থাকবে একটি বাগান খেজুর ও আংগুরের, যার ফাঁকে ফাঁকে তুমি প্রবাহিত করবে অনেক নহর,

٩١- اَوْ تَكُوْنَ لَكَ جَنَّةٌ مِّنْ نَّخِيْلٍ وَّعِنَبٍ فَتُفَجِّرَ الْاَنْهٰرَ خِلٰلَهَا تَفْجِيْرًا ○

৯২. অথবা তুমি খণ্ড-বিখণ্ড করে ফেলে দেবে আমাদের উপর আসমান, যেমন তুমি ধারণা করে থাক, অথবা উপস্থিত করবে আল্লাহ্‌কে ও ফিরিশ্‌তাদের আমাদের সামনে।

٩٢- اَوْ تُسْقِطَ السَّمَآءَ كَمَا زَعَمْتَ عَلَيْنَا كِسَفًا اَوْ تَاْتِيَ بِاللّٰهِ وَالْمَلٰٓئِكَةِ قَبِيْلًا ○

٥٠- يٰۤاَيُّهَا النَّبِيُّ اِنَّاۤ اَحْلَلْنَا لَكَ اَزْوَاجَكَ الّٰتِيْۤ اٰتَيْتَ اُجُوْرَهُنَّ وَمَا مَلَكَتْ يَمِيْنُكَ مِمَّاۤ اَفَآءَ اللّٰهُ عَلَيْكَ وَبَنٰتِ عَمِّكَ وَبَنٰتِ عَمّٰتِكَ وَبَنٰتِ خَالِكَ وَبَنٰتِ خٰلٰتِكَ الّٰتِيْ هَاجَرْنَ مَعَكَ ؗ وَامْرَاَةً مُّؤْمِنَةً اِنْ وَّهَبَتْ نَفْسَهَا لِلنَّبِيِّ اِنْ اَرَادَ النَّبِيُّ اَنْ يَّسْتَنْكِحَهَا ۗ خَالِصَةً لَّكَ مِنْ دُوْنِ الْمُؤْمِنِيْنَ ؕ قَدْ عَلِمْنَا مَا فَرَضْنَا عَلَيْهِمْ فِيْۤ اَزْوَاجِهِمْ وَمَا مَلَكَتْ اَيْمَانُهُمْ لِكَيْلَا يَكُوْنَ عَلَيْكَ حَرَجٌ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ○

৫১. আপনি দূরে রাখতে পারেন আপনার স্ত্রীদের থেকে যাকে চান এবং আপনার কাছে রাখতে পারেন যাকে চান। কিন্তু যাকে আপনি দূরে রেখেছেন, তাকে কামনা করলে আপনার কোন অপরাধ নেই। এ বিধান এ জন্য যে, এতে তারা তুষ্ট হবে এবং তারা দুঃখ পাবে না আর তারা সবাই সন্তুষ্ট থাকবে, যা আপনি তাদের দেবেন তাতে। আর আল্লাহ্‌

٥١- تُرْجِيْ مَنْ تَشَآءُ مِنْهُنَّ وَتُـْٔوِيْۤ اِلَيْكَ مَنْ تَشَآءُ ؕ وَمَنِ ابْتَغَيْتَ مِمَّنْ عَزَلْتَ فَلَا جُنَاحَ عَلَيْكَ ؕ ذٰلِكَ اَدْنٰۤى اَنْ تَقَرَّ اَعْيُنُهُنَّ وَلَا يَحْزَنَّ وَيَرْضَيْنَ بِمَاۤ اٰتَيْتَهُنَّ كُلُّهُنَّ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مَا فِيْ قُلُوْبِكُمْ ؕ

* বিনাযুদ্ধে প্রাপ্তবস্তু।

www.pathagar.com

وَكَانَ اللّٰهُ عَلِيْمًا حَلِيْمًا ○

জানেন, যা রয়েছে তোমাদের অন্তরে। আল্লাহ্ সর্বজ্ঞ, সহনশীল।

٥٢- لَا يَحِلُّ لَكَ النِّسَآءُ مِنْۢ بَعْدُ
وَلَآ اَنْ تَبَدَّلَ بِهِنَّ مِنْ اَزْوَاجٍ
وَّلَوْ اَعْجَبَكَ حُسْنُهُنَّ
اِلَّا مَا مَلَكَتْ يَمِيْنُكَ ۗ
وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ رَّقِيْبًا ○

৫২. হালাল নয় আপনার জন্য কোন নারী এরপর এবং হালাল নয় আপনার জন্য আপনার স্ত্রীদের পরিবর্তে অন্য স্ত্রী গ্রহণ করা, যদিও আপনাকে মুগ্ধ করে তাদের সৌন্দর্য, তবে আপনার অধিকারভুক্ত দাসীদের ব্যাপার স্বতন্ত্র। আল্লাহ্ সর্ববিষয়ে সতর্ক দৃষ্টি রাখেন।

٥٣- يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَدْخُلُوْا
بُيُوْتَ النَّبِيِّ اِلَّآ اَنْ يُّؤْذَنَ لَكُمْ اِلٰى طَعَامٍ
غَيْرَ نٰظِرِيْنَ اِنٰىهُ ۙ وَلٰكِنْ اِذَا دُعِيْتُمْ
فَادْخُلُوْا فَاِذَا طَعِمْتُمْ فَانْتَشِرُوْا
وَلَا مُسْتَاْنِسِيْنَ لِحَدِيْثٍ ۗ
اِنَّ ذٰلِكُمْ كَانَ يُؤْذِى النَّبِيَّ فَيَسْتَحْيٖ مِنْكُمْ ۫
وَاللّٰهُ لَا يَسْتَحْيٖ مِنَ الْحَقِّ ۗ
وَاِذَا سَاَلْتُمُوْهُنَّ مَتَاعًا فَسْـَٔلُوْهُنَّ
مِنْ وَّرَآءِ حِجَابٍ ۗ ذٰلِكُمْ اَطْهَرُ لِقُلُوْبِكُمْ
وَقُلُوْبِهِنَّ ۗ وَمَا كَانَ لَكُمْ اَنْ تُؤْذُوْا
رَسُوْلَ اللّٰهِ وَلَآ اَنْ تَنْكِحُوْٓا اَزْوَاجَهٗ
مِنْۢ بَعْدِهٖٓ اَبَدًا ۗ
اِنَّ ذٰلِكُمْ كَانَ عِنْدَ اللّٰهِ عَظِيْمًا ○

৫৩. ওহে যারা ঈমান এনেছে! তোমরা প্রবেশ করো না নবী গৃহে আহার্য প্রস্তুতির অপেক্ষা না করে, তোমাদের আহার্য গ্রহণের অনুমতি না দেওয়া পর্যন্ত, কিন্তু যদি তোমাদের আহ্বান করা হয়, তবে তোমরা প্রবেশ করবে এবং যখন তোমাদের খাওয়া শেষ হবে তখন তোমরা চলে যাবে কথাবার্তায় মশগুল না হয়ে। কারণ তোমাদের এ ধরনের আচরণ নবীকে পীড়া দেয় এবং তিনি লজ্জাবোধ করেন তোমাদের উঠিয়ে দিতে। কিন্তু আল্লাহ্ লজ্জাবোধ করেন না সত্য প্রকাশে। আর যখন তোমরা কোন কিছু চাইবে নবীর স্ত্রীদের কাছে, তখন তোমরা এদের কাছে চাইবে পর্দার অন্তরাল থেকে। এ নিয়ম অধিকতর পবিত্রতাকারী তোমাদের জন্য ও তাদের হৃদয়ের জন্য। তোমাদের জন্য সঙ্গত নয় আল্লাহ্র রাসূলকে কষ্ট দেওয়া এবং তোমাদের জন্য কখনও বৈধ নয় বিবাহ করা তাঁর স্ত্রীদের তাঁর মৃত্যুর পর। নিশ্চয়ই এরূপ করা আল্লাহ্র কাছে ঘোরতর অপরাধ।

٥٤- اِنْ تُبْدُوْا شَيْـًٔا اَوْ تُخْفُوْهُ
فَاِنَّ اللّٰهَ كَانَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمًا ○

৫৪. তোমরা কোন কিছু প্রকাশ কর অথবা তা গোপন কর আল্লাহ্ তো সর্ববিষয়ে সর্বজ্ঞ।

www.pathagar.com

٥٦- اِنَّ اللّٰهَ وَمَلٰٓئِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِيِّ ؕ
يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ
وَسَلِّمُوْا تَسْلِيْمًا ۝

৫৬. নিশ্চয় আল্লাহ্ অনুগ্রহ করেন এবং তাঁর ফিরিশ্‌তারা দু'আ করেন নবীর জন্য। ওহে যারা ঈমান এনেছ! তোমরা দুরূদ পাঠ কর তাঁর প্রতি এবং যথাযথভাবে সালাম পেশ কর।

٥٧- اِنَّ الَّذِيْنَ يُؤْذُوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ
لَعَنَهُمُ اللّٰهُ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ
وَاَعَدَّ لَهُمْ عَذَابًا مُّهِيْنًا ۝

৫৭. নিশ্চয় যারা কষ্ট দেয় আল্লাহ্ ও তাঁর রাসূলকে, আল্লাহ্ তাদের লা'নত করেন দুনিয়া ও আখিরাতে আর তিনি প্রস্তুত রেখেছেন তাদের জন্য লাঞ্ছনাদায়ক আযাব।

٥٩- يٰٓاَيُّهَا النَّبِيُّ قُلْ لِّاَزْوَاجِكَ وَبَنٰتِكَ
وَنِسَآءِ الْمُؤْمِنِيْنَ
يُدْنِيْنَ عَلَيْهِنَّ مِنْ جَلَابِيْبِهِنَّ ؕ
ذٰلِكَ اَدْنٰٓى اَنْ يُّعْرَفْنَ فَلَا يُؤْذَيْنَ ؕ
وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ۝

৫৯. হে নবী! আপনি বলুন, আপনার স্ত্রীদের, আপনার কন্যাদের এবং মু'মিনদের নারীদের তারা যেন টেনে দেয় তাদের নিজেদের উপর চাদরের কিছু অংশ। এতে সহজতর হবে তাদের চেনা, ফলে তারা উত্ত্যক্ত হবে না। আর আল্লাহ্ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

٦٠- لَئِنْ لَّمْ يَنْتَهِ الْمُنٰفِقُوْنَ وَالَّذِيْنَ
فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ
وَّالْمُرْجِفُوْنَ فِي الْمَدِيْنَةِ لَنُغْرِيَنَّكَ بِهِمْ
ثُمَّ لَا يُجَاوِرُوْنَكَ فِيْهَآ اِلَّا قَلِيْلًا ۝

৬০. যদি না বিরত থাকে মুনাফিরা এবং যাদের অন্তরে ব্যাধি আছে তারা আর যারা গুজব রটায় শহরে-নগরে তারা, আমি অবশ্যই আপনাকে প্রবল করব তাদের বিরুদ্ধে, তারপর তারা আপনার প্রতিবেশীরূপে এ নগরীতে অল্প সময়ই থাকবে-

٦١- مَّلْعُوْنِيْنَ ۚ اَيْنَمَا ثُقِفُوْٓا
اُخِذُوْا وَقُتِّلُوْا تَقْتِيْلًا ۝

৬১. অভিশপ্ত হয়ে, যেখানেই তাদের পাওয়া যাবে সেখানেই তাদের পাকড়াও করা হবে এবং হত্যা করা হবে নির্দয়ভাবে।

٦٢- سُنَّةَ اللّٰهِ فِي الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلُ ۚ
وَلَنْ تَجِدَ لِسُنَّةِ اللّٰهِ تَبْدِيْلًا ۝

৬২. এরূপই ছিল আল্লাহ্‌র রীতি, যারা গত হয়েছে আগে, তাদের ব্যাপারেও। আর আপনি কখন পাবেন না আল্লাহ্‌র রীতিতে কোন পরিবর্তন।

٦٣- يَسْئَلُكَ النَّاسُ عَنِ السَّاعَةِ ؕ
قُلْ اِنَّمَا عِلْمُهَا عِنْدَ اللّٰهِ ؕ

৬৩. আপনাকে জিজ্ঞাসা করে লোকেরা কিয়ামত সম্পর্কে। বলুন ঃ এর জ্ঞান তো কেবল আল্লাহ্‌রই কাছে। আর কি

www.pathagar.com

وَمَا يُدْرِيكَ لَعَلَّ السَّاعَةَ تَكُونُ قَرِيبًا ○

করে আপনি জানবেন, হয়ত কিয়ামত শিগ্‌গীরই হয়ে যেতে পারে।

সূরা সাবা, ৩৪ ঃ ৩, ৬, ৭, ৮, ২৮, ২৯, ৩০, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০

٣- وَقَالَ الَّذِينَ كَفَرُوا لَا تَأْتِينَا السَّاعَةُ ۖ
قُلْ بَلَىٰ وَرَبِّي لَتَأْتِيَنَّكُمْ ۙ عَالِمِ الْغَيْبِ ۖ
لَا يَعْزُبُ عَنْهُ مِثْقَالُ ذَرَّةٍ فِي السَّمَاوَاتِ
وَلَا فِي الْأَرْضِ وَلَا أَصْغَرُ مِنْ ذَٰلِكَ
وَلَا أَكْبَرُ إِلَّا فِي كِتَابٍ مُبِينٍ ○

৩. আর কাফিররা বলে, আসবে না আমাদের কাছে কিয়ামত। আপনি বলুন ঃ হাঁ, আসবেই, কসম আমার রবের! অবশ্যই তা আসবে তোমাদের কাছে। তিনি সম্যক অবহিত গায়েব সম্বন্ধে। তাঁর অগোচর নয় অণু পরিমাণ কিছু আসমানে আর না যমীনে, কিংবা তার চাইতে ক্ষুদ্র অথবা বড়, তার প্রত্যেকটি রয়েছে সুস্পষ্ট কিতাবে।

٦- وَيَرَى الَّذِينَ أُوتُوا الْعِلْمَ
الَّذِي أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ هُوَ الْحَقَّ ۙ
وَيَهْدِي إِلَىٰ صِرَاطِ الْعَزِيزِ الْحَمِيدِ ○

৬. আর যাদের জ্ঞান দেওয়া হয়েছে তারা জানে, যা নাযিল করা হয়েছে আপনার প্রতি আপনার রবের তরফ থেকে তা সত্য আর তা পথ দেখায় পরাক্রমশালী, প্রশংসিত আল্লাহ্ দিকে।

٧- وَقَالَ الَّذِينَ كَفَرُوا هَلْ نَدُلُّكُمْ
عَلَىٰ رَجُلٍ يُنَبِّئُكُمْ إِذَا مُزِّقْتُمْ كُلَّ مُمَزَّقٍ ۙ
إِنَّكُمْ لَفِي خَلْقٍ جَدِيدٍ ○

৭. আর যারা কুফ্‌রী করেছে তারা বলে, আমরা কি সন্ধান দেব তোমাদের এমন এক ব্যক্তির, যে তোমাদের বলে, যখন তোমরা সম্পূর্ণরূপে চূর্ণ-বিচূর্ণ হয়ে যাবে, তখন তোমরা এক নতুন সৃষ্টিরূপে আবার উত্থিত হবে ?

٨- أَفْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا أَمْ بِهِ جِنَّةٌ ۗ
بَلِ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ
فِي الْعَذَابِ وَالضَّلَالِ الْبَعِيدِ ○

৮. সে কি মিথ্যা উদ্ভাবন করে আল্লাহ্ সম্বন্ধে অথবা সে কি পাগল ? বস্তুত যারা ঈমান রাখে না আখিরাতের প্রতি, তারা তো রয়েছে আযাবে ও ঘোরতর গুমরাহীতে।

٢٨- وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا كَافَّةً لِلنَّاسِ بَشِيرًا
وَنَذِيرًا وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ○

২৮. আর আমি তো পাঠিয়েছি আপনাকে সমগ্র মানব জাতির জন্য সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে কিন্তু অধিকাংশ মানুষ জানে না।

www.pathagar.com

٢٩- وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْوَعْدُ
إِن كُنتُمْ صَادِقِينَ ○

২৯. আর তারা বলে, কখন এ ওয়াদা বাস্তবায়িত হবে বল, যদি তোমরা সত্যবাদী হও।

٣٠- قُل لَّكُم مِّيعَادُ يَوْمٍ لَّا تَسْتَأْخِرُونَ
عَنْهُ سَاعَةً وَلَا تَسْتَقْدِمُونَ ○

৩০. বলুন ঃ তোমাদের জন্য আছে নির্ধারিত দিন, যা তোমরা বিলম্বিত করতে পারবে না মুহূর্তকালও আর না ত্বরান্বিত করতে পারবে।

٤٣- وَإِذَا تُتْلَىٰ عَلَيْهِمْ آيَاتُنَا بَيِّنَاتٍ
قَالُوا مَا هَٰذَا إِلَّا رَجُلٌ يُرِيدُ أَن يَصُدَّكُمْ
عَمَّا كَانَ يَعْبُدُ آبَاؤُكُمْ
وَقَالُوا مَا هَٰذَا إِلَّا إِفْكٌ مُّفْتَرًى
وَقَالَ الَّذِينَ كَفَرُوا لِلْحَقِّ لَمَّا جَاءَهُمْ
إِنْ هَٰذَا إِلَّا سِحْرٌ مُّبِينٌ ○

৪৩. আর যখন তিলাওয়াত করা হয় তাদের কাছে আমার সুস্পষ্ট আয়াতসমূহ, তখন তারা বলে, এ ব্যক্তি তো চায় বাধা দিতে তোমাদের পূর্ব পুরুষরা যার ইবাদত করত তাতে। আর তারা আরো বলে, এ তো মিথ্যা উদ্ভাবন ছাড়া আর কিছু নয় এবং যারা কুফ্‌রী করেছে তাদের কাছে যখন সত্য আসে, তখন তারা বলে, এতো এক সুস্পষ্ট যাদু।

٤٤- وَمَا آتَيْنَاهُم مِّن كُتُبٍ يَدْرُسُونَهَا
وَمَا أَرْسَلْنَا إِلَيْهِمْ قَبْلَكَ مِن نَّذِيرٍ ○

৪৪. আমি দেইনি তাদের এর আগে কোন কিতাব, যা তারা পাঠ করত এবং আমি পাঠাইনি তাদের কাছে আপনার আগে কোন সতর্ককারী।

٤٥- وَكَذَّبَ الَّذِينَ مِن قَبْلِهِمْ
وَمَا بَلَغُوا مِعْشَارَ
مَا آتَيْنَاهُمْ فَكَذَّبُوا رُسُلِي
فَكَيْفَ كَانَ نَكِيرِ ○

৪৫. আর অস্বীকার করেছিল তাদের পূর্ববর্তীরাও। আমি তাদের যা দিয়েছিলাম এরা তার দশভাগের এক ভাগও পায়নি, তবুও তারা অস্বীকার করছে আমার রাসূলদের। ফলে কত ভয়ঙ্কর হয়েছিল আমার শাস্তি।

٤٦- قُلْ إِنَّمَا أَعِظُكُم بِوَاحِدَةٍ
أَن تَقُومُوا لِلَّهِ مَثْنَىٰ وَفُرَادَىٰ
ثُمَّ تَتَفَكَّرُوا مَا بِصَاحِبِكُم مِّن جِنَّةٍ
إِنْ هُوَ إِلَّا نَذِيرٌ لَّكُم
بَيْنَ يَدَيْ عَذَابٍ شَدِيدٍ ○

৪৬. আপনি বলুন, আমি তোমাদের একটি বিষয়ে উপদেশ দিচ্ছি ঃ তোমরা দাঁড়াও আল্লাহ্‌র উদ্দেশ্যে দু' দু'জন ও এক একজন করে, এরপর চিন্তা কর, নেই তোমাদের এই সাথীর মাঝে আদৌ কোন পাগলামী। তিনি তো একজন সতর্ককারী, তোমাদের জন্য আসন্ন কঠিন শাস্তি সম্পর্কে।

৪৭. বলুন ঃ যে বিনিময় আমি চাই তোমাদের কাছে তা তো তোমাদেরই জন্য। আমার বিনিময় তো আল্লাহ্‌র কাছে এবং তিনি সর্ববিষয়ে সম্যক দ্রষ্টা।

٤٧- قُلْ مَا سَأَلْتُكُمْ مِّنْ أَجْرٍ فَهُوَ لَكُمْ ۖ
إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى اللَّهِ ۖ
وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ ○

৪৮. বলুন ঃ আমার রব তো সত্য নাযিল করেন, তিনি তো গায়েব সম্বন্ধে সবিশেষ অবহিত।

٤٨- قُلْ إِنَّ رَبِّي يَقْذِفُ بِالْحَقِّ ۖ
عَلَّامُ الْغُيُوبِ ○

৪৯. বলুন ঃ এসেছে সত্য, আর অসত্য সে তো পারে না নতুন কিছু সৃষ্টি করতে আর না পারে কোন কিছু পুনরাবৃত্তি করতে।

٤٩- قُلْ جَاءَ الْحَقُّ
وَمَا يُبْدِئُ الْبَاطِلُ وَمَا يُعِيدُ ○

৫০. বলুন ঃ আমি যদি গুমরাহ্ হই, তবে এই গুমরাহীর পরিণাম তো আমারই আর যদি হিদায়েতের উপর থাকি, তবে তা এ জন্য যে, আমার প্রতি ওহী করেন আমার রব। তিনি তো সব শোনেন, সন্নিকট।

٥٠- قُلْ إِن ضَلَلْتُ فَإِنَّمَا أَضِلُّ عَلَىٰ نَفْسِي ۖ
وَإِنِ اهْتَدَيْتُ فَبِمَا يُوحِي إِلَيَّ رَبِّي ۚ
إِنَّهُ سَمِيعٌ قَرِيبٌ ○

সূরা ফাতির, ৩৫ ঃ ৪, ৮, ২২, ২৩, ২৪, ২৫, ৩১

৪. আর যদি তারা অস্বীকার করে আপনাকে, তবে তো অস্বীকার করা হয়েছিল রাসূলদের আপনার আগেও। আর আল্লাহ্‌রই কাছে ফিরিয়ে আনা হবে সব কিছু।

٤- وَإِن يُكَذِّبُوكَ فَقَدْ كُذِّبَتْ
رُسُلٌ مِّن قَبْلِكَ ۚ
وَإِلَى اللَّهِ تُرْجَعُ الْأُمُورُ ○

৮. যদি কাউকে তার মন্দকাজ শোভন করে দেখানো হয়, আর সে তা উত্তম মনে করে সে কি তার সমান, যে নেক্‌কাজ করে ? আল্লাহ্ গুমরাহ্ করেন যাকে চান এবং হিদায়েত দান করেন যাকে চান। অতএব আপনার প্রাণ যেন ধ্বংস না হয় তাদের ব্যাপারে আক্ষেপ করে। নিশ্চয় আল্লাহ্ সব জানেন, তারা যা করে তা।

٨- أَفَمَن زُيِّنَ لَهُ سُوءُ عَمَلِهِ فَرَآهُ حَسَنًا ۚ
فَإِنَّ اللَّهَ يُضِلُّ مَن يَشَاءُ
وَيَهْدِي مَن يَشَاءُ ۖ
فَلَا تَذْهَبْ نَفْسُكَ عَلَيْهِمْ حَسَرَاتٍ ۚ
إِنَّ اللَّهَ عَلِيمٌ بِمَا يَصْنَعُونَ ○

২২. আর সমান নয় জীবিত ও মৃত। নিশ্চয় আল্লাহ্ শোনান যাকে চান। আর আপনি

٢٢- وَمَا يَسْتَوِي الْأَحْيَاءُ وَلَا الْأَمْوَاتُ ۚ

اِنَّ اللّٰهَ يُسْمِعُ مَنْ يَّشَآءُ ۚ وَمَآ اَنْتَ بِمُسْمِعٍ مَّنْ فِى الْقُبُوْرِ ○

শুনাতে পারেন না তাদের, যারা রয়েছে কবরে।

٢٣- اِنْ اَنْتَ اِلَّا نَذِيْرٌ ○

২৩. আপনি তো একজন সতর্ককারী মাত্র।

٢٤- اِنَّآ اَرْسَلْنٰكَ بِالْحَقِّ بَشِيْرًا وَّنَذِيْرًا ؕ وَاِنْ مِّنْ اُمَّةٍ اِلَّا خَلَا فِيْهَا نَذِيْرٌ ○

২৪. আমি তো পাঠিয়েছি আপনাকে সত্যসহ একজন সুসংবাদদাতা ও সতর্ককারী-রূপে। আর নেই এমন কোন জাতি যার কাছে আসেনি কোন সতর্ককারী।

٢٥- وَاِنْ يُّكَذِّبُوْكَ فَقَدْ كَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۚ جَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ وَبِالزُّبُرِ وَبِالْكِتٰبِ الْمُنِيْرِ ○

২৫. আর তারা যদি আপনাকে অস্বীকার করে, তবে তো অস্বীকার করেছিল তাদের পূর্ববর্তীরাও। তাদের কাছে এসেছিল তাদের রাসূলগণ সুস্পষ্ট নিদর্শন, সহীফা ও উজ্জ্বল কিতাব নিয়ে।

٣١- وَالَّذِىْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ مِنَ الْكِتٰبِ هُوَ الْحَقُّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ ؕ اِنَّ اللّٰهَ بِعِبَادِهٖ لَخَبِيْرٌۢ بَصِيْرٌ ○

৩১. আর আমি আপনার প্রতি যে কিতাব নাযিল করেছি তা সত্য, যা সমর্থক পূর্ববর্তী কিতাবের। নিশ্চয় আল্লাহ্ তার বান্দাদের সম্বন্ধে সম্যক অবহিত, সর্বদ্রষ্টা।

সূরা ইয়াসীন, ৩৬ : ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ৬৯, ৭০, ৭৬

١- يٰسٓ ○

১. ইয়া-সীন,

٢- وَالْقُرْاٰنِ الْحَكِيْمِ ○

২. কসম কুরআনে-হাকীমের,

٣- اِنَّكَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ○

৩. অবশ্যই আপনি তো একজন রাসূল,

٤- عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ○

৪. আপনি আছেন সরল সঠিক পথে।

٥- تَنْزِيْلَ الْعَزِيْزِ الرَّحِيْمِ ○

৫. এ করআন নাযিল করা হয়েছে পরাক্রমশালী, পরম দয়ালু আল্লাহ্র তরফ থেকে,

٦- لِتُنْذِرَ قَوْمًا مَّآ اُنْذِرَ اٰبَآؤُهُمْ فَهُمْ غٰفِلُوْنَ ○

৬. যাতে আপনি সতর্ক করতে করতে পারেন এমন এক কাওমকে, যাদের পিতৃপুরুষদের সতর্ক করা হয়নি, ফলে তারা গাফিল।

٧- لَقَدْ حَقَّ الْقَوْلُ عَلٰٓى اَكْثَرِهِمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ○

৭. অবধারিত হয়েছে তাদের অধিকাংশের উপর আল্লাহ্র বাণী, ফলে তারা ঈমান আনবে না।

www.pathagar.com

৮. আমি তো পরিয়ে দিয়েছি তাদের গলদেশে চিবুক পর্যন্ত বেড়ি, ফলে তারা উর্ধমূখী হয়ে গেছে।

٨- اِنَّا جَعَلْنَا فِيْٓ اَعْنَاقِهِمْ اَغْلٰلًا فَهِيَ اِلَى الْاَذْقَانِ فَهُمْ مُّقْمَحُوْنَ ○

৯. আর আমি স্থাপন করেছি তাদের সামনে প্রাচীর এবং তাদের পেছনেও প্রাচীর; আর তাদের আমি আচ্ছন্ন করে দিয়েছি; ফলে তারা দেখতে পায় না।

٩- وَجَعَلْنَا مِنْۢ بَيْنِ اَيْدِيْهِمْ سَدًّا وَّمِنْ خَلْفِهِمْ سَدًّا فَاَغْشَيْنٰهُمْ فَهُمْ لَا يُبْصِرُوْنَ ○

১০. আর আপনি তাদের সতর্ক করুন, আর না-ই করুন, উভয়ই তাদের জন্য সমান, তারা ঈমান আনবে না।

١٠- وَسَوَآءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ لَا يُؤْمِنُوْنَ ○

১১. আপনি তো কেবল তাকেই সতর্ক করতে পারেন, যে মেনে চলে উপদেশ এবং ভয় করে আল্লাহ্‌কে না দেখে। অতএব আপনি তাকে সুসংবাদ দিন ক্ষমা ও মহা-পুরস্কারের।

١١- اِنَّمَا تُنْذِرُ مَنِ اتَّبَعَ الذِّكْرَ وَخَشِيَ الرَّحْمٰنَ بِالْغَيْبِ ۚ فَبَشِّرْهُ بِمَغْفِرَةٍ وَّاَجْرٍ كَرِيْمٍ ○

৬৯. আর আমি শিখাইনি তাকে (রাসূলুল্লাহ্‌কে) কবিতা এবং তার জন্য এটা শোভনীয় নয়। এতো কেবল এক উপদেশ এবং সুস্পষ্ট কুরআন।

٦٩- وَمَا عَلَّمْنٰهُ الشِّعْرَ وَمَا يَنْۢبَغِيْ لَهٗ ۚ اِنْ هُوَ اِلَّا ذِكْرٌ وَّقُرْاٰنٌ مُّبِيْنٌ ○

৭০. যাতে তিনি সতর্ক করতে পারেন তাকে যে জীবিত এবং যাতে সত্য বলে সাব্যস্ত হতে পারে কাফিরদের বিরুদ্ধে শাস্তির কথা।

٧٠- لِّيُنْذِرَ مَنْ كَانَ حَيًّا وَّيَحِقَّ الْقَوْلُ عَلَى الْكٰفِرِيْنَ ○

৭৬. আর আপনাকে যেন দুঃখ না দেয় তাদের কথা। আমি তো জানি, যা তারা গোপন করে এবং যা তারা প্রকাশ করে।

٧٦- فَلَا يَحْزُنْكَ قَوْلُهُمْ ۘ اِنَّا نَعْلَمُ مَا يُسِرُّوْنَ وَمَا يُعْلِنُوْنَ ○

সূরা সোয়াদ, ৩৮ ঃ ২৯, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৮৬, ৮৭, ৮৮

২৯. এ কিতাব, যা আমি আপনার প্রতি নাযিল করেছি, তা বরকতময়। যাতে মানুষ অনুধাবন করে এর আয়াতসমূহ এবং উপদেশ গ্রহণ করে বোধশক্তি-সম্পন্ন লোকেরা।

٢٩- كِتٰبٌ اَنْزَلْنٰهُ اِلَيْكَ مُبٰرَكٌ لِّيَدَّبَّرُوْٓا اٰيٰتِهٖ وَلِيَتَذَكَّرَ اُولُوا الْاَلْبَابِ ○

৬৫. বলুন ঃ আমি তো একজন সতর্ককারী মাত্র। আর নেই কোন ইলাহ্ আল্লাহ্ ছাড়া, যিনি এক প্রবল প্রতাপশালী।

٦٥- قُلْ إِنَّمَا أَنَا مُنذِرٌ ۖ
وَمَا مِنْ إِلَٰهٍ إِلَّا اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ ○

৬৬. যিনি রব আসমান ও যমীন এবং এ দু'য়ের মাঝে যা কিছু আছে তার, যিনি পরাক্রমশালী, মহাক্ষমাশীল।

٦٦- رَبُّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ
وَمَا بَيْنَهُمَا الْعَزِيزُ الْغَفَّارُ ○

৬৭. আপনি বলুন ইহা এক মহাসংবাদ,

٦٧- قُلْ هُوَ نَبَأٌ عَظِيمٌ ○

৬৮. তোমরা যা থেকে মুখ ফিরিয়ে নিচ্ছ।

٦٨- أَنتُمْ عَنْهُ مُعْرِضُونَ ○

৬৯. আমার কোন জ্ঞান ছিল না সর্বোচ্চ জগত সম্পর্কে, যখন ফিরিশ্তারা বাদানুবাদ করেছিল।

٦٩- مَا كَانَ لِيَ مِنْ عِلْمٍ بِالْمَلَإِ الْأَعْلَىٰ
إِذْ يَخْتَصِمُونَ ○

৭০. আমার কাছে এ ওহী করা হয় যে, আমি তো একজন স্পষ্ট সতর্ককারী।

٧٠- إِن يُوحَىٰ إِلَيَّ إِلَّا أَنَّمَا أَنَا
نَذِيرٌ مُّبِينٌ ○

৮৬. বলুন ঃ আমি চাই না তোমাদের কাছে এর জন্য কোন প্রতিদান এবং নই আমি বানোয়াটকারীদের অন্তর্ভুক্ত।

٨٦- قُلْ مَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ
وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ ○

৮৭. এ কুরআন তো উপদেশ মাত্র সারা জাহানের জন্য।

٨٧- إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ لِّلْعَالَمِينَ ○

৮৮. আর অবশ্যই তোমরা অবগত হবে এর সংবাদ কিছুকাল পরে।

٨٨- وَلَتَعْلَمُنَّ نَبَأَهُ بَعْدَ حِينٍ ○

সূরা যুমার, ৩৯ ঃ ১, ২, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ৩০, ৩১, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৬৪, ৬৫, ৬৬

১. নাযিল করা হয়েছে এ কিতাব আল্লাহ্র তরফ থেকে, যিনি পরাক্রমশালী, হিক্মতওয়ালা।

١- تَنزِيلُ الْكِتَابِ مِنَ اللَّهِ
الْعَزِيزِ الْحَكِيمِ ○

২. নিশ্চয় আমি নাযিল করেছি এ কিতাব আপনার প্রতি সত্যসহ, সুতরাং ইবাদত করুন আল্লাহ্র, তাঁর আনুগত্যে বিশুদ্ধচিত্ত হয়ে।

٢- إِنَّا أَنزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ
فَاعْبُدِ اللَّهَ مُخْلِصًا لَّهُ الدِّينَ ○

১০. আপনি বলে দিন ঃ হে আমার বান্দারা, যারা ঈমান এনেছ। তোমরা ভয় কর তোমাদের রবকে। যারা উত্তম কাজ

١٠- قُلْ يَا عِبَادِ الَّذِينَ
آمَنُوا اتَّقُوا رَبَّكُمْ ۚ

www.pathagar.com

لِلَّذِينَ أَحْسَنُوا فِي هَٰذِهِ الدُّنْيَا
حَسَنَةٌ ۗ وَأَرْضُ اللَّهِ وَاسِعَةٌ ۗ
إِنَّمَا يُوَفَّى الصَّابِرُونَ أَجْرَهُم بِغَيْرِ حِسَابٍ ○

করে এ দুনিয়ায়, তাদের জন্য রয়েছে কল্যাণ আর আল্লাহ্‌র যমীন প্রশস্ত। বস্তুত পরিপূর্ণ পুরস্কার দেয়া হবে সবরকারীদের অপরিমিত।

١١- قُلْ إِنِّي أُمِرْتُ أَنْ أَعْبُدَ اللَّهَ
مُخْلِصًا لَّهُ الدِّينَ ○

১১. বলুন ঃ আমি তো আদিষ্ট হয়েছি ইবাদত করতে আল্লাহ্‌র, তাঁর আনুগত্যে বিশুদ্ধচিত্ত হয়ে,

١٢- وَأُمِرْتُ لِأَنْ أَكُونَ أَوَّلَ الْمُسْلِمِينَ ○

১২. আরো আদিষ্ট হয়েছি যে, আমি যেন হই প্রথম মুসলিম।

١٣- قُلْ إِنِّي أَخَافُ إِنْ عَصَيْتُ
رَبِّي عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ○

১৩. বলুন ঃ আমি ভয় করি মহাদিনের শাস্তির, যদি আমি অবাধ্য হই আমার রবের।

١٤- قُلِ اللَّهَ أَعْبُدُ
مُخْلِصًا لَّهُ دِينِي ○

১৪. আপনি বলুন ঃ আল্লাহ্‌রই আমি ইবাদত করি, তাঁর প্রতি আমার আনুগত্যকে একনিষ্ঠ রেখে।

١٥- فَاعْبُدُوا مَا شِئْتُم مِّن دُونِهِ ۗ
قُلْ إِنَّ الْخَاسِرِينَ الَّذِينَ خَسِرُوا
أَنفُسَهُمْ وَأَهْلِيهِمْ يَوْمَ الْقِيَامَةِ ۗ
أَلَا ذَٰلِكَ هُوَ الْخُسْرَانُ الْمُبِينُ ○

১৫. আর তোমরা ইবাদত কর, যার ইচ্ছা তার, আল্লাহ্‌র পরিবর্তে। বলুন ঃ নিশ্চয় ক্ষতিগ্রস্ত তারাই, যারা ক্ষতি করে নিজেদের ও নিজেদের পরিবার বর্গের, কিয়ামতের দিন। জেনে রাখ, এটাই সুস্পষ্ট ক্ষতি।

٣٠- إِنَّكَ مَيِّتٌ وَإِنَّهُم مَّيِّتُونَ ○

৩০. আপনি তো মরণশীল এবং তারাও মরণশীল।

٣١- ثُمَّ إِنَّكُمْ يَوْمَ الْقِيَامَةِ
عِندَ رَبِّكُمْ تَخْتَصِمُونَ ○

৩১. অবশেষে তোমরা কিয়ামতের দিন, তোমাদের রবের সামনে বাক বিতণ্ডা করবে।

٣٦- أَلَيْسَ اللَّهُ بِكَافٍ عَبْدَهُ ۖ
وَيُخَوِّفُونَكَ بِالَّذِينَ مِن دُونِهِ ۚ
وَمَن يُضْلِلِ اللَّهُ فَمَا لَهُ مِنْ هَادٍ ○

৩৬. আল্লাহ্ কি যথেষ্ট নন তাঁর বান্দার জন্য ? অথচ তারা আপনাকে ভয় দেখায় আল্লাহ্‌র পরিবর্তে অপরের। আর যাকে পথভ্রষ্ট করেন আল্লাহ্, নেই তার জন্য কো পথপ্রদর্শক।

٣٧- وَمَن يَهْدِ اللَّهُ فَمَا لَهُ مِن مُّضِلٍّ ۗ
أَلَيْسَ اللَّهُ بِعَزِيزٍ ذِي انتِقَامٍ ○

৩৭. আর যাকে হিদায়েত দান করেন আল্লাহ্, নেই তার জন্য কোন পথ-ভ্রষ্টকারী। আল্লাহ্ কি পরাক্রমশালী, শাস্তিদাতা নন ?

www.pathagar.com

৩৮. আর আপনি যদি তাদের জিজ্ঞেস করেন ঃ কে সৃষ্টি করেছে আসমান ও যমীন ? তারা অবশ্যই বলবে ঃ আল্লাহ্। আপনি বলুন, তোমরা কি ভেবে দেখেছ, তোমরা যাদের পূজা কর আল্লাহ্‌কে বাদ দিয়ে, আল্লাহ্ আমার কোন অনিষ্ট করতে চাইলে, তারা কি সে অনিষ্ট দূর করতে পারবে ? অথবা আল্লাহ্ আমার প্রতি কোন অনুগ্রহ করতে চাইলে, তারা কি সে অনুগ্রহ ঠেকাতে পারবে ? বলুন ঃ আল্লাহ্ই আমার জন্য যথেষ্ট। তাঁরই উপর ভরসা করে নির্ভরকারীরা।

٣٨- وَلَئِنْ سَاَلْتَهُمْ مَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ لَيَقُوْلُنَّ اللّٰهُ ؕ
قُلْ اَفَرَءَيْتُمْ مَّا تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ اِنْ اَرَادَنِيَ اللّٰهُ بِضُرٍّ
هَلْ هُنَّ كٰشِفٰتُ ضُرِّهٖۤ اَوْ اَرَادَنِيْ بِرَحْمَةٍ
هَلْ هُنَّ مُمْسِكٰتُ رَحْمَتِهٖ ؕ قُلْ حَسْبِيَ اللّٰهُ ؕ عَلَيْهِ يَتَوَكَّلُ الْمُتَوَكِّلُوْنَ ○

৩৯. আপনি বলুন ঃ হে আমার কাওম! তোমরা কাজ করতে থাক নিজনিজ স্থানে থেকে আমিও কাজ করছি। অচিরেই তোমরা জানতে পারবে—

٣٩- قُلْ يٰقَوْمِ اعْمَلُوْا عَلٰى مَكَانَتِكُمْ اِنِّيْ عَامِلٌ ۚ
فَسَوْفَ تَعْلَمُوْنَ ○

৪০. কার উপর আসবে লাঞ্ছনাদায়ক শাস্তি, আর আপতিত হবে কার উপর স্থায়ী শাস্তি।

٤٠- مَنْ يَّاْتِيْهِ عَذَابٌ يُّخْزِيْهِ
وَيَحِلُّ عَلَيْهِ عَذَابٌ مُّقِيْمٌ ○

৪১. আমি তো নাযিল করেছি আপনার প্রতি এ কিতাব লোকদের জন্য সত্যসহ। আর যে কেউ সৎপথ অবলম্বন করে, সে তো করে নিজেরই জন্য। আর যে বিপথগামী হয়, সে তো বিপথগামী হয় নিজেরই ধ্বংসের জন্য এবং আপনি তাদের যিম্মাদার নন।

٤١- اِنَّاۤ اَنْزَلْنَا عَلَيْكَ الْكِتٰبَ لِلنَّاسِ بِالْحَقِّ ۚ
فَمَنِ اهْتَدٰى فَلِنَفْسِهٖ ۚ
وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۚ
وَمَاۤ اَنْتَ عَلَيْهِمْ بِوَكِيْلٍ ○

৬৪. আপনি বলুন ঃ হে মূর্খরা ! তোমরা কি আমাকে হুকুম করছ ইবাদত করতে আল্লাহ্ ছাড়া অন্যের ?

٦٤- قُلْ اَفَغَيْرَ اللّٰهِ تَاْمُرُوْٓنِّيْۤ اَعْبُدُ اَيُّهَا الْجٰهِلُوْنَ ○

৬৫. আর অবশ্যই ওহী করা হয়েছে আপনার প্রতি এবং আপনার পূর্ববর্তীদের প্রতি যদি আপনি শরীক করেন আল্লাহ্‌র সাথে, অবশ্যই নিষ্ফল হয়ে যাবে আপনার কাজ এবং অবশ্যই আপনি শামিল হবেন ক্ষতিগ্রস্তদের।

٦٥- وَلَقَدْ اُوْحِيَ اِلَيْكَ وَاِلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكَ ۚ
لَئِنْ اَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ
وَلَتَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ ○

www.pathagar.com

৬৬. অতএব আপনি ইবাদত করুন আল্লাহ্‌রই এবং হন শোকরগুযারদের শামিল।

٦٦- بَلِ اللّٰهَ فَاعۡبُدۡ وَكُنۡ مِّنَ الشّٰكِرِيۡنَ ○

সূরা মু'মিন, ৪০ ঃ ৬৬, ৭৭, ৭৮

৬৬. আপনি বলুন ঃ আমাকে নিষেধ করা হয়েছে ইবাদত করতে তাদের, যাদের তোমরা পূজা কর আল্লাহ্‌কে ছেড়ে যখন এসেছে আমার কাছে স্পষ্ট নিদর্শন আমার রবের তরফ থেকে। আর আমি আদিষ্ট হয়েছি আত্মসমর্পণ করতে রাব্বুল আলামীনের কাছে।

٦٦- قُلۡ اِنِّیۡ نُهِيۡتُ اَنۡ اَعۡبُدَ الَّذِيۡنَ
تَدۡعُوۡنَ مِنۡ دُوۡنِ اللّٰهِ
لَمَّا جَآءَنِیَ الۡبَيِّنٰتُ مِنۡ رَّبِّیۡ ز
وَ اُمِرۡتُ اَنۡ اُسۡلِمَ لِرَبِّ الۡعٰلَمِيۡنَ ○

৭৭. অতএব আপনি সবর করুন। আল্লাহ্‌র ওয়াদা তো সত্য। যদি আপনাকে আমি দেখিয়ে দেই, যে ওয়াদা আমি আপনাকে দেই, তার কতক অথবা আপনাকে মৃত্যু দেই, তবে আমারই কাছে তো প্রত্যাবর্তন।

٧٧- فَاصۡبِرۡ اِنَّ وَعۡدَ اللّٰهِ حَقٌّ ج
فَاِمَّا نُرِيَنَّكَ بَعۡضَ الَّذِیۡ نَعِدُهُمۡ
اَوۡ نَتَوَفَّيَنَّكَ
فَاِلَيۡنَا يُرۡجَعُوۡنَ ○

৭৮. আর আমি তো পাঠিয়েছি আপনার আগে অনেক রাসূল, যাদের কতকের কথা আমি বিবৃত করেছি আপনার কাছে এবং কতকের কথা বিবৃত করিনি আপনার কাছে আর কোন রাসূলের কাজ নয় যে, সে উপস্থিত করবে কোন মু'জিযা আল্লাহ্‌র অনুমতি ছাড়া। যখন আসবে আল্লাহ্‌র আদেশ, তখন ফয়সালা হয়ে যাবে ন্যায়সঙ্গতভাবে। আর ক্ষতিগ্রস্ত হবে তখন বাতিলপন্থীরা।

٧٨- وَ لَقَدۡ اَرۡسَلۡنَا رُسُلًا مِّنۡ قَبۡلِكَ
مِنۡهُمۡ مَّنۡ قَصَصۡنَا عَلَيۡكَ
وَمِنۡهُمۡ مَّنۡ لَّمۡ نَقۡصُصۡ عَلَيۡكَ ط
وَمَا كَانَ لِرَسُوۡلٍ اَنۡ يَّاۡتِیَ بِاٰيَةٍ
اِلَّا بِاِذۡنِ اللّٰهِ ج فَاِذَا جَآءَ اَمۡرُ اللّٰهِ
قُضِیَ بِالۡحَقِّ
وَخَسِرَ هُنَالِكَ الۡمُبۡطِلُوۡنَ ○

সূরা হা-মীম আস্ সাজ্‌দা, ৪১ ঃ ৬, ৭, ৪৩, ৪৪, ৫২, ৫৩

৬. বলুন ঃ আমি তো তোমাদেরই মত একজন মানুষ, আমার প্রতি ওহী হয় যে, তোমাদের ইলাহ্ তো এক ইলাহ্। অতএব তোমরা দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত থাক তাঁর পথে এবং ক্ষমা প্রার্থনা কর তাঁরই কাছে। আর দুর্ভোগ মুশরিকদের জন্য,

٦- قُلۡ اِنَّمَاۤ اَنَا بَشَرٌ مِّثۡلُكُمۡ يُوۡحٰۤى اِلَیَّ
اَنَّمَاۤ اِلٰهُكُمۡ اِلٰهٌ وَّاحِدٌ فَاسۡتَقِيۡمُوۡۤا
اِلَيۡهِ وَاسۡتَغۡفِرُوۡهُ ط
وَوَيۡلٌ لِّلۡمُشۡرِكِيۡنَ ○

৭. যারা যাকাত দেয় না এবং তারা আখিরাতেও অবিশ্বাসী।

٧- الَّذِيْنَ لَا يُؤْتُوْنَ الزَّكٰوةَ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ كٰفِرُوْنَ ○

৪৩. আপনার সম্বন্ধে তো তা-ই বলা হয়, যা বলা হত আপনার পূর্ববর্তী রাসূলদের সম্পর্কে। নিশ্চয় আপনার রব পরম ক্ষমাশীল, কঠিন শাস্তিদাতা।

٤٣- مَا يُقَالُ لَكَ اِلَّا مَا قَدْ قِيْلَ لِلرُّسُلِ مِنْ قَبْلِكَ ؕ اِنَّ رَبَّكَ لَذُوْ مَغْفِرَةٍ وَّذُوْ عِقَابٍ اَلِيْمٍ ○

৪৪. আর যদি আমি করতাম এ কুরআনকে আজমী, তাহলে অবশ্যই তারা বলত, কেন বিশদভাবে বিবৃত করা হয়নি এর আয়াতসমূহ ? কি আশ্চর্য, এ কুরআন আজমী, আর নবী আরবী ! বলুন ঃ এ কুরআন মু'মিনদের জন্য হিদায়েত ও শিক্ষা। আর যারা ঈমান আনেনি, তাদের কানে রয়েছে বধিরতা এবং এ কুরআন তাদের জন্য অন্ধত্ব। এরা এমন যে, যেন এদের ডাকা হচ্ছে বহু দূর থেকে।

٤٤- وَلَوْ جَعَلْنٰهُ قُرْاٰنًا اَعْجَمِيًّا لَّقَالُوْا لَوْلَا فُصِّلَتْ اٰيٰتُهٗ ؕ ءَاَعْجَمِيٌّ وَّعَرَبِيٌّ ؕ قُلْ هُوَ لِلَّذِيْنَ اٰمَنُوْا هُدًى وَّشِفَآءٌ ؕ وَالَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ فِيْٓ اٰذَانِهِمْ وَقْرٌ وَّهُوَ عَلَيْهِمْ عَمًى ؕ اُولٰٓئِكَ يُنَادَوْنَ مِنْ مَّكَانٍ بَعِيْدٍ ○

৫২. আপনি বলুন ঃ তোমরা কি ভেবে দেখেছ, যদি এ কুরআন আল্লাহ্‌র তরফ থেকে এসে থাকে এবং তোমরা তা প্রত্যাখ্যান কর, তবে তার চাইতে অধিক বিভ্রান্ত কে, যে রয়েছে ঘোর বিরুদ্ধাচরণে ?

٥٢- قُلْ اَرَءَيْتُمْ اِنْ كَانَ مِنْ عِنْدِ اللّٰهِ ثُمَّ كَفَرْتُمْ بِهٖ مَنْ اَضَلُّ مِمَّنْ هُوَ فِيْ شِقَاقٍ بَعِيْدٍ ○

৫৩. অবশ্যই আমি তাদের দেখাব আমার নিদর্শনাবলী দিক-দিগন্তে এবং তাদের নিজেদের মাঝেও, ফলে সুস্পষ্ট হয়ে উঠবে তাদের কাছে যে, এ কুরআনই সত্য। এটা কি যথেষ্ট নয় আপনার রব সম্পর্কে যে, তিনি সর্ববিষয়ে সম্যক অবহিত ?

٥٣- سَنُرِيْهِمْ اٰيٰتِنَا فِى الْاٰفَاقِ وَفِيْٓ اَنْفُسِهِمْ حَتّٰى يَتَبَيَّنَ لَهُمْ اَنَّهُ الْحَقُّ ؕ اَوَلَمْ يَكْفِ بِرَبِّكَ اَنَّهٗ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ○

সূরা শূরা, ৪২ ঃ ৩, ৭, ১০, ১৫, ২৩, ২৪, ৪৮, ৫২, ৫৩

৩. এভাবেই পরাক্রমশালী প্রজ্ঞাময় আল্লাহ্ ওহী করেন আপনার প্রতি এবং আপনার পূর্ববর্তীদের প্রতি।

٣- كَذٰلِكَ يُوْحِيْٓ اِلَيْكَ وَاِلَى الَّذِيْنَ مِنْ قَبْلِكَ ۙ اللّٰهُ الْعَزِيْزُ الْحَكِيْمُ ○

www.pathagar.com

৭. আর এভাবেই আমি ওহী করেছি আপনার প্রতি কুরআন আরবী ভাষায়, যাতে আপনি সতর্ক করতে পারেন মক্কা ও এর চারপাশের জনগণকে এবং সতর্ক করতে পারেন কিয়ামতের দিন সম্পর্কে, যাতে নেই কোন সন্দেহ। সেদিন একদল জান্নাতে এবং একদল জাহান্নামে প্রবেশ করবে।

٧- وَكَذٰلِكَ اَوْحَيْنَآ اِلَيْكَ
قُرْاٰنًا عَرَبِيًّا لِّتُنْذِرَ اُمَّ الْقُرٰى
وَمَنْ حَوْلَهَا وَتُنْذِرَ يَوْمَ الْجَمْعِ
لَا رَيْبَ فِيْهِ ؕ فَرِيْقٌ فِى الْجَنَّةِ
وَفَرِيْقٌ فِى السَّعِيْرِ ○

১০. আর তোমরা যে বিষয়ে মতভেদ কর না কেন, তার ফয়সালা তো আল্লাহ্‌রই কাছে। তিনিই আল্লাহ্, আমার রব, তাঁরই উপর আমি ভরসা করি এবং তাঁরই অভিমুখী আমি।

١٠- وَمَا اخْتَلَفْتُمْ فِيْهِ مِنْ شَىْءٍ
فَحُكْمُهٗٓ اِلَى اللّٰهِ ؕ ذٰلِكُمُ اللّٰهُ رَبِّىْ
عَلَيْهِ تَوَكَّلْتُ ۖۗ وَاِلَيْهِ اُنِيْبُ ○

১৫. আর আপনি আহবান করুন, দীনের দিকে এবং দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত থাকুন তাতে, যেভাবে আপনি আদিষ্ট হয়েছেন, আর অনুসরণ করবেন না তাদের খেয়াল খুশীর। আর বলুন ঃ আমি ঈমান রাখি, আল্লাহ্ যে কিতাব নাযিল করেছেন তাতে এবং আমি আদিষ্ট হয়েছি ন্যায়বিচার করতে তোমাদের মাঝে। আল্লাহ্‌ই আমাদের রব এবং তোমাদেরও রব। আমাদের জন্য আমাদের কর্ম এবং তোমাদের জন্য তোমাদের কর্ম। নেই কোন বিবাদ আমাদের ও তোমাদের মাঝে। আল্লাহ্‌ই একত্র করবেন আমাদের এবং তাঁরই কাছে আমাদের প্রত্যাবর্তন।

١٥- فَلِذٰلِكَ فَادْعُ ۚ وَاسْتَقِمْ
كَمَآ اُمِرْتَ ۚ وَلَا تَتَّبِعْ اَهْوَآءَهُمْ ۚ
وَقُلْ اٰمَنْتُ بِمَآ اَنْزَلَ اللّٰهُ مِنْ كِتٰبٍ ۚ
وَاُمِرْتُ لِاَعْدِلَ بَيْنَكُمْ ؕ
اَللّٰهُ رَبُّنَا وَرَبُّكُمْ ؕ
لَنَآ اَعْمَالُنَا وَلَكُمْ اَعْمَالُكُمْ ؕ
لَا حُجَّةَ بَيْنَنَا وَبَيْنَكُمْ ؕ
اَللّٰهُ يَجْمَعُ بَيْنَنَا ۚ
وَاِلَيْهِ الْمَصِيْرُ ○

২৩. আল্লাহ্ জান্নাতের এ সুসংবাদ দেন তার সে সব বান্দাদের, যারা ঈমান আনে ও নেকআমল করে। আপনি বলুন ঃ আমি চাই না তোমাদের কাছে এর বিনিময়ে কোন প্রতিদান সৌহার্দ ছাড়া। আর যে কেউ উত্তম কাজ করে, আমি বাড়িয়ে দেই তার জন্য তাতে কল্যাণ।

٢٣- ذٰلِكَ الَّذِىْ يُبَشِّرُ اللّٰهُ عِبَادَهُ
الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ؕ
قُلْ لَّآ اَسْئَلُكُمْ عَلَيْهِ اَجْرًا اِلَّا الْمَوَدَّةَ فِى
الْقُرْبٰى ؕ وَمَنْ يَّقْتَرِفْ حَسَنَةً نَّزِدْ لَهٗ فِيْهَا
حُسْنًا ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ شَكُوْرٌ ○

www.pathagar.com

আল্লাহ্ তো পরম ক্ষমাশীল, পরম গুণগ্রাহী।

২৪. তারা কি বলে ঃ সে (মুহাম্মদ) আল্লাহ্ সম্পর্কে মিথ্যা উদ্ভাবন করেছে ? যদি তাই হত, তবে আল্লাহ্ মিটিয়ে দেন বাতিল এবং প্রতিষ্ঠিত করেন হক, নিজ বাণী দিয়ে। নিশ্চয় তিনি সবিশেষ অবহিত সে বিষয়ে, যা রয়েছে অন্তরে।

٢٤- اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ۚ فَاِنْ يَّشَاِ اللّٰهُ يَخْتِمْ عَلٰى قَلْبِكَ ۗ وَيَمْحُ اللّٰهُ الْبَاطِلَ وَيُحِقُّ الْحَقَّ بِكَلِمٰتِهٖ ۗ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ

৪৮. তারা যদি মুখ ফিরিয়ে নেয়, তবে আমি তো পাঠাইনি আপনাকে তাদের জন্য রক্ষক করে। আপনার কাজ তো কেবল বাণী পৌঁছে দেয়া। আর আমি যখন আস্বাদন করাই মানুষকে আমার তরফ থেকে অনুগ্রহ, তখন সে তাতে উৎফুল্ল হয় এবং যখন আপতিত হয় তাদের উপর বিপদ আপদ, তাদের কৃতকর্মের দরুন, তবে মানুষ তো অতিশয় অকৃতজ্ঞ।

٤٨- فَاِنْ اَعْرَضُوْا فَمَآ اَرْسَلْنٰكَ عَلَيْهِمْ حَفِيْظًا ۗ اِنْ عَلَيْكَ اِلَّا الْبَلٰغُ ۗ وَاِنَّآ اِذَآ اَذَقْنَا الْاِنْسَانَ مِنَّا رَحْمَةً فَرِحَ بِهَا ۚ وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌۢ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ فَاِنَّ الْاِنْسَانَ كَفُوْرٌ ○

৫২. আর এভাবেই আমি ওহী করেছি আপনার প্রতি কুরআন আমার নির্দেশে। আপনি তো জানতেন না কিতাব কি আর ঈমান কি ! পক্ষান্তরে আমি করেছি এ কুরআনকে আলো, হিদায়েত দান করি আমি তা দিয়ে যাকে চাই আমাদের বান্দাদের থেকে। আর আপনি তো দেখান কেবল সরল পথ-

٥٢- وَكَذٰلِكَ اَوْحَيْنَآ اِلَيْكَ رُوْحًا مِّنْ اَمْرِنَا ۗ مَا كُنْتَ تَدْرِيْ مَا الْكِتٰبُ وَلَا الْاِيْمَانُ وَلٰكِنْ جَعَلْنٰهُ نُوْرًا نَّهْدِيْ بِهٖ مَنْ نَّشَآءُ مِنْ عِبَادِنَا ۗ وَاِنَّكَ لَتَهْدِيْٓ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ

৫৩. সেই আল্লাহ্ পথ, যিনি মালিক আসমান ও যমীনে যা কিছু আছে সব কিছুর। জেনে রাখ, আল্লাহ্র দিকে প্রত্যাবর্তন করে সব বিষয়।

٥٣- صِرَاطِ اللّٰهِ الَّذِيْ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۗ اَلَآ اِلَى اللّٰهِ تَصِيْرُ الْاُمُوْرُ ○

সূরা যুখ্‌রুফ, ৪৩ ঃ ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫,

৪০. আপনি কি শুনাতে পারেন বধিরকে ? অথবা আপনি কি সৎপথে পরিচালিত

٤٠- اَفَاَنْتَ تُسْمِعُ الصُّمَّ اَوْ تَهْدِي الْعُمْيَ

وَمَنْ كَانَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ○

করতে পারেন অন্ধকে এবং তাকে যে রয়েছে স্পষ্ট গুমরাহীতে ?

٤١- فَاِمَّا نَذْهَبَنَّ بِكَ
فَاِنَّا مِنْهُمْ مُّنْتَقِمُوْنَ ○

৪১. আর আমি যদি আপনাকে নিয়ে যাই, তবুও আমি তাদের শাস্তি দেবই,

٤٢- اَوْ نُرِيَنَّكَ الَّذِيْ وَعَدْنٰهُمْ
فَاِنَّا عَلَيْهِمْ مُّقْتَدِرُوْنَ ○

৪২. অথবা আমি যদি আপনাকে তা প্রত্যক্ষ করাই, যে শাস্তির ভয় আমি তাদের দেখিয়েছি তা, বস্তুত আমি তাদের উপর পূর্ণ ক্ষমতাবান।

٤٣- فَاسْتَمْسِكْ بِالَّذِيْٓ اُوْحِيَ اِلَيْكَ ۚ
اِنَّكَ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ○

৪৩. অতএব আপনি দৃঢ়ভাবে ধারণ করুন, যে ওহী আপনার প্রতি করা হয় তা। আপনি তো আছেন সরল সঠিক পথে।

٤٤- وَاِنَّهٗ لَذِكْرٌ لَّكَ وَلِقَوْمِكَ ۚ
وَسَوْفَ تُسْـَٔلُوْنَ ○

৪৪. আর এ কুরআন তো উপদেশ আপনার ও আপনার কাওমের জন্য, অবশ্যই তোমাদের প্রশ্ন করা হবে এ ব্যাপারে।

٤٥- وَسْـَٔلْ مَنْ اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ
رُّسُلِنَآ اَجَعَلْنَا مِنْ دُوْنِ الرَّحْمٰنِ
اٰلِهَةً يُّعْبَدُوْنَ ○

৪৫. আপনি জিজ্ঞেস করুন, আপনার আগে যে রাসূলদের পাঠিয়েছিলাম তাদের ঃ আমি কি স্থির করেছিলাম দয়াময় আল্লাহ্ ছাড়া দেবতাদের, যাদের পূজা করা যায় ?

সূরা দুখান, ৪৪ ঃ ১৩, ১৪, ৫৮, ৫৯

١٣- اَنّٰى لَهُمُ الذِّكْرٰى
وَقَدْ جَآءَهُمْ رَسُوْلٌ مُّبِيْنٌ ○

১৩. কেমন করে তারা উপদেশ গ্রহণ করবে ? এসেছে তো তাদের কাছে এক স্পষ্ট ব্যাখ্যাকারী রাসূল।

١٤- ثُمَّ تَوَلَّوْا عَنْهُ
وَقَالُوْا مُعَلَّمٌ مَّجْنُوْنٌ ○

১৪. পরে তারা তার থেকে মুখ ফিরিয়ে নেয় এবং বলে, সে তো এক শিক্ষাপ্রাপ্ত পাগল।

٥٨- فَاِنَّمَا يَسَّرْنٰهُ بِلِسَانِكَ
لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ○

৫৮. আর আমি তো সহজ করে দিয়েছি এ কুরআনকে আপনার ভাষায়, যাতে তারা উপদেশ গ্রহণ করতে পারে।

٥٩- فَارْتَقِبْ اِنَّهُمْ مُّرْتَقِبُوْنَ ○

৫৯. সুতরাং আপনি অপেক্ষা করুন, তারাও অপেক্ষা রত।

www.pathagar.com

١٧- وَاٰتَيْنٰهُمْ بَيِّنٰتٍ مِّنَ الْاَمْرِ ۚ
فَمَا اخْتَلَفُوْٓا اِلَّا مِنْۢ بَعْدِ
مَا جَآءَهُمُ الْعِلْمُ ۙ بَغْيًاۢ بَيْنَهُمْ ۗ
اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ
فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ○

١٨- ثُمَّ جَعَلْنٰكَ عَلٰى شَرِيْعَةٍ مِّنَ الْاَمْرِ
فَاتَّبِعْهَا
وَلَا تَتَّبِعْ اَهْوَآءَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ○

١٩- اِنَّهُمْ لَنْ يُّغْنُوْا عَنْكَ مِنَ اللّٰهِ
شَيْـًٔا ۗ وَاِنَّ الظّٰلِمِيْنَ بَعْضُهُمْ
اَوْلِيَآءُ بَعْضٍ ۚ وَاللّٰهُ وَلِيُّ الْمُتَّقِيْنَ ○
٢٠- هٰذَا بَصَآئِرُ لِلنَّاسِ وَهُدًى
وَّرَحْمَةٌ لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ ○

٤- قُلْ اَرَءَيْتُمْ مَّا تَدْعُوْنَ مِنْ دُوْنِ
اللّٰهِ اَرُوْنِيْ مَاذَا خَلَقُوْا مِنَ الْاَرْضِ
اَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمٰوٰتِ ۗ
اِيْتُوْنِيْ بِكِتٰبٍ مِّنْ قَبْلِ هٰذَآ اَوْ اَثٰرَةٍ
مِّنْ عِلْمٍ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ○

٥- وَمَنْ اَضَلُّ مِمَّنْ يَّدْعُوْا
مِنْ دُوْنِ اللّٰهِ مَنْ لَّا يَسْتَجِيْبُ لَهٗٓ

www.pathagar.com

কিছুকে, যে সাড়া দিবে না তার ডাকে
কিয়ামতের দিন পর্যন্ত ? আর তারা
ওদের ডাক সম্বন্ধে গাফিল।

৬. আর যখন কিয়ামতের দিন একত্র করা
হবে মানুষকে, তখন এ দেবতারা হবে
তাদের শত্রু এবং তারা তাদের ইবাদত
অস্বীকার করবে।

৭. আর যখন তিলাওয়াত করা হয় তাদের
কাছে আমার সুস্পষ্ট আয়াতসমূহ, তখন
যারা প্রত্যাখ্যান করেছে সত্যকে তাদের
কাছে আসার পরে, তারা বলে, এতো
সুস্পষ্ট যাদু।

৮. তবে কি তারা বলে ঃ (মুহাম্মদ) এ
কুরআন নিজে রচনা করে নিয়েছে ?
বলুন ঃ যদি আমি তা উদ্ভাবন করে
থাকি, তবে তো তোমরা কিছুতেই রক্ষা
করতে পারবে না আমাকে আল্লাহ্‌র
শাস্তি থেকে। আল্লাহ্ সবিশেষ অবহিত
সে বিষয়ে, যাতে তোমরা আলোচনায়
লিপ্ত আছ। তিনি সাক্ষী হিসেবে যথেষ্ট
আমার ও তোমাদের মাঝে। আর তিনি
পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

৯. বলুন ঃ আমি তো কোন নতুন রাসূল নই
এবং আমি জানি না কি করা হবে আমার
ও তোমাদের ব্যাপারে। আমি তো
কেবল অনুসরণ করি তা, যা আমার
প্রতি ওহী করা হয়। আর আমি তো
কেবল একজন স্পষ্ট সতর্ককারী।

১০. আপনি বলুন ঃ তোমরা ভেবে দেখেছ
কি যদি এ কুরআন আল্লাহ্‌র তরফ
থেকে হয় এবং তোমরা তা প্রত্যাখ্যান
কর, অথচ সাক্ষ্য দিয়েছে একজন সাক্ষী
বনূ ইস্‌রাঈল থেকে-এর অনুরূপ
কিতাব সম্পর্কে এবং ঈমান এনেছে,
আর তোমরা ঔদ্ধত্য প্রকাশ কর ?

www.pathagar.com

إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ○

নিশ্চয় আল্লাহ্ হিদায়েত দেন না যালিম কাওমদের।

٢٩- وَإِذْ صَرَفْنَا إِلَيْكَ نَفَرًا
مِنَ الْجِنِّ يَسْتَمِعُونَ الْقُرْآنَ
فَلَمَّا حَضَرُوهُ قَالُوا أَنْصِتُوا
فَلَمَّا قُضِيَ وَلَّوْا
إِلَىٰ قَوْمِهِمْ مُنْذِرِينَ ○

২৯. আর স্মরণ করুন, আমি আকৃষ্ট করেছিলাম আপনার প্রতি একদল জিন্‌কে, যারা মনোযোগ সহকারে শুনছিল কুরআন পাঠ। তারপর যখন তারা তার কাছে উপস্থিত হল, তখন তারা বলল ঃ চুপ করে শোন। এরপর যখন কুরআন পাঠ শেষ হয়ে গেল, তখন তারা ফিরে গেল তাদের কাওমের কাছে সতর্ককারীরূপে।

٣٠- قَالُوا يَا قَوْمَنَا إِنَّا سَمِعْنَا
كِتَابًا أُنْزِلَ مِنْ بَعْدِ مُوسَىٰ
مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ يَهْدِي
إِلَى الْحَقِّ وَإِلَىٰ طَرِيقٍ مُسْتَقِيمٍ ○

৩০. তারা বলল ঃ হে আমাদের কাওম! আমরা তো শুনেছি এমন এক কিতাবের পাঠ, যা নাযিল করা হয়েছে মূসার পরে, সমর্থকরূপে এর পূর্ববর্তী কিতাবের এবং তা হিদায়েত দান করে সত্য ও সরল সঠিক পথে।

٣١- يَا قَوْمَنَا أَجِيبُوا دَاعِيَ اللَّهِ
وَآمِنُوا بِهِ يَغْفِرْ لَكُمْ مِنْ ذُنُوبِكُمْ
وَيُجِرْكُمْ مِنْ عَذَابٍ أَلِيمٍ ○

৩১. হে আমাদের কাওম! তোমরা সাড়া দাও আল্লাহ্‌র দিকে আহবানকারীর ডাকে এবং ঈমান আন তার প্রতি তিনি ক্ষমা করবেন তোমাদের পাপ এবং বাঁচাবেন তোমাদের যন্ত্রণাদায়ক আযাব থেকে।

٣٢- وَمَنْ لَا يُجِبْ دَاعِيَ اللَّهِ
فَلَيْسَ بِمُعْجِزٍ فِي الْأَرْضِ
وَلَيْسَ لَهُ مِنْ دُونِهِ أَوْلِيَاءُ
أُولَٰئِكَ فِي ضَلَالٍ مُبِينٍ ○

৩২. আর যদি কেউ সাড়া না দেয় আল্লাহ্‌র দিকে আহবানকারীর ডাকে, তবে সে ব্যর্থ করতে পারবে না পৃথিবীতে তাকে এবং নেই তার জন্য তিনি ছাড়া কোন সাহায্যকারী, তারা তো রয়েছে সুস্পষ্ট গুমরাহীতে।

٣٥- فَاصْبِرْ كَمَا صَبَرَ أُولُو الْعَزْمِ
مِنَ الرُّسُلِ وَلَا تَسْتَعْجِلْ لَهُمْ
كَأَنَّهُمْ يَوْمَ يَرَوْنَ مَا يُوعَدُونَ
لَمْ يَلْبَثُوا إِلَّا سَاعَةً مِنْ نَهَارٍ

৩৫. অতএব আপনি ধৈর্যধারণ করুন, যেমন ধৈর্যধারণ করেছিল দৃঢ়প্রতিজ্ঞ রাসূলগণ। আর আপনি তাদের জন্য ত্বরা করবেন না। যেদিন তারা দেখবে, তাদের যে বিষয়ে সতর্ক করা হয়েছে, তা সেদিন তাদের মনে হবে, তারা যেন অবস্থান

www.pathagar.com

করেনি দিনের এক মুহূর্তের বেশী। এ এক ঘোষণা, ফাসিক সম্প্রদায় ছাড়া আর কাউকে ধ্বংস করা হবে না।

بَلٰغٌ ۚ فَهَلْ يُهْلَكُ
اِلَّا الْقَوْمُ الْفٰسِقُوْنَ ○

সূরা মুহাম্মদ, ৪৭ ঃ ২, ১৩, ১৬, ২০, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩

২. আর যারা ঈমান আনে, নেকআমল করে এবং ঈমান আনে তাতে, যা নাযিল করা হয়েছে মুহাম্মদের প্রতি, আর তা-ই সত্য, তাদের রবের তরফ থেকে, তিনি ক্ষমা করবেন তাদের ত্রুটি-বিচ্যুতিসমূহ এবং শোধরে দেবেন তাদের অবস্থা।

٢-وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ
وَاٰمَنُوْا بِمَا نُزِّلَ عَلٰى مُحَمَّدٍ
وَّهُوَ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ۙ كَفَّرَ عَنْهُمْ
سَيِّاٰتِهِمْ وَاَصْلَحَ بَالَهُمْ ○

১৩. আর কত জনপদ ছিল অতি শক্তিশালী আপনার জনপদ থেকে, যেখান থেকে তারা আপনাকে বের দিয়েছে আমি তাদের ধ্বংস করে দিয়েছি আর ছিল না কোন সাহায্যকারী তাদের জন্য।

١٣- وَكَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ هِيَ اَشَدُّ قُوَّةً
مِّنْ قَرْيَتِكَ الَّتِيْٓ اَخْرَجَتْكَ ۚ
اَهْلَكْنٰهُمْ فَلَا نَاصِرَ لَهُمْ ○

১৬. আর তাদের মধ্যে এমন কিছু লোক আছে, যারা কান পেতে থাকে আপনার প্রতি, তারপর যখন তারা বেরিয়ে যায় আপনার কাছ থেকে, তখন তারা তাদের বলে, যাদের জ্ঞান দেয়া হয়েছে ঃ এইমাত্র সে কি বলল ? আল্লাহ্ তাদের অন্তর মোহর করে দিয়েছেন এবং তারা নিজেদের খেয়াল খুশীর অনুসরণ করে।

١٦- وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُ اِلَيْكَ ۚ
حَتّٰٓى اِذَا خَرَجُوْا مِنْ عِنْدِكَ
قَالُوْا لِلَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ مَاذَا قَالَ اٰنِفًا ۗ
اُولٰٓئِكَ الَّذِيْنَ طَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ
وَاتَّبَعُوْٓا اَهْوَآءَهُمْ ○

২০. আর যারা ঈমান এনেছে, তারা বলে ঃ কেন নাযিল করা হয় না একটা সূরা ? তারপর যখন নাযিল করা হয় কোন সূরা, যা দ্ব্যর্থহীন এবং যাতে উল্লেখ রয়েছে যুদ্ধের, তখন আপনি দেখবেন তাদের, যাদের অন্তরে রয়েছে ব্যাধি, তারা তাকাচ্ছে আপনার দিকে মৃত্যু ভয়ে শংকিত মানুষের মত। শোচনীয় পরিণাম তাদের জন্য!

٢٠- وَيَقُوْلُ الَّذِيْنَ اٰمَنُوْا لَوْلَا
نُزِّلَتْ سُوْرَةٌ ۚ فَاِذَآ اُنْزِلَتْ سُوْرَةٌ
مُّحْكَمَةٌ وَّذُكِرَ فِيْهَا الْقِتَالُ ۙ رَاَيْتَ
الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ يَّنْظُرُوْنَ
اِلَيْكَ نَظَرَ الْمَغْشِيِّ عَلَيْهِ
مِنَ الْمَوْتِ ۖ فَاَوْلٰى لَهُمْ ○

www.pathagar.com

٢٩- اَمْ حَسِبَ الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ
مَّرَضٌ اَنْ لَّنْ يُّخْرِجَ اللّٰهُ اَضْغَانَهُمْ ○

٣٠- وَلَوْ نَشَآءُ لَاَرَيْنٰكَهُمْ فَلَعَرَفْتَهُمْ
بِسِيْمٰهُمْ ؕ وَلَتَعْرِفَنَّهُمْ فِيْ لَحْنِ الْقَوْلِ ؕ
وَاللّٰهُ يَعْلَمُ اَعْمَالَكُمْ ○

٣١- وَلَنَبْلُوَنَّكُمْ حَتّٰى نَعْلَمَ الْمُجٰهِدِيْنَ
مِنْكُمْ وَالصّٰبِرِيْنَ ۙ
وَنَبْلُوَاْ اَخْبَارَكُمْ ○

٣٢- اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ
سَبِيْلِ اللّٰهِ وَشَآقُّوا الرَّسُوْلَ مِنْ بَعْدِ مَا
تَبَيَّنَ لَهُمُ الْهُدٰى ۙ لَنْ يَّضُرُّوا اللّٰهَ
شَيْـًٔا ؕ وَسَيُحْبِطُ اَعْمَالَهُمْ ○

٣٣- يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَطِيْعُوا اللّٰهَ
وَاَطِيْعُوا الرَّسُوْلَ وَلَا تُبْطِلُوْٓا اَعْمَالَكُمْ

١- اِنَّا فَتَحْنَا لَكَ فَتْحًا مُّبِيْنًا ○

٢- لِّيَغْفِرَ لَكَ اللّٰهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْۢبِكَ
وَمَا تَاَخَّرَ وَيُتِمَّ نِعْمَتَهٗ عَلَيْكَ

www.pathagar.com

প্রতি, আর পরিচালিত করেন আপনাকে সরল সঠিক পথে।

৩. এবং আল্লাহ্ সাহায্য করেন আপনাকে বিরাট সাহায্য।

৮. আমি তো পাঠিয়েছি আপনাকে সাক্ষীরূপে, সুসংবাদদাতা ও সতর্ক-কারীরূপে,

৯. যাতে তোমরা ঈমান আন আল্লাহ্র প্রতি ও তাঁর রাসূলের প্রতি এবং শক্তি যোগাও রাসূলকে ও সম্মান কর তাকে; আর তাসবীহ্ কর আল্লাহ্র সকাল-সন্ধ্যায়।

১০. নিশ্চয় যারা আপনার হাতে বায়'আত গ্রহণ করে, তারা তো বায়'আত গ্রহণ করে আল্লাহ্র হাতে। আল্লাহ্র হাত তাদের হাতের উপর। তারপর যে তা ভঙ্গ করে, সে তো তা ভঙ্গ করে নিজেরই অকল্যাণের জন্য। আর যে পূরণ করে আল্লাহ্র সঙ্গে কৃত ওয়াদা, আল্লাহ্ অবশ্যই তাকে দেবেন মহা-পুরস্কার।

১১. শিগ্গীরই আপনাকে বলবে পেছনে থেকে যাওয়া মরুবাসীরা, আমাদের ব্যস্ত রেখেছিল আমাদের ধন-সম্পদ ও পরিবার-পরিজন। অতএব আপনি ক্ষমা প্রার্থনা করুন আমাদের জন্য। তারা মুখে এমন কথা বলে, যা তাদের অন্তরে নেই। আপনি বলুন ঃ কে নিবৃত্ত করবে আল্লাহ্কে, যদি তিনি তোমাদের কারো ক্ষতি করতে ইচ্ছা করেন অথবা মঙ্গল সাধনের ইচ্ছা করেন। বস্তুত আল্লাহ্, যা তোমরা কর, সে বিষয়ে সম্যক অবহিত।

১২. বরং তোমরা ধারণা করেছিলে যে, কখনো ফিরে আসবেন না রাসূল ও

www.pathagar.com

মু'মিনরা তাদের পরিবার-পরিজনের কাছে এবং এ ধারণা শোভন করা হয়েছিল তোমাদের মনে। আর তোমরা মন্দ ধারণা পোষণ করেছিলে। এবং তোমরা তো এক ধ্বংসমুখী কাওম।

১৩. আর যে ঈমান আনে না আল্লাহ্‌র প্রতি ও রাসূলের প্রতি, আমি অবশ্যই প্রস্তুত রেখেছি সে সব কাফিরদের জন্য জাহান্নাম।

১৫. শিগ্‌গীরই বলবে পেছনে থেকে যাওয়া লোকেরা, যখন তোমরা যাবে গণীমতের মাল সংগ্রহ করতে ঃ যেতে দাও আমাদের তোমাদের সাথে। তারা চায় বদলে দিতে আল্লাহ্‌ প্রতিশ্রুতি। আপনি বলুন ঃ কিছুতেই তোমরা আমাদের সঙ্গী হতে পারবে না। এরূপ ঘোষণা করেছেন আল্লাহ্‌ পূর্বেই। তখন তারা অবশ্যই বলবে ঃ বরং তোমরা আমাদের প্রতি বিদ্বেষ পোষণ করছ। আসলে তারা খুব কমই অনুধাবন করে।

১৬. আপনি বলুন পেছনে থেকে যাওয়া মরুবাসীদের ঃ শিগ্‌গীরই তোমাদের ডাকা হবে যুদ্ধের জন্য এক প্রবল-পরাক্রান্ত কাওমের বিরুদ্ধে। তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ করবে, অথবা তারা আত্মসমর্পণ করবে। যদি তোমরা মেনে চল এ নির্দেশ, তবে আল্লাহ্‌ তোমাদের দেবেন উত্তম পুরস্কার। কিন্তু যদি তোমরা পৃষ্ঠপ্রদর্শন কর, যেমন তোমরা পৃষ্ঠপ্রদর্শন করেছিলে এর আগে, তাহলে তিনি তোমাদের শাস্তি দেবেন যন্ত্রণাদায়ক শাস্তি।

১৮. আল্লাহ্‌ তো সন্তুষ্ট হলেন মু'মিনদের প্রতি, যখন তারা বায়'আত গ্রহণ করল

www.pathagar.com

اِذْ يُبَايِعُوْنَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِىْ قُلُوْبِهِمْ فَاَنْزَلَ السَّكِيْنَةَ عَلَيْهِمْ وَ اَثَابَهُمْ فَتْحًا قَرِيْبًا ○

আপনার কাছে বৃক্ষতলে। তিনি জানতেন যা ছিল তাদের অন্তরে। তিনি নাযিল করলেন তাদের প্রতি প্রশান্তি এবং দান করলেন তাদের এক আসন্ন বিজয়,

১৯- وَّمَغَانِمَ كَثِيْرَةً يَّاْخُذُوْنَهَا ط وَ كَانَ اللّٰهُ عَزِيْزًا حَكِيْمًا ○

১৯. আর বিপুল পরিমাণ গণীমতের মাল, যা তারা সংগ্রহ করবে। আল্লাহ্ পরাক্রমশালী, হিক্‌মতওয়ালা।

২৬- اِذْ جَعَلَ الَّذِيْنَ كَفَرُوْا فِىْ قُلُوْبِهِمُ الْحَمِيَّةَ حَمِيَّةَ الْجَاهِلِيَّةِ فَاَنْزَلَ اللّٰهُ سَكِيْنَتَهٗ عَلٰى رَسُوْلِهٖ وَعَلَى الْمُؤْمِنِيْنَ وَ اَلْزَمَهُمْ كَلِمَةَ التَّقْوٰى وَكَانُوْٓا اَحَقَّ بِهَا وَ اَهْلَهَا ط وَكَانَ اللّٰهُ بِكُلِّ شَىْءٍ عَلِيْمًا ○

২৬. যখন পোষণ করত কাফিররা তাদের অন্তরে হটকারিতা-জাহিলী যুগের হটকারিতা, তখন নাযিল করলেন আল্লাহ্ স্বীয় প্রশান্তি তাঁর রাসূলের প্রতি এবং মু'মিনদের প্রতি এবং তাদের সুদৃঢ় করলেন তাক্‌ওয়ার বাক্যে আর তারাই ছিল এর জন্য অধিক যোগ্য ও উপযুক্ত। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বজ্ঞ।

২৭- لَقَدْ صَدَقَ اللّٰهُ رَسُوْلَهُ الرُّءْيَا بِالْحَقِّ ج لَتَدْخُلُنَّ الْمَسْجِدَ الْحَرَامَ اِنْ شَآءَ اللّٰهُ اٰمِنِيْنَ لا مُحَلِّقِيْنَ رُءُوْسَكُمْ وَ مُقَصِّرِيْنَ لا لَا تَخَافُوْنَ ط فَعَلِمَ مَا لَمْ تَعْلَمُوْا فَجَعَلَ مِنْ دُوْنِ ذٰلِكَ فَتْحًا قَرِيْبًا ○

২৭. নিশ্চয় যথাযথভাবে বাস্তবায়িত করে দেখিয়েছেন আল্লাহ্ তাঁর রাসূলকে স্বপ্নটি, অবশ্যই তোমরা প্রবেশ করবে নিরাপদে মসজিদে-হারামে আল্লাহ্‌র ইচ্ছায়, তোমাদের কেউ কেউ মাথা মুণ্ডাবে আর কেউ কেউ চুল ছোট করবে, তোমাদের কোন ভয় থাকবে না। আর আল্লাহ্ জানেন, যা তোমরা জান না। এছাড়াও তিনি তোমাদের দিয়েছেন এক নিকট বিজয়।

২৮- هُوَ الَّذِىْٓ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى وَدِيْنِ الْحَقِّ لِيُظْهِرَهٗ عَلَى الدِّيْنِ كُلِّهٖ ط وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ○

২৮. তিনিই পাঠিয়েছেন তাঁর রাসূলকে হিদায়েত ও সত্য দীনসহ, যেন তিনি সে দীনকে বিজয়ী করেন সমস্ত দীনের উপর। আর আল্লাহ্‌ই যথেষ্ট সাক্ষী হিসেবে।

২৯- مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ ط وَ الَّذِيْنَ مَعَهٗٓ اَشِدَّآءُ عَلَى الْكُفَّارِ رُحَمَآءُ بَيْنَهُمْ تَرٰىهُمْ رُكَّعًا سُجَّدًا يَّبْتَغُوْنَ فَضْلًا مِّنَ اللّٰهِ وَ رِضْوَانًا ز

২৯. মুহাম্মদ আল্লাহ্‌র রাসূল আর যারা তাঁর সঙ্গে রয়েছেন তারা কাফিরদের প্রতি কঠোর এবং নিজেদের মধ্যে সহানুভূতিশীল। তুমি তাদের দেখবে রুকূ' ও সিজ্‌দায় অবনত আল্লাহ্‌র অনুগ্রহ ও সন্তুষ্টি কামনায়। তাদের লক্ষণ তাদের

www.pathagar.com

চেহারায় সিজ্‌দার প্রভাব পরিস্ফুট থাকবে। এরূপই আছে তাদের বর্ণনা তাওরাতে। আর তাদের বর্ণনা ইন্‌যীলে এরূপ যেন একটি চারাগাছ, যা উদ্‌গত করে অংকুর, তারপর তা শক্ত হয় এবং পুষ্ট হয়ে কাণ্ডের উপর দাঁড়ায়, যা আনন্দ দেয় চাষীকে। এভাবে আল্লাহ্ অন্তর্জ্বালা সৃষ্টি করেন কাফিরদের মু'মিনদের কারণে। আল্লাহ্ প্রতিশ্রুতি দিয়েছেন, যারা ঈমান আনে ও নেকআমল করে তাদের ক্ষমা ও মহাপুরস্কারের।

সূরা হুজুরাত, ৪৯ ঃ ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ১৪, ১৫, ১৬, ১৭

১. ওহে, যারা ঈমান এনেছ! তোমরা অগ্রণী হয়ো না কোন বিষয়ে আল্লাহ্ ও তাঁর রাসূলের সামনে এবং ভয় কর আল্লাহকে! নিশ্চয়ই আল্লাহ্ সব কিছু শোনেন, সব কিছু জানেন।

২. ওহে, যারা ঈমান এনেছ! উঁচু করো না তোমাদের কণ্ঠস্বর নবীর কণ্ঠস্বরের উপর এবং তাঁর সাথে সেভাবে উঁচুস্বরে কথা বলো না, যেভাবে তোমরা উচ্চস্বরে কথা বল পরস্পর, পাছে তোমাদের কর্মফল বিনষ্ট হয়ে যায় এবং তোমরা তা জানবেও না।

৩. আর যারা নিচু করে তাদের কণ্ঠস্বর আল্লাহ্‌র রাসূলের সামনে, আল্লাহ্ তাদের অন্তর পরীক্ষা করে নিয়েছেন তাক্‌ওয়ার জন্য। তাদের জন্য রয়েছে ক্ষমা ও মহাপুরস্কার।

৪. যারা আপনাকে ডাকে কক্ষের বাহির থেকে, তাদের অধিকাংশই নির্বোধ।

৫. আর যদি তারা সবর করত আপনার তাদের কাছে বেরিয়ে আসা পর্যন্ত, তা

www.pathagar.com

إِلَيْهِمْ لَكَانَ خَيْرًا لَّهُمْ ۚ
وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ○

হলে তা হতো তাদের জন্য উত্তম। আর আল্লাহ্ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

٦- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا
إِن جَاءَكُمْ فَاسِقٌ بِنَبَإٍ
فَتَبَيَّنُوا أَن تُصِيبُوا قَوْمًا بِجَهَالَةٍ
فَتُصْبِحُوا عَلَىٰ مَا فَعَلْتُمْ نَادِمِينَ ○

৬. ওহে, যারা ঈমান এনেছ! যদি আসে তোমাদের কাছে কোন পাপাচারী কোন খবর নিয়ে, তাহলে তোমরা তা পরীক্ষা করে দেখবে, পাছে তোমরা কোন কাওমের ক্ষতি করে বস অজ্ঞতাবশত এবং পরে তোমাদের অনুতপ্ত হতে হয়, তোমরা যা করেছ তার জন্য।

٧- وَاعْلَمُوا أَنَّ فِيكُمْ رَسُولَ اللَّهِ ۚ
لَوْ يُطِيعُكُمْ فِي كَثِيرٍ مِّنَ الْأَمْرِ لَعَنِتُّمْ
وَلَٰكِنَّ اللَّهَ حَبَّبَ إِلَيْكُمُ الْإِيمَانَ
وَزَيَّنَهُ فِي قُلُوبِكُمْ
وَكَرَّهَ إِلَيْكُمُ الْكُفْرَ وَالْفُسُوقَ وَالْعِصْيَانَ ۚ
أُولَٰئِكَ هُمُ الرَّاشِدُونَ ○

৭. আর জেনে রাখ, নিশ্চয় তোমাদের মাঝে আছেন আল্লাহ্‌র রাসূল, তিনি যদি শুনতেন তোমাদের কথা বহু বিষয়ে, তাহলে তোমরা কষ্ট পেতে। কিন্তু আল্লাহ্ প্রিয় করেছেন, তোমাদের কাছে ঈমানকে এবং শোভন করেছেন তা তোমাদের অন্তরে আর অপ্রিয় করেছেন তোমাদের কাছে কুফ্‌রী, ফাসিকী ও গুমরাহীকে। তারাই সৎপথ অবলম্বন-কারী।

١٤- قَالَتِ الْأَعْرَابُ آمَنَّا ۖ
قُل لَّمْ تُؤْمِنُوا وَلَٰكِن قُولُوا أَسْلَمْنَا
وَلَمَّا يَدْخُلِ الْإِيمَانُ فِي قُلُوبِكُمْ ۖ
وَإِن تُطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ
لَا يَلِتْكُم مِّنْ أَعْمَالِكُمْ شَيْئًا ۚ
إِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ○

১৪. বেদুঈনরা বলে, আমরা ঈমান আনলাম, আপনি বলুন ঃ তোমরা ঈমান আননি। বরং তোমরা বল ঃ আমরা আত্মসমর্পণ করেছি, কারণ এখনো প্রবেশ করেনি ঈমান তোমাদের অন্তরে। আর যদি তোমরা আনুগত্য কর আল্লাহ্ ও তাঁর রাসূলের, তবে লাঘব করা হবে না তোমাদের কর্মফল সামান্য পরিমাণও। নিশ্চয় আল্লাহ্ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

١٥- إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا
بِاللَّهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا
وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ فِي سَبِيلِ
اللَّهِ ۚ أُولَٰئِكَ هُمُ الصَّادِقُونَ ○

১৫. মু'মিন তো তারাই, যারা ঈমান আনে আল্লাহ্‌র প্রতি ও তাঁর রাসূলের প্রতি; পরে সন্দেহ পোষণ করে না এবং আল্লাহ্‌র পথে জিহাদ করে নিজেদের সম্পদ ও জীবন দিয়ে, তারাই প্রকৃত সত্যবাদী।

www.pathagar.com

১৬. বলুন ঃ তোমরা কি অবহিত করছ আল্লাহ্‌কে তোমাদের দীন সম্পর্কে ? অথচ আল্লাহ্ জানেন, যা কিছু আছে আসমানে এবং যা কিছু আছে যমীনে। আর আল্লাহ্ সর্ববিষয়ে সর্বজ্ঞ।

১৭. তারা আপনাকে ধন্য করেছে বলে মনে করে, তাদের ইসলাম গ্রহণের কারণে। আপনি বলুন ঃ তোমরা আমাকে ধন্য করেছ বলে মনে করো না, তোমাদের ইসলাম গ্রহণের কারণে, বরং আল্লাহ্ই তোমাদের ধন্য করেছেন ঈমানের দিকে তোমাদের পরিচালিত করে, যদি তোমরা সত্যবাদী হও।

সূরা কাফ্, ৫০ ঃ ১, ২, ৩৯, ৪০, ৪৫

১. কাফ্, কসম সম্মানিত কুরআনের,

২. বরং তারা বিস্ময়বোধ করে যে, তাদের কাছে এসেছে, তাদের মধ্য থেকে একজন সতর্ককারী। আর কাফিররা বলে ঃ এত এক আশ্চর্য ব্যাপার।

৩৯. আর আপনি সবর করুন, তারা যা বলে তাতে এবং সপ্রশংস তাসবীহ্ পাঠ করুন আপনার রবের সূর্যোদয়ের আগে এবং সূর্যাস্তের পূর্বে।

৪০. এবং রাতের একাংশেও তাস্‌বীহ্ পাঠ করুন, আর সালাতের পরেও।

৪৫. আমি ভাল জানি, তারা যা বলে তা, আর আপনি তো নন তাদের উপর যবরদস্তিকারী। অতএব আপনি উপদেশ দিন কুরআনের সাহায্যে তাকে যে ভয় করে আমার আযাবকে।

সূরা যারিয়াত, ৫১ ঃ ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫

৫০. অতএব তোমরা ধাবিত হও আল্লাহ্‌র দিকে, আমি তো তোমাদের জন্য

www.pathagar.com

إِنِّي لَكُم مِّنْهُ نَذِيرٌ مُّبِينٌ ○

তাঁর তরফ থেকে একজন স্পষ্ট সতর্ককারী,

٥١- وَلَا تَجْعَلُوا مَعَ اللَّهِ إِلَٰهًا آخَرَ ۖ
إِنِّي لَكُم مِّنْهُ نَذِيرٌ مُّبِينٌ ○

৫১. আর তোমরা স্থির করো না আল্লাহ্‌র সাথে অন্য কোন ইলাহ্‌। আমি তো তোমাদের জন্য তাঁর তরফ থেকে একজন স্পষ্ট সতর্ককারী।

٥٢- كَذَٰلِكَ مَا أَتَى الَّذِينَ مِن قَبْلِهِم
مِّن رَّسُولٍ إِلَّا قَالُوا سَاحِرٌ أَوْ مَجْنُونٌ ○

৫২. এভাবেই যখন এসেছে তাদের পূর্ববর্তীদের কাছে কোন রাসূল, তখন তারা বলেছে ঃ এতো এক যাদুকর, অথবা এক পাগল।

٥٣- أَتَوَاصَوْا بِهِ ۚ بَلْ هُمْ قَوْمٌ طَاغُونَ ○

৫৩. তবে কি তারা একে অপরকে এ উপদেশ দিয়েই আসছে ? বরং তারা তো এক সীমালংঘনকারী কাওম।

٥٤- فَتَوَلَّ عَنْهُمْ فَمَا أَنتَ بِمَلُومٍ ○

৫৪. অতএব আপনি এদের উপেক্ষা করুন, এতে আপনি দোষী সাব্যস্ত হবেন না।

٥٥- وَذَكِّرْ فَإِنَّ الذِّكْرَىٰ
تَنفَعُ الْمُؤْمِنِينَ ○

৫৫. আর আপনি উপদেশ দিতে থাকুন। কেননা, উপদেশ তো উপকারে আসে মু'মিনদের জন্য।

সূরা তূর, ৫২ ঃ ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯

٢٩- فَذَكِّرْ فَمَا أَنتَ بِنِعْمَتِ رَبِّكَ
بِكَاهِنٍ وَلَا مَجْنُونٍ ○

২৯. আর আপনি উপদেশ দিতে থাকুন। আপনি তো আপনার রবের অনুগ্রহে গণকও নন, উন্মাদও নন।

٣٠- أَمْ يَقُولُونَ شَاعِرٌ
نَّتَرَبَّصُ بِهِ رَيْبَ الْمَنُونِ ○

৩০. অথবা তারা কি বলে ঃ সে একজন কবি? যার মৃত্যুর প্রতীক্ষা আমরা করছি।

٣١- قُلْ تَرَبَّصُوا
فَإِنِّي مَعَكُم مِّنَ الْمُتَرَبِّصِينَ ○

৩১. আপনি বলুন ঃ তোমরা প্রতীক্ষা করতেই থাক আর আমিও তোমাদের সাথে প্রতীক্ষারত থাকলাম।

٣٢- أَمْ تَأْمُرُهُمْ أَحْلَامُهُم بِهَٰذَا
أَمْ هُمْ قَوْمٌ طَاغُونَ ○

৩২. অথবা তাদের বিবেক-বুদ্ধি কি তাদের এ ব্যাপারে প্ররোচিত করে, অথবা তারা এক সীমালংঘনকারী কাওম ?

www.pathagar.com

٣٣- اَمْ يَقُوْلُوْنَ تَقَوَّلَهٗ ۚ بَلْ لَّا يُؤْمِنُوْنَ ○

৩৩. অথবা তারা কি বলে ঃ সে এ কুরআন রচনা করে নিয়েছে ? বরং তারা বিশ্বাস করে না।

٣٤- فَلْيَاْتُوْا بِحَدِيْثٍ مِّثْلِهٖٓ اِنْ كَانُوْا صٰدِقِيْنَ ○

৩৪. তবে তারা নিয়ে আসুক অনুরূপ কোন রচনা, যদি তারা সত্যবাদী হয়।

٣٥- اَمْ خُلِقُوْا مِنْ غَيْرِ شَيْءٍ اَمْ هُمُ الْخٰلِقُوْنَ ○

৩৫. অথবা তারা কি সৃষ্টি হয়েছে আপনা-আপনি, অথবা তারা নিজেরাই স্রষ্টা ?

٣٦- اَمْ خَلَقُوا السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ بَلْ لَّا يُوْقِنُوْنَ ○

৩৬. অথবা তারা কি সৃষ্টি করেছে আসমান ও যমীন ? বরং তারা তো বিশ্বাস করে না।

٣٧- اَمْ عِنْدَهُمْ خَزَآئِنُ رَبِّكَ اَمْ هُمُ الْمُصَۜيْطِرُوْنَ ○

৩৭. অথবা তাদের কাছে কি আছে আপনার রবের ভাণ্ডার, অথবা তারা এ সবের নিয়ন্তা ?

٣٨- اَمْ لَهُمْ سُلَّمٌ يَّسْتَمِعُوْنَ فِيْهِ ۚ فَلْيَاْتِ مُسْتَمِعُهُمْ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ○

৩৮. অথবা তাদের আছে কি এমন কোন সিঁড়ি যাতে আরোহণ করে তারা শুনতে পারে ? তাহলে তাদের শ্রোতারা উপস্থিত করুক সুস্পষ্ট প্রমাণ।

٣٩- اَمْ لَهُ الْبَنٰتُ وَلَكُمُ الْبَنُوْنَ ○

৩৯. অথবা তার জন্য কি কন্যা সন্তান, আর তোমাদের জন্য পুত্র সন্তান ?

এক পতনোন্মুখ প্রাচীর দেখতে পেল এবং সে তা সুদৃঢ় করে দিল। মূসা বলল ঃ আপনি যদি ইচ্ছা করতেন, তবে অবশ্যই এর জন্য বিনিময় গ্রহণ করতে পারতেন।

٧٨- قَالَ هٰذَا فِرَاقُ بَيْنِيْ وَبَيْنِكَ ۚ
سَاُنَبِّئُكَ بِتَاْوِيْلِ
مَا لَمْ تَسْتَطِعْ عَّلَيْهِ صَبْرًا ۝

৭৮. সে বলল ঃ এখানেই আমার ও আপনার মধ্যে সম্পর্কচ্ছেদ হয়ে গেল। অবশ্যই আমি তাৎপর্য্য ব্যাখ্যা করব সে বিষয়, যে বিষয়ে আপনি ধৈর্যধারণ করতে পারেন নি।

٧٩- اَمَّا السَّفِيْنَةُ فَكَانَتْ لِمَسٰكِيْنَ
يَعْمَلُوْنَ فِي الْبَحْرِ فَاَرَدْتُّ
اَنْ اَعِيْبَهَا وَكَانَ وَرَآءَهُمْ مَّلِكٌ
يَّاْخُذُ كُلَّ سَفِيْنَةٍ غَصْبًا ۝

৭৯. হাঁ, নৌকাটির ব্যাপার তা ছিল কতিপয় গরীব লোকের, যারা সমুদ্রে জীবিকা অন্বেষণ করত। আমি ইচ্ছা করলাম নৌকাটিকে ত্রুটিযুক্ত করতে ; কেননা, তাদের পেছনে ছিল এক রাজা, যে বল পূর্ব্বক ছিনিয়ে নিত সব ভাল নৌকা।

٨٠- وَاَمَّا الْغُلٰمُ فَكَانَ اَبَوٰهُ
مُؤْمِنَيْنِ فَخَشِيْنَآ اَنْ يُّرْهِقَهُمَا
طُغْيَانًا وَّكُفْرًا ۝

৮০. আর বালকটি, তার মাতাপিতা ছিল মু'মিন। আমি ভয় করলাম যে, সে তাদের বিব্রত করবে নাফরমানী ও কুফরীর কারণে।

٨١- فَاَرَدْنَآ اَنْ يُّبْدِلَهُمَا رَبُّهُمَا
خَيْرًا مِّنْهُ زَكٰوةً وَّاَقْرَبَ رُحْمًا ۝

৮১. আমি চাইলাম যে, তাদের রব তার পরিবর্তে তাদের এক সন্তান দান করবেন, যে হবে উত্তম তার চাইতে পবিত্রতায় এবং ঘনিষ্টতর ভক্তি ও ভালবাসায়।

٨٢- وَاَمَّا الْجِدَارُ فَكَانَ لِغُلٰمَيْنِ يَتِيْمَيْنِ
فِي الْمَدِيْنَةِ وَكَانَ تَحْتَهٗ كَنْزٌ لَّهُمَا
وَكَانَ اَبُوْهُمَا صَالِحًا ۚ
فَاَرَادَ رَبُّكَ اَنْ يَّبْلُغَآ اَشُدَّهُمَا
وَيَسْتَخْرِجَا كَنْزَهُمَا ۗ رَحْمَةً مِّنْ رَّبِّكَ ۚ
وَمَا فَعَلْتُهٗ عَنْ اَمْرِيْ ؕ
ذٰلِكَ تَاْوِيْلُ مَا لَمْ تَسْطِعْ عَّلَيْهِ صَبْرًا ۝

৮২. আর প্রাচীরটি তা ছিল শহরের দুই ইয়াতীম কিশোরের, যার নিচে ছিল গুপ্তধন তাদের জন্য আর তাদের পিতা ছিল একজন নেক্‌কার ব্যক্তি। সুতরাং আপনার রব ইচ্ছা করলেন যে, তারা বয়ঃপ্রাপ্ত হউক এবং তারা বের করে নিক তাদের ধনভান্ডার। এ ছিল আপনার রবের তরফ থেকে রহমত। আর আমি করিনি কোন কিছু আমার নিজের তরফ থেকে। এ হলো ব্যাখ্যা সে বিষয়ের যে বিষয়ে আপনি ধৈর্য-ধারণ করতে পারেননি।

www.pathagar.com

তৃতীয় পরিচ্ছেদ

নাম উল্লেখিত, তবে নবী কিনা তা বলা হয়নি

১. ইমরানের স্ত্রী

সূরা আলে ইমরান, ৩ ঃ ৩৫, ৩৬, ৩৭

৩৫. স্মরণ কর, বলেছিল ইমরানের স্ত্রী, হে আমার রব ! আমি মানত করলাম আপনার জন্য আমার গর্ভে যা আছে তা একান্তভাবে। অতএব আপনি কবুল করুন তা আমার থেকে। নিশ্চয় আপনি তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

٣٥- اِذْ قَالَتِ امْرَاَتُ عِمْرٰنَ رَبِّ اِنِّیْ
نَذَرْتُ لَكَ مَا فِیْ بَطْنِیْ مُحَرَّرًا
فَتَقَبَّلْ مِنِّیْ ۚ
اِنَّكَ اَنْتَ السَّمِیْعُ الْعَلِیْمُ ○

৩৬. তারপর যখন সে তাকে প্রসব করল, তখন সে বলল ঃ হে আমার রব ! আমি তো প্রসব করেছি কণ্যা সন্তান ! আর আল্লাহ্ তো সবিশেষ অবহিত সে সম্পর্কে, যা সে প্রসব করেছে। আর ছেলে তো এ মেয়ের মত নয় ! আমি তো এর নাম রেখেছি মারইয়াম এবং আমি তোমার আশ্রয় চাই তার ও তার বংশধরদের জন্য অভিশপ্ত শয়তান থেকে।

٣٦- فَلَمَّا وَضَعَتْهَا قَالَتْ رَبِّ اِنِّیْ
وَضَعْتُهَآ اُنْثٰی ؕ وَاللّٰهُ اَعْلَمُ بِمَا وَضَعَتْ ؕ
وَلَیْسَ الذَّكَرُ كَالْاُنْثٰی ۚ
وَاِنِّیْ سَمَّیْتُهَا مَرْیَمَ
وَاِنِّیْٓ اُعِیْذُهَا بِكَ
وَذُرِّیَّتَهَا مِنَ الشَّیْطٰنِ الرَّجِیْمِ ○

৩৭. তারপর তাকে কবুল করলেন তার রব ভালরূপে এবং লালন-পালন করলেন তাকে উত্তমরূপে আর তার তত্ত্বাবধানের দায়িত্ব দিলেন যাকারিয়াকে। যখনই যাকারিয়া তার সংগে কক্ষে দেখা করতে যেত, তখনই তাঁর কাছে খাদ্য-সামগ্রী দেখতে পেত। সে বলত ঃ হে মারইয়াম ! কোথায় পেলে তুমি এসব ?

٣٧- فَتَقَبَّلَهَا رَبُّهَا بِقَبُوْلٍ حَسَنٍ
وَّاَنْۢبَتَهَا نَبَاتًا حَسَنًا ۙ وَّكَفَّلَهَا زَكَرِیَّا ۚ
كُلَّمَا دَخَلَ عَلَیْهَا زَكَرِیَّا الْمِحْرَابَ ۙ
وَجَدَ عِنْدَهَا رِزْقًا ۚ
قَالَ یٰمَرْیَمُ اَنّٰی لَكِ هٰذَا ؕ

www.pathagar.com

قَالَتْ هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ ۖ إِنَّ اللّٰهَ يَرْزُقُ مَنْ يَّشَآءُ بِغَيْرِ حِسَابٍ ○

সে বলত ঃ এসব আল্লাহ্‌র তরফ থেকে। নিশ্চয় আল্লাহ্ রিযিক দেন যাকে চান বে-হিসাব।

যুল-কারনাইন

সূরা কাহ্‌ফ, ১৮ ঃ ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯

٨٣- وَيَسْـَٔلُوْنَكَ عَنْ ذِى الْقَرْنَيْنِ ۖ قُلْ سَاَتْلُوْا عَلَيْكُمْ مِّنْهُ ذِكْرًا ○

৮৩. আর তারা আপনাকে জিজ্ঞেস করে যুল-কারনাইন সম্বন্ধে। আপনি বলুন ঃ অচিরেই আমি বর্ণনা করব তোমাদের কাছে তার বৃত্তান্ত।

٨٤- اِنَّا مَكَّنَّا لَهٗ فِى الْاَرْضِ وَاٰتَيْنٰهُ مِنْ كُلِّ شَىْءٍ سَبَبًا ○

৮৪. আমি তো দিয়েছিলাম তাকে কর্তৃত্ব পৃথিবীতে এবং দান করেছিলাম তাকে সব কিছুর উপায় উপকরণ।

٨٥- فَاَتْبَعَ سَبَبًا ○

৮৫. সুতরাং সে অবলম্বন করল এক পথ।

٨٦- حَتّٰٓى اِذَا بَلَغَ مَغْرِبَ الشَّمْسِ وَجَدَهَا تَغْرُبُ فِىْ عَيْنٍ حَمِئَةٍ وَّوَجَدَ عِنْدَهَا قَوْمًا ۗ قُلْنَا يٰذَا الْقَرْنَيْنِ اِمَّآ اَنْ تُعَذِّبَ وَاِمَّآ اَنْ تَتَّخِذَ فِيْهِمْ حُسْنًا ○

৮৬. সে চলতে চলতে যখন পৌঁছল সূর্যের অস্তগমন স্থলে, তখন সে দেখতে পেল সূর্যকে অস্ত যেতে এক পঙ্কিল জলাশয়ে এবং সে পেল সেখানে এক কাওমকে। আমি বললাম ঃ হে যুল কারনাইন, তুমি চাইলে এদের শাস্তি দিতে পার অথবা এদের ব্যপারে সদয় ব্যবহার করতে পার।

٨٧- قَالَ اَمَّا مَنْ ظَلَمَ فَسَوْفَ نُعَذِّبُهٗ ثُمَّ يُرَدُّ اِلٰى رَبِّهٖ فَيُعَذِّبُهٗ عَذَابًا نُّكْرًا ○

৮৭. সে বলল ঃ যে কেউ সীমালঙ্ঘন করবে অবশ্যই আমি তাকে শাস্তি দেব, তারপর তাকে ফিরিয়ে নেওয়া হবে তার রবের কাছে, তখন তিনি তাকে কঠোর শাস্তি দেবেন।

٨٨- وَاَمَّا مَنْ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَلَهٗ جَزَآءَ ۨ الْحُسْنٰى ۚ وَسَنَقُوْلُ لَهٗ مِنْ اَمْرِنَا يُسْرًا ○

৮৮. তবে যে কেউ ঈমান আনবে এবং নেকআমল করবে তার জন্য প্রতিদান স্বরূপ রয়েছে কল্যাণ এবং অবশ্যই আমি তার প্রতি ব্যবহারে নম্র কথা বলব।

٨٩- ثُمَّ اَتْبَعَ سَبَبًا ○

৮৯. তারপর সে আর এক পথ ধরল,

www.pathagar.com

৯০. সে চলতে চলতে যখন পৌঁছল সূর্য উদয়স্থলে, তখন সে দেখল, তা উদয় হচ্ছে এমন এক কাওমের উপর, যাদের জন্য আমি সূর্যতাপ হতে কোন আড়াল সৃষ্টি করিনি।

٩٠- حَتّٰٓى إِذَا بَلَغَ مَطْلِعَ الشَّمْسِ
وَجَدَهَا تَطْلُعُ عَلٰى قَوْمٍ
لَّمْ نَجْعَلْ لَّهُمْ مِّنْ دُوْنِهَا سِتْرًا ○

৯১. এটাই আসল ঘটনা। আর আমি তো জ্ঞান আয়ত্ত করে রেখেছি, যে তথ্য তার কাছে আছে তা।

٩١- كَذٰلِكَ ط
وَقَدْ اَحَطْنَا بِمَا لَدَيْهِ خُبْرًا ○

৯২. তারপর সে ধরল আর এক পথ।

٩٢- ثُمَّ اَتْبَعَ سَبَبًا ○

৯৩. সে চলতে চলতে যখন দুই পর্বতের মাঝখানে পৌঁছল, তখন সে তথায় এমন এক কাওমকে পেল, যারা কোন কথা বুঝার মত ছিল না।

٩٣- حَتّٰٓى إِذَا بَلَغَ بَيْنَ السَّدَّيْنِ
وَجَدَ مِنْ دُوْنِهِمَا قَوْمًا لا
لَّا يَكَادُوْنَ يَفْقَهُوْنَ قَوْلًا ○

৯৪. তারা বলল ঃ হে যুল-কারনাইন ! নিশ্চয় ইয়াজূজ ও মাজূজ ফাসাদ সৃষ্টি করছে পৃথিবীতে। আমরা কি আপনাকে খরচ দেব যে, আপনি গড়ে দেবেন আমাদের ও তাদের মাঝে এক প্রাচীর ?

٩٤- قَالُوْا يٰذَا الْقَرْنَيْنِ
إِنَّ يَاْجُوْجَ وَمَاْجُوْجَ
مُفْسِدُوْنَ فِى الْاَرْضِ فَهَلْ نَجْعَلُ لَكَ
خَرْجًا عَلٰٓى اَنْ تَجْعَلَ بَيْنَنَا وَبَيْنَهُمْ سَدًّا ○

৯৫. যুল-কারনাইন বলল ঃ যে, ক্ষমতা আমাকে দিয়েছেন আমার রব-এ ব্যাপারে, তা-ই উৎকৃষ্ট। অতএব তোমরা আমাকে সাহায্য কর শ্রম দিয়ে। আমি গড়ে দিব তোমাদের ও তাদের মাঝে এক মযবুত প্রাচীর।

٩٥- قَالَ مَا مَكَّنِّىْ فِيْهِ رَبِّىْ
خَيْرٌ فَاَعِيْنُوْنِىْ بِقُوَّةٍ
اَجْعَلْ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ رَدْمًا ○

৯৬. তোমরা নিয়ে এসো আমার কাছে লোহার টুকরাসমূহ। তারপর যখন মধ্যবর্তী ফাঁকা স্থান পূর্ণ হয়ে, লোহার টুকরাগুলো দুই পর্বতের সমান হলো, তখন সে বলল ঃ তোমরা ফুঁ দিতে থাক। যখন তা আগুনের মত উত্তপ্ত হলো, তখন সে বললো ঃ তোমরা নিয়ে এসো আমার কাছে গলিত তামা। আমি তা ঢেলে দেব এর উপর।

٩٦- اٰتُوْنِىْ زُبَرَ الْحَدِيْدِ ط
حَتّٰٓى إِذَا سَاوٰى بَيْنَ الصَّدَفَيْنِ
قَالَ انْفُخُوْا ط
حَتّٰٓى إِذَا جَعَلَهٗ نَارًا لا
قَالَ اٰتُوْنِىْٓ اُفْرِغْ عَلَيْهِ قِطْرًا ○

www.pathagar.com

৯৭. তারপর ইয়াজূজ ও মাজূজ তা অতিক্রম করতে পারল না এবং তা ভেদও করতে পারল না।

٩٧-فَمَا اسْطَاعُوْٓا اَنْ يَّظْهَرُوْهُ وَمَا اسْتَطَاعُوْا لَهٗ نَقْبًا ۝

৯৮. যুল-কারনাইন বলল ঃ এ হল রহমত আমার রবের তরফ থেকে। যখন আসবে আমার রবের ওয়াদা পূরণের সময়, তখন তিনি একে চূর্ণ-বিচূর্ণ করে দেবেন। আর আমার রবের ওয়াদা তো সত্য।

٩٨-قَالَ هٰذَا رَحْمَةٌ مِّنْ رَّبِّيْ ۚ فَاِذَا جَآءَ وَعْدُ رَبِّيْ جَعَلَهٗ دَكَّآءَ ۚ وَكَانَ وَعْدُ رَبِّيْ حَقًّا ۝

৯৯. আর সে দিন আমি ছেড়ে দেব তাদের এ অবস্থায় যে, তাদের একদল আরেক দলের উপর তরঙ্গের মত আপতিত হবে এবং শিংগায় ফুঁ দেওয়া হবে। তারপর আমি একত্র করব তাদের সবাইকে।

٩٩-وَتَرَكْنَا بَعْضَهُمْ يَوْمَئِذٍ يَّمُوْجُ فِيْ بَعْضٍ وَّنُفِخَ فِي الصُّوْرِ فَجَمَعْنٰهُمْ جَمْعًا ۝

হযরত লুক্‌মান

সূরা লুক্‌মান, ৩১ ঃ ১২, ১৩, ১৬, ১৭, ১৮, ১৯

১২. আর আমি তো দান করেছিলাম লুক্‌মানকে হিক্‌মত এবং বলেছিলাম ঃ তুমি শোক্‌র কর আল্লাহ্‌র। আর যে শোকর করে, সে তো শোক্‌র করে নিজেরই কল্যাণের জন্য। আর কেউ না-শোক্‌রী করলে, তবে আল্লাহ্‌ তো অভাবমুক্ত, প্রশংসিত।

١٢-وَلَقَدْ اٰتَيْنَا لُقْمٰنَ الْحِكْمَةَ اَنِ اشْكُرْ لِلّٰهِ ۗ وَمَنْ يَّشْكُرْ فَاِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهٖ ۚ وَمَنْ كَفَرَ فَاِنَّ اللّٰهَ غَنِيٌّ حَمِيْدٌ ۝

১৩. স্মরণ কর, লুক্‌মান বলেছিল তার পুত্রকে উপদেশ দিতে গিয়ে ঃ হে বৎস! কোন শরীক করো না আল্লাহ্‌র সাথে। নিশ্চয় শির্‌ক হল চরম যুলুম।

١٣-وَاِذْ قَالَ لُقْمٰنُ لِابْنِهٖ وَهُوَ يَعِظُهٗ يٰبُنَيَّ لَا تُشْرِكْ بِاللّٰهِ ؕ اِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيْمٌ ۝

১৬. হে বৎস! যদি কোন কাজ হয় সরিষার দানা পরিমাণ এবং যদি তা থাকে পাথরের মাঝে অথবা আসমানে অথবা যমীনের নিচে, তবুও আল্লাহ্‌

١٦-يٰبُنَيَّ اِنَّهَآ اِنْ تَكُ مِثْقَالَ حَبَّةٍ مِّنْ خَرْدَلٍ فَتَكُنْ فِيْ صَخْرَةٍ اَوْ فِي السَّمٰوٰتِ اَوْ فِي الْاَرْضِ يَاْتِ بِهَا

www.pathagar.com

اللّٰهُ ؕ اِنَّ اللّٰهَ لَطِيْفٌ خَبِيْرٌ ۝

তা উপস্থিত করবেন। নিশ্চয় আল্লাহ্ অতিশয় সূক্ষ্মদর্শী, সম্যক অবহিত।

١٧- يٰبُنَىَّ اَقِمِ الصَّلٰوةَ وَاْمُرْ بِالْمَعْرُوْفِ وَانْهَ عَنِ الْمُنْكَرِ وَاصْبِرْ عَلٰى مَآ اَصَابَكَ ؕ اِنَّ ذٰلِكَ مِنْ عَزْمِ الْاُمُوْرِ ۝

১৭. হে বৎস ! তুমি কায়েম করবে সালাত, আদেশ দেবে ভাল কাজের এবং নিষেধ করবে মন্দকাজ থেকে। আর সবর করবে আপদে-বিপদে। নিশ্চয় এটাই দৃঢ়সংকল্পের কাজ।

١٨- وَلَا تُصَعِّرْ خَدَّكَ لِلنَّاسِ وَلَا تَمْشِ فِى الْاَرْضِ مَرَحًا ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُوْرٍ ۝

১৮. তুমি অহংকারবশে মানুষকে অবজ্ঞা করো না এবং পৃথিবীতে উদ্ধত-ভাবে বিচরণ কর না, নিশ্চয় আল্লাহ পসন্দ করেন না কোন উদ্ধত, অহংকারীকে।

١٩- وَاقْصِدْ فِىْ مَشْيِكَ وَاغْضُضْ مِنْ صَوْتِكَ ؕ اِنَّ اَنْكَرَ الْاَصْوَاتِ لَصَوْتُ الْحَمِيْرِ ۝

১৯. আর তুমি মধ্যপথ অবলম্বন করবে তোমার চলনে এবং নিচু করবে তোমার কণ্ঠস্বর। নিশ্চয় অতিশয় অপ্রীতিকর স্বর তো গাধার স্বর।

হযরত যুল্-কিফ্ল

সূরা আম্বিয়া, ২১ ঃ ৮৫, ৮৬

٨٥- وَاِسْمٰعِيْلَ وَاِدْرِيْسَ وَذَا الْكِفْلِ ؕ كُلٌّ مِّنَ الصّٰبِرِيْنَ ۝

৮৫. আর স্মরণ কর, ইস্‌মাঈল, ইদ্‌রীস ও যুল-কিফ্‌লের কথা, এরা প্রত্যেকেই ছিল ধৈর্যশীল।

٨٦- وَاَدْخَلْنٰهُمْ فِىْ رَحْمَتِنَا ؕ اِنَّهُمْ مِّنَ الصّٰلِحِيْنَ ۝

৮৬. আর আমি দাখিল করেছিলাম তাদের আমার রহমতে, তারা তো ছিল নেক্‌কার।

সূরা সোয়াদ, ৩৮ ঃ ৪৮

٤٨- وَاذْكُرْ اِسْمٰعِيْلَ وَالْيَسَعَ وَذَا الْكِفْلِ ؕ وَكُلٌّ مِّنَ الْاَخْيَارِ ۝

৪৮. আর স্মরণ কর, ইস্‌মাঈল, আল-ইয়াসা'আ ও যুল-কিফ্‌লের কথা, এরা প্রত্যেকেই ছিল সজ্জন।

হযরত মারইয়াম

সূরা আলে ইমরান, ৩ ঃ ৩৫, ৩৬, ৩৭, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭

www.pathagar.com

٣٥- اِذْ قَالَتِ امْرَاَتُ عِمْرٰنَ رَبِّ اِنِّىْ
نَذَرْتُ لَكَ مَا فِىْ بَطْنِىْ مُحَرَّرًا
فَتَقَبَّلْ مِنِّىْ ج
اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ ○

৩৫. স্মরণ কর! বলেছিল ইমরানের স্ত্রী ঃ হে আমার রব ! আমি একান্তভাবে উৎসর্গ করলাম আপনার জন্য যা আছে আমার গর্ভে তা। অতএব আপনি কবুল করুন তা আমার থেকে। আপনি তো সব শোনেন, সব দেখেন।

٣٦- فَلَمَّا وَضَعَتْهَا قَالَتْ رَبِّ اِنِّىْ
وَضَعْتُهَاۤ اُنْثٰى ط وَاللّٰهُ اَعْلَمُ بِمَا وَضَعَتْ ط
وَلَيْسَ الذَّكَرُ كَالْاُنْثٰى ج
وَاِنِّىْ سَمَّيْتُهَا مَرْيَمَ
وَاِنِّىْۤ اُعِيْذُهَا بِكَ
وَذُرِّيَّتَهَا مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ ○

৩৬. তারপর যখন সে তাকে প্রসব করল, তখন সে বলল ঃ হে আমার রব ! আমি তো প্রসব করেছি কণ্যা। আর আল্লাহ্ ভাল জানেন, যা সে প্রসব করেছে তা। আর ছেলে তো নয় এ মেয়ের মত, আর আমি তো তার নাম রেখেছি মারইয়াম এবং আমি আপনার আশ্রয় নিচ্ছি তার ও তার বংশধরদের জন্য অভিশপ্ত শয়তান থেকে।

٣٧- فَتَقَبَّلَهَا رَبُّهَا بِقَبُوْلٍ حَسَنٍ
وَّاَنْۢبَتَهَا نَبَاتًا حَسَنًا لا وَّكَفَّلَهَا زَكَرِيَّا ط
كُلَّمَا دَخَلَ عَلَيْهَا زَكَرِيَّا الْمِحْرَابَ لا
وَجَدَ عِنْدَهَا رِزْقًا ج
قَالَ يٰمَرْيَمُ اَنّٰى لَكِ هٰذَا ط
قَالَتْ هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ ط
اِنَّ اللّٰهَ يَرْزُقُ مَنْ يَّشَآءُ بِغَيْرِ حِسَابٍ ○

৩৭. তারপর তাকে কবুল করলেন তার রব উত্তমরূপে এবং তাকে লালনপালন করলেন ভালভাবে, আর তাকে তত্ত্বা-বধানে রাখলেন যাকারিয়ার। যখনই যাকারিয়া তার কক্ষে প্রবেশ করত। তখনই সে তার কাছে খাদ্য-সামগ্রী দেখতে পেত। যাকারিয়া বলত ঃ হে মার্ইয়াম! এসব তুমি কোথায় পেলে? মার্ইয়াম বলত ঃ এসব আল্লাহ্র তরফ থেকে। নিশ্চয় আল্লাহ্ রিযিক দেন, যাকে চান, বিনা হিসাব।

٤٢- وَاِذْ قَالَتِ الْمَلٰٓئِكَةُ يٰمَرْيَمُ اِنَّ اللّٰهَ
اصْطَفٰكِ وَطَهَّرَكِ وَاصْطَفٰكِ عَلٰى نِسَآءِ
الْعٰلَمِيْنَ ○

৪২. আর স্মরণ কর, বলেছিল ফিরিশ্তাগণ ঃ হে মারইয়াম! নিশ্চয় আল্লাহ্ মনোনীত করেছেন তোমাকে এবং পবিত্র করেছেন তোমাকে আর মর্যাদাবান করেছেন।

٤٣- يٰمَرْيَمُ اقْنُتِىْ لِرَبِّكِ وَاسْجُدِىْ
وَارْكَعِىْ مَعَ الرّٰكِعِيْنَ ○

৪৩. হে মারইয়াক! তুমি অনুগত হও তোমার রবের প্রতি এবং সিজ্দা কর ও রুকূ‘ কর রুকু‘কারীদের সাথে।

www.pathagar.com

٤٤- ذٰلِكَ مِنْ اَنْۢبَآءِ الْغَيْبِ
نُوْحِيْهِ اِلَيْكَ ؕ وَمَا كُنْتَ
لَدَيْهِمْ اِذْ يُلْقُوْنَ اَقْلَامَهُمْ
اَيُّهُمْ يَكْفُلُ مَرْيَمَ ۪
وَمَا كُنْتَ لَدَيْهِمْ
اِذْ يَخْتَصِمُوْنَ ○

৪৪. এ সব গায়েবের সংবাদ যা আমি অবহিত করছি আপনাকে ওহীর মাধ্যমে। আর আপনি উপস্থিত ছিলেন না তাদের কাছে, যখন তারা নিক্ষেপ করছিল তাদের কলম, কে মারইয়ামের তত্ত্বাবধানের দায়িত্ব গ্রহণ করবে তার জন্য। আর আপনি উপস্থিত ছিলেন না তাদের কাছে, যখন তারা বাদানুবাদ করছিল।

٤٥- اِذْ قَالَتِ الْمَلٰٓئِكَةُ يٰمَرْيَمُ اِنَّ اللّٰهَ
يُبَشِّرُكِ بِكَلِمَةٍ مِّنْهُ ۖ
اسْمُهُ الْمَسِيْحُ عِيْسَى ابْنُ مَرْيَمَ
وَجِيْهًا فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ
وَمِنَ الْمُقَرَّبِيْنَ ○

৪৫. স্মরণ কর, বলেছিল ফিরিশ্‌তাগণ ঃ হে মারইয়াম! নিশ্চয় আল্লাহ্‌ তোমাকে সুসংবাদ দিচ্ছেন তাঁর তরফ থেকে একটি কালিমার। যার নাম মাসীহ্‌ ঈসা ইব্‌ন মারইয়াম এবং সে সম্মানিত দুনিয়া ও আখিরাতে আর সে নৈকট্য প্রাপ্তদের একজন।

٤٦- وَيُكَلِّمُ النَّاسَ فِى الْمَهْدِ وَكَهْلًا
وَّمِنَ الصّٰلِحِيْنَ ○

৪৬. আর সে কথা বলবে মানুষের সাথে দোলনায় থাকা অবস্থায় এবং পরিণত বয়সে আর সে হবে নেক্‌কারদের অন্যতম।

٤٧- قَالَتْ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِىْ وَلَدٌ
وَّلَمْ يَمْسَسْنِىْ بَشَرٌ ؕ
قَالَ كَذٰلِكِ اللّٰهُ يَخْلُقُ مَا يَشَآءُ ؕ
اِذَا قَضٰٓى اَمْرًا
فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ ○

৪৭. মার্‌ইয়াম বলল ঃ হে আমার রব! কিভাবে আমার সন্তান হবে, অথচ আমাকে তো স্পর্শ করেনি কোন পুরুষ ? তিনি বললেন ঃ এভাবেই আল্লাহ্‌ সৃষ্টি করেন, যা তিনি চান। যখন তিনি কোন কিছু স্থির করেন, তখন তিনি তার জন্য বলেন 'হও', অমনি তা হয়ে যায়।

সূরা নিসা, ৪ ঃ ১৫৬

١٥٦- وَّبِكُفْرِهِمْ وَقَوْلِهِمْ عَلٰى مَرْيَمَ
بُهْتَانًا عَظِيْمًا ○

১৫৬. আর তাদের কুফরীর জন্য এবং মারয়ামের বিরুদ্ধে তাদের গুরুতর অপবাদের জন্য তারা অভিশপ্ত হয়েছিল।

সূরা মায়িদা, ৫ ঃ ১৭. ৭৫, ১১০, ১১৬

١٧- لَقَدْ كَفَرَ الَّذِيْنَ
قَالُوْٓا اِنَّ اللّٰهَ هُوَ الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ ؕ

১৭. তারা তো কুফরী করেছে যারা বলে ঃ নিশ্চয় আল্লাহ্‌ হলেন মাসীহ্‌ ইব্‌ন

www.pathagar.com

মারইয়াম ! আপনি বলুন ঃ কে ক্ষমতা রাখে আল্লাহ্‌কে বাধা দেবার, যদি তিনি ধ্বংস করার ইচ্ছা করেন মাসীহ্ ইব্‌ন মারইয়ামকে, তার মা মারইয়ামকে এবং পৃথিবীতে যারা আছে তাদের সবাইকে ?.........

قُلْ فَمَنْ يَّمْلِكُ مِنَ اللّٰهِ شَيْئًا
اِنْ اَرَادَ اَنْ يُّهْلِكَ الْمَسِيْحَ ابْنَ مَرْيَمَ
وَاُمَّهٗ وَمَنْ فِى الْاَرْضِ جَمِيْعًا ؕ
وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ....

৭৫. মারইয়ামের পুত্র মাসীহ্ তো কেবল একজন রাসূল, গত হয়েছে তার আগে অনেক রাসূল আর তার মা মারইয়াম ছিল সত্যনিষ্ঠ। তারা উভয়ে খানা খেত। দেখ, কিরূপ বিশদভাবে আমি বর্ণনা করি তাদের জন্য আয়াতসমূহ। তারপর আরো দেখ, তারা কিভাবে সত্যবিমুখ হয়।

٧٥-مَا الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ اِلَّا رَسُوْلٌ ۚ
قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ ؕ
وَاُمُّهٗ صِدِّيْقَةٌ ؕ كَانَا يَاْكُلٰنِ
الطَّعَامَ ؕ اُنْظُرْ كَيْفَ نُبَيِّنُ لَهُمُ الْاٰيٰتِ
ثُمَّ انْظُرْ اَنّٰى يُؤْفَكُوْنَ ۝

১১০. স্মরণ কর, আল্লাহ্ বললেন ঃ হে ঈসা ইব্‌ন মারইয়াম! তুমি উল্লেখ কর আমার নিয়ামতের কথা, যা আমি দিয়েছি তোমাকে এবং তোমার মা-মারইয়ামকে...... ।

١١٠-اِذْ قَالَ اللّٰهُ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ
اذْكُرْ نِعْمَتِىْ عَلَيْكَ وَعَلٰى وَالِدَتِكَ ۘ

১১৬. আর যখন আল্লাহ্ বলবেন ঃ হে মারইয়ামের পুত্র ঈসা ! তুমি কি লোকদের বলেছিলে ঃ তোমরা গ্রহণ কর আমাকে ও আমার মা মারইয়ামকে দুই ইলাহ্‌রূপে, আল্লাহ্‌কে ছেড়ে ? তখন সে বলবে ঃ পবিত্র মহান আপনি। আমার পক্ষে শোভন নয় তা বলা, যা বলার অধিকার আমার নেই। যদি আমি তা বলতাম, তবে তো আপনি তা জানতেন। আপনি তো জানেন যা আছে আমার অন্তরে কিন্তু আমি জানি না, যা আছে আপনার অন্তরে। আপনি তো গায়েব সম্পর্কে সম্যক অবহিত।

١١٦-وَاِذْ قَالَ اللّٰهُ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ
ءَاَنْتَ قُلْتَ لِلنَّاسِ اتَّخِذُوْنِىْ
وَاُمِّىَ اِلٰهَيْنِ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ قَالَ سُبْحٰنَكَ
مَا يَكُوْنُ لِىْٓ اَنْ اَقُوْلَ مَا لَيْسَ لِىْ ۗ بِحَقٍّ ؕ
اِنْ كُنْتُ قُلْتُهٗ فَقَدْ عَلِمْتَهٗ ؕ
تَعْلَمُ مَا فِىْ نَفْسِىْ
وَلَآ اَعْلَمُ مَا فِىْ نَفْسِكَ ؕ
اِنَّكَ اَنْتَ عَلَّامُ الْغُيُوْبِ ۝

সূরা মারইয়াম, ১৯ ঃ ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪

www.pathagar.com

১৬. আর বর্ণনা করুন এ কিতাবে মারইয়ামের কথা, যখন সে নিরালায় আশ্রয় নিল তার পরিবারবর্গ থেকে পূর্বদিকে এক স্থানে।

١٦-وَاذْكُرْ فِي الْكِتٰبِ مَرْيَمَ ۘ
اِذِ انْتَبَذَتْ مِنْ اَهْلِهَا مَكَانًا شَرْقِيًّا ○

১৭. তারপর সে পর্দা করল তাদের থেকে, তখন আমি পাঠাইলাম তার কাছে আমার ফিরিশ্‌তাকে, সে আত্মপ্রকাশ করল তার কাছে পূর্ণ মানবাকৃতিতে।

١٧-فَاتَّخَذَتْ مِنْ دُوْنِهِمْ حِجَابًا ۗ
فَاَرْسَلْنَآ اِلَيْهَا رُوْحَنَا
فَتَمَثَّلَ لَهَا بَشَرًا سَوِيًّا ○

১৮. মার্‌ইয়াম বলল ঃ আমি আশ্রয় নিচ্ছি দয়াময় আল্লাহ্‌র তোমার থেকে, যদি তুমি আল্লাহ্‌কে ভয় কর।

١٨-قَالَتْ اِنِّيْٓ اَعُوْذُ
بِالرَّحْمٰنِ مِنْكَ اِنْ كُنْتَ تَقِيًّا ○

১৯. সে বলল ঃ আমি তো তোমার রবের প্রেরিত, তোমাকে দান করার জন্য এক পবিত্র সন্তান।

١٩-قَالَ اِنَّمَآ اَنَا رَسُوْلُ رَبِّكِ ۖ
لِاَهَبَ لَكِ غُلٰمًا زَكِيًّا ○

২০. মারইয়াম বলল ঃ কিরূপে আমার পুত্র হবে, যখন স্পর্শ করেনি আমাকে কোন পুরুষ এবং আমি ব্যভিচারিণীও নই?

٢٠-قَالَتْ اَنّٰى يَكُوْنُ لِيْ غُلٰمٌ
وَّلَمْ يَمْسَسْنِيْ بَشَرٌ وَّلَمْ اَكُ بَغِيًّا ○

২১. সে বলল ঃ এরূপই হবে। তোমার রব বলেছেন ঃ এরূপ করা আমার জন্য সহজ সাধ্য আর আমি করব তাকে মানুষের জন্য এক নিদর্শন এবং রহমত আমার তরফ থেকে আর এত এক স্থিরীকৃত সিদ্ধান্ত।

٢١-قَالَ كَذٰلِكِ ۚ قَالَ رَبُّكِ
هُوَ عَلَيَّ هَيِّنٌ ۚ وَلِنَجْعَلَهٗٓ
اٰيَةً لِّلنَّاسِ وَرَحْمَةً مِّنَّا ۚ
وَكَانَ اَمْرًا مَّقْضِيًّا ○

২২. তারপর মারইয়াম তাকে গর্ভে ধারণ করল এবং তাকে নিয়ে নিরালায় এক দূরবর্তী স্থানে চলে গেল।

٢٢-فَحَمَلَتْهُ فَانْتَبَذَتْ بِهٖ
مَكَانًا قَصِيًّا ○

২৩. এরপর প্রসব বেদনা তাকে আশ্রয় নিতে বাধ্য করল এক খেজুর গাছের নিচে। সে বলল ঃ হায়! এর আগে যদি আমি মরে যেতাম এবং হয়ে যেতাম লোকের স্মৃতি থেকে বিস্মৃত!

٢٣-فَاَجَآءَهَا الْمَخَاضُ
اِلٰى جِذْعِ النَّخْلَةِ ۚ
قَالَتْ يٰلَيْتَنِيْ مِتُّ قَبْلَ هٰذَا
وَكُنْتُ نَسْيًا مَّنْسِيًّا ○

২৪. তারপর তার নিম্নপাশ হতে ফিরিশ্‌তা তাকে ডেকে বলল তুমি দুঃখ কর না,

٢٤-فَنَادٰىهَا مِنْ تَحْتِهَآ

www.pathagar.com

তোমার রব সৃষ্টি করেছেন তোমার পাদদেশে এক নহর।

اَلَّا تَحْزَنِىْ قَدْ جَعَلَ رَبُّكِ تَحْتَكِ سَرِيًّا ○

২৫. আর তুমি নাড়া দাও খেজুর গাছের কাণ্ড তোমার দিকে, তা তোমায় দেবে পাকা-তাজা খেজুর।

২৫-وَهُزِّىْٓ اِلَيْكِ بِجِذْعِ النَّخْلَةِ تُسٰقِطْ عَلَيْكِ رُطَبًا جَنِيًّا ○

২৬. অতএব তুমি খাও, পান কর এবং চোখ জুড়াও। তবে যদি তুমি দেখ মানুষের মাঝে কাউকে, তখন বল ঃ আমি তো মানত করেছি দয়াময় আল্লাহর জন্য রোযার। সুতরাং আমি কিছুতেই কথা বলতে পারব না, আজ কোন মানুষের সাথে।

২৬-فَكُلِىْ وَاشْرَبِىْ وَقَرِّىْ عَيْنًا ۚ فَاِمَّا تَرَيِنَّ مِنَ الْبَشَرِ اَحَدًا ۙ فَقُوْلِىْٓ اِنِّىْ نَذَرْتُ لِلرَّحْمٰنِ صَوْمًا فَلَنْ اُكَلِّمَ الْيَوْمَ اِنْسِيًّا ○

২৭. তারপর সে এলো তাকে নিয়ে নিজ কাওমের কাছে। তারা বলল ঃ হে মার্‌ইয়াম ! তুমি তো করে ফেলেছ এক অদ্ভুত কাণ্ড!

২৭-فَاَتَتْ بِهٖ قَوْمَهَا تَحْمِلُهٗ ۗ قَالُوْا يٰمَرْيَمُ لَقَدْ جِئْتِ شَيْـًٔا فَرِيًّا ○

২৮. হে হারুনের বোন ! তোমার বাপ তো ছিল না কোন অসৎ ব্যক্তি। আর না তোমার মা ছিল ব্যভিচারিনী।

২৮-يٰٓاُخْتَ هٰرُوْنَ مَا كَانَ اَبُوْكِ امْرَاَ سَوْءٍ وَّمَا كَانَتْ اُمُّكِ بَغِيًّا ○

২৯ তারপর মার্‌ইয়াম কোলের সন্তানের প্রতি ইংগিত করল, তারা বলল ঃ কেমন করে আমরা কথা বলব কোলের শিশুর সাথে ?

২৯-فَاَشَارَتْ اِلَيْهِ ۗ قَالُوْا كَيْفَ نُكَلِّمُ مَنْ كَانَ فِى الْمَهْدِ صَبِيًّا ○

৩০. কোলের শিশু বলল ঃ আমি তো আল্লাহ্‌র বান্দা। তিনি আমাকে দিয়েছেন কিতাব এবং করেছেন আমাকে নবী,

৩০-قَالَ اِنِّىْ عَبْدُ اللّٰهِ ۗ اٰتٰنِىَ الْكِتٰبَ وَجَعَلَنِىْ نَبِيًّا ○

৩১. আর করেছেন আমাকে বরকতময়, যেখানেই থাকি না কেন। আর আল্লাহ্ আমাকে নির্দেশ দিয়েছেন সালাত ও যাকাতের যতদিন আমি বেঁচে থাকব,

৩১-وَّجَعَلَنِىْ مُبٰرَكًا اَيْنَ مَا كُنْتُ ۖ وَاَوْصٰنِىْ بِالصَّلٰوةِ وَالزَّكٰوةِ مَا دُمْتُ حَيًّا ○

৩২. আর তিনি করেছেন আমাকে অনুগত আমার মায়ের প্রতি এবং তিনি আমাকে করেননি উদ্ধত, হতভাগ্য,

৩২-وَّبَرًّاۢ بِوَالِدَتِىْ ۫ وَلَمْ يَجْعَلْنِىْ جَبَّارًا شَقِيًّا ○

www.pathagar.com

۳۳-وَالسَّلٰمُ عَلَيَّ يَوْمَ وُلِدْتُّ
وَيَوْمَ اَمُوْتُ وَيَوْمَ اُبْعَثُ حَيًّا ○

৩৩. আর শান্তি আমার প্রতি, যেদিন আমি জন্মলাভ করেছি, যেদিন আমার মৃত্যু হবে এবং যেদিন আমাকে পুণরায় জীবিত করে উঠান হবে।

۳۴-ذٰلِكَ عِيْسَى ابْنُ مَرْيَمَ ۚ قَوْلَ الْحَقِّ
الَّذِيْ فِيْهِ يَمْتَرُوْنَ ○

৩৪. এই-ই ঈসা ইবনে মার্‌ইয়াম, সত্য কথা, যে বিষয়ে তারা বিতর্ক করে।

সূরা আম্বিয়া, ২১ ঃ ৩১

۳۱-وَجَعَلْنَا فِي الْاَرْضِ رَوَاسِيَ
اَنْ تَمِيْدَ بِهِمْ ۖ
وَجَعَلْنَا فِيْهَا فِجَاجًا سُبُلًا
لَعَلَّهُمْ يَهْتَدُوْنَ ○

৩১. আর স্মরণ কর মার্‌ইয়ামের কথা, যে নিজ সতীত্বকে রক্ষা করেছিলেন, আর আমি ফুঁকে দিয়েছিলাম তার মধ্যে আমার রূহ্ এবং করেছিলাম তাকে ও তার পুত্রকে নিদর্শন বিশ্বাবাসীর জন্য।

সূরা মু'মিনূন, ২৩ ঃ ৫০

۵۰- وَجَعَلْنَا ابْنَ مَرْيَمَ وَاُمَّهٗٓ
اٰيَةً وَّاٰوَيْنٰهُمَآ اِلٰى رَبْوَةٍ
ذَاتِ قَرَارٍ وَّمَعِيْنٍ ○

৫০. আর আমি করেছিলাম মার্‌ইয়ামের পুত্র এবং তাঁর মা মার্‌ইয়ামকে নিদর্শন এবং আশ্রয় দিয়েছিলাম তাদের উভয়কে এক বাসযোগ্য ঝরণাময় উঁচু ভূমিতে।

সূরা তাহ্‌রীম, ৬৬ ঃ ১২

۱۲- وَمَرْيَمَ ابْنَتَ عِمْرٰنَ الَّتِيْٓ
اَحْصَنَتْ فَرْجَهَا فَنَفَخْنَا فِيْهِ
مِنْ رُّوْحِنَا وَصَدَّقَتْ بِكَلِمٰتِ رَبِّهَا
وَكُتُبِهٖ وَكَانَتْ مِنَ الْقٰنِتِيْنَ ○

১২. আর আল্লাহ্ দৃষ্টান্ত দিচ্ছেন ইমরানের কণ্যা মার্‌ইয়ামের, যে রক্ষা করেছিল তার সতীত্ব, আর আমি ফুঁকে দিয়ে ছিলাম তার দেহে আমার রূহ্ থেকে এবং সে সত্য বলে গ্রহণ করেছিল তার রবের বাণী ও তাঁর কিতাবসমূহ। আর সে ছিল অনুগতদের অন্যতম।

www.pathagar.com

চতুর্থ পরিচ্ছেদ ঃ ব্যক্তি

হযরত জিব্‌রাঈল ও মিকাঈল (আ.)

সূরা বাকারা, ২ ঃ ৯৭, ৯৮

৯৭. আপনি বলে দিন ঃ যে কেউ জিব্‌রাঈলের শত্রু এ কারণে যে, সে আল্লাহ্‌র নির্দেশে আপনার অন্তরে কুরআন নাযিল করেছে, যা তার পূর্ববর্তী কিতাবের সমর্থক এবং যা মু'মিনদের জন্য পথপ্রদর্শক ও সুসংবাদ।

৯৮. যে কেউ আল্লাহ্‌, তাঁর ফিরিশতা, তাঁর রাসূল এবং জিব্‌রাঈল ও মিকাঈলের শত্রু, সে জেনে রাখুক, নিশ্চয়ই আল্লাহ্‌ কাফিরদের শত্রু।

٩٧- قُلْ مَنْ كَانَ عَدُوًّا لِّجِبْرِيلَ فَإِنَّهُ
نَزَّلَهُ عَلَىٰ قَلْبِكَ بِإِذْنِ اللَّهِ مُصَدِّقًا
لِّمَا بَيْنَ يَدَيْهِ وَهُدًى وَبُشْرَىٰ
لِلْمُؤْمِنِينَ ○

٩٨- مَنْ كَانَ عَدُوًّا لِّلَّهِ وَمَلَٰٓئِكَتِهِ وَرُسُلِهِ
وَجِبْرِيلَ وَمِيكَٰلَ فَإِنَّ اللَّهَ
عَدُوٌّ لِّلْكَٰفِرِينَ ○

হযরত হারূত ও মারূত (আ.)

সূরা বাকারা, ২ ঃ ১০২

১০২. আর তারা অনুসরণ করছে তা, যা শয়তানরা আবৃত্তি করছে, সুলায়মানের রাজত্বকালে, সুলায়মান কুফরী করেনি বরং শয়তনরাই কুফরী করেছে, তারা মানুষকে যাদু শিখাত এবং বাবেল শহরে হারূত-মারূত ফিরিশতাদ্বয়ের উপর যা নাযিল হয়েছিল। আর ফিরিশতাদ্বয় কাউকে এ কথা না বলে শিখাত না যে, 'আমরা পরীক্ষা স্বরূপ' কাজেই তোমরা কুফরী কর না। তারা তাদের কাছ থেকে এমন যাদু শিখত যা বিচ্ছেদ ঘটাত স্বামী-স্ত্রীর মধ্যে। আর তারা আল্লাহ্‌র নির্দেশ ছাড়া কারো কোন

١٠٢- وَاتَّبَعُوا مَا تَتْلُوا الشَّيَٰطِينُ عَلَىٰ
مُلْكِ سُلَيْمَٰنَ ۖ وَمَا كَفَرَ سُلَيْمَٰنُ وَلَٰكِنَّ
الشَّيَٰطِينَ كَفَرُوا يُعَلِّمُونَ النَّاسَ السِّحْرَ
وَمَا أُنزِلَ عَلَى الْمَلَكَيْنِ بِبَابِلَ هَٰرُوتَ
وَمَٰرُوتَ ۚ وَمَا يُعَلِّمَانِ مِنْ أَحَدٍ
حَتَّىٰ يَقُولَا إِنَّمَا نَحْنُ فِتْنَةٌ فَلَا تَكْفُرْ ۖ
فَيَتَعَلَّمُونَ مِنْهُمَا مَا يُفَرِّقُونَ بِهِ بَيْنَ
الْمَرْءِ وَزَوْجِهِ ۚ وَمَا هُم
بِضَآرِّينَ بِهِ مِنْ أَحَدٍ إِلَّا بِإِذْنِ اللَّهِ ۚ

www.pathagar.com

وَيَتَعَلَّمُوْنَ مَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ ط وَلَقَدْ عَلِمُوْا لَمَنِ اشْتَرٰىهُ مَا لَهٗ فِي الْاٰخِرَةِ مِنْ خَلَاقٍ قف وَلَبِئْسَ مَا شَرَوْا بِهٖٓ اَنْفُسَهُمْ ط لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ○

ক্ষতি করতে পারত না। আর তারা শিখত এমন কিছু, যা তাদের ক্ষতি করত কিন্তু তাদের কোন উপকার করতে পারত না। তারা নিশ্চিতভাবে জানত যে, যে কেউ যাদু অবলম্বন করে, পরকালে তার কোন অংশ নেই। কতই না নিকৃষ্ট তা, যার বিনিময় তারা নিজেদের আত্মাকে বিক্রি করছে, যদি তারা জানত।

তালূত ও জালূত

সূরা বাকারা, ২ ঃ ২৪৭, ২৪৮, ২৪৯, ২৫০, ২৫১

٢٤٧-وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ اِنَّ اللّٰهَ قَدْ بَعَثَ لَكُمْ طَالُوْتَ مَلِكًا ط قَالُوْٓا اَنّٰى يَكُوْنُ لَهُ الْمُلْكُ عَلَيْنَا وَنَحْنُ اَحَقُّ بِالْمُلْكِ مِنْهُ وَلَمْ يُؤْتَ سَعَةً مِّنَ الْمَالِ ط قَالَ اِنَّ اللّٰهَ اصْطَفٰىهُ عَلَيْكُمْ وَزَادَهٗ بَسْطَةً فِي الْعِلْمِ وَالْجِسْمِ ط وَاللّٰهُ يُؤْتِيْ مُلْكَهٗ مَنْ يَّشَآءُ ط وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ○

২৪৭. আর তাদের নবী তাদের বলেছিল ঃ নিশ্চয়ই আল্লাহ্ তালূতকে তোমাদের বাদশাহ করে পাঠিয়েছেন। তারা বলেছিল ঃ তা কেমন করে হয় যে, তার কর্তৃত্ব চলবে আমাদের উপর অথচ তার চেয়ে আমরা কর্তৃত্বের অধিক হক্দার এবং সম্পদের দিক থেকেও সে ততটা সচ্ছল নয়। নবী বলল ঃ "আল্লাহ্ তাকে তোমাদের জন্য মনোনীত করেছেন এবং জ্ঞান ও দেহে তাকে প্রাচুর্য দিয়েছেন। আল্লাহ্ যাকে ইচ্ছা করেন স্বীয় কর্তৃত্ব প্রদান করেন, আল্লাহ্ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।

٢٤٨-وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ اِنَّ اٰيَةَ مُلْكِهٖٓ اَنْ يَّاْتِيَكُمُ التَّابُوْتُ فِيْهِ سَكِيْنَةٌ مِّنْ رَّبِّكُمْ وَبَقِيَّةٌ مِّمَّا تَرَكَ اٰلُ مُوْسٰى وَاٰلُ هٰرُوْنَ تَحْمِلُهُ الْمَلٰٓئِكَةُ ط اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ○

২৪৮. তারা তাদের নবী তাদের আরো বলেছিল ঃ তালূতের কর্তৃত্বের আলামত হলো যে, তোমাদের কাছে তোমাদের রবের তরফ থেকে একটা সিন্দুক আসবে, তোমাদের চিত্ত প্রশান্তির জন্য, তাতে থাকবে মূসা ও হারুনের বংশধরদের পরিত্যক্ত কিছু সামগ্রী, যা ফিরিশতাগণ বয়ে আনবে, অবশ্যই এতে রয়েছে তোমাদের জন্য নিশ্চিত নিদর্শন, যদি তোমরা প্রকৃত মু'মিন হতে।

٢٤٩- فَلَمَّا فَصَلَ طَالُوتُ بِالْجُنُودِ ۙ
قَالَ إِنَّ اللَّهَ مُبْتَلِيكُمْ بِنَهَرٍ ۚ
فَمَنْ شَرِبَ مِنْهُ فَلَيْسَ مِنِّي ۚ
وَمَنْ لَمْ يَطْعَمْهُ فَإِنَّهُ مِنِّي
إِلَّا مَنِ اغْتَرَفَ غُرْفَةً بِيَدِهِ ۚ
فَشَرِبُوا مِنْهُ إِلَّا قَلِيلًا مِنْهُمْ ۚ فَلَمَّا جَاوَزَهُ
هُوَ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ ۙ
قَالُوا لَا طَاقَةَ لَنَا الْيَوْمَ بِجَالُوتَ
وَجُنُودِهِ ۚ قَالَ الَّذِينَ يَظُنُّونَ أَنَّهُمْ
مُلَاقُو اللَّهِ ۙ كَمْ مِنْ فِئَةٍ قَلِيلَةٍ
غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللَّهِ ۗ
وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ ○

২৪৯. এরপর তালূত যখন সৈন্যসামন্ত নিয়ে বের হল, তখন সে বলল ঃ নিশ্চয়ই আল্লাহ্ তোমাদের পরীক্ষা করবেন একটা নদী দিয়ে। যে কেউ সেই নদীর পানি পান করবে, সে আমার নয়, আর যে কেউ তার স্বাদ গ্রহণ করবে না, সে অবশ্যই আমার, কিন্তু কেউ তার হাতে আজলা ভরে সামান্য পানি পান করলে, তার তেমন কোন দোষ হবে না, অবশেষে তাদের অল্প সংখ্যক ছাড়া সবাই সে পানি পান করল, পরে যখন তালূত ও তার সংগী ঈমানদাররা তা অতিক্রম করল, তখন তারা বলল ঃ আজ আমাদের জালূত ও তার সেনাবাহিনীর সাথে যুদ্ধ করার শক্তি নেই, কিন্তু যারা দৃঢ়ভাবে ধারণা রাখত যে, আল্লাহ্ সাথে তাদের সাক্ষাত ঘটবেই, তারা বলল ঃ "আল্লাহ্র হুকুমে কত ক্ষুদ্র দল বিজয়ী হয়েছে কত বৃহৎ দলের মুকাবিলায়। আর আল্লাহ্ তো আছেন ধৈর্যশীলদের সাথে।

٢٥٠- وَلَمَّا بَرَزُوا لِجَالُوتَ وَجُنُودِهِ
قَالُوا رَبَّنَا أَفْرِغْ عَلَيْنَا صَبْرًا
وَثَبِّتْ أَقْدَامَنَا
وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ ○

২৫০. যখন তালূত ও তার সেনাবাহিনী জালূত ও তার সেনাবাহিনীর সম্মুখীন হল, তখন তারা বলল ঃ হে আমাদের রব! ধৈর্য্য দাও আমাদের মনে, দৃঢ়পদ রাখ আমাদের, আর সাহায্য কর আমাদের কাফির লোকদের উপর।

٢٥١- فَهَزَمُوهُمْ بِإِذْنِ اللَّهِ ۙ
وَقَتَلَ دَاوُودُ جَالُوتَ وَآتَاهُ اللَّهُ
الْمُلْكَ وَالْحِكْمَةَ وَعَلَّمَهُ مِمَّا يَشَاءُ ۗ
وَلَوْلَا دَفْعُ اللَّهِ النَّاسَ
بَعْضَهُمْ بِبَعْضٍ ۙ لَفَسَدَتِ الْأَرْضُ

২৫১. আর তারা আল্লাহ্র হুকুমে জালূতের বাহিনীকে পরাজিত করল এবং দাউদ জালূতকে হত্যা করল। আর আল্লাহ্ দাউদকে রাজ্য ও হিক্মত দান করলেন এবং তাকে শিখালেন, যা তিনি ইচ্ছা করলেন। আর আল্লাহ্র যদি মানব জাতির কতককে কতকের দ্বারা প্রতিহত না করতেন, তাহলে অবশ্যই গোটা পৃথিবী বিপর্যস্ত হয়ে যেত। কিন্তু

www.pathagar.com

وَلٰكِنَّ اللّٰهَ ذُوْ فَضْلٍ عَلَى الْعٰلَمِيْنَ ○

আল্লাহ্ সমগ্র বিশ্ববাসীর প্রতি পরম অনুগ্রহশীল।

হাওয়ারী

সূরা আলে ইমরান, ৩ ঃ ৫২,৫৩

٥٢- فَلَمَّآ اَحَسَّ عِيْسٰى مِنْهُمُ الْكُفْرَ
قَالَ مَنْ اَنْصَارِيْٓ اِلَى اللّٰهِ ۖ
قَالَ الْحَوَارِيُّوْنَ نَحْنُ اَنْصَارُ اللّٰهِ ۚ
اٰمَنَّا بِاللّٰهِ ۚ
وَاشْهَدْ بِاَنَّا مُسْلِمُوْنَ ○

৫২. আর যখন ঈসা তাদের মধ্যে কুফ্রী আঁচ করতে পারল তখন সে বলল ঃ কেউ কি আছে যে, আল্লাহ্র পথে আমার সাহায্যকারী হবে? হাওয়ারীরা বলল ঃ আমরা আল্লাহ্র সাহায্যাকারী, আমরা ঈমান এনেছি আল্লাহ্র প্রতি। আর আপনি সাক্ষী থাকুন যে, আমরা তো মুসলিম।

٥٣- رَبَّنَآ اٰمَنَّا بِمَآ اَنْزَلْتَ
وَاتَّبَعْنَا الرَّسُوْلَ
فَاكْتُبْنَا مَعَ الشّٰهِدِيْنَ ○

৫৩. হে আমাদের রব! আপনি যা নাযিল করেছেন, আমরা তাতে ঈমান এনেছি এবং আনুগত্য করেছি রাসূলের। অতএব আপনি আমাদের সাক্ষ্যদানকারীদের শামিল করে নিন।

সূরা মায়িদা, ৫ ঃ ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫

١١١- وَاِذْ اَوْحَيْتُ اِلَى الْحَوَارِيّٖنَ
اَنْ اٰمِنُوْا بِيْ وَبِرَسُوْلِيْ ۚ قَالُوْٓا اٰمَنَّا
وَاشْهَدْ بِاَنَّنَا مُسْلِمُوْنَ ○

১১১. স্মরণ কর, যখন আমি হাওয়ারীদের আদেশ করলাম ঃ তোমরা ঈমান আন আমার প্রতি ও আমার রাসূলের প্রতি। তখন তারা বলেছিল ঃ আমরা ঈমান আনলাম এবং আপনি সাক্ষী থাকুন যে, আমরা তো মুসলিম।

١١٢- اِذْ قَالَ الْحَوَارِيُّوْنَ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ
هَلْ يَسْتَطِيْعُ رَبُّكَ اَنْ يُّنَزِّلَ
عَلَيْنَا مَآئِدَةً مِّنَ السَّمَآءِ ۖ قَالَ اتَّقُوا اللّٰهَ
اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ○

১১২. স্মরণ কর, হাওয়ারীগণ বলেছিল ঃ হে ঈসা ইব্ন মারইয়াম! আপনার রব কি আমাদের জন্য আসমান থেকে খাঞ্চা ভর্তি খাদ্য প্রেরণ করতে পারেন ? সে বলেছিল ঃ আল্লাহ্কে ভয় কর, যদি তোমরা প্রকৃত মু'মিন হও।

١١٣- قَالُوْا نُرِيْدُ اَنْ نَّاْكُلَ مِنْهَا

১১৩. তারা বলল ঃ আমরা চাই যে, তা থেকে কিছু খাব এবং আমাদের অন্তর

وَ تَطْمَىِٕنَّ قُلُوْبُنَا وَ نَعْلَمَ اَنْ قَدْ صَدَقْتَنَا
وَ نَكُوْنَ عَلَيْهَا مِنَ الشّٰهِدِيْنَ ○

পরিতৃপ্ত হবে। আর আমরা জেনে নেবে যে, আপনি আমাদের জন্য সত্য বলেছেন এবং আমার তার সাক্ষী হয়ে যাব।

١١٤- قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ اللّٰهُمَّ رَبَّنَآ
اَنْزِلْ عَلَيْنَا مَآىِٕدَةً مِّنَ السَّمَآءِ
تَكُوْنُ لَنَا عِيْدًا لِّاَوَّلِنَا وَ اٰخِرِنَا
وَ اٰيَةً مِّنْكَ ۚ
وَارْزُقْنَا وَ اَنْتَ خَيْرُ الرّٰزِقِيْنَ ○

১১৪. ঈসা ইব্‌ন মারইয়াম বলল ঃ হে আল্লাহ্‌, আমাদের রব! প্রেরণ করুন আমাদের জন্য আসমান থেকে খাঞ্চা ভর্তি খাবার, যা হবে আমাদের জন্য এবং আমাদের পূর্ববর্তী ও পরবর্তী সবার জন্য আনন্দোৎসব স্বরূপ আর আপনার পক্ষ থেকে হবে একটি নিদর্শন। আপনি আমাদের রিযিক দান করুন, আপনি শ্রেষ্ঠ রিযিকদাতা।

١١٥- قَالَ اللّٰهُ اِنِّيْ مُنَزِّلُهَا عَلَيْكُمْ ۚ
فَمَنْ يَّكْفُرْ بَعْدُ مِنْكُمْ فَاِنِّيْٓ اُعَذِّبُهٗ
عَذَابًا لَّآ اُعَذِّبُهٗٓ اَحَدًا مِّنَ الْعٰلَمِيْنَ ○

১১৫. আল্লাহ্‌ বললেন ঃ অবশ্যই আমি তা তোমাদের কাছে প্রেরণ করব। কিন্তু এরপরেও তোমাদের মধ্যে কেউ কুফরী করলে তাকে আমি এমন শাস্তি দেব। যে শাস্তি বিশ্বজগতে আর কাউকে দেব না।

হাবিল ও কাবিল

সূরা মায়িদা, ৫ ঃ ২৭, ২৮, ২৯, ৩০, ৩১

٢٧-وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ ابْنَيْ
اٰدَمَ بِالْحَقِّ ۘ اِذْ قَرَّبَا قُرْبَانًا
فَتُقُبِّلَ مِنْ اَحَدِهِمَا
وَلَمْ يُتَقَبَّلْ مِنَ الْاٰخَرِ ؕ قَالَ لَاَقْتُلَنَّكَ ؕ
قَالَ اِنَّمَا يَتَقَبَّلُ اللّٰهُ مِنَ الْمُتَّقِيْنَ ○

২৭. আর আপনি যথাযথভাবে বর্ণনা করুন তাদের কাছে আদমের দুই পুত্রের বৃত্তান্ত, যখন তারা কুরবানী করেছিল, তখন তাদের একজনের কুরবানী কবুল করা হয়েছিল এবং অপরজনের কবুল করা হয়নি। সে বলল ঃ অবশ্যই আমি তোমাকে হত্যা করব। অপরজন বলল ঃ আল্লাহ্‌ কেবলমাত্র মুত্তাকীদের কুরবানী কবূল করেন।

٢٨-لَىِٕنْۢ بَسَطْتَّ اِلَيَّ يَدَكَ لِتَقْتُلَنِيْ
مَآ اَنَا بِبَاسِطٍ يَّدِيَ اِلَيْكَ لِاَقْتُلَكَ ۚ

২৮. যদি তুমি আমাকে হত্যা করার জন্য, আমার দিকে তোমার হাত প্রসারিত কর, তবুও আমি তোমাকে হত্যা করার জন্য, তোমার দিকে আমার

www.pathagar.com

হাত প্রসারিত করব না। কেননা, আমি তো ভয় করি রাব্বুল আলামীন আল্লাহ্‌কে।

إِنِّيٓ أَخَافُ ٱللَّهَ رَبَّ ٱلْعَٰلَمِينَ ○

২৯. আমি তো চাই, তুমি বহন কর আমার ও তোমার পাপের বোঝা, তারপর তুমি হয়ে যাও দোযখবাসীদের অন্তর্ভুক্ত। আর এটাই হল যালিমদের প্রতিফল।

٢٩- إِنِّيٓ أُرِيدُ أَن تَبُوٓأَ بِإِثْمِى وَإِثْمِكَ فَتَكُونَ مِنْ أَصْحَٰبِ ٱلنَّارِ ۚ وَذَٰلِكَ جَزَٰٓؤُا۟ ٱلظَّٰلِمِينَ ○

৩০. তারপর তার প্রবৃত্তি তাকে ভ্রাতৃ-হত্যায় প্ররোচিত করল এবং সে তাকে হত্যা করল, ফলে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে পড়ল।

٣٠- فَطَوَّعَتْ لَهُۥ نَفْسُهُۥ قَتْلَ أَخِيهِ فَقَتَلَهُۥ فَأَصْبَحَ مِنَ ٱلْخَٰسِرِينَ ○

৩১. তারপর আল্লাহ্ একটি কাক পাঠালেন, সে মাটি খুঁড়তে লাগল তাকে দেখাবার জন্য যে, কিভাবে সে তার ভাইয়ের লাশ গোপন করবে। সে বলল ঃ আফসোস! আমি কি এ কাকের মতও হতে পারলাম না যে, আমার ভাইয়ের লাশ গোপন করতে পারি ? অবশেষে সে অনুতপ্ত হল।

٣١- فَبَعَثَ ٱللَّهُ غُرَابًا يَبْحَثُ فِى ٱلْأَرْضِ لِيُرِيَهُۥ كَيْفَ يُوَٰرِى سَوْءَةَ أَخِيهِ ۚ قَالَ يَٰوَيْلَتَىٰٓ أَعَجَزْتُ أَنْ أَكُونَ مِثْلَ هَٰذَا ٱلْغُرَابِ فَأُوَٰرِىَ سَوْءَةَ أَخِى ۖ فَأَصْبَحَ مِنَ ٱلنَّٰدِمِينَ ○

আযর

সূরা আন'আম, ৬ ঃ ৭৪

৭৪. স্মরণ কর, ইব্রাহীম বলেছিল তার পিতা আযরকে ঃ আপনি কি প্রতিমা-গুলোকে মাবূদরূপে গ্রহণ করেন ? আমি তো আপনাকে ও আপনার কাওমকে প্রকাশ্য গুমরাহীর মধ্যে দেখতে পাচ্ছি।

٧٤- وَإِذْ قَالَ إِبْرَٰهِيمُ لِأَبِيهِ ءَازَرَ أَتَتَّخِذُ أَصْنَامًا ءَالِهَةً ۖ إِنِّيٓ أَرَىٰكَ وَقَوْمَكَ فِى ضَلَٰلٍ مُّبِينٍ ○

ফির'আওন, কারূন ও হামান

সূরা আ'রাফ, ৭ ঃ ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪,

www.pathagar.com

১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮, ১৩৯, ১৪০, ১৪১

১০৩. এরপর আমি পাঠিয়েছিলাম মূসাকে আমার নিদর্শনসহ ফির'আওন ও তার সভাসদদের কাছে, কিন্তু তারা অন্যায়ভাবে তা প্রত্যাখ্যান করেছিল। অতএব লক্ষ্য কর, কিরূপ হয়েছিল পরিণতি ফাসাদ সৃষ্টিকারীদের।

১০৩-ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهِمْ مُّوْسٰى بِاٰيٰتِنَآ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۠ئِهٖ فَظَلَمُوْا بِهَا ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ○

১০৪. আর মূসা বলেছিল ঃ হে ফির'আওন! আমি তো একজন রাসূল রাব্বুল আলামীনের তরফ থেকে।

১০৪-وَقَالَ مُوْسٰى يٰفِرْعَوْنُ اِنِّيْ رَسُوْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ○

১০৫. এটাই সংগত যে, আমি সত্য ছাড়া অন্য কোন কথা আল্লাহ্র উপর আরোপ করব না। আমি তো এসেছি তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ নিয়ে তোমাদের রবের তরফ থেকে। অতএব যেতে দাও আমার সাথে বনী ইসরাঈলদের।

১০৫-حَقِيْقٌ عَلٰٓى اَنْ لَّآ اَقُوْلَ عَلَى اللّٰهِ اِلَّا الْحَقَّ ؕ قَدْ جِئْتُكُمْ بِبَيِّنَةٍ مِّنْ رَّبِّكُمْ فَاَرْسِلْ مَعِيَ بَنِيْٓ اِسْرَآءِيْلَ ○

১০৬. ফির'আওন বলল ঃ যদি তুমি কোন নিদর্শন এনেই থাক, তবে তা উপস্থিত কর, যদি তুমি সত্যবাদী হও।

১০৬- قَالَ اِنْ كُنْتَ جِئْتَ بِاٰيَةٍ فَاْتِ بِهَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ○

১০৭. তখন মূসা তার লাঠি নিক্ষেপ করল এবং তৎক্ষণাৎ তা এক জলজ্যান্ত অজগর হয়ে গেল।

১০৭- فَاَلْقٰى عَصَاهُ فَاِذَا هِيَ ثُعْبَانٌ مُّبِيْنٌ ○

১০৮. আর সে বের করল তার হাত, তৎক্ষণাৎ তা দর্শকদের চোখে ধবধবে উজ্জ্বল প্রতিভাত হল।

১০৮- وَّنَزَعَ يَدَهٗ فَاِذَا هِيَ بَيْضَآءُ لِلنّٰظِرِيْنَ ○

১০৯. ফির'আওনের কাওমের সর্দাররা বলল ঃ নিশ্চয় এতো একজন বিজ্ঞ যাদুকর,

১০৯-قَالَ الْمَلَاُ مِنْ قَوْمِ فِرْعَوْنَ اِنَّ هٰذَا لَسٰحِرٌ عَلِيْمٌ ○

১১০. সে চায় তোমাদের বের করে দিতে তোমাদের দেশ থেকে, একন তোমরা কি পরামর্শ দাও?

১১০- يُّرِيْدُ اَنْ يُّخْرِجَكُمْ مِّنْ اَرْضِكُمْ ۚ فَمَاذَا تَاْمُرُوْنَ ○

www.pathagar.com

١١١- قَالُوْٓا اَرْجِهْ وَاَخَاهُ
وَاَرْسِلْ فِى الْمَدَآئِنِ حٰشِرِيْنَ ○

১১১. তারা বলল, কিঞ্চিৎ অবকাশ দিন তাকে ও তার ভাইকে এবং প্রেরণ করুন শহরে-বন্দরে সংগ্রাহকদের,

١١٢- يَاْتُوْكَ بِكُلِّ سٰحِرٍ عَلِيْمٍ ○

১১২. যেন তারা নিয়ে আসে আপনার কাছে অভিজ্ঞ যাদুকরদের।

١١٣- وَجَآءَ السَّحَرَةُ فِرْعَوْنَ
قَالُوْٓا اِنَّ لَنَا لَاَجْرًا
اِنْ كُنَّا نَحْنُ الْغٰلِبِيْنَ ○

১১৩. আর যাদুকররা ফির'আওনের কাছে এলো এবং বলল ঃ আছে কি আমাদের জন্য কোন পুরস্কার, যদি আমরা বিজয়ী হই?

١١٤- قَالَ نَعَمْ
وَاِنَّكُمْ لَمِنَ الْمُقَرَّبِيْنَ ○

১১৪. ফির'আওন বলল ঃ হাঁ, তদুপরি তোমরা শামিল হবে আমার নৈকট্যপ্রাপ্তদের মধ্যে।

١١٥- قَالُوْا يٰمُوْسٰٓى اِمَّآ اَنْ تُلْقِىَ
وَاِمَّآ اَنْ نَّكُوْنَ نَحْنُ الْمُلْقِيْنَ ○

১১৫. যাদুকররা বলল ঃ হে মূসা! হয় তুমিই নিক্ষেপ কর, নয় তো আমরাই নিক্ষেপ করি।

١١٦- قَالَ اَلْقُوْا ۚ
فَلَمَّآ اَلْقَوْا سَحَرُوْٓا اَعْيُنَ النَّاسِ
وَاسْتَرْهَبُوْهُمْ وَجَآءُوْ بِسِحْرٍ عَظِيْمٍ ○

১১৬. মূসা বলল ঃ তোমরাই নিক্ষেপ কর। তারপর যখন তারা নিক্ষেপ করল। তখন তারা লোকদের চোখে ভেল্কি লাগিয়ে দিল এবং তাদের উপর আতংক বিস্তার করল এবং তারা এক বড় ধরনের যাদু দেখাল।

١١٧- وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى
اَنْ اَلْقِ عَصَاكَ ۚ فَاِذَا
هِىَ تَلْقَفُ مَا يَاْفِكُوْنَ ○

১১৭. তারপর আমি ওহীর মাধ্যমে মূসাকে আদেশ দিলাম ঃ তুমি নিক্ষেপ কর তোমার লাঠি। নিক্ষেপ করার সাথে সাথেই যা যাদুকররা বানিয়েছিল তা গিল্‌তে লাগল।

١١٨- فَوَقَعَ الْحَقُّ
وَبَطَلَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ○

১১৮. ফলে সত্য প্রতিষ্ঠিত হল এবং তারা যা বানিয়েছিল তা বাতিল হয়ে গেল।

١١٩- فَغُلِبُوْا هُنَالِكَ
وَانْقَلَبُوْا صٰغِرِيْنَ ○

১১৯. সুতরাং তারা সেখানে পরাজিত হল এবং নিতান্ত অপদস্থ হল,

١٢٠- وَاُلْقِىَ السَّحَرَةُ سٰجِدِيْنَ ○

১২০. আর যাদুকররা সিজ্‌দায় পড়ে গেল।

١٢١- قَالُوْٓا اٰمَنَّا بِرَبِّ الْعٰلَمِيْنَ ○

১২১. তারা বলল ঃ আমরা ঈমান আনলাম রাব্বুল আলামীনের প্রতি—

www.pathagar.com

১২২. যিনি রব মূসা ও হারূনের।

١٢٢-رَبِّ مُوْسٰى وَهٰرُوْنَ ○

১২৩. ফির'আওন বলল : তবে কি তোমরা তার প্রতি ঈমান আনলে আমার অনুমতি দেয়ার আগেই ? এটা তো এক চক্রান্ত, যা তোমরা এ শহরে বসে করেছ, যাতে তোমরা নগরবাসীদের তা থেকে বের করে দিতে পার। সুতরাং অচিরেই তোমরা এর পরিণাম জানতে পারবে।

١٢٣- قَالَ فِرْعَوْنُ اٰمَنْتُمْ بِهٖ قَبْلَ اَنْ اٰذَنَ لَكُمْ ۚ اِنَّ هٰذَا لَمَكْرٌ مَّكَرْتُمُوْهُ فِي الْمَدِيْنَةِ لِتُخْرِجُوْا مِنْهَآ اَهْلَهَا ۚ فَسَوْفَ تَعْلَمُوْنَ ○

১২৪. অবশ্যই আমি কেটে ফেলব তোমাদের হাত ও তোমাদের পা বিপরীত দিক থেকে। তারপর তোমাদের সবাইকে শূলবিদ্ধ করবই।

١٢٤- لَاُقَطِّعَنَّ اَيْدِيَكُمْ وَاَرْجُلَكُمْ مِّنْ خِلَافٍ ثُمَّ لَاُصَلِّبَنَّكُمْ اَجْمَعِيْنَ ○

১২৫. তারা বলল : নিশ্চয় আমরা আমাদের রবের কাছেই ফিরে যাব।

١٢٥- قَالُوْٓا اِنَّآ اِلٰى رَبِّنَا مُنْقَلِبُوْنَ ○

১২৬. আর তুমি তো শুধু আমাদের সাথে এ কারণেই শত্রুতা পোষণ করছ যে, আমরা ঈমান এনেছি আমাদের রবের নিদর্শনাবলীর প্রতি, যখন তা আমাদের কাছে এসেছে। হে আমাদের রব! আমাদের প্রতি ধৈর্যের দ্বার খুলে দাও এবং মুসলিম হিসাবে আমাদের মৃত্যু দাও।

١٢٦-وَمَا تَنْقِمُ مِنَّآ اِلَّآ اَنْ اٰمَنَّا بِاٰيٰتِ رَبِّنَا لَمَّا جَآءَتْنَا ۗ رَبَّنَآ اَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَّتَوَفَّنَا مُسْلِمِيْنَ ○

১২৭. আর ফির'আওনের কাওমের সর্দাররা বলল : আপনি কি মূসা ও তার কাওমকে এভাবেই ছেড়ে দেবেন যে, তারা রাজ্যে ফাসাদ সৃষ্টি করবে এবং আপনাকে ও আপনার দেব-দেবীকে বর্জন করবে ? ফির'আওন বলল : আমি অবশ্যই তাদের পুত্রদের হত্যা করব এবং তাদের মেয়েদের জীবিত রাখব আর আমি তো তাদের উপর প্রবল।

١٢٧- وَقَالَ الْمَلَاُ مِنْ قَوْمِ فِرْعَوْنَ اَتَذَرُ مُوْسٰى وَقَوْمَهٗ لِيُفْسِدُوْا فِي الْاَرْضِ وَيَذَرَكَ وَاٰلِهَتَكَ ۗ قَالَ سَنُقَتِّلُ اَبْنَآءَهُمْ وَنَسْتَحْيٖ نِسَآءَهُمْ وَاِنَّا فَوْقَهُمْ قٰهِرُوْنَ ○

১২৮. মূসা তার কাওমকে বলল : তোমরা আল্লাহ্র কাছে সাহায্য প্রার্থনা কর এবং

١٢٨-قَالَ مُوْسٰى لِقَوْمِهِ اسْتَعِيْنُوْا بِاللّٰهِ

www.pathagar.com

সব্‌র কর, এ যমীন তো আল্লাহ্‌র, তিনি স্বীয় বান্দাদের মাঝে যাকে ইচ্ছা এর উত্তরাধিকারী বানিয়ে দেন। আর চূড়ান্ত সফলতা তো মুত্তাকীদের জন্য।

وَاصْبِرُوْا ۚ اِنَّ الْاَرْضَ لِلّٰهِ ۙ۬
يُوْرِثُهَا مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ؕ
وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ ۝

১২৯. তারা বলল ঃ আমরা নির্যাতিত হয়েছি আমাদের কাছে আপনার আসার আগেও এবং আপনার আসার পরেও। মূসা বলল ঃ অতি সত্ত্বর তোমাদের রব তোমাদের শত্রুদের ধ্বংস করবেন এবং যমীনে তোমাদেরকে তাদের স্থলাভিষিক্ত করবেন, তারপর তিনি লক্ষ্য করবেন তোমরা কি কর তা।

١٢٩- قَالُوْٓا اُوْذِيْنَا مِنْ قَبْلِ
اَنْ تَاْتِيَنَا وَمِنْۢ بَعْدِ مَا جِئْتَنَا ؕ
قَالَ عَسٰى رَبُّكُمْ
اَنْ يُّهْلِكَ عَدُوَّكُمْ وَيَسْتَخْلِفَكُمْ
فِى الْاَرْضِ فَيَنْظُرَ كَيْفَ تَعْمَلُوْنَ ۝

১৩০. আর আমি তো পাকড়াও করেছিলাম ফির'আওনের অনুসারীদের দুর্ভিক্ষ ও ফল ফসলের ক্ষয়ক্ষতি দিয়ে, যাতে তারা উপদেশ গ্রহণ করে।

١٣٠- وَلَقَدْ اَخَذْنَآ اٰلَ فِرْعَوْنَ
بِالسِّنِيْنَ وَنَقْصٍ مِّنَ الثَّمَرٰتِ
لَعَلَّهُمْ يَذَّكَّرُوْنَ ۝

১৩১. আর যখন কোন কিছু শুভ তাদের কাছে আসত, তখন তারা বলত ঃ এটাই আমাদের জন্য বাঞ্ছনীয়। আর যদি কোন কিছু অশুভ তাদের উপর আপতিত হত, তখন তারা মূসা ও তার সঙ্গীদের এর জন্য অলক্ষুণে মনে করত। জেনে রাখ, তাদের অলক্ষুণের মূল কারণ আল্লাহ্‌র জানা আছে, কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।

١٣١- فَاِذَا جَآءَتْهُمُ الْحَسَنَةُ
قَالُوْا لَنَا هٰذِهٖ ۚ وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ
يَّطَّيَّرُوْا بِمُوْسٰى وَمَنْ مَّعَهٗ ؕ
اَلَآ اِنَّمَا طٰٓئِرُهُمْ عِنْدَ اللّٰهِ
وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ۝

১৩২. তারা আরো বলল ঃ আমাদেরকে যাদু করার জন্য তুমি যত নিদর্শনই নিয়ে এসো না কেন, আমরা কিছুতেই তোমার উপর ঈমান আনব না।

١٣٢- وَقَالُوْا مَهْمَا تَاْتِنَا بِهٖ مِنْ اٰيَةٍ
لِّتَسْحَرَنَا بِهَا ۙ
فَمَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِيْنَ ۝

১৩৩. তারপর আমি তাদের উপর প্রেরণ করি প্লাবন, পঙ্গপাল, উকুন, বেঙ ও রক্ত যা ছিল স্পষ্ট মু'জিযা, কিন্তু তারা অহংকারই করতে থাকল এবং তারা ছিল অপরাধী কাওম।

١٣٣- فَاَرْسَلْنَا عَلَيْهِمُ الطُّوْفَانَ
وَالْجَرَادَ وَالْقُمَّلَ وَالضَّفَادِعَ
وَالدَّمَ اٰيٰتٍ مُّفَصَّلٰتٍ ۫
فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا مُّجْرِمِيْنَ ۝

১৩৪. আর যখন তাদের উপর কোন আযাব আপতিত হয়, তখন তারা বলে ঃ হে মূসা! তুমি তোমার রবের কাছে আমাদের জন্য প্রার্থনা কর, তোমার সাথে তাঁর যে ওয়াদা রয়েছে সে অনুযায়ী। যদি তুমি আমাদের উপর থেকে আযাব দূর করে দাও, তবে অবশ্যই আমরা তোমার উপর ঈমান আনব এবং বনী ইসরাঈলকেও মুক্ত করে তোমার সাথে যেতে দেব।

١٣٤- وَلَمَّا وَقَعَ عَلَيْهِمُ الرِّجْزُ قَالُوْا
يٰمُوْسَى ادْعُ لَنَا رَبَّكَ
بِمَا عَهِدَ عِنْدَكَ ۚ
لَئِنْ كَشَفْتَ عَنَّا الرِّجْزَ
لَنُؤْمِنَنَّ لَكَ
وَ لَنُرْسِلَنَّ مَعَكَ بَنِيْٓ اِسْرَآءِيْلَ ○

১৩৫. কিন্তু যখনই আমি তাদের উপর থেকে আযাব দূর করে দিতাম এক নির্দিষ্ট সময় পর্যন্ত যা তাদের জন্য অনিবার্য ছিল, তখনই তারা তাদের ওয়াদা ভঙ্গ করত।

١٣٥- فَلَمَّا كَشَفْنَا عَنْهُمُ الرِّجْزَ
اِلٰٓى اَجَلٍ
هُمْ بٰلِغُوْهُ اِذَا هُمْ يَنْكُثُوْنَ ○

১৩৬. অতএব আমি প্রতিশোধ নেই এভাবে যে, তাদের ডুবিয়ে দেই সাগরে। কেননা তারা আমার নিদর্শনাবলীকে মিথ্যা সাব্যস্ত করেছিল এবং এ সম্বন্ধে গাফিল ছিল।

١٣٦- فَانْتَقَمْنَا مِنْهُمْ فَاَغْرَقْنٰهُمْ فِى الْيَمِّ
بِاَنَّهُمْ كَذَّبُوْا بِاٰيٰتِنَا
وَ كَانُوْا عَنْهَا غٰفِلِيْنَ ○

১৩৭. আর আমি উত্তরাধিকারী করে দেই সে কাওমকে যাদের দুর্বল মনে করা হত সে যমীনের পূর্ব ও পশ্চিমের, যাতে আমি বরকত দান করেছিলাম। আর বনী ইস্‌রাঈল সম্পর্কে আপনার রবের শুভ বাণী পূর্ণ হল তাদের সবরের কারণে। আর আমি ধ্বংস করে দেই যা কিছু শিল্প কারখানা নির্মাণ করেছিল ফির'আওন ও তার কাওম এবং যে সব সুউচ্চ প্রাসাদ তারা নির্মাণ করেছিল তাও।

١٣٧- وَاَوْرَثْنَا الْقَوْمَ الَّذِيْنَ كَانُوْا
يُسْتَضْعَفُوْنَ مَشَارِقَ الْاَرْضِ
وَمَغَارِبَهَا الَّتِىْ بٰرَكْنَا فِيْهَا ؕ
وَتَمَّتْ كَلِمَتُ رَبِّكَ الْحُسْنٰى
عَلٰى بَنِيْٓ اِسْرَآءِيْلَ ۙ بِمَا صَبَرُوْا ؕ
وَدَمَّرْنَا مَا كَانَ يَصْنَعُ فِرْعَوْنُ
وَقَوْمُهٗ وَمَا كَانُوْا يَعْرِشُوْنَ ○

১৩৮. আর আমি বনী ইসরাঈলকে পার করিয়ে দেই সাগর, তখন তারা এমন এক জাতির কাছে গিয়ে উপস্থিত হয়, যারা তাদের নির্মিত মূর্তির পূজা করত, তারা বলল ঃ হে মূসা! আমাদের জন্যও

١٣٨- وَجٰوَزْنَا بِبَنِيْٓ اِسْرَآءِيْلَ الْبَحْرَ
فَاَتَوْا عَلٰى قَوْمٍ يَّعْكُفُوْنَ عَلٰٓى اَصْنَامٍ
لَّهُمْ ۚ قَالُوْا يٰمُوْسَى اجْعَلْ لَّنَآ

اِلٰهًا كَمَا لَهُمْ اٰلِهَةٌ ؕ قَالَ
اِنَّكُمْ قَوْمٌ تَجْهَلُوْنَ ○

বানিয়ে দিন এক দেবতা, যেমন তাদের রয়েছে দেবতা। মূসা বলল ঃ তোমরা তো এক মূর্খ সম্প্রদায়!

١٣٩- اِنَّ هٰٓؤُلَآءِ مُتَبَّرٌ مَّا هُمْ فِيْهِ
وَبٰطِلٌ مَّا كَانُوْا يَعْمَلُوْنَ ○

১৩৯. নিশ্চয় এরা যে কাজে লিপ্ত রয়েছে, তা তো ধ্বংস হবেই এবং তারা যা কিছু করছে তাও বাতিল।

١٤٠- قَالَ اَغَيْرَ اللّٰهِ
اَبْغِيْكُمْ اِلٰهًا
وَّهُوَ فَضَّلَكُمْ عَلَى الْعٰلَمِيْنَ ○

১৪০. মূসা আরো বলল ঃ তবে কি আমি তোমাদের জন্য আল্লাহ্ ব্যতীত অন্য ইলাহ্ খুঁজব ? অথচ তিনিই তোমাদের সারা জাহানের উপর শ্রেষ্ঠত্ব দান করেছেন!

١٤١- وَاِذْ اَنْجَيْنٰكُمْ مِّنْ اٰلِ فِرْعَوْنَ
يَسُوْمُوْنَكُمْ سُوْٓءَ الْعَذَابِ ۚ
يُقَتِّلُوْنَ اَبْنَآءَكُمْ
وَيَسْتَحْيُوْنَ نِسَآءَكُمْ ؕ
وَفِيْ ذٰلِكُمْ بَلَآءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ ○

১৪১. আর স্মরণ কর, যখন আমি তোমাদেরকে ফির'আওনের লোকদের কবল থেকে রক্ষা করেছিলাম, যারা তোমাদেরকে কঠোর শাস্তি দিত, তারা তোমাদের পুত্র সন্তানদের হত্যা করত এবং তোমাদের মেয়েদের জীবিত রাখত। আর এতে ছিল মহাপরীক্ষা তোমাদের রবের তরফ থেকে।

সূরা ইউনুস, ১০ ঃ ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২

٧٥- ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهِمْ مُّوْسٰى وَهٰرُوْنَ
اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ بِاٰيٰتِنَا
فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا مُّجْرِمِيْنَ ○

৭৫. তারপর আমি এদের পরে পাঠিয়েছিলাম মূসা ও হারূনকে ফির'আওন ও তার প্রধানদের কাছে আমার নিদর্শনাবলী সহ, কিন্তু তারা অহংকার করে এবং তারা ছিল অপরাধী কাওম।

٧٦- فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا
قَالُوْٓا اِنَّ هٰذَا لَسِحْرٌ مُّبِيْنٌ ○

৭৬. আর যখন তাদের কাছে আমার তরফ থেকে সত্য এল, তখন তারা বলল ঃ নিশ্চয় এত প্রকাশ্য যাদু।

٧٧- قَالَ مُوْسٰٓى اَتَقُوْلُوْنَ لِلْحَقِّ لَمَّا جَآءَكُمْ ؕ
اَسِحْرٌ هٰذَا ؕ وَلَا يُفْلِحُ السّٰحِرُوْنَ ○

৭৭. মূসা বলল ঃ তোমরা কি সত্য সম্পর্কে এরূপ বলছ, যখন তা তোমাদের কাছে পৌঁছেছে? এটা কি যাদু? আর যাদুকররা তো সফলকাম হয় না।

www.pathagar.com

৭৮. তারা বলল ঃ তুমি কি আমাদের কাছে এসেছ এজন্য যে, আমাদের বিচ্যুত করবে সে পথ থেকে, যার উপর আমরা আমাদের বাপ-দাদাদের পেয়েছি? আর যাতে তোমাদের দু'জনের এদেশের আধিপত্য প্রতিষ্ঠিত হয় সে জন্য? আমরা কিছুতেই তোমাদের প্রতি ঈমান আনার নই।

٧٨- قَالُوٓا اَجِئۡتَنَا لِتَلۡفِتَنَا عَمَّا وَجَدۡنَا عَلَيۡهِ اٰبَآءَنَا وَتَكُوۡنَ لَكُمَا الۡكِبۡرِيَآءُ فِى الۡاَرۡضِ ؕ وَمَا نَحۡنُ لَكُمَا بِمُؤۡمِنِيۡنَ ○

৭৯. আর ফির'আওন বলল ঃ তোমরা আমার কাছে নিয়ে এসো সুবিজ্ঞ যাদুকরদের।

٧٩- وَقَالَ فِرۡعَوۡنُ ائۡتُوۡنِىۡ بِكُلِّ سٰحِرٍ عَلِيۡمٍ ○

৮০. তারপর যখন যাদুকররা এলো, তখন মূসা তাদের বলল ঃ তোমরা নিক্ষেপ কর, যা তোমরা নিক্ষেপ করতে চাও।

٨٠- فَلَمَّا جَآءَ السَّحَرَةُ قَالَ لَهُمۡ مُّوۡسٰٓى اَلۡقُوۡا مَاۤ اَنۡتُمۡ مُّلۡقُوۡنَ ○

৮১. এরপর তারা যখন নিক্ষেপ করল, তখন মূসা বলল ঃ তোমরা যা কিছু এনেছ তা সবই যাদু। নিশ্চয় আল্লাহ্ এখনই এ সব বাতিল করে দেবেন। আল্লাহ্ তো ফাসাদ সৃষ্টিকারীদের কাজ সুষ্ঠুভাবে সমাধা হতে দেন না।

٨١- فَلَمَّاۤ اَلۡقَوۡا قَالَ مُوۡسٰى مَا جِئۡتُمۡ بِهِ ۙ السِّحۡرُ ؕ اِنَّ اللّٰهَ سَيُبۡطِلُهٗ ؕ اِنَّ اللّٰهَ لَا يُصۡلِحُ عَمَلَ الۡمُفۡسِدِيۡنَ ○

৮২. আর আল্লাহ্ স্বীয় বাণী অনুযায়ী সত্যকে সত্যে প্রতিষ্ঠিত করেন, যদিও অপরাধীরা তা অপসন্দ করে।

٨٢- وَيُحِقُّ اللّٰهُ الۡحَقَّ بِكَلِمٰتِهٖ وَلَوۡ كَرِهَ الۡمُجۡرِمُوۡنَ ○

৮৩. মূসার প্রতি তার কাওমের কতিপয় লোক ছাড়া কেউ ঈমান আনল না এ আশংকায় যে, ফির'আওন ও তার সর্দাররা তাদের নির্যাতন করবে। আর ফির'আওন তো সে দেশের কর্তৃত্বের শিখরে আরোহন করেছিল। আর সে ছিল অন্যতম সীমালংঘনকারী।

٨٣- فَمَاۤ اٰمَنَ لِمُوۡسٰٓى اِلَّا ذُرِّيَّةٌ مِّنۡ قَوۡمِهٖ عَلٰى خَوۡفٍ مِّنۡ فِرۡعَوۡنَ وَمَلَا۟ئِهِمۡ اَنۡ يَّفۡتِنَهُمۡ ؕ وَاِنَّ فِرۡعَوۡنَ لَعَالٍ فِى الۡاَرۡضِ ۚ وَاِنَّهٗ لَمِنَ الۡمُسۡرِفِيۡنَ ○

৮৮. আর মূসা বলল ঃ হে আমাদের রব! তুমি তো ফির'আওনকে এবং তার প্রধানদের পার্থিব জীবনে আড়ম্বরের সামগ্রী ও নানাপ্রকার ধন-সম্পদ দান

٨٨- وَقَالَ مُوۡسٰى رَبَّنَاۤ اِنَّكَ اٰتَيۡتَ فِرۡعَوۡنَ وَمَلَاَهٗ زِيۡنَةً وَّاَمۡوَالًا

فِي الْحَيٰوةِ الدُّنْيَا ۙ رَبَّنَا لِيُضِلُّوْا
عَنْ سَبِيْلِكَ ۚ رَبَّنَا اطْمِسْ عَلٰٓى
اَمْوَالِهِمْ وَاشْدُدْ عَلٰى قُلُوْبِهِمْ
فَلَا يُؤْمِنُوْا حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ○

করেছ। হে আমাদের রব! যার ফলে তারা লোকদের তোমার পথ থেকে গুম্‌রাহ্ করে। হে আমাদের রব! তাদের ধন-সম্পদ নিশ্চিহ্ন করে দাও, তাদের অন্তর কঠিন করে দাও, তারা তো ঈমান আনবে না, যতক্ষণ না তারা যন্ত্রণাদায়ক শাস্তি প্রত্যক্ষ করে।

٨٩- قَالَ قَدْ اُجِيْبَتْ دَّعْوَتُكُمَا
فَاسْتَقِيْمَا وَلَا تَتَّبِعٰٓنِّ
سَبِيْلَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ○

৮৯. আল্লাহ্ বললেন ঃ তোমাদের উভয়ের দু'আ কবুল করা হল। অতএব তোমরা দৃঢ় থাক এবং কখনো অজ্ঞ লোকদের পথ অনুসরণ করো না।

٩٠- وَجٰوَزْنَا بِبَنِيْٓ اِسْرَآءِيْلَ الْبَحْرَ
فَاَتْبَعَهُمْ فِرْعَوْنُ وَجُنُوْدُهٗ بَغْيًا
وَّعَدْوًا ۭ حَتّٰٓى اِذَآ اَدْرَكَهُ الْغَرَقُ ۙ
قَالَ اٰمَنْتُ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا الَّذِيْٓ
اٰمَنَتْ بِهٖ بَنُوْٓا اِسْرَآءِيْلَ وَاَنَا
مِنَ الْمُسْلِمِيْنَ ○

৯০. আর আমি বনী ইস্‌রাঈলকে নদী পার করিয়ে দিলাম। তারপর তাদের পশ্চাদ-অনুসরণ করল ফির'আওন ও তার সেনাবাহিনী নিঃপীড়ন ও নির্যাতনের উদ্দেশ্যে। অবশেষে যখন সে নিমজ্জিত হতে থাকল, তখন বলল ঃ আমি ঈমান আনলাম যে, কোন মা'বূদ নেই তিনি ছাড়া, যার প্রতি ঈমান এনেছে বনী ইস্‌রাঈল। আর আমি একজন মুসলিম।

٩١- آٰلْـٰٔنَ وَقَدْ عَصَيْتَ قَبْلُ وَكُنْتَ
مِنَ الْمُفْسِدِيْنَ ○

৯১. এখন ঈমান আনলে! অথচ এর পূর্ব মুহূর্তেও তুমি নাফরমানী করছিলে এবং তুমি ছিলে ফাসাদ সৃষ্টিকারীদের একজন।

٩٢- فَالْيَوْمَ نُنَجِّيْكَ بِبَدَنِكَ لِتَكُوْنَ
لِمَنْ خَلْفَكَ اٰيَةً ۭ وَاِنَّ كَثِيْرًا
مِّنَ النَّاسِ عَنْ اٰيٰتِنَا لَغٰفِلُوْنَ ○

৯২. আজ আমি তোমার লাশকে রক্ষা করব, যাতে তুমি তোমার পরবর্তী লোকদের জন্য উপদেশ গ্রহণের বস্তু হয়ে থাক। আর বাস্তবিকপক্ষে অনেক লোক আমার নিদর্শন সম্পর্কে গাফিল রয়েছে।

সূরা কাসাস, ২৮ ঃ ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২

www.pathagar.com

৩. আমি যথাযথভাবে আপনাকে শুনাচ্ছি মূসা ও ফির'আওনের বৃত্তান্ত মু'মিন লোকদের উদ্দেশ্যে।

٣- نَتْلُوا عَلَيْكَ مِنْ نَّبَإِ مُوْسٰى وَفِرْعَوْنَ بِالْحَقِّ لِقَوْمٍ يُّؤْمِنُوْنَ ○

৪. নিশ্চয় ফির'আওন তার দেশে অতিমাত্রায় উদ্ধত হয়ে গিয়েছিল এবং সে দেশবাসীকে বিভিন্ন দলে বিভক্ত করে তাদের মধ্য থেকে একটি দলকে দুর্বল করে রেখেছিল। সে তাদের পুত্র সন্তানদের হত্যা করত এবং সে তাদের মেয়েদের জীবিত রেখে দিত। বস্তুত সে ছিল ফাসাদ সৃষ্টিকারী।

٤- اِنَّ فِرْعَوْنَ عَلَا فِي الْاَرْضِ وَجَعَلَ اَهْلَهَا شِيَعًا يَّسْتَضْعِفُ طَآئِفَةً مِّنْهُمْ يُذَبِّحُ اَبْنَآءَهُمْ وَيَسْتَحْيٖ نِسَآءَهُمْ ؕ اِنَّهٗ كَانَ مِنَ الْمُفْسِدِيْنَ ○

৫. আর আমি ইচ্ছা করলাম যে, সে দেশে যাদেরকে দুর্বল করে রাখা হয়েছিল তাদের প্রতি অনুগ্রহ করি এবং তাদেরকে নেতা বানাই, আর তাদেরকে দেশের উত্তরাধিকারী করি,

٥- وَنُرِيْدُ اَنْ نَّمُنَّ عَلَى الَّذِيْنَ اسْتُضْعِفُوْا فِي الْاَرْضِ وَنَجْعَلَهُمْ اَئِمَّةً وَّنَجْعَلَهُمُ الْوٰرِثِيْنَ ○

৬. এবং তাদেরকে দেশে শাসন ক্ষমতা দান করি। আর ফির'আওন, হামান ও তাদের সেনাবাহিনীকে দেখিয়ে দেই, যা তারা বনী ইস্‌রাঈলের তরফ থেকে আশংকা করত।

٦- وَنُمَكِّنَ لَهُمْ فِي الْاَرْضِ وَنُرِيَ فِرْعَوْنَ وَهَامٰنَ وَجُنُوْدَهُمَا مِنْهُمْ مَّا كَانُوْا يَحْذَرُوْنَ ○

৭. আর আমি মূসার মাকে গায়েবী নির্দেশ প্রদান করলাম যে, 'তুমি তাকে দুধ পান করাতে থাক। পরে যখন তুমি তার সম্পর্কে বিপদের আশংকা করবে, তখন তাকে সমুদ্রে নিক্ষেপ কর, আর ভয় করো না, চিন্তাও করো না। অবশ্যই আমি তাকে তোমার কাছে ফিরিয়ে দেব এবং করব তাকে রাসূলদের একজন।

٧- وَاَوْحَيْنَآ اِلٰۤى اُمِّ مُوْسٰۤى اَنْ اَرْضِعِيْهِ ۚ فَاِذَا خِفْتِ عَلَيْهِ فَاَلْقِيْهِ فِي الْيَمِّ وَلَا تَخَافِيْ وَلَا تَحْزَنِيْ ۚ اِنَّا رَآدُّوْهُ اِلَيْكِ وَجَاعِلُوْهُ مِنَ الْمُرْسَلِيْنَ ○

৮. তারপর ফির'আওনের লোকেরা তাকে উঠিয়ে নিল, যার পরিণামে সে তাদের শত্রু ও দুঃখের কারণ হয়ে যায়। নিশ্চয় ফির'আওন, হামান ও তাদের সেনাবাহিনী ছিল অপরাধী।

٨- فَالْتَقَطَهٗۤ اٰلُ فِرْعَوْنَ لِيَكُوْنَ لَهُمْ عَدُوًّا وَّحَزَنًا ؕ اِنَّ فِرْعَوْنَ وَهَامٰنَ وَجُنُوْدَهُمَا كَانُوْا خٰطِـِٕيْنَ ○

www.pathagar.com

আর ফির'আওনের স্ত্রী বলল ঃ এ শিশুটি আমার ও তোমার চক্ষু শীতলকারী, নয়নমণি, একে হত্যা করো না। সে আমাদের উপকারে আসতে পারে, কিম্বা আমরা তাকে পুত্র হিসেবে গ্রহণ করতে পারি। প্রকৃতপক্ষে পরিণাম সম্পর্কে তারা বুঝতে পারেনি।

আর মূসার মায়ের অন্তর বিচলিত হয়ে পড়েছিল এবং সে মূসার অবস্থা প্রকাশ করে দেয়ার উপক্রম করেছিল, যদি না আমি দৃঢ় রাখতান তার হৃদয়। এরূপ করলাম, যাতে সে থাকে বিশ্বাসীদের মধ্যে।

আর মূসার মা মূসার বোনকে বলল ঃ এর পিছনে পিছনে যাও। সে তাদের অজ্ঞাতসারে দূর থেকে তাকে দেখে যেতে লাগল।

আর আমি প্রথম থেকেই মূসার জন্য ধাত্রীস্তন্য পান হারাম করে দিয়েছিলাম। সুতরাং মূসার বোন বলল ঃ আমি কি তোমাদের এমন এক পরিবারের কথা বলব, যারা তোমাদের হয়ে একে লালনপালন করবে এবং তারা হবে এর হিতাকাঙ্ক্ষী?

অবশেষে আমি তাকে তার মায়ের কাছে ফিরিয়ে দিলাম, যাতে তার চক্ষু জুড়ায় এবং সে চিন্তান্বিত না থাকে, আর সে বুঝতে পারে যে, অবশ্যই আল্লাহ্র ওয়াদা সত্য। কিন্তু অধিকাংশ মানুষই তা জানে না।

আর ফির'আওন বলল ঃ হে সভাসদবৃন্দ! আমি ছাড়া তোমাদের অন্য কোন উপাস্য আছে বলে আমি মনে করি না। হে হামান! তুমি আমার জন্য ইট পোড়াও, তারপর আমার জন্য

www.pathagar.com

একটি সুউচ্চ প্রাসাদ নির্মাণ কর, যাতে আমি মূসার মাবূদের প্রতি উঁকি মেরে দেখতে পারি। তবে আমার তো ধারণা যে, সে অবশ্যই মিথ্যাবাদী।

৩৯. আর ফির'আওন ও তার বাহিনী অন্যায়ভাবে পৃথিবীতে অহংকার করেছিল এবং তারা ভেবেছিল যে, তাদেরকে আমার কাছে ফিরিয়ে আনা হবে না।

৪০. অতএব আমি তাকে ও তার বাহিনীকে পাকড়াও করলাম এবং তাদের সমুদ্রে নিক্ষেপ করলাম। দেখ, যালিমদের পরিণাম কেমন হয়েছিল!

৪১. আর আমি তাদেরকে নেতা বানিয়েছিলাম, তারা লোকদের জাহান্নামের দিকে আহবান করত। আর কিয়ামতের দিন তারা সাহায্যপ্রাপ্ত হবে না।

৪২. আর এই পৃথিবীতেও আমি তাদের পেছনে লাগিয়ে দিয়েছি লা'নত এবং কিয়ামতের দিনেও তারা হবে দুর্দশাগ্রস্তদের শামিল।

৭৬. নিশ্চয় কারূন ছিল মূসার কাওমের একজন। কিন্তু সে তাদের প্রতি ঔদ্ধত্য প্রকাশ করেছিল। আর আমি তাকে এতো অধিক পরিমাণ ধন-ভাণ্ডার দিয়েছিলাম, যার চাবিগুলো বহন করা একদল শক্তিশালী লোকের পক্ষেও কষ্টসাধ্য ছিল। স্মরণ কর, তার কাওম তাকে বলেছিল ঃ দম্ভ করো না, আল্লাহ্ তো দাম্ভিকদের ভালবাসেন না।

৭৭. আর আল্লাহ্ তোমাকে যা দিয়েছেন, তা দিয়ে আখিরাতের আবাস অনুসন্ধান কর এবং দুনিয়া থেকে তোমার অংশ ভুলে যেও না। আর তুমি অনুগ্রহ কর, যেমন আল্লাহ্ তোমার প্রতি অনুগ্রহ করেছেন এবং পৃথিবীতে ফাসাদ সৃষ্টি করতে

www.pathagar.com

চেয়ো না। নিশ্চয় আল্লাহ্ ফাসাদকারীদের ভালবাসেন না।

কারূন বলল ঃ এ সম্পদ আমি স্বীয় বুদ্ধিমত্তার বলে প্রাপ্ত হয়েছি। সে কি জানতে পারেনি যে, আল্লাহ্ তার পূর্বে এমন অনেক মানব গোষ্ঠিকে ধ্বংস করেছেন, যারা শক্তিতে ছিল তার চেয়ে প্রবল এবং জনবলও ছিল তার চেয়ে অধিক? আর অপরাধীদের তাদের অপরাধ সম্পর্কে প্রশ্ন করতে চাইবে না।

কারূন একদিন তার কাওমের সামনে জাঁকজমক সহকারে বের হল। যারা পার্থিব জীবন কামনা করত, তারা বলল ঃ কতই না উত্তম হত, যদি আমাদেরকে তা দেয়া হত, যা কারূনকে দেয়া হয়েছে! বস্তুত সে বড় ভাগ্যবান।

আর যাদের জ্ঞান দেয়া হয়েছিল তারা বলল ঃ সর্বনাশ হোক তোমাদের! যারা ঈমান আনে এবং নেকআমল করে, তাদের জন্য আল্লাহ্র দেয়া পুরস্কারই শ্রেষ্ঠ, আর এ পুরস্কার তারাই পায় যারা ধৈর্যশীল।

তারপর আমি কারূনকে তার প্রাসাদসহ ভূগর্ভে ধসিয়ে দিলাম। তখন তার পক্ষে এমন কোন দল ছিল না, যারা তাকে আল্লাহ্র আযাব থেকে বাঁচাতে সাহায্য করতে পারত। আর সে নিজেও নিজকে রক্ষা করতে পারেনি।

গতকাল যারা তার মত হওয়ার আকাংক্ষা পোষণ করেছিল, তারা বলতে লাগল ঃ দেখলে তো, আল্লাহ্ তাঁর বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা প্রচুর জীবিকা দান করেন এবং হ্রাসও করেন। আল্লাহ্ যদি আমাদের প্রতি অনুগ্রহ না

www.pathagar.com

لَوْلَآ اَنْ مَّنَّ اللّٰهُ عَلَيْنَا لَخَسَفَ بِنَا ۖ وَيْكَاَنَّهٗ لَا يُفْلِحُ الْكٰفِرُوْنَ ○

করতেন, তবে অবশ্যই তিনি আমাদের ভূগর্ভে ধসিয়ে দিতেন। দেখলে তো! কাফিররা কখনও সফলকাম হয় না।

সূরা আনকাবূত, ২৯ ঃ ৩৯

٣٩- وَ قَارُوْنَ وَ فِرْعَوْنَ وَ هَامٰنَ ۖ وَلَقَدْ جَآءَهُمْ مُّوْسٰى بِالْبَيِّنٰتِ فَاسْتَكْبَرُوْا فِى الْاَرْضِ وَمَا كَانُوْا سٰبِقِيْنَ ○

৩৯. আর আমি কারূন, ফির'আওন ও হামানকেও ধ্বংস করেছিলাম। মূসা তো তাদের কাছে সুস্পষ্ট নিদর্শন নিয়ে এসেছিল। তথাপি তারা পৃথিবীতে দম্ভ করত, কিন্তু তারা আমার আযাব এড়াতে পারেনি।

সূরা মু'মিন, ৪০ ঃ ২৩, ২৪, ২৬, ৩৬, ৩৭, ৪৬

٢٣- وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰى بِاٰيٰتِنَا وَ سُلْطٰنٍ مُّبِيْنٍ ○

২৩. আমি আমার নিদর্শন ও স্পষ্ট প্রমাণসহ মূসাকে প্রেরণ করেছিলাম।

٢٤- اِلٰى فِرْعَوْنَ وَهَامٰنَ وَقَارُوْنَ فَقَالُوْا سٰحِرٌ كَذَّابٌ ○

২৪. ফির'আওন, হামান ও কারূনের নিকট, কিন্তু তারা বলল, এ লোকটা ত এক জাদুকর, চরম মিথ্যাবাদী।

٢٦- وَقَالَ فِرْعَوْنُ ذَرُوْنِىْٓ اَقْتُلْ مُوْسٰى وَلْيَدْعُ رَبَّهٗ ۚ ...

২৬. ফির'আওন বলল, আমাকে ছেড়ে দাও, আমি মূসাকে হত্যা করি আর সে তার রবের শরণাপন্ন হোক.....।

٣٦- وَقَالَ فِرْعَوْنُ يٰهَامٰنُ ابْنِ لِىْ صَرْحًا لَّعَلِّىْٓ اَبْلُغُ الْاَسْبَابَ ○

৩৬. ফির'আওন বলল, হে হামান। আমার জন্য তুমি নির্মাণ কর এক সুউচ্চ প্রাসাদ যাতে আমি পাই অবলম্বন—

٣٧- ... وَمَا كَيْدُ فِرْعَوْنَ اِلَّا فِىْ تَبَابٍ ○

৩৭. .... ফির'আওনের ষড়যন্ত্র সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছিল।

٤٦- ... وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ ۖ اَدْخِلُوْٓا اٰلَ فِرْعَوْنَ اَشَدَّ الْعَذَابِ ○

৪৬. .... যেদিন কিয়ামত ঘটবে সেদিন বলা হবে ফির'আওন সম্প্রদায়কে কঠিন শাস্তিতে নিক্ষেপ কর।

সূরা যুখ্রুফ, ৪৩ ঃ ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬

٤٦- وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰى بِاٰيٰتِنَآ
اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ
فَقَالَ اِنِّىْ رَسُوْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ○

৪৬. আর আমি তো পাঠিয়েছিলাম মূসাকে আমার নিদর্শনসহ ফির'আওন ও তার সভাসদবর্গের কাছে। তিনি বলেছিল ঃ আমি তো প্রেরিত রাসূল রাব্বুল আলামীনের।

٤٧- فَلَمَّا جَآءَهُمْ
بِاٰيٰتِنَآ اِذَا هُمْ مِّنْهَا يَضْحَكُوْنَ ○

৪৭. সে যখন তাদের কাছে আমার নিদর্শনসহ নিয়ে এল, তখন তারা তা নিয়ে হাসি-ঠাট্টা করতে লাগল।

٤٨- وَمَا نُرِيْهِمْ مِّنْ اٰيَةٍ
اِلَّا هِىَ اَكْبَرُ مِنْ اُخْتِهَا ز
وَاَخَذْنٰهُمْ بِالْعَذَابِ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ○

৪৮. আর আমি তাদেরকে এমন কোন নিদর্শন দেখাইনি, যা অন্যান্য নিদর্শনের চাইতে শ্রেষ্ঠ ছিল না। আর আমি তাদেরকে আযাবে পাকড়াও করেছিলাম, যাতে তারা ফিরে আসে।

٤٩- وَقَالُوْا يٰۤاَيُّهَ السّٰحِرُ ادْعُ لَنَا رَبَّكَ
بِمَا عَهِدَ عِنْدَكَ ج
اِنَّنَا لَمُهْتَدُوْنَ ○

৪৯. তারা বলেছিল ঃ হে যাদুকর! তুমি আমাদের জন্য তোমার রবের কাছে সে বিষয়ের প্রার্থনা কর, যার ওয়াদা তিনি তোমাকে দিয়েছেন। তাহলে অবশ্যই আমরা সৎপথে আসব, হিদায়েত পাব।

٥٠- فَلَمَّا كَشَفْنَا عَنْهُمُ الْعَذَابَ
اِذَا هُمْ يَنْكُثُوْنَ ○

৫০. তারপর আমি যখন তাদের থেকে আযাব উঠিয়ে নিলাম, তখন তারা ওয়াদা ভংগ করতে লাগল।

٥١- وَنَادٰى فِرْعَوْنُ فِىْ قَوْمِهٖ قَالَ
يٰقَوْمِ اَلَيْسَ لِىْ مُلْكُ مِصْرَ
وَهٰذِهِ الْاَنْهٰرُ تَجْرِىْ مِنْ تَحْتِىْ ج
اَفَلَا تُبْصِرُوْنَ ○

৫১. আর ফির'আওন তার কাওমকে ডেকে বলল ঃ হে আমার কাওম! মিসরের রাজত্ব কি আমার নয়? আর এই নদীগুলো আমার নিম্নদেশে প্রবাহিত, তোমরা কি তা দেখ না?

٥٢- اَمْ اَنَا خَيْرٌ مِّنْ هٰذَا الَّذِىْ
هُوَ مَهِيْنٌ ۙ وَّلَا يَكَادُ يُبِيْنُ ○

৫২. বরং আমি তো শ্রেষ্ঠ এ ব্যক্তি থেকে, যে নিতান্ত তুচ্ছ এবং স্পষ্টভাবে বর্ণনা করতে অক্ষম।

٥٣- فَلَوْلَآ اُلْقِىَ عَلَيْهِ اَسْوِرَةٌ مِّنْ ذَهَبٍ
اَوْ جَآءَ مَعَهُ الْمَلٰٓئِكَةُ مُقْتَرِنِيْنَ ○

৫৩. তাকে কেন সোনার মালা দেয়া হল না, অথবা কেন আসল না ফিরিশ্তাগণ তার সাথে সারিবদ্ধভাবে?

٥٤- فَاسْتَخَفَّ قَوْمَهٗ فَاَطَاعُوْهُ ط
اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ○

৫৪. এভাবে সে তার কাওমকে হতবুদ্ধি করে দিল, ফলে তারা তার কথা মেনে নিল। অবশ্য তারা ছিল এক ফাসিক কাওম।

www.pathagar.com

৫৫. এরপর তারা যখন আমাকে রাগান্বিত করল ; তখন আমি তাদের থেকে প্রতিশোধ নিলাম এবং তাদের সবাইকে ডুবিয়ে দিলাম।

٥٥- فَلَمَّآ اٰسَفُوْنَا انْتَقَمْنَا مِنْهُمْ فَاَغْرَقْنٰهُمْ اَجْمَعِيْنَ ۝

৫৬. তারপর আমি করেছিলাম তাদেরকে পরবর্তীদের জন্য অতীত ইতিহাস ও দৃষ্টান্ত।

٥٦- فَجَعَلْنٰهُمْ سَلَفًا وَّمَثَلًا لِّلْاٰخِرِيْنَ ۝

সূরা দুখান, ৪৪ ঃ ৩০, ৩১

৩০. আর আমি তো মুক্তি দিয়েছিলাম বনী ইস্‌রাঈলকে অপমানজনক শাস্তি হতে-

٣٠- وَلَقَدْ نَجَّيْنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ مِنَ الْعَذَابِ الْمُهِيْنِ ۝

৩১. ফির'আওনের। নিশ্চয় সে ছিল শীর্ষ-স্থানীয় সীমালংঘনকারীদের অন্তর্ভুক্ত।

٣١- مِنْ فِرْعَوْنَ ؕ اِنَّهٗ كَانَ عَالِيًا مِّنَ الْمُسْرِفِيْنَ ۝

(যায়িদ ও যয়নব (রা)

সূরা আহ্‌যাব, ৩৩ ঃ ৩৭

৩৭. আর স্মরণ করুন, আপনি তাকে বলেছিলেন, যাকে আল্লাহ্ অনুগ্রহ করেছেন এবং আপনিও যাকে অনুগ্রহ করেছেন ঃ তুমি তোমার স্ত্রীকে তোমার বিবাহাধীনে রাখ এবং আল্লাহ্‌কে ভয় কর। আপনি আপনার অন্তরে এমন বিষয় গোপন করছিলেন, যা আল্লাহ্ প্রকাশ করে দিচ্ছেন। আপনি লোক ভয় করছিলেন, অথচ আল্লাহ্‌কে ভয় করা আপনার পক্ষে অধিকতর উচিত। তারপর যায়িদ যখন যয়নবের সাথে বিবাহ সম্পর্ক ছিন্ন করল, তখন আমি তাকে আপনার সাথে বিবাহবন্ধনে আবদ্ধ করলাম। যাতে মু'মিনদের পোষ্যপুত্ররা তাদের স্ত্রীদের সাথে বিবাহ সম্পর্ক বিচ্ছিন্ন করলে, সে সব রমণীকে বিবাহ করার ব্যাপারে মু'মিনদের কোন অসুবিধা না হয়। আল্লাহ্‌র নির্দেশ কার্যকরী হয়েই থাকে।

٣٧- وَاِذْ تَقُوْلُ لِلَّذِيْٓ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِ وَاَنْعَمْتَ عَلَيْهِ اَمْسِكْ عَلَيْكَ زَوْجَكَ وَاتَّقِ اللّٰهَ وَتُخْفِيْ فِيْ نَفْسِكَ مَا اللّٰهُ مُبْدِيْهِ وَتَخْشَى النَّاسَ ۚ وَاللّٰهُ اَحَقُّ اَنْ تَخْشٰىهُ ؕ فَلَمَّا قَضٰى زَيْدٌ مِّنْهَا وَطَرًا زَوَّجْنٰكَهَا لِكَيْ لَا يَكُوْنَ عَلَى الْمُؤْمِنِيْنَ حَرَجٌ فِيْٓ اَزْوَاجِ اَدْعِيَآئِهِمْ اِذَا قَضَوْا مِنْهُنَّ وَطَرًا ؕ وَكَانَ اَمْرُ اللّٰهِ مَفْعُوْلًا ۝

হযরত ইব্‌রাহী

সূরা যারিয়াত ৫১ ঃ ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯ ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭

২৪. এসেছে কি আপনার কাছে ইব্‌রাহীমের সম্মানিত মেহমানদের বৃত্তান্ত ?

২৫, যখন তারা তার কাছে প্রবেশ করল, এরপর তাকে সালাম করল। ইব্‌রাহীমও বলল ঃ 'সালাম'। এরা তো অপরিচিতি লোক।

২৬. তারপর সে নিজের পরিবারের কাছে গেল এবং একটি মোটা তাজা ভাজা গরুর বাচুর নিয়ে এলো।

২৭. এবং তা তাদের সামনে রাখল। সে বলল ঃ আপনারা খাচ্ছেন না কেন ?

২৮. এতে তাদের ব্যাপারে তার মনে ভীতির সঞ্চার হল। তারা বলল ঃ আপনি ভয় করবেন না। এরপর তারা তাকে এক জ্ঞানী পুত্র সন্তানের সুসংবাদ দিল।

২৯. তখন তার স্ত্রী চীৎকার করতে করতে সামনে এল এবং কপালে হাত মেরে বলল ঃ আমি তো বৃদ্ধা, বন্ধ্যা।

৩০. ফিরিশ্‌তারা বলল ঃ এরূপই বলেছেন আপনার র ব, নিশ্চয় তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ।

৩১. ইব্‌রাহীম বলল ঃ হে প্রেরিত ফিরিশ্‌তা-গণ! তোমাদের আসল উদ্দেশ্য কি?

৩২. তারা বলল ঃ আমরা তো প্রেরিত হয়েছি একটি অপরাধী কাওমের প্রতি.

৩৩. যেন আমরা তাদের উপর পোড়ামাটির পাথর নিক্ষেপ করি,

৩৪, যা তোমরা রবের তরফ থেকে চিহ্নিত সীমালংঘনকারীদের জন্য।

www.pathagar.com

৩৫. আর আমি বের করে দিলাম সেখানে যে সব মু'মিন ছিল তাদেরকে।

৩৬. কিন্তু আমি সেখানে মুসলমানদের একটি পরিবার ছাড়া আর কোন মুসলিম পরিবার পাইনি।

৩৭. আর আমি এতে নিদর্শন রেখেছি তাদের জন্য, তারা যন্ত্রণাদায়ক শাস্তিতে ভয় করে।

٣٥- فَاَخْرَجْنَا مَنْ كَانَ فِيْهَا
مِنَ الْمُؤْمِنِيْنَ ○
٣٦- فَمَا وَجَدْنَا فِيْهَا غَيْرَ بَيْتٍ
مِّنَ الْمُسْلِمِيْنَ ○
٣٧- وَتَرَكْنَا فِيْهَا اٰيَةً
لِّلَّذِيْنَ يَخَافُوْنَ الْعَذَابَ الْاَلِيْمَ ○

রানী বিলকীস

সূরা নাম্ল, ২৭ ঃ ২২, ২৩, ২৪

২২. হুদহুদ এসে সুলায়মানকে বলল ঃ আমি এমন বিষয় অবগত হয়েছি যা আপনি অবগত না এবং আমি 'সাবা'* থেকে নিশ্চিত সংবাদ নিয়ে এসেছি।

২৩. আমি দেখেছি এক স্ত্রী-লোককে*, তাদের উপর রাজত্ব করতে, তাকে সব কিছু দেয়া হয়েছে এবং তার রয়েছে এক বিরাট সিংহাসন।

২৪. আমি তাকে ও তার কাওমকে দেখেছি- আল্লাহ্কে ছেড়ে সূর্যকে সিজ্দা করতে। আর শয়তান তাদের কার্যাবলীকে তাদের জন্য শোভন করে রেখেছে এবং সে তাদের সৎপথ থেকে বিরত রেখেছে, ফলে তারা হিদায়েত পয় না।

٢٢- فَمَكَثَ غَيْرَ بَعِيْدٍ فَقَالَ
اَحَطْتُّ بِمَا لَمْ تُحِطْ بِهٖ
وَجِئْتُكَ مِنْ سَبَاٍ بِنَبَاٍ يَّقِيْنٍ ○
٢٣- اِنِّيْ وَجَدْتُّ امْرَاَةً تَمْلِكُهُمْ
وَاُوْتِيَتْ مِنْ كُلِّ شَيْءٍ وَّلَهَا عَرْشٌ عَظِيْمٌ
٢٤- وَجَدْتُّهَا وَقَوْمَهَا يَسْجُدُوْنَ لِلشَّمْسِ
مِنْ دُوْنِ اللّٰهِ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ
اَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيْلِ
فَهُمْ لَا يَهْتَدُوْنَ ○

সূরা সাবা, ৩৪ ঃ ১৫

১৫. সাবাবাসীদের জন্য তাদের বাসভূমিতে ছিল এক নিদর্শন দু'টি উদ্যান একটি ডান দিকে অপরটি বামদিকে, তাদেরকে বলা হয়েছিল, তোমরা তোমাদের প্রতিপালক প্রদত্ত রিয্ক ভোগ কর এবং তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। উত্তম এ শহর এবং ক্ষমাশীল তোমাদের প্রতিপালক।

١٥- لَقَدْ كَانَ لِسَبَاٍ فِيْ مَسْكَنِهِمْ اٰيَةٌ ۚ
جَنَّتٰنِ عَنْ يَّمِيْنٍ وَّشِمَالٍ ۚ
كُلُوْا مِنْ رِّزْقِ رَبِّكُمْ وَاشْكُرُوْا لَهٗ ۚ
بَلْدَةٌ طَيِّبَةٌ وَّرَبٌّ غَفُوْرٌ ○

---

* 'সাবা' ঃ ইয়ামান, হাজারমাওত ও আছির এলাকা নিয়ে 'সাবা' সাম্রাজ্য ছিল।

* "স্ত্রীলোক" তিনি রানী বিলকীস, বিশ্বখ্যাত "Queen of Saba".

www.pathagar.com

পঞ্চম পারে

মক্কা ও মাশ

সূরা বাকারা, ২ ঃ ১২৬, ১৯৮

১২৬. আর স্মরণ কর, ইব্‌রাহীম বলেছিল ঃ হে আমার রব! করুন এ জনপদকে (মক্কা) নিরাপদ শহর, আর এ বাসিন্দাদের মধ্যে যারা ঈমান রাখে আল্লাহ্ ও আখিরাতে তাদের রিযিক দিন ফলমূল দিয়ে। আল্লাহ্ বলেন ঃ যে কেউ কুফরী করবে, তাকেও কিছুকালের জন্য জীবন-উপভোগ করতে দেব। তারপর তাকে বাধ্য করব দোযখের আযাব ভোগ করতে। আর কতই না নিকৃষ্ট সে প্রত্যাবর্তনস্থল।

১৯৮. তোমাদের কোন গুনাহ্ নেই, তোমাদের রবের অনুগ্রহ অন্বেষণ করায়। তারপর যখন তোমরা আরাফাত থেকে ফিরে আসবে, তখন মাশ্‌'আরুল হারামের কাছে পৌঁছে আল্লাহ্‌কে স্মরণ করবে এবং তাকে ঠিক সে ভাবে স্মরণ করবে, যেভাবে স্মরণ করার জন্য তিনি তোমাদের নির্দেশ দিয়েছেন। যদিও এর আগে তোমরা গুমরাহ্‌দের শামিল ছিলে।

হুং

সূরা তাওবা, ৯ ঃ ২৫

২৫. আল্লাহ্ তো তোমাদের সাহায্য করেছেন অনেক যুদ্ধ ক্ষেত্রে এবং হুনায়নের

www.pathagar.com

كَثِيْرَةٍ ۙ وَّ يَوْمَ حُنَيْنٍ ۙ اِذْ اَعْجَبَتْكُمْ كَثْرَتُكُمْ فَلَمْ تُغْنِ عَنْكُمْ شَيْـًٔا وَّ ضَاقَتْ عَلَيْكُمُ الْاَرْضُ بِمَا رَحُبَتْ ثُمَّ وَلَّيْتُمْ مُّدْبِرِيْنَ ○

দিনে, যখন তোমাদের সংখ্যাধিক্য তোমাদের উৎফুল্ল করেছিল, কিন্তু তা তোমাদের কোন কাজে আসেনি এবং সংকীর্ণ হয়ে পড়েছিল তোমাদের জন্য এ পৃথিবী এত প্রশস্ত হওয়া সত্ত্বেও, পরে তোমরা পৃষ্ঠপ্রদর্শন করে পালিয়েছিলে।

সাবা

সূরা সাবা, ৩৪ ঃ ১৫, ১৮

১৫- لَقَدْ كَانَ لِسَبَاٍ فِيْ مَسْكَنِهِمْ اٰيَةٌ ۚ جَنَّتٰنِ عَنْ يَّمِيْنٍ وَّ شِمَالٍ ۬ كُلُوْا مِنْ رِّزْقِ رَبِّكُمْ وَاشْكُرُوْا لَهٗ ؕ بَلْدَةٌ طَيِّبَةٌ وَّ رَبٌّ غَفُوْرٌ ○

১৫. সাবার বাসিন্দাদের জন্য তাদের বাসভূমিতে ছিল এক নিদর্শন, দু'টি উদ্যান, একটি ডানদিকে, অপরটি বামদিকে। তাদের বলা হয়েছিল ঃ তোমরা খাও, তোমাদের রবের দেয়া রিযিক থেকে এবং তাঁর শোকর আদায় কর। উত্তম এ শহর এবং পরম ক্ষমাশীল তোমাদের রব।

১৮- وَجَعَلْنَا بَيْنَهُمْ وَ بَيْنَ الْقُرَى الَّتِيْ بٰرَكْنَا فِيْهَا قُرًى ظَاهِرَةً وَّ قَدَّرْنَا فِيْهَا السَّيْرَ ؕ سِيْرُوْا فِيْهَا لَيَالِيَ وَ اَيَّامًا اٰمِنِيْنَ ○

১৮. আর তাদের জনপদ এবং সে সব জনপদ যেখানে আমি বরকত দিয়ে রেখেছিলাম, সেগুলোর মধ্যবর্তী স্থানে বহু দৃশ্যমান জনপদ আবাদ করে রেখেছিলাম এবং সে সব জনপদে ভ্রমণের যথাযথ ব্যবস্থা করে রেখেছিলাম। তোমরা এ সব জনপদে রাতে ও দিনে নিরাপদে ভ্রমণ কর।

ইত্তাকিয়া

সূরা ইয়াসীন, ৩৬ ঃ ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২

১৩- وَاضْرِبْ لَهُمْ مَّثَلًا اَصْحٰبَ الْقَرْيَةِ ۘ اِذْ جَآءَهَا الْمُرْسَلُوْنَ ○

১৩. আর আপনি তাদের কাছে বর্ণনা করুন এক জনপদের ঘটনা, যখন সেখানে এসেছিল কয়েকজন রাসূল।

১৪- اِذْ اَرْسَلْنَآ اِلَيْهِمُ اثْنَيْنِ

১৪. যখন আমি তাদের কাছে দু'জন রাসূল প্রেরণ করেছিলাম, তখন তারা তাদের

মিথ্যাবাদী বলেছিল। তারপর আমি তাদের উভয়কে সহায়তা করেছিলাম তৃতীয় একজনের মাধ্যমে। তারা সকলে বলেছিল ঃ আমরা তোমাদের প্রতি প্রেরিত রাসূল।	فَكَذَّبُوهُمَا فَعَزَّزْنَا بِثَالِثٍ فَقَالُوٓا إِنَّآ إِلَيْكُم مُّرْسَلُونَ ○
১৫. লোকেরা বলল ঃ তোমরা তো আমাদেরই মত মানুষ, দয়াময় আল্লাহ তো কিছুই নাযিল করেননি। তোমরা কেবল মিথ্যাই বলছ'।	١٥- قَالُوا مَآ أَنتُمْ إِلَّا بَشَرٌ مِّثْلُنَا ۙ وَمَآ أَنزَلَ الرَّحْمَٰنُ مِن شَيْءٍ ۙ إِنْ أَنتُمْ إِلَّا تَكْذِبُونَ ○
১৬. রাসূলগণ বললেন ঃ আমাদের রব জানেন, অবশ্যই আমরা তোমাদের প্রতি প্রেরিত রাসূল।	١٦- قَالُوا رَبُّنَا يَعْلَمُ إِنَّآ إِلَيْكُمْ لَمُرْسَلُونَ ○
১৭. আর আমাদের দায়িত্ব কেবল স্পষ্টরূপে প্রচার করা।	١٧- وَمَا عَلَيْنَآ إِلَّا الْبَلَٰغُ الْمُبِينُ ○
১৮. তারা বলল ঃ আমরা অবশ্যই তোমাদের অশুভ লক্ষণ মনে করি। যদি তোমরা বিরত না হও, তবে আমরা অবশ্যই পাথর মেরে তোমাদের ধ্বংস করে ফেলব এবং আমাদের পক্ষ থেকে তোমাদের উপর যন্ত্রণাদায়ক শাস্তি আপাতত হবেই।	١٨- قَالُوٓا إِنَّا تَطَيَّرْنَا بِكُمْ ۖ لَئِن لَّمْ تَنتَهُوا لَنَرْجُمَنَّكُمْ وَلَيَمَسَّنَّكُم مِّنَّا عَذَابٌ أَلِيمٌ ○
১৯. রাসূলগণ বলল ঃ তোমাদের অশুভ লক্ষণ তোমাদেরই সাথে সংযুক্ত। তোমরা কি একে অশুভ মনে করছ যে, তোমাদের উপদেশ দেয়া হচ্ছে? বরং তোমরা তো এক সীমালংঘনকারী কাওম।	١٩- قَالُوا طَٰٓئِرُكُم مَّعَكُمْ ۚ أَئِن ذُكِّرْتُم ۚ بَلْ أَنتُمْ قَوْمٌ مُّسْرِفُونَ ○
২০. তারপর শহরের দূর প্রান্ত থেকে এক ব্যক্তি দৌড়ে এল। সে বলল ঃ হে আমার কাওম! তোমরা রাসূলদের অনুসরণ কর।	٢٠- وَجَآءَ مِنْ أَقْصَا الْمَدِينَةِ رَجُلٌ يَسْعَىٰ قَالَ يَٰقَوْمِ اتَّبِعُوا الْمُرْسَلِينَ ○
২১. অনুসরণ কর তাদের যারা তোমাদের কাছে কোন বিনিময় চায় না। আর তারা নিজেরাও রয়েছে সৎপথে।	٢١- اتَّبِعُوا مَن لَّا يَسْـَٔلُكُمْ أَجْرًا وَهُم مُّهْتَدُونَ ○

www.pathagar.com

২২. আর আমার কি কৈফিয়ত আছে যে, আমি তাঁর ইবাদত করব না, যিনি আমাকে সৃষ্টি করেছেন এবং যাঁরা কাছে তোমরা প্রত্যাবর্তিত হবে ?

২৩. আমি কি আল্লাহ্‌কে ছেড়ে এমন সব উপাস্য গ্রহণ করব, যদি দয়াময় আল্লাহ্ আমাকে কষ্টে নিঃপতিত করতে চান, তবে তাদের সুপারিশ আমার কোন উপকারে আসবে না এবং তারা আমাকে মুক্তও করতে পারবে না।

২৪. যদি আমি এরূপ করি, তবে তো আমি স্পষ্ট গুমরাহীতে পতিত হব।

২৫. আমি তো তোমাদের রবের প্রতি ঈমান এনেছি, অতএব তোমরা শোন আমার কথা।

২৬. তাকে বলা হল ঃ জান্নাতে প্রবেশ কর। সে বলল ঃ আহা! যদি আমার কাওম জানতে পারত,

২৭. কী কারণে আমার রব আমাকে ক্ষমা করেছেন এবং আমাকে সম্মানিতদের শামিল করেছেন।

২৮. আর তার মৃত্যুর পর আমি তার কাওমের উপর আসমান থেকে কোন বাহিনী প্রেরণ করিনি এবং প্রেরণ করার কোন প্রয়োজনও আমার ছিল না।

২৯. তা ছিল কেবলমাত্র একটি বিকট আওয়াজ, ফলে তখনই তারা নিথর-নিস্তব্ধ হয়ে গেল।

৩০. আফসোস সে বান্দাদের জন্য, যাদের কাছে কখনো এমন কোন রাসূল আসেনি, যাকে নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করেনি।

৩১. তারা কি লক্ষ্য করেনি যে, আমি তাদের পূর্বে বহু মানব গোষ্ঠিতে ধ্বংস করেছি,

www.pathagar.com

مِّنَ الْقُرُوْنِ اَنَّهُمْ اِلَيْهِمْ لَا يَرْجِعُوْنَ ○

নিশ্চয় যারা তাদের মাঝে পুনরায় ফিরে আসবে না।

٣٢- وَاِنْ كُلٌّ لَّمَّا جَمِيْعٌ لَّدَيْنَا مُحْضَرُوْنَ ○

৩২. আর তাদের সবাইকে অবশ্যই একত্রে আমার সামনে উপস্থিত করা হবে।

আয়কাবাসী ও অন্যান্য

সূরা সোয়াদ, ৩৮ ঃ ১২, ১৩, ১৪

١٢- كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ وَّعَادٌ وَّفِرْعَوْنُ ذُو الْاَوْتَادِ ○

১২. এদের পূর্বেও রাসূলদের অস্বীকার করেছিল নূহের কাওম, আদ এবং কীলক শিবিরের মালিক ফির'আওন,

١٣- وَثَمُوْدُ وَقَوْمُ لُوْطٍ وَّاَصْحٰبُ لْئَيْكَةِ ؕ اُولٰٓئِكَ الْاَحْزَابُ ○

১৩. আর সামূদ, লূতের কাওম ও আয়কার অধিবাসীরা। এরা ছিল এক-একটা বিশাল বাহিনী।

١٤- اِنْ كُلٌّ اِلَّا كَذَّبَ الرُّسُلَ فَحَقَّ عِقَابِ ○

১৪. এরা প্রত্যেকেই রাসূলগণকে অস্বীকার করেছিল। ফলে আমার শাস্তি তাদের উপরও আপতিত হয়েছিল।

www.pathagar.com

ষষ্ঠ পরিচ্ছেদ

আম্‌সাল বা উদাহরণ ও উপমা

আল-কুরআনের উপমা

সূরা বাকারা, ২ ঃ ২৬

২৬. নিশ্চয় আল্লাহ্ লজ্জাবোধ করেন না উপমা দিতে কোন বস্তু দিয়ে, হোক তা মশা বা তাঁর চেয়েও ক্ষুদ্র কিছু। সুতরাং যারা ঈমান এনছে তারা জানে যে, এ উপমা সঠিক তাদের রবের তরফ থেকে। কিন্তু যারা কাফির তারা বলে ঃ আল্লাহ্ কি উদ্দেশ্যে এ তুচ্ছ বস্তুর উপমা দিয়েছেন ? এ দিয়ে আল্লাহ্ অনেককে বিপথগামী করেন এবং অনেককে সঠিকপথে পরিচালিত করেন। তবে ফাসিকদের ছাড়া অন্য কাউকে তিনি এরূপ উপমা দিয়ে গুম্‌রাহ করেন না।

٢٦-اِنَّ اللّٰهَ لَا يَسْتَحْيٖۤ اَنْ يَّضْرِبَ مَثَلًا مَّا بَعُوْضَةً فَمَا فَوْقَهَا ؕ فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا فَيَعْلَمُوْنَ اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ۚ وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا فَيَقُوْلُوْنَ مَاذَاۤ اَرَادَ اللّٰهُ بِهٰذَا مَثَلًا ۘ يُضِلُّ بِهٖ كَثِيْرًا ۙ وَّيَهْدِيْ بِهٖ كَثِيْرًا ؕ وَمَا يُضِلُّ بِهٖۤ اِلَّا الْفٰسِقِيْنَ ۝

সূরা বনী ইসরাঈল, ১৭ ঃ ৮৯

৮৯. আর অবশ্যই আমি এ কুরআনে মানুষের জন্য বিভিন্ন উপমা বিশদভাবে বর্ণনা করেছি, কিন্তু অধিকাংশ মানুষই কুফরী ছাড়া অন্য কিছু স্বীকার করেনি।

٨٩-وَلَقَدْ صَرَّفْنَا لِلنَّاسِ فِيْ هٰذَا الْقُرْاٰنِ مِنْ كُلِّ مَثَلٍ ۫ فَاَبٰۤى اَكْثَرُ النَّاسِ اِلَّا كُفُوْرًا ۝

সূরা কাহ্ফ, ১৮ ঃ ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩,

৩২. আর আপনি তাদের কাছে পেশ করুন ঐ দু'ব্যক্তির উপমা ঃ যাদের একজনকে আমি দু'টি আঙ্গুরের বাগান দিয়েছিলাম এবং এটিকে আমি খেজুর বৃক্ষ দিয়ে পরিবেষ্টিত করেছিলাম। আর

٣٢-وَاضْرِبْ لَهُمْ مَّثَلًا رَّجُلَيْنِ جَعَلْنَا لِاَحَدِهِمَا جَنَّتَيْنِ مِنْ اَعْنَابٍ وَّحَفَفْنٰهُمَا بِنَخْلٍ

www.pathagar.com

وَّجَعَلْنَا بَيْنَهُمَا زَرْعًا ○

এ দু'টির মধ্যবর্তী স্থানকে করেছিলাম শস্যক্ষেত্র।

٣٣- كِلْتَا الْجَنَّتَيْنِ اٰتَتْ اُكُلَهَا وَلَمْ
تَظْلِمْ مِّنْهُ شَيْـًٔا ۙ وَّفَجَّرْنَا خِلٰلَهُمَا
نَهَرًا ○

৩৩. উভয় বাগানই ফলদান করত এবং এতে কোন প্রকার কম হত না, আর আমি এ দু'টির মাঝে নহর প্রবাহিত করেছিলাম।

٣٤- وَّكَانَ لَهٗ ثَمَرٌ ۚ فَقَالَ لِصَاحِبِهٖ
وَهُوَ يُحَاوِرُهٗٓ اَنَا اَكْثَرُ مِنْكَ مَالًا
وَّاَعَزُّ نَفَرًا ○

৩৪. আর তার আরো অনেক সম্পদ ছিল। একদা সে তার সাথীদের কথা প্রসঙ্গে বলল ঃ আমি ধন-সম্পদে তোমার চেয়ে বেশী এবং জনবলেও তোমার চেয়ে অধিক শক্তিশালী।

٣٥- وَدَخَلَ جَنَّتَهٗ وَهُوَ ظَالِمٌ لِّنَفْسِهٖ ۚ
قَالَ مَآ اَظُنُّ اَنْ تَبِيْدَ هٰذِهٖٓ اَبَدًا ○

৩৫. আর সে নিজের প্রতি যুলুম করে একদিন বাগানে প্রবেশ করল। সে বলল ঃ আমার তো মনে হয় না যে, এ বাগান তো কোন দিন ধ্বংস হয়ে যাবে।

٣٦- وَّمَآ اَظُنُّ السَّاعَةَ قَآئِمَةً ۙ
وَّلَئِنْ رُّدِدْتُّ اِلٰى رَبِّىْ
لَاَجِدَنَّ خَيْرًا مِّنْهَا مُنْقَلَبًا ○

৩৬. আর আমি মনে করি না যে, কিয়ামত হবে। তবে যদি আমাকে কখন আমার রবের কাছে ফিরিয়ে নেয়াই হয়, তাহলে অবশ্যই আমি সেখানে এর চেয়ে উৎকৃষ্ট স্থান পাব।

٣٧- قَالَ لَهٗ صَاحِبُهٗ وَهُوَ يُحَاوِرُهٗٓ
اَكَفَرْتَ بِالَّذِىْ خَلَقَكَ مِنْ تُرَابٍ
ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ سَوّٰىكَ رَجُلًا ○

৩৭. তার সাথী তাকে তার কথার উত্তরে বলল ঃ তুমি কি তাঁর কুফরী করছ, যিনি তোমাকে সৃষ্টি করেছেন মাটি থেকে, তারপর শুক্র থেকে এবং পরে তোমাকে পূর্ণাংগ মানুষে পরিণত করেছেন?

٣٨- لٰكِنَّا۠ هُوَ اللّٰهُ رَبِّىْ وَلَآ اُشْرِكُ
بِرَبِّىْٓ اَحَدًا ○

৩৮. বস্তুত তিনিই আল্লাহ্, আমার রব। আর আমি অন্য কাউকে আমার রবের শরীক করি না।

٣٩- وَلَوْلَآ اِذْ دَخَلْتَ جَنَّتَكَ قُلْتَ
مَا شَآءَ اللّٰهُ ۙ لَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ ۚ
اِنْ تَرَنِ اَنَا اَقَلَّ مِنْكَ
مَالًا وَّوَلَدًا ○

৩৯. আর যখন তুমি তোমার বাগানে প্রবেশ করছিলে, তখন এরূপ কেন বললে না যে, "আল্লাহ্ যা ইচ্ছা করেন তাই হয়ে থাকে। আল্লাহ্‌র সাহায্য ছাড়া কারও কোন শক্তি নেই।" যদি তুমি আমাকে সম্পদে ও সন্তান-সন্ততিতে তোমার চেয়ে হীন মনে কর,

www.pathagar.com

৪০. তবে আশা করি, অচিরেই আমার রব আমাকে তোমার বাগানের চেয়ে উৎকৃষ্টতর কিছু দান করবেন এবং তোমার বাগানে আসমান থেকে কোন আকস্মিক বিপর্যয় প্রেরণ করবেন। ফলে তা উদ্ভিদশূন্য এক পরিষ্কার মাঠে পরিণত হয়ে যাবে,

٤٠- فَعَسٰى رَبِّىْٓ اَنْ يُّؤْتِيَنِ خَيْرًا مِّنْ جَنَّتِكَ وَيُرْسِلَ عَلَيْهَا حُسْبَانًا مِّنَ السَّمَآءِ فَتُصْبِحَ صَعِيْدًا زَلَقًا ○

৪১. অথবা তার পানি যমীনের তলদেশে নেমে শুকিয়ে যাবে এবং তুমি কখন তার সন্ধান লাভে সক্ষম হবে না।

٤١- اَوْ يُصْبِحَ مَآؤُهَا غَوْرًا فَلَنْ تَسْتَطِيْعَ لَهٗ طَلَبًا ○

৪২. তারপর তার ফল সম্পদ বিপর্যয় বেষ্টিত হয়ে গেল, ফলে সে ঐ বাগানের জন্য যা কিছু ব্যয় করেছিল, তার জন্য অনুতাপ করতে লাগল। আর বাগানটি মাচানসহ ভূমিতে পড়ে রইল। সে বলতে লাগল ঃ হায়, আমি যদি আমার রবের সাথে কাউকে শরীক না করতাম!

٤٢- وَاُحِيْطَ بِثَمَرِهٖ فَاَصْبَحَ يُقَلِّبُ كَفَّيْهِ عَلٰى مَآ اَنْفَقَ فِيْهَا وَهِيَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا وَيَقُوْلُ يٰلَيْتَنِيْ لَمْ اُشْرِكْ بِرَبِّىْٓ اَحَدًا ○

৪৩. আর তার এমন কোন দলও ছিল না, যে তাকে আল্লাহ্‌র মুকাবিলায় সাহায্য করে এবং সে নিজেও কোন প্রতিকার করতে পারল না।

٤٣- وَلَمْ تَكُنْ لَّهٗ فِئَةٌ يَّنْصُرُوْنَهٗ مِنْ دُوْنِ اللّٰهِ وَمَا كَانَ مُنْتَصِرًا ○

আল-কুরআনে বর্ণিত দৃষ্টান্তের উদ্দেশ্য

সূরা হাশ্‌র, ৫৯ ঃ ২১

২১. আমি যদি এ কুরআন পাহাড়ের উপর নাযিল করতাম, তাহলে তুমি দেখতে আল্লাহ্‌র ভয়ে তা বিনীত ও বিদীর্ণ হয়ে গেছে। এসব দৃষ্টান্ত আমি বর্ণনা করি মানুষের জন্য, যাতে তারা চিন্তা করে।

٢١- لَوْ اَنْزَلْنَا هٰذَا الْقُرْاٰنَ عَلٰى جَبَلٍ لَّرَاَيْتَهٗ خَاشِعًا مُّتَصَدِّعًا مِّنْ خَشْيَةِ اللّٰهِ ۭ وَتِلْكَ الْاَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ ○

মুনাফিকদের উপমা

সূরা বাকারা, ২ ঃ ১৬, ১৭, ১৯, ২০

১৬. এরাই সে সব লোক, যারা হিদায়েতের বিনিময়ে গুমরাহী ক্রয় করেছে। সুতরাং

١٦- اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا الضَّلٰلَةَ بِالْهُدٰى ص

فَمَا رَبِحَتْ تِّجَارَتُهُمْ وَمَا كَانُوْا
مُهْتَدِيْنَ ○

তাদের এ ব্যবসা লাভজনক হয়নি। আর তারা সঠিক পথেও পরিচালিত নয়।

١٧- مَثَلُهُمْ كَمَثَلِ الَّذِى اسْتَوْقَدَ نَارًا ۚ
فَلَمَّآ اَضَآءَتْ مَا حَوْلَهٗ ذَهَبَ اللّٰهُ بِنُوْرِهِمْ
وَتَرَكَهُمْ فِىْ ظُلُمٰتٍ لَّا يُبْصِرُوْنَ ○

১৭. তাদের উপমা ঐ লোকের মত যে আগুন জ্বালালো, পরে যখন আগুন তার চারদিকের সবকিছু আলোকিত করল, তখন আল্লাহ্ তাদের আগুন নিয়ে গেলেন এবং তাদের ছেড়ে দিলেন ঘোর অন্ধকারে, ফলে তারা কিছুই দেখতে পায় না।

١٩- اَوْ كَصَيِّبٍ مِّنَ السَّمَآءِ فِيْهِ ظُلُمٰتٌ وَّ
رَعْدٌ وَّبَرْقٌ ۚ
يَجْعَلُوْنَ اَصَابِعَهُمْ فِىْٓ اٰذَانِهِمْ مِّنَ الصَّوَاعِقِ
حَذَرَ الْمَوْتِ ؕ وَاللّٰهُ مُحِيْطٌۢ بِالْكٰفِرِيْنَ ○

১৯. অথবা তাদের উপমা সে সব পথিকের ন্যায় যারা আকাশ থেকে মুষলধারে বর্ষিত বৃষ্টিতে পথ চলে, যাতে থাকে ঘোর অন্ধকার, বজ্রধ্বনি ও বিদ্যুৎচমক। মৃত্যুর ভয়ে তারা বজ্রগর্জনের সময় নিজেদের আঙ্গুল কানে গুঁজে দেয়। আর আল্লাহ্ পরিবেষ্টন করে রেখেছেন কাফিরদের।

٢٠- يَكَادُ الْبَرْقُ يَخْطَفُ اَبْصَارَهُمْ ؕ كُلَّمَآ
اَضَآءَ لَهُمْ مَّشَوْا فِيْهِ ۙ وَاِذَآ اَظْلَمَ عَلَيْهِمْ
قَامُوْا ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ لَذَهَبَ بِسَمْعِهِمْ
وَاَبْصَارِهِمْ ؕ
اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ○

২০. বিদ্যুতের চমক এমন যে, মনে হয় যেন তাদের দৃষ্টিশক্তি কেড়ে নিয়ে যায়। যখনই বিদ্যুৎ তাদের জন্য আলো বিচ্ছুরিত করে, তখনই তারা সে আলোতে চলতে থাকে, আবার যখন অন্ধকার তাদের আচ্ছন্ন করে, তখন তারা থমকে দাঁড়ায়। আর যদি আল্লাহ্ ইচ্ছা করতেন, তখন তাদের শ্রবণ ও দৃষ্টিশক্তি কেড়ে নিতেন। নিশ্চয় আল্লাহ্ সর্ববিষয়ে, সর্বশক্তিমান।

রিয়াকারীদের উপমা

সূরা বাকারা, ২ ঃ ২৬১, ২৬২, ২৬৪ , ২৬৫

٢٦١- مَثَلُ الَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ
فِىْ سَبِيْلِ اللّٰهِ كَمَثَلِ حَبَّةٍ اَنْۢبَتَتْ سَبْعَ
سَنَابِلَ فِىْ كُلِّ سُنْۢبُلَةٍ مِّائَةُ حَبَّةٍ ؕ وَاللّٰهُ

২৬১. তাদের উপমা যারা আল্লাহ্‌র পথে নিজদের ধন-সম্পদ ব্যয় করে, একটি শস্য বীজের মত, যা সাতটি শীষ উৎপন্ন করে, প্রতিটি শীষে একশ শস্যদানা।

www.pathagar.com

আল্লাহ্ যাকে চান বহুগুণে বৃদ্ধি করে দেন। আল্লাহ্ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।

يُضٰعِفُ لِمَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ○

২৬২. যারা আল্লাহ্র পথে নিজেদের সম্পদ ব্যয় করে এবং যা ব্যয় করে তার কথা বলে বেড়ায় না এবং কষ্টও দেয় না, তাদের জন্য রয়েছে পুরস্কার তাদের রবের কাছে। তাদের কোন ভয় নেই, আর তারা দুঃখিত হবে না।

٢٦٢-اَلَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ فِيْ سَبِيْلِ
اللّٰهِ ثُمَّ لَا يُتْبِعُوْنَ مَآ اَنْفَقُوْا
مَنًّا وَّلَآ اَذًى ۙ لَّهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ
وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ○

২৬৪. ওহে যারা ঈমান এনেছ! তোমরা দানের কথা বলে এবং কষ্ট দিয়ে তোমাদের দানকে ঐ ব্যক্তির মত বরবাদ করো না। যে নিজের সম্পদ লোক দেখানোর জন্য ব্যয় করে থাকে এবং আল্লাহ্ ও আখিরাতে ঈমান রাখে না। তার উপমা একটি মসৃণ পাথর, যার উপর কিছু মাটি থাকে, এরপর তার উপর প্রবল বৃষ্টিপাত হলে তারে পরিষ্কার করে রেখে দেয়। যা তারা উপার্জন করেছে, তার কিছুই তারা কাজে লাগাতে পারবে না। আল্লাহ্ কাফির লোকদের হিদায়েত দেন না।

٢٦٤- يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا
لَا تُبْطِلُوْا صَدَقٰتِكُمْ بِالْمَنِّ وَالْاَذٰى ۙ
كَالَّذِيْ يُنْفِقُ مَالَهٗ رِئَآءَ النَّاسِ
وَلَا يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ؕ
فَمَثَلُهٗ كَمَثَلِ صَفْوَانٍ عَلَيْهِ تُرَابٌ
فَاَصَابَهٗ وَابِلٌ فَتَرَكَهٗ صَلْدًا ؕ
لَا يَقْدِرُوْنَ عَلٰى شَيْءٍ مِّمَّا كَسَبُوْا ؕ
وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكٰفِرِيْنَ ○

২৬৫. তাদের উপমা ঃ যারা আল্লাহ্র সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে এবং নিজেদের চিত্ত দৃঢ় করার জন্য স্বীয় সম্পদ ব্যয় করে, উঁচু ভূমিতে অবস্থিত বাগানের মত, যাতে প্রবল বৃষ্টিপাত হয়, ফলে তার ফলমূল দ্বিগুণ জন্মে। যদি মুষলধারে বৃষ্টি নাও হয়, তবে হাল্কা বৃষ্টিই যথেষ্ট। তোমরা যা কর, আল্লাহ্ তার সম্যক দ্রষ্টা।

٢٦٥-وَمَثَلُ الَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمُ
ابْتِغَآءَ مَرْضَاتِ اللّٰهِ وَتَثْبِيْتًا مِّنْ اَنْفُسِهِمْ
كَمَثَلِ جَنَّةٍ ۢ بِرَبْوَةٍ اَصَابَهَا وَابِلٌ
فَاٰتَتْ اُكُلَهَا ضِعْفَيْنِ ۚ فَاِنْ لَّمْ يُصِبْهَا
وَابِلٌ فَطَلٌّ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ○

সূরা আলে ইমরান, ৩ ঃ ৫৯

৫৯. নিশ্চয় আল্লাহ্র কাছে ঈসার দৃষ্টান্ত আদমের দৃষ্টান্তের মত। তিনি আদমকে মাটি দিয়ে সৃষ্টি করেছিলেন,

٥٩-اِنَّ مَثَلَ عِيْسٰى عِنْدَ اللّٰهِ
كَمَثَلِ اٰدَمَ ؕ خَلَقَهٗ مِنْ تُرَابٍ

www.pathagar.com

تُمَّ قَالَ لَهُ كُنْ فَيَكُوْنُ ○

তারপর তাকে বলেছিলেন ঃ হও, ফলে সে হয়ে গেল।

কাফিরদের পার্থিব ব্যয়

সূরা আলে ইমরান, ৩ ঃ ১১৭

١١٧- مَثَلُ مَا يُنْفِقُوْنَ فِيْ هٰذِهِ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَثَلِ رِيْحٍ فِيْهَا صِرٌّ اَصَابَتْ حَرْثَ قَوْمٍ ظَلَمُوْٓا اَنْفُسَهُمْ فَاَهْلَكَتْهُ ط وَمَا ظَلَمَهُمُ اللّٰهُ وَلٰكِنْ اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ○

১১৭. তারা এ পার্থিব জীবনে যা কিছু ব্যয় করে, তার উপমা ঐ বায়ুর মত, যাতে রয়েছে প্রচণ্ড হিম, যা আঘাত করল এমন লোকদের শস্যক্ষেত্রকে, যারা নিজেদের প্রতি যুলুম করেছিল, ফলে সে বায়ু শস্যক্ষেত্রটি ধ্বংস করে দিল। আল্লাহ্ তাদের প্রতি কোন যুলুম করেননি, বরং তারা নিজেরাই নিজেদের প্রতি যুলুম করেছে।

প্রবৃত্তির অনুসরণকারী

সূরা আ'রাফ, ৭ ঃ ১৭৬

١٧٦- وَلَوْ شِئْنَا لَرَفَعْنٰهُ بِهَا وَلٰكِنَّهٗٓ اَخْلَدَ اِلَى الْاَرْضِ وَاتَّبَعَ هَوٰىهُ ج فَمَثَلُهٗ كَمَثَلِ الْكَلْبِ ج اِنْ تَحْمِلْ عَلَيْهِ يَلْهَثْ اَوْ تَتْرُكْهُ يَلْهَثْ ط ذٰلِكَ مَثَلُ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ج فَاقْصُصِ الْقَصَصَ لَعَلَّهُمْ يَتَفَكَّرُوْنَ ○

১৭৬. আর যদি আমি চাইতাম, তবে তাকে সে নিদর্শনাবলীর বদৌলতে উচ্চমর্যাদা দান করতাম, কিন্তু সে দুনিয়ার প্রতি আকৃষ্ট হয়ে পড়ল এবং নিজ প্রবৃত্তির অনুসরণ করতে লাগল। ফলত তার অবস্থা কুকুরের মত, যদি তুমি তাকে আক্রমণ কর, তবুও সে হাঁপাতে থাকে, আর যদি তুমি তাকে ছেড়ে দাও, তবুও সে হাঁপাতে থাকে। এ হলো সে সব লোকের উদাহরণ যারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে। অতএব আপনি এসব বৃত্তান্ত বর্ণনা করুন, যাতে তারা চিন্তা করে।

দুনিয়ার জীবনের দৃষ্টান্ত

সূরা ইউনুস, ১০ ঃ ২৪

٢٤- اِنَّمَا مَثَلُ الْحَيٰوةِ الدُّنْيَا

২৪. বস্তুত পার্থিব জীবনের উদাহরণ এরূপ ঃ যেমন আসমান থেকে আমি পানি বর্ষণ

www.pathagar.com

করি, পরে তা সংমিশ্রিত হয়ে তা থেকে যমীনের ঘন সন্নিবিষ্ট উদ্ভিদ উৎপন্ন হয়, যা থেকে মানুষ ও জীব জন্তুরা খেয়ে থাকে। তারপর যমীন যখন তার মনোমুগ্ধকর দৃশ্য ধারণ করে এবং সুশোভিত হয়ে উঠে, আর যমীনের মালিকেরা ধারণা করে যে, তারা এখন এগুলোর পূর্ণ অধিকারী হয়েছে। তখন এসে পড়ল তার উপর আমার নির্দেশ রাতে কিংবা দিনে। ফলে আমি তা নিশ্চিহ্ন করে দিলাম, যেন গতকালও এর অস্তিত্ব ছিল না। এরূপই আমি বিশদভাবে আয়াতসমূহ বর্ণনা করি চিন্তাশীল লোকদের জন্য।

كَمَآءٍ اَنْزَلْنٰهُ مِنَ السَّمَآءِ
فَاخْتَلَطَ بِهٖ نَبَاتُ الْاَرْضِ
مِمَّا يَاْكُلُ النَّاسُ وَالْاَنْعَامُ ؕ
حَتّٰۤى اِذَاۤ اَخَذَتِ الْاَرْضُ زُخْرُفَهَا
وَازَّيَّنَتْ وَظَنَّ اَهْلُهَاۤ
اَنَّهُمْ قٰدِرُوْنَ عَلَيْهَاۤ ۙ اَتٰىهَاۤ اَمْرُنَا لَيْلًا
اَوْ نَهَارًا فَجَعَلْنٰهَا حَصِيْدًا كَاَنْ لَّمْ
تَغْنَ بِالْاَمْسِ ؕ كَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ
لِقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ○

কাফির ও মু'মিনের দৃষ্টান্ত

সূরা হূদ, ১১ ঃ ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪

১৯. যারা মানুষকে আল্লাহ্‌র পথ থেকে বিরত রাখে এবং তাতে বক্রতা অনুসন্ধান করে আর তারা আখিরাতের প্রতিও অবিশ্বাসী।

٢٠. ...

১৯-الَّذِيْنَ يَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ
وَيَبْغُوْنَهَا عِوَجًا ؕ وَهُمْ بِالْاٰخِرَةِ
هُمْ كٰفِرُوْنَ ○

২০. তারা অপারগ করতে পারেনি আল্লাহ্‌কে পৃথিবীতে, আর না ছিল তাদের জন্য আল্লাহ্ ছাড়া কোন অভিভাবক। তাদের জন্য আযাব দ্বিগুণ করা হবে। তারা শুনতেও পারত না এবং দেখতেও পেত না।

٢٠-اُولٰٓئِكَ لَمْ يَكُوْنُوْا مُعْجِزِيْنَ
فِى الْاَرْضِ وَمَا كَانَ لَهُمْ
مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ اَوْلِيَآءَ ۘ يُضٰعَفُ
لَهُمُ الْعَذَابُ ؕ مَا كَانُوْا يَسْتَطِيْعُوْنَ
السَّمْعَ وَمَا كَانُوْا يُبْصِرُوْنَ ○

২১. এরা তারা, যারা নিজেরা নিজেদের ক্ষতি করেছে এবং এরা যে সব অলীক উপাস্য সাব্যস্ত করে রেখেছিল, যা তাদের থেকে উধাও হয়ে গেছে।

٢١-اُولٰٓئِكَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ
وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ○

২২. নিঃসন্দেহে এরাই হবে আখিরাতের সর্বাপেক্ষা অধিক ক্ষতিগ্রস্ত।

٢٢-لَا جَرَمَ اَنَّهُمْ فِى الْاٰخِرَةِ
هُمُ الْاَخْسَرُوْنَ ○

২৩. নিশ্চয় যারা ঈমান এনেছে এবং নেক-আমল করেছে, আর স্বীয় রবের প্রতি

٢٣-اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ

www.pathagar.com

وَاَخْبَتُوْٓا اِلٰى رَبِّهِمْ ۙ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ
هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ○

বিণত হয়েছে তারাই জান্নাতের অধিকারী, সেখানে তারা অনন্তকাল থাকবে।

٢٤- مَثَلُ الْفَرِيْقَيْنِ كَالْاَعْمٰى وَالْاَصَمِّ
وَالْبَصِيْرِ وَالسَّمِيْعِ ۭ هَلْ يَسْتَوِيٰنِ مَثَلًا ۭ
اَفَلَا تَذَكَّرُوْنَ ○

২৪. দল দু'টির উদাহরণ অন্ধ ও বধিরের এবং চক্ষুষ্মান ও শ্রবণশক্তি সম্পন্নের মত। এরা দু'জন কি অবস্থার দিক দিয়ে সমান হতে পারে ? তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করবে না ?

জান্নাতের উপমা

সূরা রা'দ, ১৩ ঃ ১৫

١٥- وَلِلّٰهِ يَسْجُدُ مَنْ فِى السَّمٰوٰتِ
وَالْاَرْضِ طَوْعًا وَّكَرْهًا
وَّظِلٰلُهُمْ بِالْغُدُوِّ وَالْاٰصَالِ ○

১৫. মুত্তাকীদের যে জান্নাতের ওয়াদা দেয়া হয়েছে, তার উপমা এরূপ ঃ তার পাদদেশে নহর প্রবাহিত হয় এবং তার ফল ও তার ছায়া চিরস্থায়ী। যারা মুত্তাকী এ হলো তাদের কর্মের প্রতিদান, আর কাফিরদের পরিণাম দোযখ।

কাফিরদের উপমা

সূরা ইব্‌রাহীম, ১৪ ঃ ১৮

١٨- مَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ
اَعْمَالُهُمْ كَرَمَادِ ۨاشْتَدَّتْ بِهِ الرِّيْحُ فِيْ
يَوْمٍ عَاصِفٍ ۭ لَا يَقْدِرُوْنَ مِمَّا كَسَبُوْا عَلٰى
شَيْءٍ ۭ ذٰلِكَ هُوَ الضَّلٰلُ الْبَعِيْدُ ○

১৮. যারা তাদের রবের সাথে কুফরী করে তাদের উপমা ঃ তাদের কর্মসমূহ ছাই ভস্মের মত, যা ঝড়ের দিনের বাতাস প্রচণ্ড বেগে উড়িয়ে নিয়ে যাবে। যা তারা উপার্জন করে তার কিছুই তারা কাজে লাগাতে পারবে না। এটাই হলো ঘোরতর গুমরাহী।

কালিমায়ে তাইয়্যেবা ও কালিমায়ে খাবীসা

সূরা ইব্‌রাহীম, ১৪ ঃ ২৪, ২৫, ২৬, ২৭

٢٤- اَلَمْ تَرَ كَيْفَ ضَرَبَ اللّٰهُ مَثَلًا
كَلِمَةً طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ
اَصْلُهَا ثَابِتٌ وَّفَرْعُهَا فِى السَّمَاۤءِ ○

২৪. আপনি কি লক্ষ্য করেননি, আল্লাহ্ কিভাবে উপমা দিয়েছেন "কালিমায়ে তাইয়্যেবার" ঃ তা একটা পবিত্র বৃক্ষের মত, যার শিকড় সুদৃঢ় এবং যার শাখা-প্রশাখা উর্ধ্বে বিস্তৃত,

٢٥- تُؤْتِيْٓ اُكُلَهَا كُلَّ حِيْنٍۢ بِاِذْنِ رَبِّهَا ۭ
وَيَضْرِبُ اللّٰهُ الْاَمْثَالَ لِلنَّاسِ

২৫. যা প্রত্যেক মওসুমে ফলদান করে তার রবের নির্দেশে। আর আল্লাহ্ মানুষের

www.pathagar.com

لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ۝

জন্য উপমা দিয়ে থাকেন, যাতে তারা উপদেশ গ্রহণ করে।

٢٦- وَمَثَلُ كَلِمَةٍ خَبِيْثَةٍ كَشَجَرَةٍ خَبِيْثَةِ ۨ اجْتُثَّتْ مِنْ فَوْقِ الْاَرْضِ مَا لَهَا مِنْ قَرَارٍ ۝

২৬. আর "খাবীস কালিমার" উপমা যেন একটি নিকৃষ্ট বৃক্ষ, যার মূল যমীন থেকে বিচ্ছিন্ন, যার কোন স্থায়িত্ব নেই।

٢٧- يُثَبِّتُ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا بِالْقَوْلِ الثَّابِتِ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَفِي الْاٰخِرَةِ ۚ وَيُضِلُّ اللّٰهُ الظّٰلِمِيْنَ ۙ وَيَفْعَلُ اللّٰهُ مَا يَشَآءُ ۝

২৭. যারা শাশ্বতবাণী "কালিমায়ে তাইয়্যেবায়" ঈমান রাখে, আল্লাহ্ তাদেরকে দুনিয়ার জীবনে ও আখিরাতে সুপ্রতিষ্ঠিত রাখবেন এবং যারা যালিম আল্লাহ্ তাদেরকে গুম্‌রাহীতে রেখে দেবেন। আল্লাহ্ যা চান তা করেন।

কসম ভংগকারীর উপমা

সূরা নাহ্‌ল, ১৬ ঃ ৯১, ৯২

٩١- وَاَوْفُوْا بِعَهْدِ اللّٰهِ اِذَا عٰهَدْتُّمْ وَلَا تَنْقُضُوا الْاَيْمَانَ بَعْدَ تَوْكِيْدِهَا وَقَدْ جَعَلْتُمُ اللّٰهَ عَلَيْكُمْ كَفِيْلًا ۚ اِنَّ اللّٰهَ يَعْلَمُ مَا تَفْعَلُوْنَ ۝

৯১. যখন তোমরা পরস্পর আল্লাহ্‌র নামে ওয়াদা কর, তখন তা পূর্ণ কর এবং আল্লাহ্‌কে জামিন করে নিজেদের কসম দৃঢ় করার পর তোমরা তা ভঙ্গ করো না। নিশ্চয় আল্লাহ্ জানেন, তোমরা যা কর।

٩٢- وَلَا تَكُوْنُوْا كَالَّتِيْ نَقَضَتْ غَزْلَهَا مِنْۢ بَعْدِ قُوَّةٍ اَنْكَاثًا ۚ تَتَّخِذُوْنَ اَيْمَانَكُمْ دَخَلًاۢ بَيْنَكُمْ اَنْ تَكُوْنَ اُمَّةٌ هِيَ اَرْبٰى مِنْ اُمَّةٍ ۚ اِنَّمَا يَبْلُوْكُمُ اللّٰهُ بِهٖ ۚ وَلَيُبَيِّنَنَّ لَكُمْ يَوْمَ الْقِيٰمَةِ مَا كُنْتُمْ فِيْهِ تَخْتَلِفُوْنَ ۝

৯২. তোমরা হয়ো না ঐ নারীর মত, যে তার সূতা মজবূত করে পাকানোর পর তার পাক খুলে টুক্‌রা টুক্‌রা করে ফেলে। তোমরা পরস্পরকে প্রবঞ্চনা করার জন্য নিজেদের কসমকে ব্যবহার করে থাক, যাতে একদল অন্যদল অপেক্ষা অধিক লাভবান হয়। এ দিয়ে আল্লাহ্ তো শুধু তোমাদের পরীক্ষা করেন। অবশ্যই আল্লাহ্ কিয়ামতের দিন তোমাদের কাছে স্পষ্ট প্রকাশ করে দেবেন, যে বিষয়ে তোমরা মতভেদ করতে তা।

কর্তৃত্বহীন দাস ও দানশীল ব্যক্তি

সূরা নাহ্‌ল, ১৬ ঃ ৭৫

٧٥- ضَرَبَ اللّٰهُ مَثَلًا عَبْدًا

৭৫. আল্লাহ্ উপমা দিয়েছেন একটি ক্রীতদাসের, যে কোন কিছুর উপর

www.pathagar.com

مَّمْلُوْكًا لَّا يَقْدِرُ عَلٰى شَيْءٍ وَّمَنْ رَّزَقْنٰهُ مِنَّا رِزْقًا حَسَنًا فَهُوَ يُنْفِقُ مِنْهُ سِرًّا وَّجَهْرًا ؕ هَلْ يَسْتَوٗنَ ؕ اَلْحَمْدُ لِلّٰهِ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ○

ক্ষমতা রাখে না এবং এমন এক ব্যক্তির, যাকে আমি নিজের তরফ থেকে প্রচুর রিযিক দান করেছি এবং সে তা থেকে ব্যয় করে গোপনে ও প্রকাশ্যে। তারা কি উভয়ে সমান হতে পারে ? সমস্ত প্রশংসা আল্লাহ্‌র, কিন্তু তাদের অধিকাংশই জানে না।

ক্ষমতাহীন বোবা ও ক্ষমতাবান ন্যায়পরায়ণ ব্যক্তি

সূরা নাহ্‌ল, ১৬ ঃ ৭৬

٧٦- وَضَرَبَ اللّٰهُ مَثَلًا رَّجُلَيْنِ اَحَدُهُمَآ اَبْكَمُ لَا يَقْدِرُ عَلٰى شَيْءٍ وَّهُوَ كَلٌّ عَلٰى مَوْلٰىهُ ۙ اَيْنَمَا يُوَجِّهْهُّ لَا يَاْتِ بِخَيْرٍ ؕ هَلْ يَسْتَوِيْ هُوَ ۙ وَمَنْ يَّاْمُرُ بِالْعَدْلِ ۙ وَهُوَ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ○

৭৬. আর আল্লাহ্ আরো উপমা দিয়েছেন দুই ব্যক্তির ঃ তাদের মধ্যে একজন বোবা, কোন কাজই করতে পারে না; তাই সে তার মনীবের গলগ্রহ। মনীব তাকে যেখানেই পাঠায় সে ভাল কিছুই করে আসতে পারে না। সে কি ঐ ব্যক্তির সমান হতে পারে, যে ন্যায়ের আদেশ দেয় এবং সরল পথে রয়েছে ?

পার্থিব জীবন

সূরা কাহ্‌ফ, ১৮ ঃ ৪৫, ৪৬

٤٥- وَاضْرِبْ لَهُمْ مَّثَلَ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَآءٍ اَنْزَلْنٰهُ مِنَ السَّمَآءِ فَاخْتَلَطَ بِهٖ نَبَاتُ الْاَرْضِ فَاَصْبَحَ هَشِيْمًا تَذْرُوْهُ الرِّيٰحُ ؕ وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ مُّقْتَدِرًا ○

৪৫. আর আপনি পেশ করুন তাদের কাছে পার্থিব জীবনের উপমা ঃ তা হলো পানির মত, যা আমি আসমান থেকে বর্ষণ করি, যার সাহায্যে ভূমিজ উদ্ভিদ সবুজ শ্যামল হয়ে উদ্‌গত হয়, তারপর তা শুকিয়ে এমন চূর্ণ-বিচূর্ণ হয়ে যায় যে, বাতাস তাকে উড়িয়ে নিয়ে যায়। আল্লাহ্ সব কিছুর উপর সর্বশক্তিমান।

٤٦- اَلْمَالُ وَالْبَنُوْنَ زِيْنَةُ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَالْبٰقِيٰتُ الصّٰلِحٰتُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ ثَوَابًا وَّخَيْرٌ اَمَلًا ○

৪৬. ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দুনিয়ার জীবনের শোভা ; আর স্থায়ী নেক আমল তোমার রবের কাছে সাওয়াবের দিক দিয়েও শ্রেয় এবং হিসাবের দিক দিয়েও উৎকৃষ্ট।

www.pathagar.com

দেবতাদের পূজার অসারতা

সূরা হাজ্জ, ২২ ঃ ৭৩, ৭৪

৭৩. হে মানুষ! একটি উপমা দেয়া হচ্ছে, মনোযোগের সাথে তা শ্রবণ কর ঃ তোমরা আল্লাহ্‌কে ছেড়ে যাদের পূজা কর, তারা তো কখনো একটি মাছিও সৃষ্টি করতে পারবে না, যদি তারা এ উদ্দেশ্যে সবাই একত্রিত হয়। আর মাছি যদি তাদের কাছ থেকে কোন কিছু ছিনিয়ে নিয়ে যায়, তবে তারা তা তার কাছ থেকে উদ্ধার করতে পারবে না। পূজারী ও দেবতা উভয়ই কত অক্ষম!

৭৪. তারা আল্লাহ্‌কে তেমন মর্যাদা দেয়নি, যেমন মর্যাদা তাঁকে দেয়া উচিত ছিল। নিশ্চয় আল্লাহ্ মহাক্ষমতাবান, পরাক্রম-শালী।

٧٣- يَاَيُّهَا النَّاسُ ضُرِبَ مَثَلٌ فَاسْتَمِعُوْا لَهٗ ؕ اِنَّ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ
لَنْ يَّخْلُقُوْا ذُبَابًا وَّلَوِ اجْتَمَعُوْا لَهٗ ؕ
وَاِنْ يَّسْلُبْهُمُ الذُّبَابُ شَيْـًٔا لَّا يَسْتَنْقِذُوْهُ مِنْهُ ؕ
ضَعُفَ الطَّالِبُ وَالْمَطْلُوْبُ ○
٧٤- مَا قَدَرُوا اللّٰهَ حَقَّ قَدْرِهٖ ؕ
اِنَّ اللّٰهَ لَقَوِيٌّ عَزِيْزٌ ○

আল্লাহ্‌র নূর

সূরা নূর, ২৪ ঃ ৩৪, ৩৫

৩৪. আর আমি তো নাযিল করেছি তোমাদের কাছে সুস্পষ্ট আয়াতসমূহ, তোমাদের পূর্ববর্তীদের জন্য কিছু দৃষ্টান্ত এবং মুত্তাকীদের জন্য উপদেশ।

৩৫. আল্লাহ্ আসমান ও যমীনের নূর, তাঁর নূরের উপমা যেন একটি তাক, যাতে আছে একটি প্রদীপ, সে প্রদীপটি একটি কাঁচের আবরণের মধ্যে রয়েছে, কাঁচের আবরণটি যেন একটি উজ্জ্বল নক্ষত্র, সে প্রদীপ জ্বালান হয় পূত-পবিত্র যায়তুন বৃক্ষের তেল দিয়ে, যা পূর্বেরও নয় এবং পশ্চিমেরও নয়, আগুন তা স্পর্শ না করলেও যেন তার তেল নিজেই উজ্জ্বল আলো দিচ্ছে, নূরের উপর নূর। আল্লাহ্ যাকে চান, নিজের নূরের দিকে হিদায়েত দান করেন। আল্লাহ্ মানুষের

٣٤- وَلَقَدْ اَنْزَلْنَآ اِلَيْكُمْ اٰيٰتٍ مُّبَيِّنٰتٍ وَّمَثَلًا مِّنَ الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ وَمَوْعِظَةً لِّلْمُتَّقِيْنَ ○
٣٥- اَللّٰهُ نُوْرُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ
مَثَلُ نُوْرِهٖ كَمِشْكٰوةٍ فِيْهَا مِصْبَاحٌ ؕ اَلْمِصْبَاحُ فِىْ زُجَاجَةٍ ؕ اَلزُّجَاجَةُ كَاَنَّهَا كَوْكَبٌ دُرِّىٌّ يُّوْقَدُ مِنْ شَجَرَةٍ مُّبٰرَكَةٍ زَيْتُوْنَةٍ لَّا شَرْقِيَّةٍ وَّلَا غَرْبِيَّةٍ ۙ يَّكَادُ زَيْتُهَا يُضِىْٓءُ وَلَوْ لَمْ تَمْسَسْهُ نَارٌ ؕ نُوْرٌ عَلٰى نُوْرٍ ؕ يَهْدِى اللّٰهُ لِنُوْرِهٖ مَنْ يَّشَآءُ ؕ وَيَضْرِبُ اللّٰهُ الْاَمْثَالَ

www.pathagar.com

لِلنَّاسِ ۭ وَاللّٰهُ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ○

জন্য উপমা দিয়ে থাকেন। আর আল্লাহ্ সর্ববিষয়ে সর্বজ্ঞ।

কাফিরদের কর্ম

সূরা নূর, ২৪ ঃ ৩৯, ৪০

٣٩- وَالَّذِيْنَ كَفَرُوْٓا اَعْمَالُهُمْ كَسَرَابٍۭ بِقِيْعَةٍ يَّحْسَبُهُ الظَّمْاٰنُ مَآءً ۭ حَتّٰٓى اِذَا جَآءَهٗ لَمْ يَجِدْهُ شَيْئًا وَّوَجَدَ اللّٰهَ عِنْدَهٗ فَوَفّٰىهُ حِسَابَهٗ ۭ وَاللّٰهُ سَرِيْعُ الْحِسَابِ ○

৩৯. আর যারা কুফরী করে, তাদের কর্ম মরুভূমির মরীচিকা সদৃশ, তৃষ্ণার্ত লোক যাকে দূর থেকে পানি বলে মনে করে। কিন্তু সে যখন সেখানে যায়, তখন সে কিছুই পায় না এবং পায় সেখানে আল্লাহ্কে। তারপর আল্লাহ্ তার কর্মফল পূর্ণ মাত্রায় দেবেন। আর আল্লাহ্ হিসাব গ্রহণে তৎপর।

٤٠- اَوْ كَظُلُمٰتٍ فِيْ بَحْرٍ لُّجِّيٍّ يَّغْشٰىهُ مَوْجٌ مِّنْ فَوْقِهٖ مَوْجٌ مِّنْ فَوْقِهٖ سَحَابٌ ۭ ظُلُمٰتٌۢ بَعْضُهَا فَوْقَ بَعْضٍ ۭ اِذَآ اَخْرَجَ يَدَهٗ لَمْ يَكَدْ يَرٰىهَا ۭ وَمَنْ لَّمْ يَجْعَلِ اللّٰهُ لَهٗ نُوْرًا فَمَا لَهٗ مِنْ نُّوْرٍ ○

৪০. অথবা তাদের কার্যাবলী গভীর সমুদ্রের তলদেশের অন্ধকারের ন্যায়, যাকে আচ্ছন্ন করে তরঙ্গের উপর তরঙ্গ, যার উপরে রয়েছে কালোমেঘ। অন্ধকারের উপর অন্ধকার। এমনকি যখন কেউ তার হাত বের করবে, তখন সে তা আদৌ দেখতে পাবে না। আল্লাহ্ যাকে হিদায়েতের নূর দান করেন না, তার জন্য কোন নূর নেই।

যারা আল্লাহ্কে ছেড়ে অন্যকে মাবূদ হিসাবে গ্রহণ করে তাদের উপমা

সূরা আনকাবূত, ২৯ ঃ ৪১

٤١- مَثَلُ الَّذِيْنَ اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اَوْلِيَآءَ كَمَثَلِ الْعَنْكَبُوْتِ ۚ اِتَّخَذَتْ بَيْتًا ۭ وَاِنَّ اَوْهَنَ الْبُيُوْتِ لَبَيْتُ الْعَنْكَبُوْتِ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ○

৪১. যারা আল্লাহ্কে ছেড়ে অন্যকে অভিভাবকরূপে গ্রহণ করে, তাদের দৃষ্টান্ত ঐ মাকড়সার মত, যে একটি ঘর বানিয়েছে আর নিঃসন্দেহে সব ঘরের মধ্যে মাকড়সার ঘরই তো দুর্বলতম। যদি তারা জানত!

মানুষের নিজেদের মধ্যের একটি উপমা

সূরা রূম, ৩০ ঃ ২৮

٢٨- ضَرَبَ لَكُمْ مَّثَلًا مِّنْ اَنْفُسِكُمْ ۭ

২৮. আল্লাহ্ তোমাদের জন্য তোমাদের নিজেদের মধ্য থেকে একটি দৃষ্টান্ত

www.pathagar.com

বর্ণনা করেছেন ঃ আমি তোমাদের যে
রিয্ক দিয়েছি, তোমাদের অধিকারভুক্ত
দাস-দাসীদের কেউ কি তাতে
অংশীদার ? ফলে তোমরা কি এতে
সমান? তোমরা কি তাদেরকে সেরূপ
ভয় কর, যেরূপ তোমরা পরস্পরকে ভয়
কর ? এভাবেই আমি বোধশক্তিসম্পন্ন
লোকদের জন্য নিদর্শনসমূহ বিশদভাবে
বর্ণনা করি।

আল-কুরআনে সব ধর

সূরা রূম, ৩০ ঃ ৫৮

৫৮. আর আমি তো বর্ণনা করেছি এ
কুরআনে মানুষের জন্য সব ধরনের
দৃষ্টান্ত। আপনি যদি তাদের কাছে কোন
নিদর্শন নিয়ে আসেন, তখন কাফিররা
বলবে ঃ তোমরা তো বাতিলপন্থী ছাড়া
আর কিছুই নও।

দু'জন দা

সূরা যুমার, ৩৯ ঃ ২৯

২৯. আল্লাহ্ একটি দৃষ্টান্ত পেশ করছেন ঃ
একজন দাস, যার রয়েছে পরস্পর
বিরুদ্ধভাবাপন্ন কয়েকজন মালিক আর
একজন দাস, যার আছে কেবল একজন
মালিক, এদের দু'জনের অবস্থা কি
সমান হতে পারে ? সমস্ত প্রশংসা
আল্লাহ্র। কিন্তু তাদের অধিকাংশই
জানে না।

যাদের তাওরাত দেয়া হয়েছিল, কিন্তু

সূরা জুমু'আ, ৬২ ঃ ৫

৫. যাদেরকে তাওরাত অনুযায়ী আমল
করার নির্দেশ দেয়া হয়েছিল, কিন্তু তারা
তদনুযায়ী আমল করেনি, তাদের দৃষ্টান্ত

www.pathagar.com

بِئْسَ مَثَلُ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِ اللّٰهِ ۗ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ○

সেই গাধার মত, যে পুস্তক বহন করে। কত নিকৃষ্ট তাদের দৃষ্টান্ত, যারা আল্লাহ্‌র আয়াতকে অস্বীকার করে। আর আল্লাহ্ যালিম কাওমকে হিদায়েত করেন না।

নূহের স্ত্রী ও লূতের স্ত্রীর দৃষ্টান্ত

সূরা তাহ্‌রীম, ৬৬ ঃ ১০

١٠- ضَرَبَ اللّٰهُ مَثَلًا لِّلَّذِيْنَ كَفَرُوا امْرَاَتَ نُوْحٍ وَّامْرَاَتَ لُوْطٍ ؕ كَانَتَا تَحْتَ عَبْدَيْنِ مِنْ عِبَادِنَا صَالِحَيْنِ فَخَانَتٰهُمَا فَلَمْ يُغْنِيَا عَنْهُمَا مِنَ اللّٰهِ شَيْـًٔا وَّقِيْلَ ادْخُلَا النَّارَ مَعَ الدّٰخِلِيْنَ ○

১০. আল্লাহ্ কাফিরদের জন্য দৃষ্টান্ত পেশ করছেন নূহের স্ত্রীর ও লূতের স্ত্রীর ঃ তারা ছিল আমার নেকবান্দাদের মধ্যে দুই বান্দার অধীনে। কিন্তু তারা তাদের প্রতি বিশ্বাসঘাতকতা করেছিল। কিন্তু নূহ্ ও লূত তাদেরকে আল্লাহ্‌র শাস্তি থেকে একটুও বাঁচাতে পারেনি। তাদের বলা হলো ঃ জাহান্নামে প্রবেশকারীদের সাথে তোমরাও প্রবেশ কর।

দু'জন সৎনারীর দৃষ্টান্ত

সূরা তাহ্‌রীম, ৬৬ ঃ ১১, ১২

١١- وَضَرَبَ اللّٰهُ مَثَلًا لِّلَّذِيْنَ اٰمَنُوا امْرَاَتَ فِرْعَوْنَ ۘ اِذْ قَالَتْ رَبِّ ابْنِ لِىْ عِنْدَكَ بَيْتًا فِى الْجَنَّةِ وَنَجِّنِىْ مِنْ فِرْعَوْنَ وَعَمَلِهٖ وَنَجِّنِىْ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ○

১১. আর আল্লাহ্ দৃষ্টান্ত পেশ করছেন মু'মিনদের জন্য ফির'আওনের স্ত্রীর, সে প্রার্থনা করেছিল ঃ হে আমার রব! আমার জন্য আপনার কাছে জান্নাতে একটি গৃহ নির্মাণ করুন এবং আমাকে নাজাত দিন ফির'আওন ও তার দুষ্কর্ম থেকে। আর আমাকে রক্ষা করুন যালিম কাওম থেকে।

١٢- وَمَرْيَمَ ابْنَتَ عِمْرٰنَ الَّتِىْٓ اَحْصَنَتْ فَرْجَهَا فَنَفَخْنَا فِيْهِ مِنْ رُّوْحِنَا وَصَدَّقَتْ بِكَلِمٰتِ رَبِّهَا وَكُتُبِهٖ وَكَانَتْ مِنَ الْقٰنِتِيْنَ ○

১২. আরো দৃষ্টান্ত পেশ করেছেন ইমরানের কন্যা মারইয়ামের ঃ যে তার সতীত্ব রক্ষা করেছিল। ফলে আমি তার মধ্যে আমার তরফ থেকে রূহ ফুঁকে দিয়েছিলাম এবং সে তার রবের বাণী ও কিতাবসমূহ সত্য বলে গ্রহণ করেছিল। আর সে ছিল বিনয়ী, ইবাদতকারীদের অন্তর্ভুক্ত।

www.pathagar.com

সপ্তম পরিচ্ছেদ

মীসাক, আহ্‌দ ও কসম বা অঙ্গীকার, চুক্তি ও শপথ

সূরা বাকারা, ২ ঃ ৪০, ৬৩, ৮৩, ৮৪, ৯৩, ১০০, ১২৪, ১৭৭

৪০. হে বনী ইসরাঈল! তোমরা স্মরণ কর আমার সে অনুগ্রহ, যা আমি তোমাদের প্রতি করেছি এবং পূর্ণ কর আমার সঙ্গে কৃত তোমাদের অঙ্গীকার, আমিও তোমাদের সাথে আমার অঙ্গীকার পূর্ণ করব। আর তোমরা কেবল আমাকেই ভয় কর।

٤٠- يٰبَنِىٓ اِسۡرَآءِيۡلَ اذۡكُرُوۡا نِعۡمَتِىَ الَّتِىۡٓ اَنۡعَمۡتُ عَلَيۡكُمۡ وَاَوۡفُوۡا بِعَهۡدِىۡٓ اُوۡفِ بِعَهۡدِكُمۡ‌ۚ وَاِيَّاىَ فَارۡهَبُوۡنِ ○

৬৩. আর স্মরণ কর, যখন আমি তোমাদের কাছ থেকে অঙ্গীকার নিয়েছিলাম এবং 'তূর'-কে তোমাদের উপর তুলে ধরে বলেছিলাম ঃ আমি তোমাদের যা দিলাম, তা দৃঢ়ভাবে ধর এবং তাতে যা আছে তা স্মরণ রেখ। যাতে তোমরা সাবধান হয়ে চলতে পার।

٦٣- وَاِذۡ اَخَذۡنَا مِيۡثَاقَكُمۡ وَرَفَعۡنَا فَوۡقَكُمُ الطُّوۡرَؕ خُذُوۡا مَآ اٰتَيۡنٰكُمۡ بِقُوَّةٍ وَّاذۡكُرُوۡا مَا فِيۡهِ لَعَلَّكُمۡ تَتَّقُوۡنَ ○

৮৩. স্মরণ কর, যখন আমি বনী ইসরাঈলের কাছ থেকে অঙ্গীকার নিয়েছিলাম যে, তোমরা আল্লাহ্ ছাড়া অন্য কারো ইবাদত করবে না, মাতাপিতা, আত্মীয়-স্বজন, ইয়াতীম ও দরিদ্রদের সাথে সদয় ব্যবহার করবে, মানুষের সাথে সদালাপ করবে, সালাত কায়েম করবে এবং যাকাত দেবে। তখন অল্প কয়েকজন ছাড়া তোমরা অগ্রাহ্যকারী হয়ে মুখ ফিরিয়ে নিলে।

